গণ-আন্দোলন ও সংবাদপত্র

সংকলন ও সম্পাদনা
রথীন চক্রবর্তী

লোকমত প্রকাশনী : ৪৯ সি চিত্তরঞ্জন এভেনিউ/১২
....
পরিবেশনা : পুস্তক বিপণি। ২৭ বেনিয়াটোলা লেন/৯

প্রথম প্রকাশ : ১লা ডিসেম্বর ১৯৬২

....

প্রকাশক : সত্য রায়

লোকমত প্রকাশনী

৪৯ সি চিত্তরঞ্জন এভেনিউ

কলকাতা ১২

মুদ্রণ : লোকমত প্রিন্টার্স প্রাইভেট লিমিটেড

৪৮-বি শাঁখারীটোলা স্ট্রীট।

কলকাতা ১৪

গণ-আন্দোলন

ও

সংবাদপত্র

এই গ্রন্থের একমাত্র পরিবেশক

পুস্তক বিপণি

২৭ বেনিয়াটোলা লেন। কলকাতা ৭০০০০৯

প্রচ্ছদ : অমিয় ভট্টাচার্য

সূচীপত্র

ভূমিকা

দীর্ঘদীন ধরেই আমরা জানি, সমাজের দিকে সবসময়েই তর্জনী তুলে দাঁড়িয়ে আছে যে, তার নাম সংবাদপত্র। পক্ষপাতিত্বহীন, নির্ভিক, নিরপেক্ষ যার উচ্চারণ প্রতিমুহূর্তে ও প্রতিদিন, তার নাম সংবাদপত্র। কি সামাজিক অপরাধ, কি শাসকশ্রেণীর অন্যায়, সব ক্ষেত্রেই সে প্রতিবাদ জানিয়ে থাকে অবিচলভাবে। স্বাভাবিক কারণেই জন্মলগ্ন থেকেই সংবাদপত্রকে মুখোমুখি হতে হয়েছে রাজশক্তির খড়্গহস্তের। বৃটিশ-শাসিত ভারতবর্ষে এদেশীয় সংবাদপত্রগুলিকে তাই সইতে হয়েছে অনেক যন্ত্রণা। সংবাদপত্রের ইতিহাস তাই মূলত এক সংগ্রামেরই ইতিহাস।

কিন্তু সেই ইতিহাস আজও আমাদের কাছে পরিস্কার নয়। অতীতে সংবাদপত্র গণ-আন্দোলনের সঙ্গে কিভাবে যুক্ত থেকেছে, বা সময়ের তালে তালে পুঁজিবাদের বিকাশের সঙ্গে সঙ্গে সংবাদপত্র কিভাবে তার চরিত্র ক্রমশ বদলিয়ে ফেলেছে, বা আজকের গণ-আন্দোলনে সংবাদপত্রের ভূমিকা কতটুকু বা কতখানি—এসব প্রশ্ন নিয়েও যথাযথ আলোচনা হয় নি। এই আলোচনা একান্তভাবেই জরুরী বলে আমাদের মনে হয়েছে। আর সেই কারণেই এই প্রকাশনা। সাধারণ মানুষের ভাবনা-চিন্তার প্রসারণে এই বই যদি কিছুমাত্রও সাহায্য করে, তাহলেই আমরা কৃতজ্ঞ বোধ করব।

HICKY's
BENGAL GAZETTE;
OR THE ORIGINAL
Calcutta General Advertiſer.

A Weekly Political and Commercial Paper, Open to all Parties, but influenced by None,

From Saturday, December 9th to Saturday December, 16th 1780. No. [XLVII]

Extraordinary Case and Cure of Phaeton Lounger Esq; Writer in the Hon'ble Company's service, published for the benefit of the afflicted.

I PHAETON LOUNGER esq; an Assistant in the Secretary's Office, from taking too large a Dose of a Medicine newly Introduced into Bengal, call'd the *Monitor*, prescribed by Doctors M——k, and R--d, was immediately seized with an involuntary Stupor, and universal *Lethargic Numbness* of the *senses*, Pains in the *upper region* of the *Head*, Dizziness in the *Pericranium*, and an intolerable weight on the Eyelids—A pinch of Strong *Rappee-Snuff* it was thought wou'd relieve me —but it had not the *desired effect*. The further disagreeable Symptoms brought on by taking this *Dose* of Doct R----d's Monitor were, an excruciating Cholic —— Griping in the Abdomen, and a most horrible Tenesmus. Being much alarmed, I sent for Doctor *Kill-cranny*, one of the most Eminent of the Calcutta Faculty, who formerly came out a Midshipman in the Pembroke Indiaman, Sir Hugh Convoy Commander. Doctor Killcranny pronounced my Case to be *the Bile* with a gentle schirrus in my liver.——He accordingly sentenced me to be rubb'd all over with mercury, as if I was to be *Tar'd* and *Feathered*, making me swallow at the same time three *Wash balls*, which he said would lubricate the passages and carry off the Bile.—After undergoing a variety of Bleedings, Blisterings Scarifications ——Rowellings, and tepid Emersions I found myself rather worse than *better*, and verily believe that Doctor Kill-Cranny (tho' a very great physician) mistook my Case [illegible] *Fury*

In this very deplorable state, a Brother Writer *Rigdum Spouter Esq*; of Lyons row prevailed on me to try only a single *Dose* of a pleasant perscription, prepar'd by *Doctor HICKY*, call'd *Pills to purge Melancholy*, or the *Enlivening Elixar* of MIRTH, published and sold by the said *Doctor Hicky* at the same price as James Fever powders, in papers at a single half Crown each ——The very first Dose gave me instant relief, brought away the wind and occasioned an *Astonishing Explosion*.——My spirits became light and [illegible], The gloom occasioned by the Dose I had taken of the *monitor*, was dispers'd, and by continuing Doctor HICKY's Extraordinary Medicine only 9 Weeks I find myself quite another Man.——The *Lethargic Stupor* has left me, and the *Abdominal* gripings are totally removed —The only inconvenience I feel is a little remains of the *Tenesmus*, which I understand is now the general complaint, and unavoidable *symptoms* attendant on all those who are *patients*, and happen to swallow ever so small a quantity of that *Narcotic*, *insipid* composition Doctor R--ds *Monitor*

In gratitude to Doctor HICKY (by whom I am so happily restor'd) and for the benefit of the *afflicted*, I make Public this my Case and cure, assuring all those who may have Occasion hereafter, to consult that very able and *Salutary* Physician *Doctor HICKY*, that they will find his *Perscription*, (if steadily adhear'd to, and persevered in) a Sovereign cure for all Lowness of *spirits*, *Hypocondriacal affections*, *Nervous Relaxations*, *Blue devils*, Disorders arising from *obstructions*, in the *Viscera*, or too great a redundancy of *Spleen* or *Gall*

N. B The truth of this case has been Officially Sworn by the aforesaid Phaeton Lounger Esq; before Mr Justice Periwigg.

A I R,
AN IMITATION.

SO wise a pair was never seen,
So justly formed to teach by nature;
M——k, excelling sure in mean
Peter in every graceful feature

O how happy sage and Lover
Where kindred genious each discover,
For M——k sure the muses form'd
Minerva trained the sapient *Peter*.

So tame their works, all children thence
Will early learn the task of duty,
At sleep the Boys will draw in sense
Sleeping the Girls, increase in beauty

O how charming to inherit,
Dullness, and see it pass for spirit,
Thus while you live, may fortune give,
Each blessing due to real merit

IMPROMPTU

For The Original, Bengal Gazette
By Letters from Madras, 17 Nov 80.

SIR EYRE COOTE's arrival made us very happy, the troops are a *seasonable* supply, tho' not a force equal to our exigencies.

The suspension of Mr Whitehill by the *Supreme Council*, tho' undoubtedly *Illegal* met with no opposition. Our Critical situation demands unanimity of Councils and measures, and Mr. W——— *private* and *Public*, *Character* is so despicable as to render him undeserving a moments consideration. The times require a Consford at the Head of our presidency, they require not only an *honest*, but a *sensible Man*

SIR EYRE COOTE, hoped to have saved Arcot, but unfortunately arrived two days after its Capture.

Hyders triumph is the Fruit of our Mahratta War, we are in great distress, and I think must wait the arrival of the Bengal Troops, ere we can take the field.

SIR EYRE COOTE is extremely perplex'd by the situation of our affairs, it is humiliating to his gallant Spirit, to be forced to act on the defensive, against a Country power whom we used to despise, and of whose prowess you still continue to think lighly.

Without Hyder is alarmed by the attack on his own Country, orders having been sent to Gen'l Goddard to carry the war into *Mysore*, I am afraid he must continue Omnipotent in the Carnatic.

Quere Would not an English Admiral be more in his element smoaking a pipe of Virginia on the QUARTER DECK, than at a filthy DURBAR surrounded by *Pimps* Callarata's *Catamites* and *dancing Girls*.

Yours
Tom Bowline.

Mr HICKY supposes the following is the Impromptu rejected by the Mess R——d and M——k. But judging of it by the admired works of Butler and Swift, and the best dramatic writers; He thanks his correspondent instead of affronting him, by declaring the Extempore to be indecent

An Extempore on seeing Mess. R ———d's, and M———k's Advertisement.

" R-----D take my advice and whatever besides
Pray let your News-paper alone,
Mr. Hicky's suffices for all our B———s
So keep your Gazette for your own.

Mr HICKY,

THE superiority of your paper over that of your rivals, is manifest and acknowledged by all who have read your late Gazettes.——Let any impartial person not a slave to G———t, or seeking to obtain a *contract*, only compare the *Types* of the two Papers, and give a fair verdict. The *Original Bengal Gazette* from the smallness of the Letter, contains considerably *more Matter* than the *India Gazette*; And as to the *subject* and *quality* of your publication, having greatly a preference, let any person of Literary Taste, peruse the four numbers of the MONITOR, (that most stupid and egregious performance) and decide.

Does the writer of that Paper mean to obtrude his Confin'd and Vulgar Opinions as the only sterling standard of Taste and propriety ——there can not be a greater Insult on the understandings and spirit of the settlement ——Like the *Goths* and *Vandals* who waged Destructive War in Greece, with every Work of Taste, Learning or elegance. *This Barbarian*, (the Author of the Monitor) Quarrels with *civilians* and condemns the *Innocent recreations of the Country*, surely in this trying *Sultry* Climate, remote *from Europe* and its more *refin'd* Enjoyments, DANCING cou'd not have attracted a single censure of *Severity* even from Old PLATTO, cou'd he be brought from the *shades*, to visit the *Calcutta Harmonic* —But such is the unhappy state of this Authors Mind, from spleen and other mortifications that he wishes to infect the cheerful part of

ভারতের প্রথম সংবাদপত্র। হিকির গেজেট, ১৭৮০

সমাচার দর্পণ

[৩০ সংখ্যা]　শনিবার। ১২ দিসেম্বর সন ১৮১৮। ২৮ আগ্রহায়ণ সন ১২২৫।

দর্পণে মুখ সৌন্দর্য্যাদির কার্য্যাদিবিচক্ষণাঃ। বৃত্তান্তানিহ জানন্তু সমাচারস্য দর্পণে॥

সমাচার দর্পণ।

কোম্পানির কাগজ।—

৯ দিসেম্বর বুধবার সন ১৮১৮ সালে কোম্পানির শতকরা ছয় টাকার সুদের কাগজ ক্রয় করিতে হইলে শতকরা আট টাকা ডিসকৌণ্ট। বিক্রয় করিতে হইলে শতকরা আট টাকা আট আনা ডিসকৌণ্ট।

সপ্তাহের পঞ্জিকা।

১২	দিসেম্বর	শনিবার	২৮	আগ্রহায়ণ
১৩	ঐ	রবিবার	২৯	ঐ
১৪	ঐ	সোমবার	১	পৌষ
১৫	ঐ	মঙ্গলবার	২	ঐ
১৬	ঐ	বুধবার	৩	ঐ
১৭	ঐ	বৃহস্পতিবার	৪	ঐ
১৮	ঐ	শুক্রবার	৫	ঐ

ওলাউঠা।—

মান্দ্রাজের ১৭ নবেম্বরের পত্রে সমাচার আসা গেল যে দক্ষিণে ওলাউঠা রোগের অতিশয় বৃদ্ধি হইতেছে এবং ফুলচেরি শহরে অনেক লোক ঐ রোগে মরিয়াছে ও মরিতেছে।

যুদ্ধ।

সাগর শহরের পত্রদ্বারা সমাচার আসা গেল যে ঐ শহরের নিকটে ডাকাইতেরা অনেক কাল পর্য্যন্ত প্রজা লোকেরদিগকে দুঃখ দিতেছিল সে কেবল মহারাজা শ্রীযুত দৌলৎরাও সিন্ধিয়ার দেশে কিন্তু ২ লক্ষের তাহারা আমারদের দেশে আসিয়া ডাকাতি করিয়াছিল এবং কতক গ্রামহইতে গোমেষাদি হরণ করিয়াছিল। ইহা শুনিয়া শ্রীযুত লেপ্তেনন্ট কিংষ্টন সাহেব আপনি অল্প যোদ্ধা লইয়া তাহারদের পশ্চাতে এমত বেগে দৌড়ল যে তাহারা তাহার কিছু অনুসন্ধান পাইল না ও ঐ লেপ্তেনন্ট সাহেব তাহারদের ছাওনিতে পঁহুছিল। তাহারা আমারদের সৈন্য দেখিয়া এক ক্ষণও দাঁড়াইল না ও তৎক্ষণাৎ পলায়ন করিল। তাহারা এমত শীঘ্র পলাইল যে তাহারদের মধ্যে অল্প লোকমাত্র মারা গেল তাহারদের মধ্যে পদাতিক সৈন্য পাঁচ শত ও ঘোড়সোয়ার আট শত ছিল তাহারদের অধ্যক্ষ রাজুপাণ্ডের শ্রীযুত অজিৎ সিংহ।

হস্তকলমে।

কয়েক দিন হইল বাঙ্গাল বাঙ্কে হস্তকলম কৃত এক নোট এই রূপে পাওয়া গেল। কলিকাতার মধ্যে এক বাণিজ্যের কুঠীআলারদের হিন্দুস্থান বাঙ্কে টাকা হাসিল করিবার প্রয়োজন ছিল এবং তাঁহারা মধ্যে নগদ টাকা ও কিছু নোট হাসিল করিল তাহার মধ্যে এই জাল নোট ছিল। কিছু দিন পরে ঐ নোট টাকার কারণ হিন্দুস্থান বাঙ্কহইতে বাঙ্গাল বাঙ্কে গেল। পরে তথাকার এক জন কেরাণী ঐ নোট দেখিয়া কহিল যে এই শহরের এক খান নোট আমারদের হাতে আছে এই রূপে ঐ জাল নোট ধরা পড়িল পুলিসহইতে লোক আসিয়া হিন্দুস্থান বাঙ্কে এই বিষয় তদবীর করিল যে এই নোট কোথাহইতে আইল। যে ব্যক্তি ঐ নোট দাখিল করিয়াছিল হিন্দুস্থান বাঙ্কের সরকার তাহার নাম লিখিয়া লয় নাই। কিন্তু ঐ সরকার কিঞ্চিৎ কাল ভাবিয়া অনুমানের দ্বারা সে ব্যক্তির নাম মনে করিয়া কহিলে পর সে ব্যক্তিকে পুলিসে লইয়া গিয়া তাহার তজবীজ হইল কিন্তু যে ব্যক্তি এই কর্ম্ম করিয়াছে তাহার নিশ্চয় অদ্যাপি হয় নাই। এখন কোন জন অন্য জনহইতে নোট লয় তখন তাহার নাম ঐ নোটের পৃষ্ঠে লিখিয়া লইতে হয় যেহেতুক যদি কোন উপসর্গ উপস্থিত হয় তবে হস্তকলম লোক ধরা পড়ে।

মহারাজ কৃষ্ণচন্দ্র রায়।—

গুপ্তিপাড়ানিবাসী বাণেশ্বর বিদ্যালঙ্কার ভট্টাচার্য্য এবং কৃষ্ণনগরে রাজবাটীতে নিযুক্ত ছিলেন তথাকার এই রীতি ছিল যে যাবৎ পণ্ডিতেরা নিযুক্ত থাকিতেন তাঁহারা গমনকালে নিযুক্তের বিদায় টাকা ও গাড়ু ও পান্সুপারি ও যাইবার কারণ নৌকাও পাইতেন তাহাতে এক সময় বাণেশ্বর বিদ্যালঙ্কার বিদায় পাইতে বিলম্ব হইলে মহারাজ কৃষ্ণচন্দ্র রায়ের নিকটে লোকের দ্বারা এই কবিত্ব পাঠাইলেন যে রঘুরাজ আদি বিদায় পাইলেও যাই না পাইলেও যাই। মহারাজাও তাহার প্রত্যুত্তর করিলেন যে ভট্টাচার্য্যের স্থলে বিদায় না দেওয়া যাইতেছে। ইহাতে ঐ বিদ্যালঙ্কার দুঃখার উপযুক্ত

সমাচার দর্পণ, ১৮১৮ সাল

সংবাদ প্রভাকর

প্রাত্যহিকপত্র

এই প্রভাকর পত্র রবিবার ব্যতীত প্রতি দিবস কলিকাতা সিমুলার অন্তঃপাতি যোড়াসাঁকো ... ভবনে সম্পাদক শ্রীযুত ঈশ্বরচন্দ্র গুপ্ত কর্তৃক প্রকাশ হয়

সতাং মনস্তামরস প্রভাকরঃ সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ

উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ

নক্ত চন্দ্রকরেণ ভিন্ন ... কৃচ্ছ্রান ... পীত ... অদ্য দাদিমল প্রভাকর কর প্রোজ্জিত ... দিবসে পিবন্তু চতুরা ...

এইপত্রের অগ্রিম মূল্য ১০টাকা। বৈশাখের প্রথম দিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিবের পত্রের মূল্য • আনা অগ্রিম ৬টাকামাত্র।

৬০৮৭ সংখ্যা] বুধবার ১৯ চৈত্র ১২৬৪ সাল। ইং ৩১ মার্চ্চ ১৮৫৮ সাল [মাসিক মূল ১৲তঙ্কা মাত্র।

বিজ্ঞাপন।

কুলীন কুলসর্ব্বস্ব নাটক সংস্কৃত যন্ত্রালয়ে বিক্রয়ার্থ প্রস্তুত আছে মূল্য ৷৷৵০ আনা।

বিজ্ঞাপন

প্রবোধ প্রভাকর।

প্রথম খণ্ড।

১৭চৈত্রের প্রভাকর পত্রে এই পুস্তকের ভূমিকা প্রকাশ হইয়াছে, এক সপ্তাহ পরেই গ্রাহক মহাশয়েরা পুস্তক প্রাপ্ত হইবেন মূল্য এক টাকা মাত্র।—প্রভাকর যন্ত্রালয়ে এবং গুপ্ত এণ্ড ব্রাদর্স কোম্পানির পটলডাঙ্গার পুস্তকালয়ে বিক্রীত হইবে।—বিদেশীয় মহাশয়েরা পত্র প্রেরণ করিলে ডাকযোগে গ্রন্থ প্রেরণ করা যাইবেক।

শ্রীঈশ্বরচন্দ্র গুপ্ত।

প্রভাকর সম্পাদক।

সংবাদপ্রভাকর

১৯ চৈত্র শকাব্দাঃ ১৭৭৯ শালিবাহনাব্দাঃ ১৯১০

[মহেশপুরস্থ শ্রীরাজকৃষ্ণ শর্ম্মা নামাঙ্কিত] যে পত্রখানি আমরা গত কল্য প্রকাশ করিয়াছি সেই পত্র সঙ্গলিত তথাকার বাঙ্গালা আদর্শ বিদ্যালয়ের প্রথম শ্রেণীস্থ ছাত্রের রচিত প্রস্তাবটী অদ্য অবিকল প্রকাশ করিলাম

' এতদ্দেশীয় স্ত্রীলোকের বিদ্যা শিক্ষা।

সন্তানগণকে শিক্ষিত ও বিনীত করা পিতা মাতার অবশ্য কর্ত্তব্য ও গুরুতর কর্ম্ম, কেবল ভক্ষ্যাদিক পুত্র কন্যাদিগকে আহারাদি প্রদান পূর্ব্বক প্রতিপালন করিয়া নিশ্চিন্ত থাকা তাঁহাদিগের উচিত হয়না, তাহাদিগকে সুন্দররূপে বিদ্যা দানদ্বারা লোকযাত্রা নির্ব্বাহ ও অন্যান্য সমুদায় কর্ত্তব্য কর্ম্ম সাধনে সমর্থ করা উঁহাদিগের অবশ্য কর্ত্তব্য দেখ এই সংসারের সমুদায় পদার্থই অসার, কেবল বিদ্যাই সকলের সার, এই অসার জগতে বিদ্যারূপ সার বস্তু থাকাতে সংসার নামে খ্যাত হইয়াছে, অতএব কি স্ত্রী, কি পুরুষ সকলেরই বিদ্যা শীলন করা কর্ত্তব্য, এতদ্দেশীয় যে ... গণের অবস্থা যে এত মন্দ ... বিদ্যানুশীলন না করা তাহার প্রধান কারণ, দেহকে সুনিয়মে রাখা, আত্মা ... রিপু সমূহের আয়ত্ত হইতে দূর করা, অন্তঃকরণকে অজ্ঞান তিমির হইতে রক্ষা করা, সংসার যাত্রা নির্ব্বাহোপযোগি সুনিয়ম সমুদায় প্রতিষ্ঠিত করা ইত্যাদি সমুদায় বিহিত বিধানে সম্পাদন করা যোষিদ্গণের পক্ষে সহজ নহে, যাহারা শিশুকালে ক্রীড়ায় ও পরিণত বয়সে সংসার সামান্য গৃহ কার্য্যে অবিরত রত থাকিয়া কালাতিপাত করে, তাহারা বিদ্যার শক্তি ও গুণ কি প্রকারে জানিতে পারিবে, ভোগ না করিলে কি কখন অনুমান দ্বারা অমৃত ফলের আস্বাদ জানা যায়?

সংবাদ প্রভাকর, ১৮৫৮ সাল

FORWARD BLOC

A POLITICAL WEEKLY

Founder : SUBHAS CHANDRA BOSE

Editor : LEELA ROY

VOL. 2. No. 17 | CALCUTTA, SATURDAY, NOVEMBER 30, 1940 | ONE ANNA

"FREEDOM COMES TO THOSE WHO DARE AND ACT"

Let these words ring in our ears now and inspire us to march forward and to dare and act. Only then shall we win Victory and Swaraj.

Subhas Chandra Bose

নেতাজী সুভাষচন্দ্র বসুর ফরওয়ার্ড ব্লক, ১৯৪০

Lest we forget :—

"In the life of every nation there come occasions when momentous decisions have to be taken which may make or mar its future....."

"The problem today is not merely one of launching Direct Action. This has to be done effectively—if at all—otherwise it will amount to 'sabotaging' and not launching Direct Action. There is also the further question of pursuing it to a victorious end and avoiding any half-way house along our path. Let us be perfectly frank once again and say that even if Direct Action is started by the present Working Committee, the Left will nurse the apprehension that Chauri Chaura and the Harijan Movement or rather new forms of them, may appear any time and scotch our movement when it gathers strength and volume.. "

Subhas Chandra Bose

FORWARD BLOC

SATURDAY NOVEMBER 30

Keep The Flag Flying !

By this time you must have known that the security of the Forward Bloc has been forfeited. The drive against us is daily gaining momentum It is quite likely that we meet for the last time through these columns Though our voice may temporarily be silenced we know for a certainty that the country already knows what Forward Bloc stands for In this critical hour of our country's life we should be quite clear in our own mind and sure of our stand, so that we may not adopt a course which will belie our past and stultify the future of our organisation

We of the Forward Bloc have raised our standard high and stood from the beginning for complete' independence. For us there is no alternative but to proceed on and on till the goal is reached. This will naturally bring, as it has already done, terrible repression in its trail All over the country in every Province our comrades are being pursued and hounded down, till they vanish behind the prison bars Hundreds are rotting in British Jails ever since the bugle was sounded in Ramgarh Inside Jails, debarred from enjoying the elementary human rights, they are being treated like ordinary criminals Alarming reports about their reaction to this treatment is reaching us

But all this should leave a salutary effect, bucking us up against any weak-kneed surrender to false standards and wrong judgements Can we forsake the ideals for which our comrades have toiled and suffered ? No, we cannot let them down because they are not with us today to raise their voice of protest.

Independence can never be achieved by staging a dramatic protest in how so ever effective a manner It would still continue to be a protest whatever be its magnitude. These half-measures may lead to concessions but not to Independence. We have no reason or intention to decry Gandhiji's movement, rather as we have already said, we welcome the helpful atmosphere it has created for launching the movement for Independence But we must warn our comrades not to be led away by sentiment and lose sight of the real import of the movement This is a movement started with a specific object for instance, we know if the Viceroy had agreed to make the proposed "expanded council" responsible to the Central Legislature, there would have been no cause for protest and the Congress executive

ফরওয়ার্ড ব্লক পত্রিকায় সুভাষচন্দ্রের সাক্ষরিত আবেদন ও সম্পাদকীয়

বিবেকানন্দ মুখোপাধ্যায়

সংবাদপত্র, ব্যক্তি স্বাধীনতা ও গণতন্ত্র

চিন্তা ও মত প্রকাশের স্বাধীনতা গণতন্ত্র ও ব্যক্তি স্বাধীনতার সবচেয়ে মূল্যবান সম্পদ। এবং সেই সংবাদপত্রই সবচেয়ে সার্থক যে সংবাদপত্র তার স্বাধীন মত প্রকাশ ও নিরপেক্ষ সংবাদ সংগ্রহের দ্বারা জনগণের সর্বাঙ্গীন মুক্তির পথ উন্মুক্ত করে দিতে পারে। জনগণের এই মুক্তির পথ যে সরকার ও সমাজ ব্যবস্থা অবরুদ্ধ করে রেখেছে কিংবা পীড়ন, অত্যাচার ও বলপ্রয়োগের দ্বারা যে বা যারা রাষ্ট্রক্ষমতা কুক্ষিগত করে রেখেছে, তারা যে-পার্টির অন্তর্ভুক্ত হোক না কেন, তাদের বিরুদ্ধে নিরন্তর অকুতোভয় লড়াই করে যদি সেই স্বৈরতন্ত্রের মৃত্যু ঘটানো যায়, তবেই জাতীয় জীবনে সংবাদপত্রের সত্যিকার সার্থকতা। অন্যথা যতই চমৎকর ছাপা, মুখরোচক নানা সংবাদ এবং নয়ন মনোলোভন সচিত্র ফীচারের যতই জৌলুস থাকুক না কেন, কিংবা সেই সংবাদপত্র বহু পাঠকের কাছে যতই পপুলার হোক না কেন, আসলে সামাজিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক মুক্তির পক্ষে সেই পত্রিকা সহায়ক নয়

কিংবা মুক্তিকামী মানুষের সহযাত্রীও নয়। বিশেষতঃ বর্তমানে আমাদের দেশে সেই সংবাদপত্রের প্রয়োজন যে সংবাদপত্র প্রাণহীন পুরাতনকে ধ্বংস করে নতুন জীবন গঠন করতে পারে, যে সংবাদপত্র অধঃপতনের বিরুদ্ধে সংগ্রাম করে পুনরুত্থানের মন্ত্র ছড়িয়ে দিতে পারে। কেননা, আজ আমরা যুগ ও জীবনের এমন এক সন্ধিক্ষণে এসে পৌঁছেছি, যখন সেকেলে রক্ষণশীল সমাজের অচলায়তন নবযুগ বিপ্লবের উদ্বেলিত তরঙ্গে ভেঙে পড়ছে। জীর্ণ পুষ্পদলের মতো পুরাতন চিন্তা পথের ধুলোয় ঝরে পড়ছে এবং নতুন চিন্তার রক্ত শতদল যেন স্ফুটন উন্মুখ হয়ে উঠেছে। আর পূর্ব দিগন্তে অরুণোদয়ের রক্তিম আভায় তার স্পষ্ট আভাস দেখা যাচ্ছে। এই যুগের সংবাদপত্রকে সেই নব উদ্ভাসিত সূর্যালোকের বার্তাবাহী হতে হবে—যে আলোকে আমরা গণ মানুষের সুস্থ সুন্দর মুখ দেখতে পাব। এই সুস্থ সবল ও সুন্দর মানুষই নব গণতন্ত্রের ভিত্তি এবং সেই ভিত্তির উপর গড়ে উঠবে মানব সংস্কৃতির নতুন সৌধমালা।

কিন্তু আমার এই প্রারম্ভিক ভূমিকাকে অনেকের ভাবাবেগ পূর্ণ উচ্ছ্বাস বলে মনে হতে পারে। কেননা স্বাধীনতার ছত্রিশ বছর পরেও যে দেশের শতকরা প্রায় ৭০ জন মানুষ নিরক্ষর এবং পৃথিবীর বৃহত্তম সংখ্যক নিরক্ষরদের ভোটে যে বৃহত্তম গণতন্ত্রের দেশে সংসদীয় নির্বাচন অনুষ্ঠিত ও মন্ত্রিসভা গঠিত হয়ে থাকে, যেখানে অন্ততঃ শতকরা ৪৫ জন মানুষ দারিদ্র্য সীমার নীচে বাস করে, সেখানে গণতন্ত্র ও ব্যক্তি স্বাধীনতার গৌরব কতটুকু? কিন্তু আমার মতে স্বাধীন ভারতের এই মর্মান্তিক অবস্থা থেকে পরিত্রাণ লাভের জন্য জনগণের যে সংগ্রামের প্রয়োজন সেই সংগ্রামেরই অন্যতম হাতিয়ার হচ্ছে স্বাধীন সংবাদপত্র। যদিও ইউরোপ, আমেরিকা ও জাপানের তুলনায় আমরা সংবাদপত্র জগতেও অনেক পিছনে পড়ে আছি, তবু মনে রাখা দরকার বয়সের দিক দিয়েও আমাদের সংবাদপত্র অনেক নবীন। কারণ, ১৭৮০ খৃষ্টাব্দের ২৯শে জানুয়ারী কলিকাতা থেকে জেমস অগাষ্টাস হিকি কর্তৃক যে ইংরাজী সাপ্তাহিক পত্রিকাটি প্রতিষ্ঠিত ও প্রকাশিত হয়েছিল সেটিকেই ভারতীয় সাংবাদিকতার জনকরূপে ঐতিহাসিকভাবে গ্রহণ করা হয়েছে। হিকির গেজেট নামে পরিচিত এই পত্রিকার

১০০ বছর পূর্তি হয়ে গেছে ১৯০০ সালের জানুয়ারীতে। ভারতীয় সাংবাদিকতার এই ঐতিহাসিক ঘটনাটি ১৯০০ ও ১৯৩১ সালে কয়েকটি অনুষ্ঠানের দ্বারা স্মরণ করা হয়েছিল এবং এই উপলক্ষে পশ্চিমবংগ সরকারের তথ্য সংস্কৃতি বিভাগ কর্তৃক আয়োজিত দুই দিনের অনুষ্ঠানের প্রথম উদ্বোধন দিবসে আমাকে সভাপতির দায়িত্ব দেওয়া হয়েছিল। সেই অনুষ্ঠানে সভাপতির ভাষণে আমি যে প্রশ্নটির উপর জোর দিয়েছিলাম, তা এই যে, আমরা আর অষ্টাদশ বা উনবিংশ শতকে বসে নেই। আমরা এক্ষণে বিংশ শতকের শেষ ধাপের দিকে এগিয়ে যাচ্ছি এবং গত দুই শ' বছরে পৃথিবীর বহু বৈপ্লবিক পরিবর্তন ঘটে গেছে। এই যুগে সমাজের ও রাষ্ট্রের সমাজতান্ত্রিক পরিবর্তনই সবচেয়ে বড় দাবী। সুতরাং আধুনিককালের সংবাদপত্রকেও প্রধানতঃ সেই সমাজতন্ত্রের বাণী বহন করতে হবে।

কিন্তু এই প্রসংগে একটি কথা উল্লেখ করতে চাই যে, বাংলা বা মাতৃভাষায় সাংবাদিকতার বয়স দু'শো বছর পূর্ণ হতে এখনও ঢের বিলম্ব। কারণ ১৮১৮ সালের ২৩শে মে বাংলা সাপ্তাহিক সংবাদ-পত্র সমাচার দর্পণ (সম্পাদক মার্শম্যান) প্রথম প্রকাশিত হয়েছিল বটে, কিন্তু তার এক সপ্তাহ আগে গঙ্গাকিশোর ভট্টাচার্য সম্পাদিত 'বংগাল গেজেট' আত্মপ্রকাশ করেছিল—যদিও সেটি ছিল নিতান্তই স্বল্পায়ু এবং তার কোন কপিও খুঁজে পাওয়া যায় না। ফলে, প্রথম বাংলা সংবাদপত্র আরম্ভের তারিখটা আজও অনির্দিষ্ট ও বিতর্কিত অবস্থায় রয়ে গেছে। কিন্তু আমি প্রস্তাব করবো যে, বিশেষজ্ঞগণ কর্তৃক বাংলা সংবাদপত্রের আরম্ভের তারিখটা সুনির্দিষ্টরূপে স্থির হোক এবং আগামী শতাব্দীতে কিম্বা ২০শত ১৮ সালের মে মাসে যেন বাংলা সাংবাদিকতার দু'শো বছর পূর্তি উৎসব অনুষ্ঠিত হয়। যদিও আমি এবং আমার মত অনেকেই তখন এই পৃথিবীতে বেঁচে থাকবেন না, তবু আমি বাংলা সাংবাদিকতার দ্বিশতবর্ষ পূর্তি উৎসবকে এখন থেকে অগ্রিম স্বাগত জানিয়ে যাচ্ছি।

আমি প্রধানতঃ বাংলা ভাষার সাংবাদিকতা নিয়েই আলোচনা করছি। কারণ, বাংলা আমাদের মাতৃভাষা, যে ভাষায় রবীন্দ্রনাথ ও রামানন্দ চট্টোপাধ্যায় আমাদের সাহিত্য ও সাংবাদিকতাকে বিশ্ব

বিদ্বৎজন সমাজে সম্মানের আসন দিয়ে গেছেন এবং আমি নিজেও বাংলা ভাষারই সেবক। কিন্তু সে দিনের তুলনায় আজকের বাংলা সংবাদপত্র নিশ্চয়ই বহুগুণ ঐশ্বর্যশালী। আজ যখন আমাদের সংবাদপত্রে বৈদ্যুতিক গতিতে সারা বিশ্বের সংবাদ ছাপা হচ্ছে, এমনকি গ্রহান্তরের খবর পর্যন্ত, তখন কিন্তু আদি যুগে আমাদের সাংবাদিকতার গন্ডী মূলতঃ কোম্পানীর আমলের সীমাবদ্ধতাকে অতিক্রম করে যায়নি। এমনকি, ১৭৫৭ সালে যখন পলাশীর যুদ্ধ অনুষ্ঠিত হল এবং গঙ্গার তীরে স্বাধীনতার সূর্য অস্ত গেল কয়েকজন বিশ্বাসঘাতকের চক্রান্তে, আর ক্লাইভ নামক একজন ভাগ্যান্বেষীর দ্বারা ইংরেজ শাসনের সূত্রপাত হোল তখন সেই অভূতপূর্ব ঐতিহাসিক দুর্ভাগ্যকে জনগণের নিকট পৌঁছে দেওয়ার জন্য একখানা সংবাদপত্রেরও অস্তিত্ব ছিল না। অথচ আজ রাস্তার একটা সামান্য মারামারির খবরও সংবাদপত্রে সবিস্তারে প্রকাশিত হয়ে থাকে।

অবশ্য ভারতীয় বা বাংলা সংবাদপত্রের আদি পর্বে রেলওয়ে, টেলিগ্রাফ বা টেলিফোন ইত্যাদির কোন যোগাযোগ ব্যবস্থা ছিল না এবং আজকের মত সেদিন মুহূর্তের মধ্যে পৃথিবীর এক প্রান্ত থেকে অন্য প্রান্ত পর্যন্ত রেডিও-যোগে সংবাদের আদান প্রদানও সম্ভব ছিল না। সুতরাং স্বাভাবিক কারণেই সংবাদপত্রের গন্ডী ছিল অত্যন্ত সংকীর্ণ এবং সমাজ জীবনের ধারার মধ্যেও কোন গতিবেগ ছিল না। কিন্তু ১৮১৪ সালে রামমোহন রায়ের কলিকাতা আগমণের (রংগপুর থেকে) সংগে সংগে বাঙালীর জীবনে যেন এক নতুন স্রোত ধারার গতিবেগ সঞ্চারিত হল। বাঙালীর নবজাগরণের ইতিহাসের সূচনা হল এবং মুখ্যতঃ বাংলা সংবাদপত্রকে কেন্দ্র করেই বাঙালী জীবনের জাগরণ বার্তা ঘোষিত হতে লাগল। আর বাংলা ভাষায় বাংলা গদ্য সাহিত্যেরও প্রথম বিকাশ ঘটল বাংলা সাময়িক পত্র ও সংবাদপত্রের মাধ্যমে। বাংলা সংবাদপত্র বা সাময়িক পত্রের এই গৌরব নিশ্চয়ই সাংবাদিক হিসাবে গর্ব করার মত।

কিন্তু সেই সংগে এই ঐতিহাসিক সত্যও অস্বীকার করে লাভ নেই যে, বাংলা বা ইংরাজী ভাষায় কিংবা অন্য যে কোন ভারতীয় ভাষায় সাংবাদিকতা নিয়ে আমরা যতই গর্ববোধ করি না কেন, উনবিংশ শতকে ইংরাজী শিক্ষার প্রবর্তন ও প্রসার ছাড়া আমাদের

সংবাদপত্র ও সাহিত্যের পক্ষে এই পুষ্টিলাভের সুযোগ বোধহয় ঘটত না। রামমোহন রায়ই হোন কিংবা বঙ্কিমচন্দ্রই হোন তাঁরা যদি ইংরাজী ভাষায় সুশিক্ষিত না হতেন, তবে আমাদের দেশে সংবাদপত্র ও সাহিত্যের এই সমৃদ্ধি ঘটা কি সম্ভব ছিল? বঙ্গদেশেই ইংরাজ শাসন প্রথম প্রতিষ্ঠিত হয়েছিল আর কলকাতা ছিল এ দেশের রাজধানী। সুতরাং কলিকাতাই বৃটিশ সাম্রাজ্যের শীর্ষ নগরী হয়ে উঠল। আর কোম্পানীর আমলের প্রথম ব্রিটিশ উপনিবেশ কলকাতা থেকে ক্রমে সারা ভারতে বৃটিশ সাম্রাজ্য শাসন তার নখদন্ত বিস্তার করল। প্রায় দু'শ বছর ধরে লুণ্ঠন, শোষণ ও বঞ্চনার এক নিষ্ঠুর রাজত্ব প্রতিষ্ঠিত হল। দেশের সমস্ত মানুষ অবশ্য এটা মুখ বুজে সহ্য করেন নি। মাঝে মাঝে জনগণের, বিশেষভাবে চাষী ও প্রজাবর্গের পক্ষ থেকে বিদ্রোহ ঘটেছে বটে, কিন্তু গোড়ার দিকে কলকাতার বুদ্ধিজীবীগণ এ বিষয়ে উদাসীন ছিলেন। এমন কি বাংলা ও ভারতের আধুনিক চিন্তাধারার জনক রামমোহন রায়, যিনি সংবাদপত্রের স্বাধীনতা রক্ষার জন্য ঐতিহাসিক চেষ্টা করেছিলেন, তিনি পর্যন্ত ইংরাজ রাজত্বের অবসান কামনা করেন নি যদিও তিনি ফরাসী বিপ্লবকে স্বাগত জানিয়েছিলেন। বরং ইংরাজ রাজত্ব ও ইংরাজী শিক্ষাকে ভারতের পক্ষে কল্যাণকর বলে মনে করেছিলেন। আর সংবাদপত্রের স্বাধীনতা দমনের জন্য যখন ১৮৭৮ সালে ভার্ণাকুলার প্রেস এ্যাক্ট প্রবর্তিত হয়েছিল, তখন বঙ্কিমচন্দ্রের মতো মনীষী নায়ক পর্যন্ত সেই আইন সমর্থন করেছিলেন। আর অমৃতবাজার পত্রিকা এক কড়া সম্পাদকীয় প্রবন্ধে বঙ্কিমচন্দ্রের সমালোচনা করেছিলেন। তার আগে ১৮৫৭ সালের সিপাহী বিদ্রোহের সময় সেই মহাবিদ্রোহকে সেদিনের শিক্ষিত সমাজের নেতারা সমর্থন জানাতে পারেননি। সেই সময় আরও দুটি বিদ্রোহ অনুষ্ঠিত হয়েছিল। ১৮৫৫-৫৭ সালের সাঁওতাল বিদ্রোহ, ১৮৬০ সালের বাংলার বিভিন্ন জায়গায় নীল বিদ্রোহ। এই সমস্ত বিদ্রোহ ঘটেছিল অর্থনৈতিক শোষণ, শ্বেতাংগ প্রভুদের এবং রাজ কর্মচারীদের অত্যাচারের বিরুদ্ধে। সাঁওতাল বিদ্রোহ ও সিপাহী বিদ্রোহ সম্পর্কে বাংলা সংবাদপত্রগুলির সমর্থন ছিল না বটে, কিন্তু নীল বিদ্রোহের প্রতি পরিপূর্ণ সমর্থন ছিল। কারণ এই বিদ্রোহ অর্থনৈতিক কারণ থেকেই উদ্ভূত ছিল। দীনবন্ধু

মিত্রের নীলদর্পণ নাটক আজও অবিস্মরণীয় হয়ে আছে। আর উনবিংশ শতকের বাংলার সবশ্রেষ্ঠ সম্পাদক হিন্দু প্যাট্রিয়ট পত্রিকার হরিশচন্দ্র মুখোপাধ্যায় যে সাহস, দূরদৃষ্টি এবং সম্পাদকীয় আত্মমর্যাদাবোধ ও স্বদেশ প্রেমের পরিচয় দিয়েছিলেন, তার জন্য আজও তিনি সম্পাদকদের প্রণম্য। নীল বিদ্রোহের জন্য নির্যাতীত দরিদ্র চাষীদের স্বপক্ষে তিনি অকুতোভয়ে এবং গভীর নিষ্ঠা ও আন্তরিকতা নিয়ে এগিয়ে এসেছিলেন। ফলে অবর্ণনীয় দারিদ্র্য লাঞ্ছনার মধ্যে তাঁর জীবনদীপ অকালে নিভে গিয়েছিল। অবশ্য সিপাহী বিদ্রোহকে আইনগত বিধি নিষেধের জন্য তিনি সরাসরি সমর্থন না জানালেও এ মহাবিদ্রোহের প্রতি সহানুভূতি প্রকাশ করেছিলেন এবং বিদ্রোহীদের দমনের নাম করে ইংরাজরা যে বর্বর অত্যাচারের অবতারণা করেছিল, সেই পাশবিকতাকে তিনি কঠোর ভাষায় নিন্দা করেছিলেন। সাঁওতাল ও নীল বিদ্রোহ দমনে সরকারী নিষ্ঠুরতার বিরুদ্ধে হরিশচন্দ্র মুখোপাধ্যায়ের মতো বাংলা সংবাদপত্রগুলিও প্রতিবাদে সোচ্চার হয়েছিল। এই সময় সংবাদপত্রগুলিকে দমন ও নিয়ন্ত্রণ করার জন্য gagging act প্রচলিত থাকা সত্ত্বেও এই সমস্ত প্রতিবাদ তীব্র ভাষায় ধ্বনিত হয়েছিল। এখানে উল্লেখযোগ্য যে, শিশির কুমার ঘোষ এবং অমৃত বাজার পত্রিকাও নির্যাতীতদের পক্ষে নির্ভীকতার পরিচয় দিয়ে জাতীয় আন্দোলনের ইতিহাসে নতুন একটি অধ্যায়ের সৃষ্টি করেছিলেন। তবু সাধারণভাবে বুদ্ধিজীবীদের মধ্যে এবং নতুন রাজভক্ত সম্প্রদায়ের মধ্যে তেমন কোন সমর্থন বা সায় ছিল না। বরং অনেকেই বিরূপতা করেছেন। কারণ, তারা কোম্পানীর আমলে বড়লোক বা ধনবান নাগরিকে পরিণত হয়েছিলেন। এদের বংশধরগণই পরবর্তীকালে বুর্জোয়া গণতন্ত্র ও ধনতন্ত্রের পৃষ্ঠপোষক হয়েছেন। তথাপি বিস্ময়ের কথা এই যে, এই সমস্ত গুরুতর বৈপরিত্য বা contradiction সত্ত্বেও উনবিংশ শতকেই ঘটেছিল বাংলার নব জাগরণ বা রেনেসাঁ এবং বঙ্গদেশই ছিল সারা ভারতের নব জাগরণের পথপ্রদর্শক। সেদিনের মুষ্টিমেয় ইংরাজী শিক্ষিত ব্যক্তিই চিন্তার জগতে নেতৃত্ব দিয়েছিলেন বটে, কিন্তু তারা গণ মানুষ বা জনসাধারণের কাছ থেকে বিচ্ছিন্ন ছিলেন। ইংরাজ রাজত্বের সংগে সহযোগিতার ফলে তাদের মধ্যে অনেকেই প্রভূত

ধনদৌলতের এবং বড় বড় জমিদারীর অধিকারী হয়েছিলেন, যার ফলে সৃষ্টি হোল নতুন বুর্জোয়া শ্রেণী, কিম্বা সেদিনের চলতি ভাষায় 'নব্যবাবুর দল'। তাদের মধ্য থেকে সাহিত্য, সংবাদপত্র ও সংস্কৃতির পৃষ্ঠপোষকতা ঘটল বটে এবং পশ্চিমী সভ্যতার প্রভাবে আধুনিক চিন্তাধারাও নাগরিক জীবনে প্রবেশ করল বটে, কিন্তু যে অর্থে ফরাসী বিপ্লব ইউরোপে অগ্নিগর্ভ চিন্তারাশি ছড়িয়ে দিয়েছিল, এখানে সেই ধরনের কোন বিপ্লব ঘটল না। কিন্তু বিপ্লব না ঘটলেও আমাদের সমাজ ও সনাতন ধর্মকে প্রচন্ডভাবে নাড়া দিল এবং বৈপ্লবিক সংস্কার আন্দোলনের তরংগ উত্তাল হয়ে উঠল। বাংলার নবজাগরণ ও বাংলা সংবাদপত্রের ইতিহাসও এর সংগে জড়িত। সতীদাহ প্রথা নিবারণ, বিধবা বিবাহ, স্ত্রী শিক্ষার প্রবর্তন, বহু বিবাহ নিরোধ ইত্যাদি যুগান্তকারী সংস্কার আন্দোলনের সঙ্গে যাদের নাম স্মরণীয় সেই রামমোহন, বিদ্যাসাগর এবং মহামতী বেথুন প্রমুখ বাংলার নবজাগরণের ইতিহাসে আজও বরণীয় হয়ে আছেন। জীবন বিপন্ন করে যাঁরা সমাজে কুসংস্কার, অজ্ঞতা, গোড়ামী, সনাতন প্রথা ও বিশ্বাস এবং আচরণের মূলে মারাত্মক আঘাত হানলেন, সমাজ সংস্কারের দিক থেকে তাঁরাও নতুন বৈপ্লবিক পরিবর্তনের সূচনা করেছিলেন বৈকি? এই বৈপ্লবিক পরিবর্তন যেটা পরবর্তীকালে বিংশ শতকের রাষ্ট্রীয় স্বাধীনতা আন্দোলন এবং জনগণের সামাজিক মুক্তি আন্দোলনের মধ্যে পরিপুষ্টি লাভ করেছিল। অবশ্য ১৯৪৭ সালে রাজনৈতিক স্বাধীনতা অর্জিত ও বৃটিশ সাম্রাজ্যবাদ অবলুপ্ত হলেও দরিদ্র জনগণের অর্থনৈতিক মুক্তি ও সামাজিক পরিবর্তন আজও আসেনি।

মোগল সাম্রাজ্যের পতনের দ্বারা ভারতবর্ষে যেমন মধ্যযুগের অবসান ঘটল, তেমনি বৃটিশ সাম্রাজ্যকে কেন্দ্র করে ভারতে আধুনিক পাশ্চাত্য চিন্তাধারার অনুপ্রবেশ ঘটতে লাগল এবং ইংরাজী শিক্ষা ছিল তার মূল বাহন — যে জন্য রামমোহন রায় ইংরাজী শিক্ষা প্রবর্তনে এত উৎসাহী ছিলেন এবং বৃটিশ শাসনেক সমর্থন করেছিলেন। মধ্যযুগের বদ্ধ জলার মধ্যে নতুন যুগের জীবন প্রবাহ প্রবেশ করার ফলে বাংলা ভাষারও যেন জন্মান্তর ঘটল এবং

সংবাদপত্রে ও সাহিত্যে নবযুগ ও নবজীবনের বার্তা ঘোষিত হতে লাগল। যদিও নবজাগরণের পথিকৃৎরা ইংরাজী শিক্ষিত ছিলেন, তথাপি বাংলা ভাষাকে প্রতিষ্ঠা দেওয়ার জন্য তারা যথাসাধ্য চেষ্টা করলেন এবং তাঁদের চেষ্টাই বাংলা সংবাদপত্রকে একটা অগ্রগতির পথে ঠেলে দিয়েছে।

আমার আলোচ্য বিষয় মূলত ভারতীয় বা বাংলা সংবাদপত্রের ইতিহাস নয়। ব্যক্তি স্বাধীনতা ও গণতন্ত্র সম্পর্কে আধুনিক সংবাদপত্রের ভূমিকাই মুখ্য আলোচ্য বিষয়। বিশেষভাবে সাম্প্রতিককালে ভারতবর্ষে জরুরী অবস্থার অত্যাচার (যা কিছুতেই ভুলতে পারা যায় না) ও সংবাদপত্রগুলিকে সেন্সরের ডান্ডাবাজীর দ্বারা দমনের জন্য গণতন্ত্র ও সংবাদপত্রের ভূমিকা যেন একটি নতুন গুরুত্ব অর্জন করেছে। প্রকৃতপক্ষে জাতীয় জীবনের বিকাশ ও সমুন্নতির জন্য দেশের রাষ্ট্রীয় স্বাধীনতা যেমন অপরিহার্য, তেমনি সেই স্বাধীনতার পূর্ণতর বিকাশের জন্য গণতান্ত্রিক শাসন ও স্বাধীন সংবাদপত্রের প্রয়োজনও অপরিহার্য। এই জন্য বৃটিশ আমলেই পরাধীনতার বন্ধন ছিন্ন করার জন্য আমাদের সংবাদপত্রগুলি জাতীয় মুক্তি আন্দোলনের ব্রত গ্রহণ করেছিল। যদিও এর প্রেরণা এসেছিল ইংরাজী শিক্ষা ও পাশ্চাত্য চিন্তাধারার অনুপ্রবেশের এবং গোড়ার দিকে মিশনারীদের শিক্ষা বিস্তারের প্রচেষ্টার ফলে, তবু নদী যেমন পর্বতের গুহা থেকে জন্মলাভ করে এবং বহু চড়াই উতরাই ও সমতল ভূমি অতিক্রম করে শেষ পর্যন্ত মহাসমুদ্রে গিয়ে মিলিত হয়, আমাদের জার্নালিজম-এর স্রোতধারাও তেমনি ব্রিটিশের পাষাণ গুহামুখ থেকে উত্তীর্ণ হয়ে শেষ পর্যন্ত জাতীয় জীবনের মুক্তি মোহনায় গিয়ে মিলিত হয়েছিল। সুতরাং ভারতের স্বাধীনতা সংগ্রামেও সাম্রাজ্যবাদী শাসনের অবসান প্রচেষ্টায় আমাদের ইংরাজী ও বাংলা কিংবা অন্যান্য মাতৃভাষার সংবাদপত্রের দান ইতিহাসের গৌরবোজ্জ্বল পৃষ্ঠা দখল করে আছে। ১৭৮০ খৃষ্টাব্দে জেমস অগাস্টাস হিকির প্রতিষ্ঠিত ইংরাজী সাপ্তাহিক পত্র কিংবা হিকির গেজেট সম্পর্কে আগেই উল্লেখ করা হয়েছে। অবশ্য ইংলন্ডে প্রথম দৈনিক সংবাদপত্রের প্রকাশ ১৭০২ সালে এবং মার্কিন যুক্তরাষ্ট্রে ১৭৮৩ সালে। সুতরাং দৈনিক সংবাদপত্রের দিক থেকে তারা যে অগ্রজ তাতে সন্দেহ নেই

এই প্রসঙ্গে স্মরণ করা যেতে পারে যে, ইউরোপে মুদ্রাযন্ত্রের প্রতিষ্ঠা পঞ্চদশ শতাব্দীতে এবং ভারতে খৃষ্টান মিশনারীরা প্রথম গোয়াতে ছাপাখানা প্রতিষ্ঠা করেছিলেন ষোড়শ খৃষ্টাব্দে। কিন্তু ক্রমে মুদ্রাযন্ত্র সারা পৃথিবীতে চিন্তা ও ভাবজগতের বিপ্লব সাধনের সবচেয়ে বড় বাহন হয়ে ওঠে। সম্ভবতঃ সভ্য মানুষের অন্যতম শ্রেষ্ঠ দান মুদ্রাযন্ত্রের আবিষ্কার ও প্রচলন। আজ আমরা শিক্ষা ও সংস্কৃতির যে বিশাল ঐশ্বর্যের অধিকারী তার মূলে রয়েছে মুদ্রাযন্ত্রের বিস্ময়—যে বিস্ময়ের কথা আজ আর আমরা কেউ ভুলেও মনে করিনা। ভারতবর্ষে রোটারী যন্ত্র আমদানী হওয়ার পর দৈনিক সংবাদপত্রগুলির দ্রুত প্রসার লাভের সুযোগ ঘটেছে। কিন্তু অষ্টাদশ ও উনবিংশ শতকে এই সুযোগ ছিলনা। বাংলা দৈনিক সংবাদপত্রের মধ্যে প্রথম রোটারী যন্ত্রে মুদ্রণের গৌরব বসুমতী পত্রিকার।

কিন্তু যন্ত্রই সংবাদপত্রের একমাত্র প্রাণবস্তু নয়. তার আসল প্রাণবস্তু সংবাদে, সম্পাদকীয়তে, বিশেষ প্রবন্ধে ও চিন্তাধারায়। কিন্তু এর জন্য প্রথমেই চাই সংবাদপত্রের স্বাধীনতা। কিন্তু স্বাধীনতা বস্তুটি কোন দেশের গভর্ণমেন্টই প্রীতির চক্ষে দেখেন না। বরং প্রায় সমস্ত দেশের ইতিহাসেই দেখা যায় যে, সংবাদপত্রকে দমনের জন্য নানা ভাবে চেষ্টা করা হয়েছে। আমাদের দেশে সংবাদপত্রের শুরু পরাধীনতার আমলে। সুতরাং আমাদের অবস্থা আরও শোচনীয় ছিল। পলাশীর যুদ্ধের পর ইষ্ট ইন্ডিয়া কোম্পানীর বণিকরা দেশের রাজা হয়ে বসল। এবং তারা এই দেশকে লুট করে রক্ত মোক্ষণ করতে লাগল। এই সমস্ত নবাগত শ্বেতাঙ্গকুল নিজেদের নবাব মনে করত এবং অত্যন্ত কদাচারপূর্ণ জীবনযাপন করত। এই দুর্নীতির আবহাওয়ার বিরুদ্ধে লড়বার জন্যই হিকি সাহেবের বেঙ্গল গেজেটের আবির্ভাব। অর্থাৎ একজন সাহেবই শ্বেতাঙ্গিনী ও শ্বেতাঙ্গদের কেলেঙ্কারীর বিরুদ্ধে প্রথম সংবাদপত্র প্রতিষ্ঠার মারফৎ কলম ধারণ করলেন! তিনি কিন্তু রাজনৈতিক স্বাধীনতা বা সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়েন নি। তিনি ব্যক্তি ও সমাজজীবনকে নিষ্কলুষ করার জন্যই অভিযান শুরু করেছিলেন। কিন্তু এর ফলে কোম্পানীর শ্বেতাঙ্গকুল ক্ষেপে লাল হয়ে গেল এবং হিকি সাহেবের কপালে জুটল চরম

লাঞ্ছনা। তিনি সর্বস্ব হারালেন, তবু আত্মসমর্পণ করলেন না। অবশেষে রুষ্ট ওয়ারেন হেস্টিংস ১৭৮২ সালের মার্চ মাসে হিকি সাহেবের ছাপাখানা বাজেয়াপ্ত করে বেঙ্গল গেজেটের মৃত্যু ঘটালেন। হিকি সাহেবের এই দুঃসাহস এবং সংবাদপত্রের স্বাধীনতা রক্ষার এই অকুতোভয় সংগ্রাম ভারতে সাংবাদিকতার আদি জনককে নিশ্চয়ই ইতিহাসে গৌরবের আসন দিয়েছে।

বাকিংহাম নামক অপর একজন শেতাঙ্গ সম্পাদকের অদৃষ্টেও অনুরূপ লাঞ্ছনাই জুটেছিল। তাকে ভারত থেকে ইংলণ্ডে নির্বাসন দেওয়া হয়েছিল। অথচ সম্পাদক হিসাবে তিনি অত্যন্ত কৃতী ছিলেন এবং হিকির তুলনায় তার সাংবাদিকতা উচ্চতর স্তরের ছিল। তবু তিনি রেহাই পেলেন না।

বিশেষভাবে এই দুটি ঘটনার উল্লেখ করা হোল এই জন্য যে, কোম্পানীর আমলে সেই আদি যুগে সংবাদপত্রের স্বাধীনতাকে কিরূপ ভীতির চক্ষে দেখা হত হিকি বা বাকিংহামের মতো শেতাঙ্গের প্রতি নির্যাতনই তার জ্বলন্ত দৃষ্টান্ত। সুতরাং ভারতীয় বা বাঙালীদের সংবাদপত্র পরিচালনা যে কর্তৃপক্ষের নিকট আরও ভয়ের কারণ ছিল সেকথা উল্লেখ করা বাহুল্যমাত্র। জন্মলগ্ন থেকেই সংবাদপত্রের স্বাধীনতা শাসন কর্তৃপক্ষের নিকট অত্যন্ত অবাঞ্ছিত এবং অপ্রীতিকর ব্যাপার ছিল। কেবল আমাদের দেশেই নয়, সংবাদপত্রের আদিভূমি বৃটেনে এবং আমেরিকায়ও স্বাধীন সংবাদপত্রকে কর্তৃপক্ষ একটা আপদ স্বরূপ বিবেচনা করতেন। ইংলণ্ডে প্রথম দৈনিক পত্রিকার প্রকাশ ১৭০২ সালে এবং মার্কিন যুক্তরাষ্ট্রে ১৭৮৩ সালে। কিন্তু সংবাদপত্রের স্বাধীনতার প্রতি সরকারী বিরূপ মনোভাব কাটিয়ে উঠতে অধিকাংশ দেশেই বহু আন্দোলন এবং পার্লামেন্ট বা সংসদের ভিতরে ও বাইরে লড়াই চালাতে হয়েছে। অষ্টাদশ শতক থেকে বর্তমানে বিংশ শতকের শেষ ভাগেও পৃথিবীর বহু দেশেই সংবাদপত্রের স্বাধীনতা অজস্র বিধি নিষেধের দ্বারা কণ্টকাকীর্ণ। কোন কোন দেশে সংবাদপত্র সম্পূর্ণরূপে গভর্ণমেন্ট দ্বারা নিয়ন্ত্রিত বা কুক্ষিগত। যদিও ফরাসী বিপ্লবের পর আধুনিক পৃথিবীতে গণতন্ত্র এবং সোভিয়েত বিপ্লবের পর সমাজতন্ত্র কথাটা সর্বত্র চালু হয়েছে, তথাপি সত্যকার গণতন্ত্র খুব কম দেশেই প্রতিষ্ঠিত হয়েছে এবং কমিউনিস্ট দুনিয়ার বাইরে রাষ্ট্রগতভাবে

সমাজতন্ত্রের কোন পাত্তা নেই। অথচ এই জন্য কিন্তু প্রথমেই দরকার এবং মৌলিক ভাবেই দরকার রাষ্ট্রীয় স্বাধীনতা—যে স্বাধীনতা ছাড়া গণতন্ত্র কিম্বা সমাজতন্ত্রের বুলি কপচান বৃথা।

কিন্তু ভারতবর্ষকে একেবারে কেঁচে গণ্ডূষ করতে হয়েছে। অর্থাৎ প্রথমে দেশের পরাধীনতার বিরুদ্ধে লড়াই কিংবা বৃটিশ সাম্রাজ্যবাদের বন্ধন থেকে মুক্তিলাভ এবং সেই মুক্তিলাভের চেষ্টায় আবার গোড়াতেই দরকার ছিল সংবাদপত্রের স্বাধীনতা অর্জন ও রক্ষা। ইস্ট ইন্ডিয়া কোম্পানীর আমলে ছিল বণিকতন্ত্রের রাজত্ব এবং এই সমস্ত শেতাঙ্গ বণিক ছিল অত্যাচারী, লুটেরা, মাতাল এবং লম্পট।

সেই সময় বাংলাদেশে এবং বাংলার বাইরেও সাধারণ মানুষের মধ্যেও এই সমস্ত নির্মম পীড়ন ও ব্যভিচারের বিরুদ্ধে তীব্র অসন্তোষ এমনকি কোন কোন স্থলে বিদ্রোহ পর্যন্ত দেখা দিয়েছিল। সর্বত্রই সাধারণ মানুষ বিদেশী শাসন নতশিরে মেনে নেয়নি। সেকালের সংবাদপত্রগুলিও অত্যাচারের বিরুদ্ধে সোচ্চার ছিল। এই অবস্থারই চূড়ান্ত পরিণতি ঘটল ১৮৫৭ সালের জাতীয় মহা-বিদ্রোহে, যেটা ছিল ভারতের প্রথম স্বাধীনতার যুদ্ধ, এবং যেটাকে ইংরেজ শাসকেরা আর তাদের স্তাবকেরা সিপাই বিদ্রোহ নামে প্রচার করেছে। কিন্তু এই মহাবিদ্রোহ ইংরাজ শাসকদের টনক নেড়ে দিয়েছিল এবং বিদেশী শাসনের ভিত্তি মূল কেঁপে উঠেছিল। ফলে ব্রিটিশ প্রভুরা আরো সতর্ক হলো। তখন ইংলন্ডেও বণিকতন্ত্রের বদলে বড় বড় শিল্প বা ইন্ডাষ্ট্রির মালিকদের আধিপত্যের যুগ শুরু হয়েছিলো এবং এরাই সাম্রাজ্যবাদের ভিত্তি স্থাপন করেছিল। সুতরাং ১৮৫৮ সালের ১লা নভেম্বর মহারাণী ভিক্টোরিয়ার ঘোষণা প্রচার হলো—ভারতীয় বা ইউরোপীয় কিংবা শেতাঙ্গদের মধ্যে কোন বৈষম্যমূলক আচরণ করা হবে না। এই ঘোষণার পর ইস্ট ইন্ডিয়া কোম্পানীর রাজত্বের অবসান ঘটানো হলো। অর্থাৎ ভারতে সরাসরি ব্রিটিশ রাজত্ব কায়েম হোল এবং সাম্রাজ্যবাদী শাসন ও শোষণ শুরু হোল। লর্ড ক্যানিং প্রথম ব্রিটিশ রাজপ্রতিনিধি বা ভাইসরয়ের পদে নিযুক্ত হলেন। সৌভাগ্যক্রমে তিনি কিছুটা উদার প্রকৃতির ছিলেন এবং সংবাদপত্র সম্পর্কেও এই উদারতা তিনি দেখিয়েছিলেন। কিন্তু ইস্ট ইন্ডিয়া কোম্পানীর আমল থেকে

ভারতে ব্রিটিশ শাসনের অবসান পর্যন্ত ব্রিটিশ প্রভুরা অধিকাংশই ছিলেন সংবাদপত্রের স্বাধীনতার বিরোধী এবং এই প্রশ্নেও আধুনিক ভারতের জনক রাজা রামমোহন রায়ই প্রথম সংবাদপত্রের স্বাধীনতার পক্ষে অকুণ্ঠ এবং অবিচলিত লড়াই করেছিলেন। এই জন্য আজও তিনি স্মরণীয়, যেমন স্মরণীয় উনবিংশ শতকের শ্রেষ্ঠ সম্পাদক হরিশচন্দ্র মুখোপাধ্যায়, যিনি নিপীড়িতের পক্ষে লড়াই করতে গিয়ে অকালে আত্মোৎসর্গ করেছিলেন। কিন্তু একা হরিশচন্দ্র মুখোপাধ্যায়ই যে লড়েছিলেন এমন নয়। প্রজা সাধারণের অধিকার রক্ষার জন্য সেকালে অমৃত বাজার পত্রিকার শিশির কুমার ঘোষ এবং মতিলাল ঘোষের গৌরবময় ভূমিকাও ইতিহাসে শ্রদ্ধার সংগে উল্লেখযোগ্য, যেমন উল্লেখযোগ্য জাতীয় আন্দোলনের অগ্রপুরোহিত বেংগলী সম্পাদক সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের প্রথম কারাবরণ। উনবিংশ শতকের ইতিহাস এই ধরনের বহু উজ্জ্বল দৃষ্টান্তের দ্বারা ভাস্বর। বঙ্গদেশের সংবাদপত্রের ইতিহাসকে তাঁরাই ঐতিহ্য এবং গৌরবমণ্ডিত করে গেছেন। এবং বঙ্গদেশই ছিল তখন ভারতবর্ষে সংবাদপত্রের পথ প্রদর্শক। বাংলা ও ইংরাজী সংবাদপত্র তো বটেই, সর্বাপেক্ষা বহুল প্রচারিত হিন্দী সংবাদপত্রও তখন কলকাতা থেকেই প্রকাশিত হয়েছিল। রাজনৈতিক অধিকার ও সমাজ সংস্কারের দ্বৈবিধ আন্দোলন উনবিংশ শতকে যে নবজাগরণের সূচনা করেছিলো তার মূলে কেবল সে যুগের স্বনামধন্য নেতা, মনীষী ও প্রতিভাবান ব্যক্তিরাই ছিলেন না। ছিলেন সংবাদপত্রের বিখ্যাত সম্পাদক ও সাংবাদিকগণও। স্বাধীনতা সংগ্রামের যাঁরা প্রথম সারির নেতা ছিলেন তাঁরা প্রায় প্রত্যেকেই সংবাদপত্রেরও সম্পাদক ছিলেন—যেমন, সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বিপিনচন্দ্র পাল, অরবিন্দ ঘোষ, ব্রহ্মবান্ধব উপাধ্যায়, বারীন ঘোষ, ডঃ ভূপেন দত্ত, উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, চিত্তরঞ্জন দাস, কৃষ্ণ কুমার মিত্র প্রমুখ। জাতীয় কংগ্রেসই বলুন আর স্বদেশী যুগের অগ্নিমন্ত্রই বলুন বাংলার সাহিত্য ও সংবাদপত্রই দেশমাতৃকার মুক্তি যজ্ঞের পবিত্র হোমানলকে উজ্জ্বল করে তুলেছিল।

পরাধীন ভারতে সংবাদপত্রের জন্ম। সুতরাং জন্ম থেকেই যেমন তাকে বিদেশী শাসনের অত্যাচারের বিরুদ্ধে লড়তে হয়েছে তেমনি সংবাদপত্রের স্বাধীনতা ও স্বাতন্ত্র্য রক্ষা নিয়েও সর্বদাই তাকে

ভাবতে হয়েছে। উনবিংশ শতক থেকে যার শুরু বিংশ শতকে তার পূর্ণ জোয়ার এলো। বলা বাহুল্য যে, পশ্চিমের গণতন্ত্র ও স্বাধীনতার চিন্তাধারা এদেশে ইংরাজী শিক্ষা বিস্তারের সংগে সংগে বৃদ্ধি পেতে লাগলো। ১৯১৪-১৮ সালের প্রথম মহাযুদ্ধ পৃথিবীব্যাপী যে নাড়া দিলো, তার ফলে সংবাদপত্র পাঠের জন্য লোকের মনে আরো আগ্রহের সৃষ্টি হোল। জালিয়ানওয়ালাবাগের হত্যাকান্ডের পর ব্রিটিশ শাসনের বর্বরতার বিরুদ্ধে ভারতব্যাপী শিক্ষিত জনচিত্তে যে ধিক্কার এলো, তার ফলে এই বৈদেশিক শাসন উচ্ছেদের জন্য সাধারণ মানুষের মধ্যে নতুন চৈতন্য ও নতুন উৎসাহ দেখা দিল। ভারতীয় নেতাদের মধ্যে রবীন্দ্রনাথই প্রথম জালিয়ানওয়ালাবাগের এই বর্বরতার বিরুদ্ধে তীব্র ধিক্কার স্বরূপ তাঁর নাইট খেতাব পরিত্যাগ পূর্বক ইংরাজ সাম্রাজ্যবাদীদের রোষের পাত্র হয়েছিলেন (কলিকাতা ও লন্ডনের কয়েকটি নামকরা ব্রিটিশ পত্রিকা সেই সময় রবীন্দ্রনাথের বিরুদ্ধে বিষোদ্গার করেছিলেন)। এই সময় থেকে মহাত্মা গান্ধীর নেতৃত্বে কংগ্রেসের জাতীয় আন্দোলন সারা ভারতের শহরে, বন্দরে, গ্রামে ও গঞ্জে ছড়িয়ে পড়ল। সেই সময় বাংলা মহারাষ্ট্র ও পাঞ্জাবের নির্ভিক বিপ্লববাদী কিংবা সন্ত্রাসবাদী যুবকরা অবশ্য নিষ্ক্রিয় ছিলেন না। সংবাদপত্রে, সাময়িক পত্রে ও সাহিত্যে ভারতব্যাপী সেই অভূতপূর্ব জাগরণের এক আশ্চর্য দৃশ্য দেখা গেল। এবং তখন থেকে যেমন দেশীয় ভাষার তেমনি দেশীয় মালিকানায় ইংরাজী ভাষার সংবাদপত্রেরও চাহিদা স্বাভাবিক কারণেই বৃদ্ধি পেতে লাগল। স্বাধীনতা আন্দোলনের সেই উন্মাদনাময় দিনগুলিতে মুষ্টিমেয় ধামাধরা কিংবা মডারেটপন্থী কাগজ ছাড়া বাকী প্রায় সমস্ত জাতীয়তাবাদী সংবাদপত্রই দেশের মুক্তি সংগ্রামের অংশীদার হয়েছিল। অবশ্য ইংরাজদের পরিচালিত ও মালিকানার অন্তর্গত কাগজগুলি, যেমন, স্টেটসম্যান, ইংলিশম্যান প্রভৃতি ভারতে জাতীয় আন্দোলন ও দাবীর তীব্র বিরোধিতা করেছে এবং জাতীয় নেতাদের নিন্দা গ্লানিও প্রচার করেছে। কিন্তু এই সমস্ত পত্রিকা জনচিত্তে কোন প্রভাব বিস্তার করতে পারেনি।

এই সময় সংবাদপত্রে যাঁরা সাংবাদিক বৃত্তি গ্রহণ করতেন, তাঁরা কিন্তু আসলে চাকুরীজীবী ছিলেন না। তখন সাংবাদিকতা ছিল

একটা ব্রত বা মিশন এবং এই ব্রত উদযাপনের জন্য অসংখ্য সাংবাদিক দারিদ্র্য ও সরকারী নিগ্রহ বরণ করেছেন। কত রাজদ্রোহ মামলায় কত সম্পাদক যে কারাদণ্ডে দণ্ডিত হয়েছেন তার ইয়ত্তা নেই। এমন কি কোন কোন সম্পাদক নির্বাসিত পর্যন্ত হয়েছিলেন। অসংখ্য নিষিদ্ধ চিঠি এবং অজস্র আইনের দ্বারা সাংবাদিকতাকে নাগপাশে বন্দী করার চেষ্টা হয়েছে। জামানত দাবি ও বাজেয়াপ্তকরণ, প্রেস বাজেয়াপ্তকরণ ইত্যাদি বহু প্রকার নির্মম দণ্ডাদেশের দ্বারা স্বাধীনতাবাদী সংবাদপত্রের ও সাংবাদিকদের মেরুদণ্ড ভেঙ্গে দেয়ার চেষ্টা হয়েছে। সেই সংগে রাজদ্রোহের অভিযোগ কিংবা "আইন অনুসারে প্রতিষ্ঠিত গভর্ণমেণ্টের" প্রতি বিদ্বেষ ও ঘৃণা প্রচারের অভিযোগে অজস্র পুস্তকও বাজেয়াপ্ত হয়েছে। কিন্তু সমস্ত অত্যাচার সত্ত্বেও অধিকাংশ সম্পাদক, লেখক বা গ্রন্থকারই রণে ভংগ দেননি, বরং বীরের মতো সংগ্রাম চালিয়ে গেছেন। আর সেই যুগে স্বাধীনতা ও জাতীয় আন্দোলনের নেতারা অধিকাংশই ছিলেন সংবাদপত্রের সংগে ঘনিষ্ঠভাবে যুক্ত এবং তাঁদের মধ্যে অনেকে আবার কংগ্রেসের মধ্যে নেতৃস্থানীয় ছিলেন।

সংবাদপত্রের স্বাধীনতা, ব্যক্তি স্বাধীনতা বা সিভিল লিবারটি এবং ডেমোক্রসি বা গণতন্ত্র এই তিনটি প্রশ্ন জাতীয় আন্দোলনের সংগে অচ্ছেদ্যভাবে জড়িত ছিল। কারণ দেশের স্বাধীনতার সংগে এই তিনটি প্রশ্নও অঙ্গাঙ্গীভাবে যুক্ত ছিল। ব্রিটিশ শাসনে বহু লোককে বিনা বিচারে আটক নীতির শিকার হতে হয়েছিল এবং এর বিরুদ্ধে তীব্র আন্দোলন সংগঠিত হয়েছিল।

এই বিনা বিচারে আটক নীতি আবার ব্যক্তি স্বাধীনতার এবং গণতান্ত্রিক আদর্শের একান্ত পরিপন্থী ছিল। সুতরাং জাতীয় মুক্তি আন্দোলনের সাথে বিনা বিচারে আটক নীতির বিরুদ্ধে প্রতিবাদ এবং ব্যক্তি স্বাধীনতা ও গণতন্ত্রের দাবি সোচ্চার হয়ে উঠেছিল। ব্রিটিশ আমলে জাতীয়তাবাদী সংবাদপত্র সমূহে এই সমস্ত দাবি অত্যন্ত গুরুত্ব সহকারে প্রাধান্য অর্জন করেছিল। একটা জাতির আত্মপ্রকাশ ও আত্মপ্রতিষ্ঠার জন্য স্বাধীনতা যেমন অপরিহার্য তেমনি সেই স্বাধীন রাষ্ট্রের সু-পরিচালনা ও সু-শাসনের জন্য গণতন্ত্রও অপরিহার্য এবং এই গণতন্ত্রকে পাহারা দেওয়ার জন্য স্বাধীন সংবাদপত্রের

প্রয়োজনও অনস্বীকার্য। আমাদের দেশের শিক্ষিত ও সচেতন জনগণ সেই ব্রিটিশ আমল থেকে ব্যক্তি স্বাধীনতা ও গণতন্ত্রের এই গভীর তাৎপর্য সম্পর্কে সজাগ হয়ে উঠেছিলেন। বক্তৃতা মঞ্চে ও সংবাদপত্রসমূহে এই গণতান্ত্রিক আদর্শের বাণী অহরহ ধ্বনিত ও প্রতিধ্বনিত হচ্ছিল। এ জন্যই দেখা যায় যে, দ্বিতীয় মহাযুদ্ধের পর এশিয়া ও আফ্রিকা মহাদেশের অধিকাংশ দেশ যখন স্বাধীনতা অর্জন করল, তখন ভারতবর্ষই একমাত্র দেশ যেখানে সংসদীয় গণতন্ত্র ও সংবাদপত্রের স্বাধীনতাকে বিচারালয় ও আইনসভার মতোই গুরুত্ব সহকারে বিবেচনা করা হোল। ভারতের শিক্ষিত মধ্যবিত্ত সমাজ যে গণতন্ত্রের সপক্ষে এ বিষয়ে কোন সন্দেহ নেই। কেননা, আমাদের শিক্ষিত সমাজের প্রায় সকলেই ইংরাজী শিক্ষিত এবং এই ইংরাজী শিক্ষিতের দল ইউরোপীয় মানবিক উদারতার ট্রাডিশনে পরিপুষ্ট হয়েছিলো। সুতরাং মতপ্রকাশের স্বাধীনতা ও সংবাদপত্রের স্বাধীনতা ছিল আমাদের কাছে পবিত্র অধিকারের মত যে পবিত্র অধিকার ছাড়া গণতন্ত্র অর্থহীন ও নিষ্ফল। এর চূড়ান্ত পরীক্ষা হয়ে গেছে ১৯৭৫-৭৬ সালের আভ্যন্তরীণ জরুরী অবস্থার অন্ধকারময় দিনগুলিতে যার কথা আজও আমরা ভুলতে পারিনি।

গণতন্ত্রের মধ্যে জনগণের সার্বভৌম অধিকার স্বীকৃত এবং একমাত্র গণতান্ত্রিক শাসনেই জনগণ নির্ভয়ে পরিষ্কার বিবেকবুদ্ধি নিয়ে ক্ষমতাসীন শাসকদলের দুর্নীতি, অত্যাচার ও অনাচারকে ভাষা দিতে পারেন। যদি শান্তিপূর্ণ উপায়ে সরকারী দুর্নীতি ও বিকৃতির প্রকাশ্য সমালোচনা ও নিন্দার সুযোগ থাকে এবং যদি সরকার পক্ষ সেই সমস্ত সমালোচনা যথাযোগ্য মর্যাদা দিয়ে তাঁদের শাসন পদ্ধতি ও নীতির উপযুক্ত সংশোধন করেন, তবে দেশে হিংসা আত্মপ্রকাশের সম্ভাবনা অত্যন্ত কম থাকে। সংসদীয় গণতান্ত্রিক শাসনের এটা অন্যতম আশীর্বাদ। যদি মানুষের ক্ষোভ, বেদনা, হতাশা ও ক্রোধ স্বাভাবিকভাবে আত্মপ্রকাশের কোন পথ না পায়, তবে গোপনে সুড়ঙ্গ পথে তার আবির্ভাব ঘটবে এবং সমাজের স্তরে স্তরে সঞ্চিত অসন্তোষ-বহ্নি একদা টেরোরিজম কিংবা সশস্ত্র অভ্যুত্থানের মধ্য দিয়ে দেখা দিতে পারে। আর যদি চাপা অসন্তোষ ব্যক্ত হওয়ার কোন বাধা না থাকে তবে আইন শৃঙ্খলা ভংগের অজুহাতও অনেক কমে যায়। সেদিক থেকে সংসদীয় গণতন্ত্রে

আইনসভার ও বিরোধীপক্ষের যেমন প্রচণ্ড উপযোগিতা রয়েছে তেমনি সংবাদপত্রের রয়েছে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা। সংবাদপত্র জনগণের অজস্র সমস্যা, অভাব অভিযোগ এবং বিক্ষোভ ও প্রতিবাদকে ভাষা দেয়—জনসাধারণের পক্ষ থেকে সরকারী কুশাসনের বিরুদ্ধে লড়াই চালায়। সুতরাং হিংসাত্মক বিস্ফোরণেব সুযোগও কমে যায়। অবশ্য সংসদীয় গণতান্ত্রিক শাসন ছাড়া সংবাদপত্রের এই অধিকার প্রতিষ্ঠা করা সম্ভব নয়। কেননা, গণতন্ত্রই জনগণের স্বাধীন মত প্রকাশের অধিকারকে বৈধ ও ন্যায়সংগত বলে স্বীকার করে এবং গণতান্ত্রিক সংবিধানে এটাকে নাগরিকদের মৌলিক অধিকাররূপে মর্যাদা দেওয়া হয়। এই অধিকার ডিক্টেটরি শাসনে কখনো আমল পায় না। বৈদেশিক ঔপনিবেশিক শাসনেও সংবাদপত্রের এই অধিকারকে স্বীকার করা হয় না। কেননা, জনগণের প্রতি দায়িত্বশীল সংবাদপত্রের স্বাধীন মতামত কখনও ঔপনিবেশিক স্বার্থের পরিপোষক হতে পাবে না। বরং ঔপনিবেশিক শাসন তার বিপরীত পথ ধরেই চলে এবং সংবাদপত্রকে গণতান্ত্রিক মতামত প্রকাশের জন্য দমনপীড়ন করা হয়। পৃথিবীর সর্বত্রই এটা ঘটেছে। ঔপনিবেশিক শাসনের চরিত্রই মানুষের স্বাধীনতা হরণ। সুতরাং একথা বলা বাহুল্য যে, পরাধীন ভারতবর্ষে ব্রিটিশ ঔপনিবেশিক শাসনের স্বেচ্ছাচারিতার জন্য এদেশের স্বদেশপ্রাণ সংবাদপত্রসমূহকে অশেষ বাধাবিঘ্ন ও বিপত্তির মধ্য দিয়ে যেতে হয়েছিল। কেননা, ঔপনিবেশিক শাসনের উচ্ছেদই ছিল সংবাদপত্রগুলির আসল লক্ষ্য। সুতরাং "আইন অনুসারে প্রতিষ্ঠিত" গভর্ণমেন্টের বিরুদ্ধে ঘৃণা ও বিদ্বেষ প্রচার করা যদিও রাজদ্রোহের (১২৪ক ধারা) পর্যায়ভুক্ত ছিল তবু জাতীয়তাবাদী সংবাদপত্রের আসল লক্ষ্যই ছিল কিন্তু এই বিদ্বেষ বা রাজদ্রোহের প্রচার। কারণ বিদেশী শাসনের বিরুদ্ধে জনগণেব চিত্তে ঘৃণা ও অসন্তোষ সঞ্চারিত না হলে সেই সবকারকে উচ্ছেদের জন্য জনগণের ব্যাপক আন্দোলন কিভাবে সংহত ও ঐক্যবদ্ধ করা সম্ভব ছিল ? অতএব পরাধীন ভারতে জাতীয় মুক্তিকামী সংবাদপত্রকে প্রত্যক্ষ বা অপ্রত্যক্ষভাবে রাজদ্রোহীর ভূমিকা গ্রহণ করা ছাড়া গত্যন্তর ছিল না। (এদিক দিয়ে স্বদেশী যুগের অগ্নিক্ষরা দিনগুলিতেই বোধহয় বাংলার

সংবাদপত্র ও সম্পাদকদের দৃষ্টান্ত ছিল সবচেয়ে উজ্জ্বল)। আর ঠিক এই কারণেই গভর্ণমেন্টের সংগে সংবাদপত্রের নিরন্তর সংঘর্ষ লেগে থাকত—বিশেষভাবে কোন মুক্তি আন্দোলনের সময়।

দেশপ্রেমের এই ব্রত পালন থেকেই সংবাদপত্রগুলির চাহিদাও বিংশ শতকের তৃতীয় দশকের মধ্যে প্রচণ্ডভাবে বৃদ্ধি পেতে থাকে। গ্রামে গ্রামে, গঞ্জে গঞ্জে দৈনিক সংবাদপত্রের প্রচলন হতে থাকে। অর্থাৎ আগে যে সমস্ত জায়গায় সাপ্তাহিক পত্রিকা ছাড়া অন্য কোন কাগজ দেখা যেত না, সেখানে দৈনিক সংবাদপত্রের প্রবেশ ঘটতে থাকে। জনগণ স্বাধীনতা আন্দোলনের গতি প্রকৃতি বোঝবার জন্য উদগ্রীব হয়ে উঠেছিল এবং সরকারী দমননীতির বা অত্যাচারের সংবাদ চারদিকে বহ্নিকণা বিস্তার করছিল। কংগ্রেসের স্বেচ্ছাসেবকগণ অনেক সময় নিজেরা স্বতঃপ্রণোদিতভাবে এগিয়ে এসে সংবাদপত্র বিতরণ বা ফেরী করতেন। এই ধরনের হকারগিরিকে তাঁরা তো অসম্মানজনক মনেই করতেন না, বরং দেশের প্রতি কর্তব্য পালনের মহৎ আদর্শ থেকে তাঁরা অনশনে, অর্ধাসনে, এবং অত্যন্ত কষ্টের মধ্যে থেকেও এই কার্য করতেন। আজকের দিনে ১৯৩৬ দশকের তরুণ সাংবাদিকগণ সম্ভবত সেই দিনের এই কৃচ্ছ্র সাধনার কথা কল্পনা করতেও পারবেন না। কিন্তু আমরা যাঁরা প্রবীণ বয়স্ক তাঁরা এই ট্রাডিসনে বা আবহাওয়ায় মানুষ হয়েছিলাম। কারণ, সেদিনের জাতীয় জীবন সত্যেন্দ্রনাথ মজুমদারের ভাষায় চন্দ্রকর্ষিত সমুদ্রের মতো উদ্বেল হয়ে উঠেছিল এবং সর্বত্র যে জোয়ার এসেছিল তাতে কবিতা, গল্প, উপন্যাস, নাটক, সংগীত ইত্যাদি যেমন ঐশ্বর্য-শালী হয়েছিল তেমনি বাঙময় ও প্রাণময় হয়ে উঠেছিল সংবাদপত্র। বিশেষতঃ বাংলা সংবাদপত্রের সাংবাদিকরা বা সম্পাদকেরা অধিকাংশই ছিলেন সাহিত্যিক কিংবা সাহিত্য-সেবী। সাহিত্যের উপর পুরোপুরি দখল ছাড়া বাংলা সংবাদপত্রের সম্পাদকের পক্ষে জনগণের হৃদয় দুয়ারে আঘাত করা সম্ভব ছিল না। কেননা, সম্পাদকীয় ভাষা যদি তীক্ষ্ণ, বলিষ্ঠ ও প্রাণস্পর্শী না হত, তবে সাধারণত জনগণের নিকট তা সমাদৃত হত না। এজন্য সম্পাদকীয় রচনার স্টাইলের উপর বিশেষ ভাবে নজর রাখা হত। অবশ্য সম্পাদকীয় রচনার এই স্টাইল জনগণের পক্ষে সহজবোধ্য হওয়ার প্রয়োজন ছিল। গান্ধীজী এই দিকটার উপর খুব জোর দিতেন।

বিবেকানন্দ মুখোপাধ্যায়

আবার অনেক সময় গুরুগম্ভীর রচনার চেয়েও রঙ্গ-ব্যঙ্গ, বিদ্রূপ ও শ্লেষ পাঠকদের নিকট অনেক বেশী আকর্ষণীয় হতো। বিশেষতঃ বাংলা পাঠকেরা একটু ঝাল মশলা এবং "গরম" সম্পাদকীয় বেশী পছন্দ করতেন এবং আজও করেন। সোজা কথায় বাংলা সংবাদপত্রে ভালো সাহিত্যিক ছাড়া ভালো সম্পাদক হওয়ার সম্ভাবনা ছিল না। এজন্য দেখা যায় নামকরা সম্পাদক মাত্রই শক্তিশালী সাহিত্যিক ছিলেন। কিন্তু তার জন্য সর্বাগ্রে চাই দেশের প্রতি মমতা ও জনগণের জন্য গভীর দরদ। এবং এই দরদ ছাড়া প্রাণ মাতানো সম্পাদকীয় লেখার ভিত্তি তৈরী হোত না। আজও একথা সমান সত্য।

যতদিন দেশ পরাধীন ছিল, ততদিন সংবাদপত্র ও সাংবাদিকতার যে রূপ ছিল, ১৯৪৭ খৃষ্টাব্দের স্বাধীনতার পর থেকে সেই রূপের পরিবর্তন হতে থাকে। নানা কারণেই সেই পরিবর্তন অনিবার্য হয়ে উঠেছে। বিশেষভাবে সম্পাদকের সংগে মালিকের সম্পর্কেরও রূপান্তর ঘটেছে। এর কয়েকটি কারণ উল্লেখ করা যেতে পারে। যেমন ঃ

১) পরাধীন ভারতে সংবাদপত্রের জন্ম। এই সময়কার সংবাদপত্রের পিছনে বিশেষ কোন কমার্শিয়াল বা বাণিজ্যিক উদ্দেশ্য কিংবা মুনাফাকেন্দ্রিক মনোভাব ছিল না। প্রধান উদ্দেশ্য ছিল দেশের সামাজিক ও রাজনৈতিক মুক্তি বিধানের চেষ্টা করা। এই লক্ষ্যের সংগে সাধারণত সাংবাদিক ও মালিকপক্ষ একমত ছিলেন। কেননা মালিকেরাও তখন দেশসেবক ছিলেন এবং দেশপ্রেমের উদ্দেশেই সংবাদপত্রের প্রকাশ ও পরিচালনা করতেন। অতএব সাংবাদিক ও মালিকের মধ্যে বিরূপতার সম্ভাবনা অত্যন্ত কম ছিল।

২। কিন্তু পরাধীন ভারতেই এই বিরোধের প্রথম সূত্রপাত হল ইডিওলজি বা মতাদর্শের প্রশ্নে। যদিও অধিকাংশ সংবাদপত্র এবং সাংবাদিকই ছিলেন জাতীয়তাবাদী তথাপি ১৯১৭ সালের সোভিয়েট বিপ্লবের পর পৃথিবীতে এক নতুন যুগের সূচনা হোল। কারণ, প্রথম সমাজতান্ত্রিক সোভিয়েট রাষ্ট্রের রক্ত পতাকা উড্ডিন হওয়ার সংগে সংগে এতকালের সাম্রাজ্যবাদ, উপনিবেশবাদ এবং শোষণ বঞ্চনা ও শ্রেণী বৈষম্যের ভিত্তির উপর প্রচণ্ড আঘাত এল। সেই প্রথম মানুষ দারিদ্র্য, বেকারী এবং সামাজিক অবিচার ও অত্যাচারমুক্ত সাম্যবাদী এক নতুন সমাজের সন্ধান পেল। আর

যুগ যুগান্ত ধরে যাদের রক্ত শোষণ করা হোত সেই শ্রমিক ও কৃষকের কিংবা এক কথায় সর্বহারাদের ডিক্টেটরি প্রতিষ্ঠিত হলো যার পুরোভাগে ছিলেন মহাবিপ্লবী লেনিন।

সোভিয়েট বিপ্লবের অগ্নিকণা চারদিকে পরাধীন দেশগুলিতে ছড়িয়ে পড়তে শুরু করলো এবং পৃথিবীর সর্বত্র সাম্রাজ্যবাদী ও উপনিবেশবাদীদের এবং ধনিক শ্রেণীর সমস্ত প্রকার বাধা ও অপপ্রচার অতিক্রম করে সেই বিপ্লবের উত্তাপ ভারতের জাতীয় আন্দোলনেও অনুভূত হতে লাগলো। একমাত্র রাজনৈতিক স্বাধীনতাই যথেষ্ট নয়, সাম্রাজ্যবাদের পতনেব পর অর্থনৈতিক ও সামাজিক মুক্তির স্বাদ আপামর জনগণকে দিতে হবে এবং বিশেষ ভাবে এতদিনের বঞ্চিত শ্রমিক, কৃষক ও দুর্বল শ্রেণীকে দিতে হবে বিধিসংগত ও ন্যায়সংগত মানবিক অধিকার। যদিও জাতীয় স্বাধীনতা আন্দোলনের সকলেই এই চিন্তাধারার সংগে একমত ছিলেন না, বরং অনেককেই এটাকে বিপজ্জনক বিদেশী মতবাদ বলে ভয়ের চক্ষে দেখতেন, তবু এর অপ্রতিরুদ্ধ গতি আটকে রাখাও সম্ভব হলো না। দ্বিতীয় ও তৃতীয় দশকে ভারতবর্ষের সংবাদপত্রে ও সাহিত্যে এবং ট্রেড ইউনিয়ন আন্দোলনে এর প্রভূত অনুপ্রবেশ ঘটল। ভারতের বড় বড় সম্পাদক ও মনীষী—যেমন, রামানন্দ চট্টোপাধ্যায়, সত্যেন্দ্রনাথ মজুমদার, বাল গংগাধর তিলক এবং রবীন্দ্রনাথ, নজরুল ইসলাম ও জাতীয় নেতৃবৃন্দের মধ্যে জওহরলাল নেহরু প্রমুখ এই বিপ্লবের প্রতি সমর্থন ও সহানুভূতি প্রকাশ করলেন।

বলা বাহুল্য যে, এই বৈপ্লবিক আদর্শের সূত্র ধরেই প্রগতিশীল সাংবাদিকদের সংগে মালিকপক্ষের বিরোধের সূত্রপাত হল। তবে, ১৯৪৭ সালে ভারতের স্বাধীনতার আগে পর্যন্ত এই বিরোধটা তেমন উগ্র হয়ে প্রকাশ্যে দেখা দেয়নি। কিন্তু স্বাধীনতার পর গত ৩০—৩৫ বছরে এদিক দিয়ে অনেক বিস্ফোরণ ঘটে গেছে। কারণ, সংবাদপত্রে মতাদর্শের লড়াই আর চেপে রাখা সম্ভব হয়নি।

৩) দ্বিতীয় মহাযুদ্ধের সময় ভারতবর্ষ পূর্বাঞ্চলীয় যুদ্ধের কিংবা জাপানের বিরুদ্ধে যুদ্ধ ও আত্মরক্ষা প্রস্তুতির বৃহত্তম ঘাঁটিতে পরিণত হল। মহাযুদ্ধের চাহিদা ও সরবরাহের যোগান

দিতে গিয়ে ব্যবসা জগতে এল নতুন জোয়ার। সেই জোয়ারের সংগে এল মুনাফাবাজী কালোবাজারী ও মজুতদারী। আগে ভারতের ব্যবসা বাণিজ্যের জগৎ এতটা দুর্নীতির দ্বারা কলুষিত ছিল না। কিন্তু সেই থেকে কেবল ব্যবসার বাজার নয়, সমাজ জীবনও ব্যাপকভাবে দুর্নীতিগ্রস্ত হলো। দুর্ভাগ্যক্রমে ভারতীয় সংবাদপত্র জগতও এই লোভ ও দুর্নীতির সংক্রামণ থেকে আত্মরক্ষা করতে পারল না। আগে সংবাদপত্রে অধিকাংশ মালিকই দেশপ্রেমিক ছিলেন এবং দেশহিতৈষণার ব্রতের জন্য সংবাদপত্র বা সাময়িক পত্র পরিচালনা করতেন। কিন্তু মহাযুদ্ধের পাপ তাঁদেরকেও স্পর্শ করল। যুদ্ধের জন্য নানাকারণে সংবাদপত্রের আয় প্রচুর বৃদ্ধি পেতে লাগল এবং সেই প্রথম সংবাদপত্রের মালিকেরা মুনাফাবাজির উগ্রস্বাদ অনুভব করতে লাগলেন এবং ধীরে ধীরে সংবাদপত্রের দেশহিতৈষণার ব্রত ব্যবসায়িক বৃদ্ধির দ্বারা কলুষিত হতে লাগল। এক কথায় সংবাদপত্রের কারবার ক্রমশঃ 'দেশপ্রেমের ব্যবসায়ে' পরিণত হল। অবশ্য সেই সংগে সাংবাদিক ও অসাংবাদিক কর্মচারীদের বেতন ও ভাতাও বৃদ্ধি পেতে লাগল। ফলে সাংবাদিক কর্মীদের মধ্যেও চাকুরিগত দিকটা প্রাধান্য অর্জন করতে লাগল। এভাবে দ্বিতীয় মহাযুদ্ধের সময় সংবাদপত্র যেভাবে ব্যবসায়পত্রে পরিণত হতে লাগল, মহাযুদ্ধের অবসানে স্বাধীনতার পর গত তিন দশকে তার পরিপূর্ণতা লাভ ঘটল। অর্থাৎ অধিকাংশ সংবাদপত্র তার আদর্শনিষ্ঠা থেকে বিচ্যুত হোল।

৪) সেই থেকে শুরু করে আধুনিককালের সংবাদপত্র পুরোপুরি ইন্ডাস্ট্রিতে পরিণত হয়েছে। অবশ্য বৃহৎ সংবাদপত্রগুলি সম্পর্কেই এই কথা বিশেষভাবে প্রযোজ্য। বাকী অজস্র ছোট ও মাঝারী সংবাদপত্র এখনও এই সৌভাগ্য থেকে বঞ্চিত। কিন্তু বৃহৎ সংবাদপত্রগুলির সারকুলেশনই সব চেয়ে বেশী এবং পাঠক সম্প্রদায়ের উপরে প্রভাবও স্বভাবতই তাদের বেশী।

দ্বিতীয় মহাযুদ্ধের পর পৃথিবীর সর্বত্র ঔপনিবেশিকতার পতন ঘটেছে এবং প্রায় সর্বত্র পরাধীন দেশ স্বাধীনতা অর্জন করেছে। আগেকার দিনে যেখানে স্বাধীন জাতির সংখ্যা ছিল প্রায় চল্লিশটি মাত্র, সেখানে আজ সে-সংখ্যা দেড় শত ছাড়িয়ে গেছে। এবং এ-গুলির দুই তৃতীয়াংশই তৃতীয় বিশ্বের। গত তিন

দশকে দেশে দেশে জনসংখ্যাও প্রচুর পরিমাণে বৃদ্ধি পেয়েছে। বর্তমানে পৃথিবীর মোট জনসংখ্যা চারশ কোটির বেশী এবং স্কুল কলেজ, বিশ্ববিদ্যালয় ও নানা গবেষণাগারের সংখ্যাও বেড়েছে। এই সমস্ত কিছুর Impact ভারতীয় জনচিত্তকে প্রভাবিত করেছে। মহাযুদ্ধের সময় থেকে শুরু করে ভারতীয় সংবাদপত্রের প্রচার সংখ্যা ক্রমবর্ধমান। কেননা পাঠক সাধারণ পৃথিবীব্যাপী ঘটনাবলীর ঘাত প্রতিঘাত জানবার জন্য উৎসুক হয়েছেন। তারপর বিভিন্ন দেশের স্বাধীনতা অর্জন কিংবা পরাধীনতার বন্ধন থেকে মুক্তি লাভ এই ঔৎসুক্যকে আরো বাড়িয়ে তুলেছে। স্বাধীনতা লাভের পর বিভিন্ন দেশের জনগণের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সমস্যাগুলি ভিড় করতে লাগল। তখন বিভিন্ন দেশ কিভাবে সেগুলির মুখোমুখি হলো সেই সম্পর্কেও পৃথিবীর বুদ্ধিজীবী সমাজে কৌতূহল দেখা দিতে লাগল। এই সমস্ত কারণে এশিয়া আফ্রিকা মহাদেশের জনগণের মধ্যে সংবাদপত্র ও সাময়িক পত্রের চাহিদা আগের তুলনায় বহুগুণ বৃদ্ধি পেল। আগে যখন আমরা কোন সংবাদপত্রের বিশ হাজার সারকুলেশানই যথেষ্ট মনে করতাম, এখন অন্ততঃ সেখানে এক লক্ষ সারকুলেশান না হলে আমরা কোন দৈনিক পত্রিকাকে বৃহত্তের মর্যাদা দিতে চাই না। এভাবে সংবাদপত্রগুলি সুবৃহৎ ব্যবসায়ে এবং ক্রমে ইন্ডাস্ট্রি বা শ্রমশিল্পে পরিণত হয়েছে। অবশ্য স্বাধীন ভারতে শ্রমশিল্পের ও টেকনোলজির বৈপ্লবিক ভিত্তি তৈরী হওয়াও এর অন্যতম কারণ। ফলে বৃহৎ ইন্ডাস্ট্রির সমস্ত দোষ গুণ বড় বড় পত্রিকার প্রতিষ্ঠানের মধ্যেও অনুপ্রবেশ করেছে। এ নিয়ে আপশোষ করা যায়, কিন্তু বর্তমান সমাজ ব্যবস্থায় বোধ হয় এ ছাড়া উপায় নেই। কারণ পৃথিবীর সর্বত্র উৎপাদন ব্যয় এবং জীবন-যাত্রার ব্যয় অসম্ভব বৃদ্ধি পেয়েছে। কেননা, কাঁচামাল উৎপাদিত পণ্যদ্রব্যের দাম আগেকার তুলনায় আকাশছোঁয়া হয়েছে। সুতরাং সংবাদপত্রগুলিও এই বর্ধিত মূল্যের দ্বারা সংক্রামিত হয়েছে। ফলে স্বাধীনতা আন্দোলনের সময় সংবাদপত্রের যে আদর্শবাদ এবং সাংবাদিকদের যে ত্যাগ স্বীকার ও দুঃখবরণের মধ্য দিয়ে ব্রত উদযাপনের দৃঢ় সংকল্প দেখেছিলাম আজকের দিনের সম্পূর্ণ পরিবর্তিত অবস্থায় তা আর সম্ভব নয়। দেশের বড় বড় শিল্পপতি-

দের এবং ব্যবসায়িক গোষ্ঠীর এবং গভর্ণমেন্ট প্রদত্ত প্রচুর বিজ্ঞাপন ছাড়া আজকের দিনের বৃহৎ সংবাদপত্রগুলির এতবড় ঠাঁট বজায় রাখা অসম্ভব। সুতরাং এই ঠাঁট বজায় রাখতে গেলে ধনী পত্রিকা-গুলির পক্ষে আদর্শবাদের পিছনে দৌড়ান সম্ভব নয়। আর যারা বেতনভুক সাংবাদিক, তাঁদের পক্ষেও আদর্শ বজায় রাখা কঠিন। কারণ চার দিক থেকে যখন ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থার প্রলোভন ও প্রভাব প্রবল চাপ সৃষ্টি করেছে, তখন জীবনযাত্রায় এই অসম্ভব ব্যয় বৃদ্ধির মুখে সাধারণ সাংবাদিকদের নির্লোভ হওয়া কিভাবে সম্ভব?

৫। মহাযুদ্ধোত্তর পৃথিবীতে আশ্চর্যরকম পরিবর্তন ঘটেছে। সেই পরিবর্তন কেবল রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক পরিবর্তনই নয়—বিজ্ঞান, যন্ত্রবিদ্যা ও যোগাযোগ ব্যবস্থার মধ্যে বিপ্লব ঘটে গেছে বললেও অত্যুক্তি হবেনা। আজ কলকাতা থেকে প্রকাশিত যে কোন প্রথম শ্রেণীর সংবাদপত্রের সংগে সারা বিশ্বের যোগাযোগ। অধিকন্তু মহাকাশ বিজ্ঞান এই দৃশ্যমান বিশ্বকে অতিক্রম করে গ্রহান্তরের দিকে যাত্রা করেছে। এবং কোটি কোটি মাইল দূরবর্তী গ্রহের সংবাদ এনে দিচ্ছে—রেডিও এবং ইলেকট্রনিকস ও কম্পিউটার যেন অবিশ্বাস্য রকমের কান্ড ঘটাচ্ছে। সোভিয়েট বিজ্ঞান প্রথম মহাকাশ জয় করে বিশ্বে নিদারুণ বিস্ময় সৃষ্টি করেছিল। কিন্তু তারপর শুরু হলো মার্কিন যুক্তরাষ্ট্রের অভিযান—সেই অভিযানের ফলে মানুষ একেবারে সশরীরে চন্দ্রলোকে গিয়ে উপস্থিত হল। তিন দশক আগেও এই আজগুবি ব্যাপার কল্পনার বাইরে ছিল। কিন্তু আজকের দিনের সংবাদ-পত্রের পাঠক এই সমস্ত ঘটনার সংগে এত পরিচিত যে, এগুলি আর বিস্ময়ের উদ্রেক করেনা। কিন্তু আধুনিকতমকালের সাংবাদিককে সারা বিশ্বসহ গ্রহান্তরের সংবাদও পরিবেশন করতে হয়। ফলে, আমাদের যৌবনকালের তুলনায় আজকের দিনের সংবাদপত্র বিষয় বৈচিত্র্যে, সংবাদ পরিবেশনার কৌশলে এবং ডিসপ্লে ইত্যাদির দিক থেকে অনেক বেশী শিক্ষণীয় ও নয়নমনলোভন হয়েছে। এর পিছনে অবশ্য আর একটা অলিখিত কারণ আছে। সেটা হচ্ছে পাঠকের দৃষ্টি আকর্ষণ করা, তাকে চটকদারীতে মুগ্ধ করা—এককথায় সারকুলেশন বাড়ানো। কারণ, সারকুলেশনই বৃহৎ সংবাদপত্রের

আসল পুঁজি। এই অবস্থায় সংবাদপত্র অবশ্য স্বদেশী যুগের মতো কিংবা স্বাধীনতা সংগ্রামের সময়ের মতো ক্ষুরধার তরবারির রূপ বজায় রাখতে পারেনা। কারণ আজকের সংবাদপত্রের উদ্দেশ্য জনগণকে জাগ্রত করা নয়, বৈপ্লবিক আদর্শে উদ্দীপ্ত করা নয়—বৃহৎ সংবাদপত্রের আসল উদ্দেশ্য বৃহৎ ব্যবসায় ও মোটা মুনাফা। এর ফলে আজ ভারতবর্ষে বৃহৎ সংবাদপত্র গোষ্ঠীর এবং একচেটিয়াপতিদের উদ্ভব হয়েছে, যাদের প্রতাপে ও প্রভাবে আদর্শবাদী ছোট ছোট মাঝারী পত্রিকাগুলির টিকে থাকাও দায় হয়েছে।

অবশ্য সেই সংগে এই কথা স্বীকার্য যে, আধুনিক বৃহৎ সংবাদপত্রের সাংবাদিকদের পূর্ণ দায়িত্ব পালন করতে হলে আগেকার দিনের চেয়ে বিশেষ ধরণের বিদ্যাবুদ্ধি এবং টেকনিক্যাল বিষয়েও বিশেষ জ্ঞানের প্রয়োজন। আর প্রয়োজন সারা পৃথিবী সম্পর্কে একটা মোটামুটি স্পষ্ট ধারণা। কারণ স্বাধীন ভারতবর্ষ আন্তর্জাতিক জগতে গুরুত্বপূর্ণ স্থান দখল করেছে। সুতরাং বহির্বিশ্বের ঘটনাবলী সম্পর্কে আজকের সাংবাদিককে অনেক বেশী ওয়াকিবহাল থাকতে হবে। পররাষ্ট্রীয় নীতির সংগে প্রতিরক্ষা কিংবা যুদ্ধ ও শান্তির প্রশ্ন জড়িত। অতএব আধুনিককালের সাংবাদিক ব্রতধারীকে আন্তর্জাতিক পরিস্থিতি ও আঘাত প্রতিঘাত সম্পর্কে পরাধীন ভারতের তুলনায় অনেক বেশী জ্ঞান অর্জন করতে হবে। বলা বাহুল্য যে. আভ্যন্তরীণ পরিস্থিতির দাবী সর্বাগ্রে এবং সেটাই প্রথম বিবেচ্য। নিরপেক্ষভাবে সংবাদ আহরণ ও বিতরণ সংবাদপত্রের মৌল কতব্য কিন্তু এই নিরপেক্ষতা বজায় রাখা আজকের দিনে অত্যন্ত কঠিন হয়ে পড়েছে। কেননা, সামাজিক ও অর্থনৈতিক সংগ্রাম ক্রমশঃ তুঙ্গে উঠেছে এবং সংগ্রামের তীব্রতা বৃদ্ধি মালিকপক্ষ ও সরকারপক্ষের নিকট আদৌ বাঞ্ছনীয় নয়। ফলে, সংকটের মূল কারণ নিয়ে নির্ভয়ে নিরপেক্ষ আলোচনা করা দুঃসাধ্য। এদিক দিয়ে মতাদর্শের দিক থেকে মালিকপক্ষ ও কায়েমী স্বার্থবাদীদের সংগে প্রগতিশীল সাংবাদিকদের বিরোধ অনিবার্য এবং সেই বিরোধ মালিকপক্ষের পৃষ্ঠপোষিত গভর্ণমেন্টের সংগেও। সংবাদপত্র যতই বৃহৎ ইনডাসট্রিতে পরিণত হবে এই বিরোধও তত বৃদ্ধির পথে যাবে। ইতিমধ্যে কলিকাতার বড় বড় সংবাদপত্রে আমরা এই বিরোধের প্রকাশ্য সংঘাত দেখছি। শ্রমিক ও

কর্মচারীদের দাবী, এমন কি হকারদের দাবীর জন্যও মালিকপক্ষের সংগে প্রচন্ড বিরোধ ঘটেছে এবং দিনের পর দিন ও সপ্তাহের পর সপ্তাহ দৈনিক সংবাদপত্রের প্রকাশ বন্ধ থেকেছে। স্বাধীনতার আগে এই দৃশ্য বড় একটা দেখিনি—অর্থাৎ দীর্ঘকালীন স্ট্রাইক দৈনিক পত্রিকাগুলিতে দেখা যায়নি। স্বাধীনতার পর থেকেই সংবাদপত্রের মালিকরাও এ বিষয়ে সাবধান ও সচেতন হয়েছেন এবং বেতনভুক সাংবাদিকদের কিংবা ওয়ার্কিং জার্নালিস্টদের ট্রেড ইউনিয়ন আন্দোলন এবং প্রগতিশীল সাংবাদিকদের মতাদর্শগত আন্দোলন প্রতিরোধ করার জন্য তাঁরা নিজেরা যেমন ভারতব্যাপী সংঘবদ্ধ হয়েছেন একাধিক সংগঠনের মারফৎ, তেমনি সাংবাদিকদের মধ্যে দুর্বলচিত্তদের হাত করে কিংবা প্রলোভন দেখিয়ে পাল্টা সাংবাদিক সংঘও গড়ে তুলেছেন। এমন কি, বড় বড় প্রত্যেকটি সংবাদপত্র অফিসেও এই চেষ্টা চলেছে।

কিন্তু সংবাদপত্র ও সাংবাদিককের এভাবে নিয়ন্ত্রণের চেষ্টা চলেছে কেন? কারণ, জনসাধারণের উপর প্রভাব বিস্তারের সবচেয়ে শক্তিশালী মাধ্যম হচ্ছে সংবাদপত্র, রেডিও, টেলিভিশন। শেষের দুটি অপেক্ষাকৃত নবাগত ও ভারতবর্ষে টেলিভিশন এখন বেশ পপুলার। কিন্তু সেই সংগে রেডিওর প্রচার বিপুল পরিমানে বেড়েছে এবং শিক্ষিত ও অশিক্ষিত প্রায় সকলের ঘরে ঘরেই রেডিওর প্রচার দেখা যায়। কিন্তু রেডিওর এই বিস্তার সত্ত্বেও এখনও প্রভাবশালী প্রচার মাধ্যম হিসাবে সংবাদপত্র অপ্রতিদ্বন্দ্বী। (অধিকন্তু রেডিও টেলিভিশন সম্পূর্ণরূপে সরকার কবলিত)।

কানে যতই শোনা যাক না কেন, যতক্ষণ ছাপার অক্ষরে সেটা আমরা না পড়ছি, ততক্ষণ যেন কোন ঘটনা ও সংবাদ মনের উপর তেমন গভীর ভাবে রেখাপাত করে না। এজন্য ডিরেক্টর শাসিত দেশে সমস্ত প্রচার মাধ্যমই রাষ্ট্র বা সরকার নিয়ন্ত্রিত। এর ফলাফল অনেক সময়ই মারাত্মক হতে পারে। নাৎসী কবলিত হিটলারী জার্মানীতে প্রচার অধিকর্তা ছিলেন ডঃ গোয়েবেলস। মিথ্যা বিকৃত এবং অর্ধ সত্য অর্ধ মিথ্যা প্রচারের দ্বারা জনগণকে নেশাগ্রস্ত করার বিদ্যায় ডঃ গোয়েবেলস-এর জুড়ি বিগত মহাযুদ্ধের সময় সারা পৃথিবীতে আর কেউ ছিলেন না। ভদ্রলোকের এই দিক দিয়ে বিদ্যা ও বুদ্ধি ছিল অসামান্য। এজন্য বিকৃত ও মিথ্যা প্রচারের

ইতিহাসে গোয়েবেলস নামটি প্রায় কিংবদন্তিতে পরিণত হয়েছে, যদিও মহাযুদ্ধের কৃপায় জার্মানী ধ্বংসস্তূপে পরিণত হয়েছিল। ইহুদী বিদ্বেষ, জাতি বিদ্বেষ ও সোভিয়েট বিদ্বেষ সেদিনের জার্মানীকে একেবারে জর্জর করেছিল এবং জার্মান আর্য জাতির (নর্ডইক) শ্রেষ্ঠত্বের মহিমায় নাৎসী জার্মানীকে প্রায় মাতাল করে তোলা হয়েছিল। কিন্তু প্রচার মাধ্যমগুলির এমন ভয়াবহ অপপ্রয়োগের দ্বারা জার্মানীর এবং যারা ফ্যাসিজমে বিশ্বাস করত তাদের অপরিমিত সর্বনাশ গঠিত হয়েছিল। এর দ্বারা সংবাদপত্র ও প্রচার মাধ্যমগুলির প্রভূত প্রভাব ও প্রতিপত্তির যেমন প্রমাণ পাওয়া যায়, তেমনি মানবতা বিরোধী ও গণতন্ত্র বিরোধী মিথ্যা প্রচার কত অনিষ্টকর হতে পারে তারও সন্ধান পাওয়া যায়। এজন্যই সংবাদপত্র বা প্রেসকে যথার্থই স্বাধীনতা ও গণতন্ত্রের অতন্দ্রপ্রহরী রূপে বর্ণনা করা হয়েছে। অবশ্য তার প্রাথমিক শর্ত এই যে, ফ্রি প্রেস বা স্বাধীন সংবাদপত্রের অধিকার মেনে নিতে হবে। যদি সংবাদপত্রের স্বাধীনতা না থাকে, তবে তার আসল মূল্যকেই অস্বীকার করা হয়। কারণ, সংবাদপত্র কেবল লোকশিক্ষার বাহন ও সামাজিক চেতনার উৎস নয়, গণতন্ত্রকে রক্ষার এবং সরকারী অপশাসন ও দুর্নীতিকে প্রতিরোধ করার অন্যতম শক্তিশালী অস্ত্র সংবাদপত্র। মিঃ জেমস্ ব্রাইস্ (James Bryce) বলেছেন—"It is the newspaper press that has made democracy possible." অর্থাৎ সংবাদপত্রের জন্যই গণতন্ত্র সম্ভব হয়েছে। কিন্তু এর জন্য স্বাধীন ও নিরপেক্ষভাবে দেশ ও বিদেশের সমস্ত প্রকার সংবাদ আহরণ, প্রকাশ ও প্রচারের স্বাধীনতা থাকা চাই এবং পাঠকের মনে এমন বিশ্বাস উৎপন্ন হওয়া দরকার যে, প্রকাশিত সংবাদগুলি নির্ভরযোগ্য ও বিশ্বাসজনক।

মনীষী হ্যারল্ড ল্যাস্কি বলেছেন—"A people without reliable news is, sooner or later, a people without a basis of freedom". অর্থাৎ কোন জাতি যদি নির্ভরযোগ্য বা বিশ্বাসযোগ্য সংবাদ থেকে বঞ্চিত হয়, তবে আজ হোক, কাল হোক সেই জাতির স্বাধীনতার কোন ভিত্তি থাকবে না। হ্যারল্ড ল্যাস্কির এই মন্তব্য যে মিথ্যা নয়, তার প্রমাণ পাওয়া গিয়েছে ফ্যাসিস্ট বা আধা-ফ্যাসিস্ট দেশগুলির দৃষ্টান্ত থেকে এবং এখনও

যে সমস্ত দেশের সংবাদপত্র সরকার কবলিত ও নিয়ন্ত্রিত তাদের দেশের জনগণও সত্য সংবাদ থেকে কিংবা দেশ ও বিদেশের আসল পরিস্থিতি সম্পর্কে অজ্ঞ থাকতে বাধ্য হয়। ফলে, সমাজের মধ্যে স্বাধীন ও স্বচ্ছ চিন্তাধারার বিকাশে ও প্রসারে প্রবল প্রতিবন্ধকতার সৃষ্টি হয়ে থাকে। সুতরাং সংবাদপত্রের স্বাধীনতা কিংবা মত প্রকাশের অকুণ্ঠ ও নিরঙ্কুশ অধিকার কেবলমাত্র একটা তত্ত্ব কথা নয়। এর অভাবে মৌলিক চিন্তা বিকাশের যেমন বাধা ঘটে, তেমনি মানব সমাজের অগ্রগতির পক্ষেও প্রবল বিঘ্নের সৃষ্টি হয়ে থাকে। যে মতবাদের দ্বারা দেশের শাসককুলের স্বার্থ বিপন্ন হতে পারে কিংবা তাদের কুশাসনের আসল চেহারা জনসমাজে ধরা পড়তে পারে, সেই মতবাদ বা মতপ্রকাশের অধিকার দমনের জন্য অতি প্রাচীনকাল থেকেই, এমন কি মুদ্রণযন্ত্র আবিষ্কারের বহু পূর্ব থেকেই চেষ্টা চলে আসছে। মুদ্রণযন্ত্র আবিষ্কারকে স্বনামধন্য ভিক্টর হুগো greatest invention of all times বা সর্বকালের সবচেয়ে বড় আবিষ্কার বলে বর্ণনা করেছেন এবং এই মুদ্রণযন্ত্রের কল্যাণেই আমরা কেবল পৃথিবীব্যাপী অজস্র গ্রন্থের অতুলনীয় সম্পদেরই অধিকারী হইনি, আধুনিককালের সংবাদপত্রের বিপুল সাম্রাজ্যও এই মুদ্রণযন্ত্রের অগ্রগতির ফলে সম্ভব হয়েছে। রেডিও, টেলিফোন, টেলিগ্রাম, টেলেক্স ও রোটারী যন্ত্র ইত্যাদি আধুনিককালের সংবাদপত্রকে অতি দ্রুত লক্ষ লক্ষ লোকের দুয়ারে পৌঁছে দেওয়ার সুযোগ সৃষ্টি করেছে। সুতরাং সংবাদপত্র ইদানীং জনমত গঠনের পক্ষে যেমন প্রকান্ড শক্তিশালী বাহনে পরিণত হয়েছে, তেমনি জনগণকে বিভ্রান্ত করার পক্ষেও এর কার্যকারিতা কম শক্তিশালী নয়। দুর্ভাগ্যক্রমে ধনিকশ্রেণী শাসিত সমাজে, যেখানে বেকারী, দারিদ্র্য, অজ্ঞতা, শোষণ ও অবিচার মানব সমাজের জঘন্য অভিশাপ তুল্য, সেখানে সংবাদপত্রকে প্রায়শই জনমতকে বিভ্রান্ত করার জন্যই ব্যবহার করা হয়ে থাকে। বর্তমান ভারতের অবস্থার দিকে তাকালে আমরা কি তেমন একটা নৈরাশ্যজনক চিত্র পাই না? জরুরী অবস্থার সেই ভয়ঙ্কর দিনগুলির কথা স্মরণ করুন।

জরুরী অবস্থা জারির দিন, অর্থাৎ ১৯৩৬ সালের ২৬ জুন থেকে ১৯৩৬ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত দুহাজার ছয় শতের বেশী সংবাদপত্রের স্বীকৃতি বাতিল করে দেওয়া হয়েছিল।

সংবাদপত্র রেজিস্ট্রারের ১৯৩৬ সালের বার্ষিক রিপোর্টে এই তথ্য প্রকাশিত হয়েছে। এর পূর্ববর্তী সংবাদে দেখা যায় যে, ১৯৩৬ সালের জুন মাস থেকে ১৯৫৬ সালের জানুয়ারী মাসের মধ্যে ভারতবর্ষের মোট ১৬৭২টি পত্র-পত্রিকা বন্ধ হয়ে গিয়েছিল। এর মধ্যে দৈনিক পত্রিকার সংখ্যা ২০৮, সাপ্তাহিক ১৪৩৪ এবং দ্বিসাপ্তাহিক ৩৬২ ও মাসিক পত্রিকার সংখ্যা ছিল ৫২৮। অর্থাৎ দৈনিক ও সাপ্তাহিকের সংগে দ্বিসাপ্তাহিক ও মাসিক পত্রিকার সংখ্যা যোগ দিলে সর্বশুদ্ধ ২৫২২টি পত্র-পত্রিকা বন্ধ হয়ে গিয়েছিল। এই সমস্ত পত্র-পত্রিকার বন্ধ হওয়ার মূল কারণ সেন্সর প্রথার অত্যাচার, সম্পাদক ও তাঁর সহ কর্মীদের অহেতুক গ্রেপ্তার, সম্পাদক কর্তৃক সেন্সারের নিষেধাজ্ঞা মেনে নিতে অস্বীকৃতি এবং ছাপাখানা বাজেয়াপ্তকরণ। অধিকন্তু আপত্তিকর পুস্তিকা প্রকাশের জন্য পুলিশ কয়েকটি প্রকাশনী ও প্রেসের ডিক্লারেশন বাতিল করে দিয়েছিল।

সংবাদপত্রের উপর এমন ব্যাপক দমন ও শাসন ও একগুলি সংবাদপত্র বন্ধ হওয়ার কাহিনী ভারতবর্ষে ইতিপূর্বে আর কখনও শোনা যায়নি। সে সময় যে সমস্ত সংবাদপত্র বা সাময়িকপত্র 'নিয়মিত' প্রকাশিত হতো সেগুলির উপর নানাভাবে চাপ সৃষ্টি করা হতো সরকারের অভিপ্রেত কিংবা কোন ব্যক্তি বিশেষের পাবলিসিটি দেওয়ার জন্য। এই সমস্ত চাপের মধ্যে ছিল নিউজপ্রিন্টের (ছাপাবার কাগজ) বরাদ্দ হ্রাস, সরকারী বিজ্ঞাপন বন্ধ ইত্যাদি নানা প্রকারের দণ্ডদানের ভীতি প্রদর্শন। খুব সামান্য সংখ্যক পত্রিকাই এই সমস্ত দণ্ডভীতি অতিক্রম করে কিংবা সংবাদপত্রের ন্যূনতম স্বাধীনতা বজায় রেখে প্রকাশিত হতে পারত। সুতরাং জরুরী অবস্থায় অধিকাংশ সংবাদপত্রের মাথা উঁচু ছিলনা। বরং বলা যেতে পারে সংবাদপত্রের স্বাধীনতা বিলোপ ও অস্তিত্ব বিপন্ন হয়েছিল। অতএব অজস্র কর্মী ও সাংবাদিকসহ পত্র-পত্রিকাগুলিকে কেবলমাত্র টিকে থাকার জন্যই জরুরী অবস্থার অসম্মানজনক ও পীড়াদায়ক নিষেধ বিধিগুলি মেনে নিতে কিংবা ব্যক্তি বিশেষের পাবলিসিটি দিতে বাধ্য হয়েছিল। বলা বাহুল্য যে, সংবিধানকে অগ্রাহ্য বা অস্বীকার করেই এই সমস্ত বাড়াবাড়ি হয়েছিল। এমনকি আদালতের অধিকার পর্যন্ত সঙ্কুচিত হয়েছিল।

বোধহয় বিগত মহাযুদ্ধের সময়েও সংবাদপত্রগুলিকে এমন সর্বাত্মক নিষেধাজ্ঞার অধীনে আনা হয়নি। কিন্তু সবচেয়ে তাজ্জব ব্যাপার এই যে, সংবাদপত্রগুলিকে এমন আষ্ঠেপৃষ্ঠে বেঁধেও সরকার পক্ষ সন্তুষ্ট হলেন না। তাঁরা এই মর্মে একটি অদ্ভুত সতর্কনামা জুড়ে দিলেন যে, সেন্সর হওয়ার পরেও যদি দেখা যায় যে কোন প্রকাশিত সংবাদ আপত্তিকর, তবে তার দায়িত্ব বর্তাবে সংবাদপত্রের উপর। সেন্সর করা হয়েছে এই অজুহাত চলবেনা। অর্থাৎ যে সরকারী কর্তা সেন্সর করছেন, তিনি দায়ী হবেন না, দায়ী হবে সংশ্লিষ্ট সংবাদপত্র। এর চেয়ে সংবাদপত্র দমনের ও শাসনের পুরো-পুরি নাৎসী কায়দা আর কি হতে পারে ?

কিন্তু এর দ্বারা কি সরকার পক্ষ লাভবান হয়েছিলেন ? না। কারণ সংবাদপত্রের স্বাধীনতা ও মত প্রকাশের অধিকার যদি এভাবে নষ্ট করে না দেওয়া হত তবে তদানীন্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীই বেশী লাভবান হতেন। কেননা, ১৯৭৭ সালে জরুরী অবস্থা অবসানের পর যখন জরুরী অবস্থাকালীন অনাচারগুলির সংবাদ প্রথম প্রকাশিত হচ্ছিল, তখন তিনি নিজেই একবার স্বীকার করে-ছিলেন যে, তিনি এগুলি জানতেন না কিংবা তাঁকে জানানো হয়নি। তাঁর এই স্বীকারোক্তির দ্বারাই প্রমাণিত হচ্ছে যে, সংবাদপত্রের স্বাধীনতা সমাজ ও রাষ্ট্রের পক্ষে– বিশেষভাবে গণতন্ত্রের পক্ষে কত মূল্যবান। তিনি নিজেও সংবাদপত্রের এই মূল্যের কথা জানতেন এবং তিনি একবার বলেওছিলেন; ঃ "It is said—and I agree—that the press is one of the indispensible institutions of democracy"

অতীতে যাই ঘটে থাকুক জরুরী অবস্থার অন্ধকারময় দিন-গুলিকে আমরা ভুলে যেতে চাই। কেননা ১৯৮০ সালে গণতান্ত্রিক পদ্ধতিতেই শ্রীমতি ইন্দিরা গান্ধী পুনরায় বিপুল ভোটাধিক্যে ভারতে প্রধানমন্ত্রীর আসনে প্রত্যাবর্তন করেছেন। সুতরাং আশা করা যায় গণতন্ত্রের এই অপরিহার্য অংগকে, অর্থাৎ সংবাদপত্র সমূহের স্বাধীন মতামত প্রকাশকে তিনি যথোচিত মর্যাদা দেবেন এবং ক্ষমতা লাভের পরেই তেমন ভরসাও তিনি দিয়েছিলেন। কিন্তু ইদানীং কালের ভারতবর্ষে তাঁর মনোভাব ও ভাবভঙ্গী

সংবাদপত্রের আদৌ অনুকূল নয়। বরং সুযোগ পেলেই তিনি সংবাদপত্রগুলিকে উদ্দেশ্য করে নিন্দাত্মক সমালোচনা করে থাকেন। এর কারণ বোধ হয় এই যে, কংগ্রেস-ই পার্টির অভ্যন্তরে এত প্রচন্ড খেয়োখেয়ি, গ্রুপবাজি ও প্রকাশ্য বিদ্রোহ পর্যন্ত ঘটেছে যে, এগুলি সংবাদপত্রে প্রকাশিত হওয়ার ফলে কংগ্রেসের ভাবমূর্তি নষ্ট হচ্ছে। বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রী ও বিশিষ্ট পদের অধিকারীদের বিরুদ্ধে দুর্নীতি ও ক্ষমতার অপব্যবহারের তিক্ত অভিযোগ প্রকাশিত হচ্ছে। বোম্বাইয়ের ইন্ডিয়ান এক্সপ্রেস পত্রিকার বিখ্যাত সাংবাদিক অরুণ শৌরী কর্তৃক মুখ্যমন্ত্রী এ আর আন্তুলের সম্পর্কে যে সমস্ত দুর্নীতি ও ক্ষমতার অপব্যবহারের অভিযোগ প্রকাশিত হয়েছিল এবং যার ফলে আন্তুলেকে শেষ পর্যন্ত পদত্যাগ করতে হয়েছিল (কতকটা আমেরিকার ওয়াটারগেট কেলেঙ্কারি ও প্রেসিডেন্ট নিক্সনের পদত্যাগের মত)। এই চাঞ্চল্যকর ঘটনায় প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীকে পর্যন্ত বিব্রত হতে হয়েছিল। তারপর বিহারের মুখ্যমন্ত্রী জগন্নাথ মিশ্রের বিরুদ্ধে অনুরূপ নানা গুরুতর অভিযোগ প্রকাশিত হয়েছিল, যার ফলে বিহারের সংবাদপত্রগুলিকে দমন ও শাসন করার জন্য যে কুখ্যাত বিল পাশ করা হয়েছিল, তার বিরুদ্ধে ভারতব্যাপী তুমুল প্রতিবাদের ঝড় উঠেছিল। অবশ্য এই সমস্ত প্রতিবাদের ফলে শেষ পর্যন্ত বিহার প্রেস বিলটি ধামাচাপা পড়েছে। এই সমস্ত ঘটনায় লক্ষ্যকরা গিয়েছে প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর মনোভাব সংবাদপত্রের স্বাধীনতার অনুকূলে নয়। কিন্তু তার স্বনামধন্য পিতা জহরলাল নেহরু সংবাদপত্রের স্বাধীনতা সম্পর্কে অত্যন্ত উদার মনোভাব পোষণ করতেন। অবশ্য কংগ্রেস বা কংগ্রেসী নেতারা প্রকাশ্যে জনসভায় যখন বক্তৃতা দেন, তখন গণতন্ত্র ও 'ফ্রীডম অব দি প্রেস' সম্পর্কে তাঁদের সমর্থন ও প্রতিশ্রুতির যেন বান ডাকে। কিন্তু যাঁরা বামপন্থী মতবাদে বিশ্বাসী কিংবা যারা মার্কসবাদী, তাঁরা বুর্জোয়া শাসকদের এই সমস্ত মৌখিক প্রতিশ্রুতিতে আস্থা রাখতে পারবেন কিনা সন্দেহ। কারণ, লেনিন বলেছেন—"বুর্জোয়া শাসক গোষ্ঠী তাদের সৃষ্ট গণতন্ত্রকে ততদিন শ্রদ্ধা করে যতদিন তাদের কার্যসিদ্ধ হয়। যখন দেখে গণতান্ত্রিক পথে কার্যসিদ্ধি হওয়ার সম্ভাবনা নেই, তখন নিজেদের সৃষ্ট গণতন্ত্রকে পদদলিত করতে পিছপা হয় না"।

অতীত ও বর্তমানের ইতিহাসে লেনিনের এই তিক্ত মন্তব্যের সারবত্তার ভূরিভূরি প্রমাণ আছে। প্রথম মহাযুদ্ধের পর ইউরোপের বহু দেশে ধনতন্ত্রের উপর প্রতিষ্ঠিত পার্লামেন্টারী গণতন্ত্রের ব্যর্থতা ফ্যাসিইজম ও ডিক্টেটারি ডেকে এনেছিল এবং ব্যক্তি স্বাধীনতা ও সংবাদপত্রের মৃত্যু ঘটিয়েছিল। দ্বিতীয় মহাযুদ্ধের পর যে সমস্ত দেশ নতুন স্বাধীনতা অর্জন করেছে কিংবা যেখানে সেকেলে গণতন্ত্র প্রতিষ্ঠিত আছে, সে সমস্ত দেশের অনেকগুলিতেই শাসকশ্রেণীর অনভিপ্রেত কিংবা কায়েমী স্বার্থের পক্ষে বিঘ্নজনক সংবাদপত্রগুলিকে দমন ও নিয়ন্ত্রণ করা হয়েছে। সংবাদপত্রের সত্যিকার স্বাধীনতাকে সাধারণতঃ কোন দেশেই শাসকবর্গ অনুকূল দৃষ্টিতে দেখেন না। তাঁরা মাঝে মাঝে 'গঠনমূলক সমালোচনার' অধিকারের কথা স্বীকার করেন বটে, কিন্তু সেটাও কার্যত তাঁদের প্রতি সমর্থন আদায় করার কৌশল মাত্র।

ধনতন্ত্র যেখানে শক্তিমান এবং দেশের গভর্ণমেন্ট যেখানে ধনতন্ত্রের স্বার্থে গঠিত ও পরিচালিত, সেখানে সংবাদপত্রের কিংবা সংবাদ আহরণ ও প্রকাশের স্বাধীনতাও নিয়ন্ত্রিত ও সঙ্কুচিত। এই প্রসঙ্গে লেনিন বলেছিলেন—"সারা বিশ্বে, যেখানেই পুঁজিবাদীরা রয়েছে সেখানেই সংবাদপত্রের স্বাধীনতার অর্থ হলো সংবাদপত্রগুলোকে কেনার স্বাধীনতা, লেখক কেনার স্বাধীনতা, ঘুষ দেওয়ার স্বাধীনতা, বুর্জোয়াদের উপকারার্থে ভুয়ো জনমত তৈরী করা ও কেনার স্বাধীনতা।"

লেনিনের এই কঠোর ও তীব্র মন্তব্যের পর কয়েক যুগ কেটে গেছে বটে, কিন্তু ধনতন্ত্রের আওতায় সংবাদপত্রের স্বাধীনতা এখনও বিকৃত ও অনেকাংশে অন্ধকারাচ্ছন্ন। অবশ্য মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধানে প্রথম যে ঐতিহাসিক সংশোধনটি গৃহীত হয়েছিল (১৭৯১ সালের ১৫ই ডিসেম্বর) সেটি ছিল সংবাদপত্রের পূর্ণ স্বাধীনতা সম্পর্কে প্রতিশ্রুতি। ফলে, সংবিধানগত ভাবেই মার্কিন যুক্তরাষ্ট্রের সংবাদপত্রগুলি অন্য যে কোন দেশের চেয়ে অনেক বেশী স্বাধীনতার অধিকার ভোগ করে থাকে। এইজন্য সাম্প্রতিক বছরগুলিতে "পেন্টাগণ পেপার্স", ভিয়েতনামে মাইলাইয়ের হত্যাকাণ্ড (আমেরিকা কর্তৃক ভিয়েতনামের বিরুদ্ধে যুদ্ধের সময়) সি আই এ-র দুনিয়াব্যাপী গোপন কার্যাবলী, ওয়াটারগেট কেলেঙ্কারী

ইত্যাদি সারা পৃথিবীতেই চাঞ্চল্যের সৃষ্টি করেছিল। ওয়াটারগেট কেলেঙ্কারীতে প্রেসিডেন্ট নিক্সনের অপসারণের পর মার্কিন সাংবাদিক স্বাধীনতা যথেষ্ট মর্যাদা অর্জন করেছে। আমাদের দেশে সংবাদপত্রগুলির এতখানি স্বাধীনতা এখনও আমরা আশা করতে পারি না। কেননা কতকগুলি নিষেধাত্মক আইনের সঙ্গে Official Secrets Act ইত্যাদি এই পথে যেমন প্রকাণ্ড বিঘ্ন স্বরূপ, এমন কি আইনতঃ বিপদ স্বরূপ, তেমনি আমাদের দেশের প্রভাবশালী বড় বড় পত্রিকাগুলি কার্যত মালিক পক্ষের প্রত্যক্ষ তত্ত্বাবধানে পরিচালিত ও সম্পাদিত হয়ে থাকে। এবং এই সমস্ত বৃহৎ পত্রিকা সম্পূর্ণরূপে কায়েমী স্বার্থ ও ধনিক স্বার্থের পরিপোষণ করে চলে। সুতরাং এমন কোন investigative report বা তথ্যানু-সন্ধান মূলক রিপোর্ট (যে ধরনের রিপোর্ট আজকের দিনের জার্নালিজমের একটা প্রকাণ্ড অঙ্গ) প্রকাশ করা সম্ভব নয়, যার দ্বারা স্বয়ং রাষ্ট্রপতির কিংবা প্রধানমন্ত্রীর আসন পর্যন্ত টলে পারে। রাষ্ট্রপতি বা প্রধানমন্ত্রী সংক্রান্ত বিরুদ্ধ রিপোর্ট তো দূরের কথা, এর চেয়ে অতি সাধারণ সাধারণ ব্যাপারেও মালিক পক্ষের তরফ থেকে হস্তক্ষেপ ঘটে থাকে এবং যবনিকার অন্তরালে সম্পাদক ও মালিক কিংবা ম্যানেজিং ডিরেকটরের সঙ্গে সংঘর্ষ অনিবার্য হয়ে ওঠে। বলা বাহুল্য যে, এমন ক্ষেত্রে সম্পাদকেরই অপসারণ বা পদত্যাগ ঘটে থাকে। তিন বছর আগে (১৯৮০) ১লা জানুয়ারী থেকে কলিকাতার বিখ্যাত ইংরাজী দৈনিক পত্রিকা Statesman-এর সম্পাদক এস নিহাল সিং-এর অদৃষ্টে এই দুর্বিপাক ঘটেছে। গত কয়েক বছরের মধ্যে মিঃ নিহাল সিং সহ স্টেটসম্যানের অন্ততঃ চারজন নামকরা সম্পাদক বা সাংবাদিকের অদৃষ্টে অপসারণ ঘটল উক্ত পত্রিকার ম্যানেজিং ডাইরেকটরের সংগে বিরোধের জন্য। দিল্লী ও বোম্বাইয়ের কয়েকটি বড় বড় কাগজ সম্পর্কেও এ-কথা প্রযোজ্য। যেমন সাম্প্রতিকতম ঘটনা সুবিখ্যাত অরুণ শৌরির ইন্ডিয়ান এক্সপ্রেস থেকে পদত্যাগ।

অবশ্য কলিকাতায় অতীতেও অন্যান্য কাগজে এমন ব্যাপার ঘটেছে—যেমন, সত্যেন্দ্রনাথ মজুমদার, ডঃ ধীরেন্দ্রনাথ সেন, চপলাকান্ত ভটাচার্য প্রমুখ। কিংবা সবিনয়ে আমার নিজের কথা উল্লেখ করে বলতে পারি যে, অন্ততঃ তিনবার আমাকে সম্পাদকের

পদ থেকে অপসারিত হতে কিংবা বিদায় নিতে হয়েছে আমার স্বাধীন মতবাদের সংগে মালিক পক্ষের মতামতের সংঘর্ষের জন্যে। এমন কি বামপন্থী মতবাদের যাঁরা বড়াই করেন, তাঁদের সংবাদপত্রেও স্বাধীন মত প্রকাশের অধিকার নেই। আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকেই একথা বলছি।

মার্কিন সাংবাদিকতার পন্ডিতেরা অবশ্য সগৌরবে দাবী করে থাকেন যে, সংবাদপত্র ও মত প্রকাশের স্বাধীনতা ছাড়া "মুক্ত মার্কিন সমাজের" ধারণা করাই কঠিন। তাঁদের মধ্যে কেউ কেউ, যেমন প্রাক্তন প্রেসিডেন্ট জনসনের প্রেস সেক্রেটারী জর্জ ই রিডি (Reedy) একটি প্রবন্ধে ব্রিটিশ মনীষী ও দার্শনিক জন লকের (John Locke) মন্তব্য উদ্ধৃত করে স্মরণ করিয়ে দিয়েছেন :

Freedom is inconciviable without free speech. Truth can only be discovered in the market place of ideas, through a clash of freely expressed adversary concepts.

"স্বাধীন মত প্রকাশের অধিকার ছাড়া স্বাধীনতার কল্পনাই করা যায় না"।—চিন্তাশীল দার্শনিকের উপযুক্ত কথা বটে, কিন্তু সেই বিগত সপ্তদশ ও অষ্টাদশ শতাব্দীর সময়কার Locke, Berkely, Voltaire এবং Hume'র মত মুক্ত মানবতার ও বৈপ্লবিক স্বাধীনতার পশ্চিমী প্রবক্তারা যে তত্ত্ব প্রচার করে গিয়েছিলেন দুইশত বছরের পরিবর্তিত ও ধনতন্ত্র কবলিত পৃথিবীতে তার কতটুকু মর্যাদা অবশিষ্ট আছে? অবশ্য এ কথা ঠিক যে, আজও পৃথিবীর নানা দেশে মুক্তমনা ও স্বাধীনচেতা অনেক লেখক ও সাংবাদিক আছেন, এবং এই সমস্ত নির্ভীকচিত্ত লেখকেরা যথেষ্ট নির্যাতনও ভোগ করেছেন, তবু স্বাধীন মত প্রকাশের অধিকারকে বিসর্জন দেননি। জরুরী অবস্থার সময় আমাদের কলকাতারও কয়েকজন সাংবাদিক স্বাধীনচিত্ততা পরিচয় দিয়েছেন। কিন্তু সেই সমস্ত বরেণ্য সাংবাদিক ও লেখক সর্বদেশেই সংখ্যালঘু। বিশেষভাবে বৃহৎ সংবাদপত্রগুলি বৃহৎ পুঁজিপতিদের কুক্ষিগত থাকায় এবং সংবাদপত্র ব্যয়বহুল ইন্ডাস্ট্রিতে পরিণত হওয়ায় সংবাদপত্র বা সম্পাদকের স্বাধীনতাও আজ একটা ছদ্ম আবরণে পরিণত হয়েছে মাত্র।

ইউরোপে ও আমেরিকায় সংবাদপত্রের স্বাধীনতা ও মুক্ত সমাজ বা free society নিয়ে অনেক বড় বড় কথা প্রচলিত থাকলেও এবং তাদের তুলনায় আমরা অনেক পিছনে পড়ে আছি একথা ধরে নিলেও আসল সত্য এই যে, গরিব, শোষিত, বঞ্চিত এবং অবিচারের দ্বারা লাঞ্ছিত জনগণের মুক্তির পক্ষে আন্দোলন চালাবার মতো সংবাদপত্রের সংখ্যা নিতান্তই নগণ্য। কমিউনিস্ট-দের মতে "বুর্জোয়া সমাজে সংবাদপত্রের স্বাধীনতার অর্থই হোল সমাজের সংখ্যাগরিষ্ঠ অংশের উপর সংখ্যালঘুর ইচ্ছাকে চাপিয়ে দেওয়ার স্বাধীনতা। যাদের অঢেল টাকা আছে পত্র পত্রিকা প্রকাশের এক্তিয়ার কেবল তাদেরই"। —'সাপ্তাহিক, ১০ই মার্চ, ১৯৭৮'। পশ্চিমী সংবাদপত্র জগতের একজন বিরাট চাই পরলোকগত লর্ড টমসন তাঁর আত্মজীবনীতে স্বীকার করে গেছেন যে, কেবল টাকা করার উদ্দেশ্যেই তিনি সংবাদপত্রের ব্যবসা শুরু করেছিলেন এবং তিনি অতলান্তিকের এপারে ওপারে সংবাদপত্রের বিরাট সাম্রাজ্য গড়ে তুলেছিলেন। এই ভদ্রলোকের ১৪৮টি সংবাদপত্র ও ১৩৮টি সাময়িকপত্র ছিল। রেডিও ও টেলিভিশনের ব্যবসাও তাঁর ছিল এবং এই সমস্ত ব্যবসায়ের প্রচুর মুনাফার দ্বারা তিনি টাকার পাহাড় তৈরী করেছিলেন। তাঁর এই "অভূতপূর্ব সাফল্যের জন্য" বৃটেন থেকে তাঁকে লর্ড উপাধির দ্বারা সম্মানিত করা হয়েছিল। কিন্তু সংবাদপত্রের মত প্রকাশের স্বাধীনতা কিংবা উচ্চতর নীতি ও আদর্শের সংগে তাঁর সাংবাদিকতার কোন সম্পর্ক ছিল না। সম্পর্কটা ছিল নেহাৎ ব্যবসাদারীর।

আর পশ্চিম জার্মানীর একজন প্রতিষ্ঠাবান রক্ষণশীল প্রচারবিদ পি জোয়েটে বছর ১৬।১৭ আগে বলেছিলেন—"সংবাদ পত্রের স্বাধীনতা হল ২০০ ধনীর নিজেদের মতামত প্রকাশ করার স্বাধীনতা। যিনি ধনী তিনিই স্বাধীন"।

বৃটেনেও সংবাদপত্রগুলি কয়েকটি সংস্থা এবং কয়েকজন একচেটিয়া পুঁজিপতির করতলগত, অতএব সেখানেও স্বাধীন সংবাদপত্র খুঁজে বের করতে হবে।

আর আমেরিকার বিখ্যাত ম্যাগাজিন পত্রিকা লাইফ (পত্রিকাটি কয়েক বছর আগে উঠে গেছে) যার হাঁকডাক ছিল সারা দুনিয়াব্যাপী, তার প্রাক্তন সম্পাদক টমাস গ্রিফিথ একটি গ্রন্থে

লিখেছেন যে, সংবাদপত্র ব্যবসায়ে সবচেয়ে বিপদজনক দিক হল, ব্যাপারটা ক্রমেই নির্ভেজাল ব্যবসায় হয়ে উঠেছে। কাগজগুলো সাধারণ নোট ছাপার মেশিন হয়ে উঠেছে। প্রধান সম্পাদক হিসাবে এমন লোককেই বেছে নেওয়া হচ্ছে, যার কোন স্বাধীন মতামত খাটাবার অধিকার নেই। আর আমেরিকায় একই লোকের লেখা প্রবন্ধ বা একই শিল্পীর আঁকা কার্টুন শত শত কাগজে প্রকাশ করা হয়ে থাকে। যেমন, ৭০০ দৈনিক পত্রিকায় বিখ্যাত জ্যাক এ্যান্ডারসনের লেখা ছাপা হয়ে থাকে। অর্থাৎ এই সমস্ত কাগজের পাঠকদের স্বাধীনভাবে অন্য কোন রচনা পড়বার সুযোগ থাকে না। এ যেন একই ছাঁচে ঢালা সংবাদপত্র। এছাড়া মার্কিন সংবাদপত্র বা সংবাদ এজেন্সীগুলির পক্ষে আর একটা বিপদের কারণ ঘটেছে। সেটা হচ্ছে বিভিন্ন দেশে আন্তর্জাতিক গোয়েন্দাগিরি। একটি আমেরিকান পত্রিকাতেই প্রকাশ যে, গত ২৫ বছরে বিশ্ববিখ্যাত নিউইয়র্ক টাইমস-এর সংবাদদাতা সহ ৪০০ জনেরও বেশী মার্কিন সাংবাদিক সি আই এ-র নির্দেশমত কাজ করেছেন। এমনকি নিউইয়র্ক টাইমস-এর নামকরা ভাষ্যকার সাইরাস সালজবার্গার, জোসেফ অ্যালসপ, তাঁর মৃত ভ্রাতা স্টুয়ার্ট এ্যালসপ পর্যন্ত সি আই এ-র সংগে যোগাযোগ রক্ষা করে চলতেন। ওয়াশিংটন পোস্টের একজন প্রাক্তন রিপোর্টার এইসব গুহ্য তথ্য ফাঁস করে দিয়েছেন। আমাদের ভারতবর্ষেও কিছু কিছু প্রতিষ্ঠান ও সাংবাদিক যে সি আই এ-র কাছ থেকে টাকা পেতেন এবং তাদের সংগে যোগাযোগ রক্ষা করে চলতেন এইসব তথ্যও কয়েকবছর আগে সাংবাদিক মহলে চাঞ্চল্য সৃষ্টি করেছিল। সি আই এ-র জাল প্রায় সর্বত্র বিস্তৃত।

অতএব গণতন্ত্র ও মুক্ত সমাজের পীঠস্থান বলে বর্ণিত পশ্চিমী দেশগুলিতে সংবাদপত্রের ও মত প্রকাশের স্বাধীনতা কিভাবে বিকৃত ও কলুষিত হয়েছে তা বিস্তৃতভাবে বর্ণনা করা অনাবশ্যক।

ধনতান্ত্রিক দেশগুলির তুলনায় সমাজতান্ত্রিক বা কমিউনিস্ট দেশগুলির সমাজ ব্যবস্থা সম্পূর্ণ ভিন্ন ধরনের। সেখানে শ্রেণী শোষণ নেই। একচেটিয়া মুনাফাবাজী এবং প্রাইভেট মালিকানার উৎপাত নেই। অধিকন্তু জনসাধারণের রুটি, রুজি-রোজগার, বিদ্যার্জন, চিকিৎসা ও বাসস্থান ইত্যাদির দস্তুরমত গ্যারান্টি

আছে। কিন্তু কল্যাণকর রাষ্ট্র ব্যবস্থা। এই সমস্ত আশীর্বাদ এবং পুঁজিবাদী সমাজ কাঠামোর তুলনায় এই সমস্ত ব্যবস্থা শতগুণে কাম্য হলেও, আমরা যাকে মত প্রকাশের এবং সংবাদপত্রের স্বাধীনতা বলে থাকি, কমিউনিষ্ট রাষ্ট্রে তা অত্যন্ত সীমাবদ্ধ। সেখানে পার্টি নিয়ন্ত্রিত সরকারী ব্যবস্থাই চরম। সরকারী নীতি ও নেতৃবৃন্দের প্রকাশ্য বিরূপ সমালোচনা চলে না—অন্ততঃ আমার চোখে পড়েনি। যেমন আফগানিস্তান ও পোল্যান্ড নিয়ে কোন সমালোচনা দেখিনা, তবে, সরকারী কার্যকলাপের ত্রুটি নিয়ে পত্রের আকারে পাঠকদের অভিযোগ ও সমালোচনা প্রকাশিত হয়ে থাকে এবং এই ধরনের শতশত চিঠি প্রতিদিন সম্পাদকের দপ্তরে এসে থাকে। কিন্তু কোন ভাবেই সোসালিজমকে চ্যালেঞ্জ করা কিংবা তার নিন্দা করা চলে না। আমরা যেমন ইচ্ছা করলে খোদ পার্লামেন্টারী গণতন্ত্র সম্পর্কেও ভালোমন্দ সমালোচনা ও মতামত প্রকাশ করতে পারি, কমিউনিষ্ট রাষ্ট্রে সমাজতন্ত্র নিয়ে তেমন কোন সমালোচনা করা সম্ভব নয়। এমন কি, অবলম্বিত সরকারী নীতির বিরুদ্ধেও মত প্রকাশ করা চলে না। রাষ্ট্রের বা পার্টির যিনি প্রধান, তাঁর স্তুতিগান কিংবা তাঁর বক্তব্যের উদ্ধৃতি রাশিয়া থেকে প্রকাশিত প্রায় প্রত্যেকটি রচনাতেই লক্ষ্য করা যায়। চীন এবং অন্যান্য সমাজতান্ত্রিক দেশগুলি সম্পর্কেও একথা কম বেশী সত্য। সোজা কথায় এখনও সেখান থেকে ব্যক্তি পূজার অবলুপ্তি ঘটেনি। ফলে সমাজতান্ত্রিক গণতন্ত্রে স্বাধীনভাবে মত প্রকাশের যে উচ্চ আদর্শ এবং প্রত্যেকটি সমস্যার ভালোমন্দ বিচারের যে পূর্ণ অধিকার আমরা প্রত্যাশা করি; সমাজতান্ত্রিক শাসন এখনও সেই উচ্চতর স্তরে পৌঁছতে পারেনি— যদিও দৈনন্দিন জীবন যাত্রার দারিদ্র্য ও ক্লেশ সেখানে নেই। সুতরাং আমরা গণতন্ত্রকে যে নীতি ও দৃষ্টি দিয়ে বিচার করে থাকি এবং যেভাবে মত প্রকাশের অধিকার দাবি করে থাকি, সমাজ-তান্ত্রিক দেশের সংগে তার মূলগত পার্থক্য আছে। যেমন, উল্লেখ করা যেতে পারে আমাদের দেশে সংবাদপত্রে ও প্রকাশিত পুস্তকে মহাত্মা গান্ধী ও জওহরলাল নেহরুর মতো সর্বজনমান্য জাতীয় নেতাদের ব্যক্তিগত জীবন নিয়েযে-সমস্ত কুৎসামূলক লেখার প্রচারিত হয়েছে কিংবা তাঁদের রাজনৈতিক মতবাদের বিরুদ্ধে যে

সমস্ত তীব্র সমালোচনা প্রকাশিত হয়েছে, সেই ধরনের লেখা প্রকাশ সমাজতান্ত্রিক দেশগুলিতে সম্ভব নয়। অতএব স্বাধীন মত প্রকাশের অধিকার সংক্রান্ত মানদণ্ড নিয়েও সমাজতান্ত্রিক ও ধনতান্ত্রিক দেশগুলির মধ্যে আকাশ পাতাল বৈষম্য আছে। অপরপক্ষে স্বাধীন মত প্রকাশ ও সাংবাদিক স্বাধীনতার নামে সাম্প্রতিক আফগান বিপ্লব নিয়ে সোভিয়েত রাশিয়ার বিরুদ্ধে যে পরিমাণ অপপ্রচার করা হয়েছে, তাও গণতন্ত্রের পক্ষে বিপজ্জনক। অর্থাৎ সত্য ও নিরপেক্ষ সংবাদ প্রচারই সংবাদপত্রের পক্ষে সবচেয়ে বড় কথা।

এই প্রবন্ধের গোড়ার দিকেই উল্লেখ করা হয়েছে যে, সংবাদপত্রের স্বাধীনতা কিংবা স্বাধীন মত প্রকাশের অধিকার নিয়ে পৃথিবীর প্রায় সর্বত্র গভর্ণমেন্টের কিংবা মালিক পক্ষের সংগে সেই আদিকাল থেকেই বিরোধ চলে আসছে। এই বিংশ শতকের শেষ পাদে এসেও সংবাদপত্রগুলি শৃঙ্খলমুক্ত হয়নি। বরং অধিকাংশই সরকারী শৃঙ্খলে আবদ্ধ। গত কয়েক বছর ধরে ইন্টারন্যাশনাল প্রেস ইনস্টিটিউট, সংক্ষেপে আই পি আই পৃথিবী-ব্যাপী সংবাদপত্রের স্বাধীনতা নিয়ে অনুসন্ধান ও গবেষণা করে আসছে। এই আন্তর্জাতিক প্রতিষ্ঠানে ৬০টি দেশের ২০০০ সম্পাদক ও প্রকাশক সদস্য পদে আছেন। ১৯৩৬-৩৮ সালের রিপোর্টে এই প্রতিষ্ঠানের ডাইরেক্টর মিঃ পিটার গ্যালিনার (Peter Gall ner) যে মন্তব্য করেছেন তা বিশেষ ভাবে উল্লেখযোগ্য। যেমন, তিনি বলেছেন:

The Principle of Press freedom is disregarded in most countries of the world today. In less than thirty can there be said to exist any degree of Press freedom, which in the majority of countries, we find that the Press is either owned and controled by the Government or else. Restrictions on the Press and harassment of Journalists are the norm.) স্টেটসম্যান, ২৫শে মার্চ, ১৯৩৬ অর্থাৎ সংক্ষেপে আই পি আই-এর ডাইরেকটরের মতে বর্তমান পৃথিবীর অধিকাংশ দেশেই সংবাদপত্রের স্বাধীনতার মূল নীতি লঙ্ঘিত হয়ে থাকে।

সংবাদপত্রের স্বাধীনতা। যদি কিছু অবশিষ্ট থেকে থাকে, তবে সেই স্বাধীনতা আছে ৩০টিরও কম দেশে। আর বাকী দেশগুলির অধিকাংশ ক্ষেত্রেই মালিকানা কিম্বা নিয়ন্ত্রণ গভর্ণমেন্টের হাতে। কিম্বা সংবাদপত্রগুলির উপর নানা ভাবে নিষেধাজ্ঞা বলবৎ আছে এবং সাংবাদিকদের উপর উৎপীড়নও করা হয়ে থাকে। এটাই যেন স্বাভাবিক নিয়মে দাঁড়িয়েছে।

আই-পি-আই কোন কমিউনিস্ট সংগঠন নয় মার্কিন সংগঠন। তাঁরা বলেছেন যে পৃথিবীর চারিদিক থেকে তাঁরা সংবাদপত্রের স্বাধীনতার উপর হস্তক্ষেপ কিংবা সাংবাদিকদের উপর জুলুমবাজির সংবাদ পেয়ে থাকেন। ১৯৭৮ সালের জানুয়ারী মাসে প্রকাশিত রিপোর্টে তাঁরা পরিষ্কার বলেছেন যে, দুনিয়ায় যত বৃত্তিমূলক কাজ আছে, তার মধ্যে সাংবাদিকতার কাজেই এখন সবচেয়ে বিপদ বেশী, তাদের জীবনই এখন সবচেয়ে বিপদ সঙ্কুল। বিভিন্ন দেশে সাংবাদিকরা খবর জোগাড় করতে গিয়ে খুন হচ্ছেন গায়েব হয়ে যাচ্ছেন, হচ্ছেন জেল বন্দী। এখানেই শেষ নয়, কোথাও কোথাও তাদের ছেলে মেয়েরা পর্যন্ত আক্রমণের শিকার হয়ে পড়ছে।

আই পি আই তাঁদের ১৯৭৭ সালের রিপোর্টে সাংবাদিক নির্যাতনের ও সংবাদপত্র দমনের বহু ঘটনার উল্লেখ করে মন্তব্য করেছেন যে, খুন খারাপি ও হয়রানির হাত থেকে সাংবাদিকদের রক্ষা করার ব্যবস্থা একান্ত জরুরী হয়ে পড়েছে! কতকগুলি দেশ, যেমন দক্ষিণ আফ্রিকা, আর্জেন্টিনা, উরুগুয়ে, উগান্ডা, ইতালী ইত্যাদি দেশগুলিতে হত্যা, বিনা বিচারে আটক (২৫টি দেশে সাংবাদিকরা জেলে পচছেন)। কোন কোন ক্ষেত্রে সন্ত্রাসবাদী আক্রমণ, স্ত্রী ও ছেলে মেয়েদের পর্যন্ত নির্যাতন কিম্বা খুন, এ ধরণের বহু বর্বরতা হয়েছে। এই ভারতেও এই ধরনের ঘটনা হয়েছে। কমিউনিস্ট দেশগুলিতেও সাংবাদিকদের আটক করা হয়েছে, নির্বাসন দেওয়া হয়েছে এবং বেসরকারী সূত্রের খবরগুলি চেপে দেওয়া হয়েছে। ১৯৬২ সালের রিপোর্টেও দেখা গিয়েছে যে, সংবাদপত্রের স্বাধীনতা সম্পর্কে অবস্থার কোন উন্নতি হয়নি।

ব্রিটিশ আমলে এবং পরবর্তীকালে স্বাধীনতার আমলেও

আমাদের দেশের সংবাদপত্র ও সাংবাদিকদের উপর নানা জুলুমবাজী হয়েছে। এই কলিকাতা শহরের বুকের উপর তো গত ৫০-এর দশকে রিপোর্টারদের উপর পুলিশ হিংস্র কুকুরের মত ঝাঁপিয়ে পড়ে কয়েকজনকে রক্তাছিন্ন করেছিল। এখনও এই ধরনের পুলিশী নির্যাতনের খবর মাঝে মাঝে সংবাদপত্রে বেরিয়ে থাকে। কিন্তু সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এইগুলিকে Professional hazards বলে ব্যাখ্যা করে প্রায়শই উপেক্ষা করতে থাকেন। সুতরাং সংবাদপত্রের স্বাধীনতা সময় সময় পুলিশের লাঠিচার্জের স্বাধীনতায়ও পরিণত হয়ে থাকে। রিপোর্টারদের সংগে ক্যামেরাম্যানদের অদৃষ্টেও এই ধরণের লাঞ্ছনা জুটে থাকে। কোন কোন সময় কাগজের পলিসি নিয়েও জনতার রোষ জাগ্রত হয়ে থাকে। কিন্তু অন্তরালে থেকে পলিসি যাঁরা নিয়ন্ত্রণ করেন, সেই মালিকপক্ষকে তো তাঁরা হাতের কাছে পান না, পান রিপোর্টার বা ফটোগ্রাফারদের। সুতরাং দণ্ডভোগ তাঁরাই করেন।

আসল কথা "রাষ্ট্রের চরিত্র" অনুসারেই সংবাদপত্রের চরিত্র বা স্বাধীনতা নির্ণিত হয়ে থাকে। এই মূল্যবান মন্তব্য করেছেন আমার প্রাক্তন সহকর্মী ও প্রবীণ বামপন্থী সাংবাদিক কুমুদ দাশগুপ্ত। তাঁর মতে বর্তমান ধনতান্ত্রিক সমাজ ও রাষ্ট্র ব্যবস্থায় সাংবাদিক ও সংবাদপত্রের সত্যকার স্বাধীনতা থাকতে পারে না। কেননা, সংবাদপত্র এখানে প্রাইভেট ব্যবসাদারীর অতর্গত এবং এই ব্যবসায়ের উদ্দেশ্য হচ্ছে মুনাফা অর্জন। এই মুনাফা অর্জনের পাহারাদার আমাদের বর্তমান রাষ্ট্রব্যবস্থা। সুতরাং রাষ্ট্রের চরিত্রের যতক্ষণ বদল না হচ্ছে, ততক্ষণ সংবাদপত্রের চরিত্রেরও বদল হতে পারে না।

এই মতামতের গুরুত্ব নিশ্চয়ই এক কথায় উড়িয়ে দেওয়া চলে না। গত তিন দশকের স্বাধীন ভারতের সংবাদপত্রগুলিতে আমরা প্রায় প্রতিদিনই এর পরিচয় পাচ্ছি। জওহরলাল নেহরুর উদারতা সত্ত্বেও তাঁর আমল থেকে আজ পর্যন্ত ভারতীয় সংবাদপত্র খুব একটা গৌরবোজ্জ্বল ইতিহাস সৃষ্টি করেছে, এমন কথা জোর করে বলা যায় না। কেননা, সংবাদপত্রগুলি বৃহৎ ইন্ডাস্ট্রি বা শিল্পে পরিণত হয়েছে এবং এই শিল্পের অন্যতম প্রধান পৃষ্ঠপোষক ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থা কিংবা তার মুরুব্বিগণ। সংবাদপত্রকে

তার নিউজপ্রিন্ট ও বহু প্রকার আধুনিক ও উন্নত যন্ত্রপাতির আমদানির জন্য, আর বিজ্ঞাপনের জন্য গভর্ণমেন্টের উপর নির্ভর করে চলতে হয়। সুতরাং সরকারী ইচ্ছা-অনিচ্ছাকে সম্পূর্ণ উপেক্ষা করে চলা কোন সংবাদপত্রের পক্ষেই সম্ভব নয়। বিশেষতঃ ইদানীংকালে সংবাদপত্র উৎপাদনের ও পরিচালনার ব্যয় অসম্ভব রকম বৃদ্ধি পাওয়ায় গভর্ণমেন্টকে এড়িয়ে চলা যে কোন প্রকাশকের পক্ষেই দুঃসাধ্য। যদিও কাগজেপত্রে সংবিধান অনুসারে সংবাদপত্রের বা মত প্রকাশের স্বাধীনতা স্বীকার করা হয়েছে, তথাপি আসলে সেই স্বাধীনতা ভোগ করেন মালিক পক্ষ। অর্থাৎ তাঁদের ব্যবসায়িক স্বার্থ অনুসারে সংবাদপত্র পরিচালিত হয়ে থাকে এবং তাঁদের রাজনৈতিক মতই প্রাধান্য অর্জন করে। ফলে, একমাত্র পার্টি-পত্রিকা ছাড়া বামপন্থী মতবাদের দৈনিক পত্রিকা বড় একটা দেখা যায় না এবং দু-একখানা থাকলেও তাদের আর্থিক ক্ষমতা অত্যন্ত সীমাবদ্ধ। ফলে বড় পত্রিকার সংগে তারা প্রতিদ্বন্দ্বিতায় পেরে ওঠে না।

সাধারণভাবে বলা হয় যে, সংবাদপত্র জনমতের বাহন কিংবা সংবাদপত্র সামাজিক মনের দর্পণতুল্য। মূলতঃ এই কথাটা সত্য বটে। কারণ, যদি এটা সত্য না হত, তবে, সংবাদপত্র স্বাধীনতা ও গণতন্ত্রের প্রহরীতুল্য—এই প্রচলিত ধারণারও কোন মানে থাকত না। কিম্বা সংবাদপত্রের তেমন কোন মূল্য বা গুরুত্বও থাকত না। কিন্তু এই ধারণা সব সময় সত্য নয়। খুব সাম্প্রতিককালে ১৯৬৭ ও ১৯৬৯ সালের পশ্চিমবঙ্গের বিধানসভা নির্বাচনে ও অন্যান্য কয়েকটি রাজ্যের নির্বাচনে কংগ্রেসের যে শোচনীয় পরাজয় ঘটবে এবং পশ্চিমবঙ্গে যে যুক্তফ্রন্ট সরকার গঠিত হতে পারে কোন সংবাদপত্রই এমন কোন পূর্বাভাস প্রকাশ করেনি বা করতে পারেনি। অর্থাৎ নির্বাচন সম্পর্কে objective বা নিরপেক্ষ রিপোর্ট সংগৃহীত বা প্রকাশিত হয়নি। কেননা, সংবাদপত্র পরিচালনায় মালিকের প্রাধান্য এবং মালিকপক্ষ প্রায় সর্বদা শাসকরূপী কংগ্রেসের অনুবর্তী। সুতরাং সাংবাদিকেরাও সেই অনুসারেই চলেছিলেন। এই ক্ষেত্রে সংবাদপত্রের বা সম্পাদকের স্বাধীনতার কোন প্রশ্নই ছিল না। একেবারে হাল আমলে ১৯৮০ সালের লোকসভার মধ্যবর্তী নির্বাচনেও সংবাদপত্রের ব্যর্থতা

সম্পূর্ণ নগ্নরূপে ধরা পড়েছে। কেননা, এই নির্বাচনে শ্রীমতী ইন্দিরা গান্ধী ও তাঁর কংগ্রেস যে দুই-তৃতীয়াংশ ভোটের মেজোরিটিতে জয়লাভ করবেন এমন অভূতপূর্ব ঘটনা কোন সাংবাদিক গবেষকই পূর্বাহ্নে প্রকাশ করতে পারেন নি। কেননা, এই ক্ষেত্রেও সংবাদপত্রের ঝোঁকটা ছিল মোটামুটি সেই সময়কার শাসক পার্টিগুলির প্রতি অথবা ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে। দিল্লীর নির্বাচনেও সাংবাদিক ব্যর্থতা। অবশ্য কেবল আমাদের দেশেই নয়, অন্যান্য দেশের সংবাদপত্রে অনুরূপ ঘটনা দেখা গিয়েছে। এর মূল কারণ, অধিকাংশ দেশেই সংবাদপত্রগুলি এস্টাব্লিশমেণ্ট বা প্রশাসক মহলের সংগে তাল মিলিয়ে লাব চেষ্টা করে। ফলে, সংবাদপত্রের স্বাধীন সত্তা আর আগের মতো আস্থা ও মর্যাদা বহন করে না এবং নির্বাচনের মতো গুরুত্বপূর্ণ ব্যাপারেও সত্যকার জনমত প্রতিফলিত হয় না।

আধুনিকালের সংবাদপত্রে সম্পাদক ক্রমশঃ আড়ালে চলে যাচ্ছেন এবং জনসাধারণ আর সম্পাদকদের তেমন ভাবে জানেন না। আমাদের দেশের স্বদেশী যুগের কিম্বা ব্রিটিশ শাসনের স্বাধীনতা আন্দোলনের সময় সম্পাদকেরা ছিলেন সবিশেষ খ্যাতিমান। এমন কি, তাঁদের মধ্যে অনেকেই দেশনায়কের পদে অধিষ্ঠিত ছিলেন। মালিকেরাও অধিকাংশ ক্ষেত্রেই সেই আদর্শের দ্বারা অনুপ্রাণিত ছিলেন। কিন্তু স্বাধীনতার পর এবং মোটামুটি ভাবে বলা যেতে পারে যে, বিংশ শতকের মধ্যভাগ থেকে মালিকপক্ষ ক্রমশঃ মুনাফা শিকারী ব্যবসায়ীতে পরিণত হত থাকেন এবং সাংবাদিকদের অবস্থাও দাঁড়ায় একমাত্র বেতনভোগী কর্মচারীর মতো। অবশ্য এর উজ্জ্বল ব্যতিক্রমও আছে। কিন্তু সেই ব্যতিক্রম এত কম যে, হাতের আঙুলে গণনা করা যায়।

জওহরলাল নেহরুর আমলেই আমাদের দেশে যে প্রেস কমিশন নিযুক্ত হয়েছিল, ভারতীয় সংবাদপত্র সম্পর্কে বিস্তৃত অনুসন্ধান এবং ত্রুটিগুলির প্রতিবিধানের জন্য সেই কমিশনের তথ্য ও সিদ্ধান্তগুলি আজও ঐতিহাসিক গুরুত্ব বহন করে। সেই কমিশনের রিপোর্টে সম্পাদকের মর্যাদা বা স্ট্যাটাস সম্পর্কে মন্তব্য করা হয়েছে:

"There has been a general decline in the

status and independence of the editor, and this decline is noticable particularly in the case of daily newspapers. In the past, it was quite usual for the majority of the readers to be both aware and conscious of the role played by the editor in the formulation of the views set out in a paper, and it was quite usual to refer to the paper not merely by its name, but by the name of the editor. Such was the impress of the personality of the editor on the contents of the newspaper that it could be sensed not merely in the leading articles and opinion columns but even in the news columns. The position has changed to day and we feel that bulk of the newspaper readers today may be even unaware of which the editor of their newspaper and indifferent to the name that appears in small print on the last page."

আধুনিককালের সম্পাদকের পদমর্যাদার এই অবনতি সম্পর্কে প্রেস কমিশনের মন্তব্য আদৌ ভিত্তিহীন নয়। আগেকার দিনে সম্পাদকের নামেই কাগজের পরিচিতি ছিল। কিন্তু বর্তমানে অধিকাংশ পাঠকই জানেন না তারা যে কাগজ প্রতিদিন সকালবেলা পড়ছেন, তার সম্পাদক কে! অবশ্য এটা কেবল সম্পাদক-মালিক সম্পর্কের জন্যই ঘটেনি, এর অন্যান্য কতকগুলি গুরুতর কারণও আছে। সংবাদপত্র এক্ষণে সুবৃহৎ শিল্পে পরিণত হয়েছে, এর মধ্যে বহু জটিলতা প্রবেশ করেছে, বিংশ শতকের বিজ্ঞান, যন্ত্রশিল্প, শিক্ষা ও সংস্কৃতির অগ্রগতির সঙ্গে এর বৈচিত্র্য ঘটেছে অপরিমিত। ফলে, আগেকার মতো কোন সম্পাদকের পক্ষেই এখন আর গোটা সংবাদপত্রের বিষয়বস্তুর উপর নজর রাখা কিংবা একমাত্র নিজের দায়িত্বে সমস্ত পৃষ্ঠার মধ্যে সামঞ্জস্য রক্ষা করা কিম্বা পারম্পর্য বিধান করা সম্ভব নয়। এজন্য দায়িত্ব সহকর্মীদের মধ্যে বন্টন করে দেওয়া হয়েছে এবং আদর্শ নীতি মতবাদের দিক থেকে একজন

পর্যন্ত যে সমালোচনাই আমি করে থাকি না কেন, মুক্তকণ্ঠে এ কথাও স্বীকার না করে পারি না যে, আধুনিক সাংবাদিকতায় বহু দক্ষ সাংবাদিকের সাক্ষাৎও আমরা পাচ্ছি এবং মডার্ন জার্ণালিজম টেকনিকের দিক থেকে আগেকার সাংবাদিকতাকে বহুদূর পিছনে ফেলে চলে এসেছে। উৎকৃষ্ট সংবাদপত্রে কেবল সাহিত্য-প্রধান লেখা থাকলেই চলে না। জ্ঞান, বিজ্ঞান রাষ্ট্রনীতি সম্পর্কে বিশেষজ্ঞদেরও প্রয়োজন হয়ে থাকে। এজন্য স্পেশাল ট্রেনিংয়ের দরকার এবং এই ট্রেনিং ও বিশেষ জ্ঞান অর্জনের সুযোগ সৃষ্টি করার জন্যই বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতায় এম এ ডিগ্রি প্রবর্তন করা হয়েছে। এছাড়া মাঝে মাঝে আন্তর্জাতিক সেমিনারেরও ব্যবস্থা করা হয়ে থাকে। আমাদের যৌবনকালে এ সমস্ত সুযোগ তেমন ছিল না। এজন্য সময় সময় ব্যক্তিগতভাবে আমি অনুভব করি যে, নবীনদের তুলনায় আমরা সেকেলে হয়ে গেছি। আগেকার দিনের সম্পাদক-প্রধান কাগজ যেমন আর নেই, তেমনি নতুন যুগ ও জীবনের দাবী অনুসারে নতুন ধরনের সম্পাদকের বোধ হয় প্রয়োজন হয়েছে। এ বিষয়ে ১৯৪৭-৪৯ সালের খোদ ব্রিটিশ প্রেস কমিশনের রিপোর্ট থেকে সম্পাদকের মর্যাদা সম্পর্কে একটি তাৎপর্যপূর্ণ মন্তব্য উল্লেখ করা যেতে পারে :

We have been told that as a result of the emergence of big financial corporations in the newspaper industry and the consequent influence of commercial considerations upon the conduct of the newspapers which they own, the authority and the status of the editor have declined. This complaint appears to us to be misconceived. The truth is not so much that the status of editor have declined as that a new kind of paper has been created which calls for a new kind of editor.

অর্থাৎ এ যুগে নতুন ধরনের সংবাদপত্রের জন্ম হয়েছে। যার জন্য নতুন ধরনের সম্পাদকের প্রয়োজন। আরও সোজা করে বলা যেতে পারে যে একমাত্র ব্যবসায়িক উদ্দেশ্যে জনপ্রিয়তা বৃদ্ধির দিকে নজর রেখে যে পত্রিকা পরিচালিত হয়ে থাকে সেই পত্রিকার

সম্পাদক আর জনমত গঠনকারী সম্পাদক—এই দুয়ের মধ্যে প্রভাব প্রতিপত্তির দিক থেকে তফাৎ ঘটবেই। যেমন আমাদের দেশের সেকালের হরিশচন্দ্র মুখোপাধ্যায়, একালের সত্যেন্দ্রনাথ মজুমদার কিম্বা রামানন্দ চট্টোপাধ্যায়ের মতো সম্পাদক এ যুগে আর সম্ভব নয়। কিম্বা প্রসঙ্গক্রমে বলা যেতে পারে যে, মহাত্মা গান্ধীর ইয়ং ইন্ডিয়া কিম্বা মহান বিপ্লবী লেনিনের সম্পাদিত Iskra বা স্ফুলিঙ্গের মতো বিপ্লব ও গণ আন্দোলনের বার্তাবাহী কোন পত্রিকা আমাদের মতো বৃত্তিজীবী সাংবাদিকদের পক্ষে কল্পনা করাও কঠিন। কেননা আমাদের মধ্যে শতকরা ৯৯ জন সাংবাদিকই সাংবাদিকতাকে শিক্ষিত লোকের অন্যতম প্রধান জীবিকা অর্জনের পন্থারূপে গ্রহণ করেছেন। সুতরাং মিশন এখন প্রফেশনে পরিণত। বিজ্ঞানের ও বিশ্ববিদ্যার অগ্রগতির সঙ্গে সঙ্গে আধুনিক সাংবাদিকতা এজন্য জটিল ও বিচিত্র হতে বাধ্য।

উপসংহারে একথা বলতে চাই যে, আমরা বয়সের প্রান্ত সীমায় পৌঁছেছি, আমাদের কাল উত্তীর্ণ-প্রায়। কিন্তু যারা তরুণ, যারা সাংবাদিকতায় প্রবেশ করতে চান কিংবা সদ্য সদ্য প্রবেশ করেছেন তাঁদের কাছে বৃহৎ জীবন ও বৃহৎ জগৎ পড়ে আছে। আমরা পরাধীনতা থেকে স্বাধীনতায় প্রবেশ করেছি, কিন্তু সেই স্বাধীনতা জনগণের বিপ্লবে রূপান্তরিত হয়নি। ফলে শতকরা ৮০জন মানুষ জীবন-যন্ত্রণায় জর্জর। এই যন্ত্রণা থেকে তাদেরকে মুক্তি দিতে হবে। ব্যক্তিগত ভাবে আমার বিশ্বাস এযুগের তরুণ সাংবাদিকদের এবং সাহিত্যিক শিল্পীদের এই বৈপ্লবিক ব্রত গ্রহণ করতে হবে। অবশ্য এই পথে দুঃখ আছে, বিপদ আছে কিন্তু যে সমাজ ব্যবস্থায় কোটি কোটি মানুষ বিপন্ন এবং শোষিত ও অত্যাচারিত সেই অসংখ্য মানুষের সংগ্রামের যদি সাথী আমি হতে না পারি, তবে এই কলমবাজী করে লাভ কি? সাংবাদিকদের বিদ্যা বুদ্ধি তীক্ষ্ণতা ও প্রতিভা একমাত্র কায়েমী স্বার্থের দুয়ারে গচ্ছিত না রেখে আসুন আমরা নতুন ভারত ও নতুন সমাজ গড়ার প্রতিজ্ঞা গ্রহণ করি। অতীতের মহান সাংবাদিকেরা যে ঐতিহ্য সৃষ্টি করেছেন, সেই ঐতিহ্যের মর্যাদা রক্ষা করতে হলে ভারতীয় জনগণের বিপ্লবকে ত্বরান্বিত করতে হবে। আমাদের লেখনী মুখে সেই বিপ্লবের অগ্নিক্ষরা মন্ত্র ধ্বনিত হোক, এই পুরাতন জীর্ণ সমাজের ভগ্নস্তূপ থেকে নতুনতর সভ্যতা ও সংস্কৃতির স্বর্ণ-সৌধ নির্মিত হোক।

সোমনাথ লাহিড়ী

....

কমিউনিস্ট সাংবাদিকতার ঐতিহ্য ও লক্ষ্য

পার্টি সংগঠনের স্তর এবং সময়ের প্রয়োজন অনুযায়ী কমিউনিস্ট সাংবাদিকতার বৈশিষ্ট্য, লক্ষ্য ও প্রকৃতিও বদলায়। বদলাতে হয়।

লেনিন যখন বলশেভিক আন্দোলনের আদিযুগে, গোপন অবস্থায় কাগজ শুরু করলেন তখন তাঁর প্রধান লক্ষ্য ছিল নানা ধারার সমাজতান্ত্রিকদের মধ্যে বিপ্লবী মার্কসবাদের প্রতিষ্ঠা। আদর্শগত বিতর্কের মারফৎ বিপ্লবী কর্মীদের সংগঠিত করা।

কমিউনিস্ট আন্দোলনে আসার পর থেকেই আমি সব সময় মূলত প্রচার সংগঠনের কাজ করেছি। দীর্ঘকাল ধরে সংগঠনের বিভিন্ন স্তরে যেসব কাগজ আমরা বের করেছি, যেসব কাগজ পরিচালনায় আমি প্রত্যক্ষভাবে অংশ নিয়েছি তার কিছুটা পর্যালোচনা করলে হয়ত আমার বক্তব্য বোঝাতে সুবিধে হবে।

শুধুই পার্টির মুখপত্র নয়

কিন্তু তার আগে একটা কথা বলে রাখি, আমি 'স্বাধীনতা',

'কালান্তর'-জাতীয় সংবাদপত্রকে শুধু পার্টির মুখপত্র বলে ঘোষণা করাকে পছন্দ করিনা। কারণ তাহলে প্রথমেই সংবাদপত্রের উদ্দেশ্য কিছুটা গণ্ডিবদ্ধ হয়ে যায়। দৃষ্টিভঙ্গী সংকীর্ণ হয়ে পড়ে। দৈনিক সংবাদপত্রকে শুধুমাত্র সহমতের মানুষের কথা ভাবলে চলবে না। নতুন মানুষকে সহমতে টেনে আনার হাতিয়ার করতে হবে। তবেই কাগজ সংগঠক হয়ে উঠবে। কমিউনিস্ট পার্টির পরিচালনাধীন সংবাদপত্রকে শুধু পার্টির মুখপত্র বলে চিন্তা করা উচিত কিনা এ বিষয়ে আগেও বিতর্ক ছিল, আজও হয়ত আছে। তা জেনেই আমার দীর্ঘ অভিজ্ঞতা-প্রসূত মতটি দৃঢ়ভাবেই বলতে চাই যে 'পার্টির মুখপত্র' লেবেলটি শুরুতেই কাগজের ভিত্তিকে সংকুচিত করে। জনমন থেকে কিছুটা বিচ্ছিন্ন করে। তাই এ ধরনের 'মার্কা' ক্ষতিকর।

আগের কাগজগুলোর পর্যালোচনা করলে দেখা যাবে— কমিউনিস্ট আন্দোলন যখন পার্টি স্তরে ওঠেনি, মূলত এক বা একাধিক গোষ্ঠী বা চক্রের স্তরে রয়েছে তখনকার কাগজের লক্ষ্য এবং ভূমিকা পার্টি স্তরে উত্তরণের সঙ্গে সঙ্গে বদলে যায়। চক্রস্তরে নানা ধারার বিপ্লবী কর্মীদের মধ্যে মার্কসবাদ বা বৈজ্ঞানিক সমাজতন্ত্রের শুদ্ধতা রক্ষা, কর্মীদের সংহত করে ঐক্যবদ্ধ বিপ্লবী পার্টির প্রতিষ্ঠার প্রয়োজনীয়তাকে তুলে ধরার কাজই থাকে প্রধান। কিন্তু পার্টি স্তরে উন্নীত হলে কাগজকে গণমুখী হতে হয়। মূল নজর দিতে হয় গণচেতনায় প্রবেশের পথ খোঁজার কাজে। শ্রমজীবী সাধারণ মানুষের জীবন ও চেতনাকে প্রভাবিত ও সংগঠিত করার কাজই তখন প্রধান। একাজে সাফল্য না আনতে পারলে গণসংগঠন হিসেবে কাগজের ভূমিকা পালন সম্ভব নয়। এই কাজ করতে হলে শ্রেণী স্বার্থ ও দৃষ্টিভঙ্গী অম্লান রেখেই কাগজকে সর্বজনবোধ্য করতে হবে। কাগজ পড়াতে হবে ব্যাপকতর পাঠকগোষ্ঠীকে। পার্টি সমর্থকের গণ্ডি পেরিয়ে আলোড়িত করতে হবে জনমনকে। সস্তা জনপ্রিয়তা নয়, প্রকৃত অর্থে সর্বজনগ্রাহ্যতাই হবে সাফল্যের নিরিখ।

চাষী মজুর (১৯৩১) প্রথম কাগজ

'স্বাধীনতা' প্রথম কাগজ নয়। আমাদের প্রথম কাগজ 'চাষী মজুর'। চাষী মজুরের চরিত্র ছিল কিছুটা শ্রমিক কৃষক সংগঠনের

গেজেটের মতো। শ্রেণী-দৃষ্টিভঙ্গী থেকে কৃষক-মজুর সংবাদ প্রকাশ করা এবং তার সাহায্যে শ্রমিক কৃষকের মধ্যে প্রাথমিক সংগঠন শুরু করাই ছিল উদ্দেশ্য।

পরবর্তী পর্যায়ে বের করা হয় মার্কসবাদী, মার্কসপন্থী (১৯৩২-৩৩) নামে কয়েকটি কাগজ। তখন দেশের মধ্যে ছোট বড় কমিউনিস্ট ভাবাপন্ন গোষ্ঠী বা গ্রুপ তৈরী হয়েছে। এই কাগজগুলোর প্রধান লক্ষ্য ছিল এই সব বিচ্ছিন্ন গ্রুপের মত ও পথের বিভ্রান্তি কাটানো। স্বতঃস্ফূর্ততা, অর্থনীতিবাদ এবং সন্ত্রাসবাদের প্রভাব মুক্ত করে কমিউনিস্ট মতবাদকে প্রতিষ্ঠা করা। কমিউনিস্ট ভাবাপন্ন কর্মীদের মধ্যে আদর্শগত সংগ্রাম চালিয়ে সংহতি সৃষ্টি করাই ছিল এই স্তরের কাগজগুলোর প্রধান কাজ।

পরবর্তী স্তর—গণশক্তি (১৯৩৮)

এই কাজ করতে করতে আমরা দেখলাম কিছু কমিউনিস্ট কর্মী তৈরী হয়েছে। শ্রমিক-কৃষক আন্দোলনের মধ্যে আমরা খানিকটা প্রবেশ করাতে সক্ষম হয়েছি। আদর্শগত সংগ্রামের মধ্য দিয়ে তৈরী কমরেডরা প্রত্যক্ষ গণ-আন্দোলনে নেমে পড়ছেন। আন্দোলন ও সংগঠনে নেতৃত্ব দিতে শুরু করেছেন। এই সময়ের কাগজ 'গণশক্তি'। গণশক্তির পর্যায়ে আমরা জাতীয় স্তরে কাজ শুরু করেছি। কংগ্রেসের ভেতরে-বাইরে আদর্শগত লড়াই চালাচ্ছি। শ্রেণী দৃষ্টি নিয়ে জাতীয় রাজনীতিতে অংশগ্রহণ এবং প্রভাব বিস্তারই গণশক্তির-র মূল লক্ষ্য ছিল। গণশক্তির কাল পর্যন্ত আমাদের সামর্থ্য ছিল সীমাবদ্ধ। রণধীর দাশগুপ্ত এবং দেবকুমার দাস মিলে টাকা পয়সা দেওয়া, তোলা থেকে প্রয়োজনে মেসিন চালানো পর্যন্ত সব কাজ করতেন। ১৯৩৯-এর গোড়ায় গণশক্তি সরকার বন্ধ করে দেয়। আমিও জেলে চলে যাই।

'আগে চলো'

জেল থেকে বেরিয়ে কাগজ শুরু করি 'আগে চলো'। আগে চলো-র চরিত্র গণশক্তির থেকে আলাদা হলো। তখন শ্রমিক কৃষক আন্দোলনে আমাদের প্রভাব বেড়েছে। প্রতিষ্ঠা দৃঢ়তর হয়েছে। জাতীয় আন্দোলনেও আমরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছি। 'আগে চলো' সাপ্তাহিকভাবে প্রকাশিত হতো। শ্রমিক কৃষক আন্দোলন ছাড়াও জাতীয় রাজনীতির নানা বিষয়—

তখনকার আইনসভার কাজকর্ম, মন্ত্রিসভার সমালোচনা এবং অন্যান্য বিষয় যা সাধারণ মানুষকে উত্তেজিত করেছিল এমন সব কিছু আগে চলো-র পাতায় স্থান পেতে লাগলো। আগে চলো হল গণমুখী সাপ্তাহিক। বৃহত্তর পরিধির আন্দোলনের কাগজ। মনে রাখতে হবে এই সময়ই পার্টি চক্র স্তর থেকে সম্পূর্ণত পার্টি স্তরে উত্তীর্ণ হয়। আগের কাজের ফলে কর্মী বেড়েছে। জাতীয় রাজনীতির নানা ক্ষেত্রে আমরা সক্রিয় হয়ে উঠেছি। এর পরই আবার ধর-পাকড় শুরু হয়। 'আগে চলো' বেআইনী হলো। আমরা আত্মগোপন করতে বাধ্য হলাম। এই সময় আমরা বেআইনী ছাপাখানা তৈরী করে 'বলশেভিক' নাম দিয়ে বেআইনী কাগজ শুরু করি।

'বলশেভিক'—গোপন সাপ্তাহিক

'আগে চলো' বিক্রি হত ২ হাজার। অবাক হলাম যখন বেআইনী ভাবে প্রকাশিত ও প্রচারিত বলশেভিকও সহজেই ২ হাজার বিক্রি হতে লাগলো। তখন সাম্রাজ্যবাদী সন্ত্রাস প্রবল। বেআইনী কাগজ রাখার ঝুঁকি যথেষ্ট। তা সত্ত্বেও বলশেভিকের প্রচার বাড়তে লাগলো। বলশেভিক-এর জনপ্রিয়তা ছিল বিশেষত যুব-সমাজের মধ্যে। স্কুলে কলেজে 'বলশেভিক' দ্রুত ছড়িয়ে পড়লো। ১৯৪০, তাই এই কাগজের মূল উপজীব্য ছিল সাম্রাজ্যবাদী যুদ্ধের বিরুদ্ধে প্রচার আন্দোলন। সন্ত্রাসের ঝুঁকি ছাড়াও এধরনের বেআইনী কাগজ চালানোর খরচ ছিল অনেক। আমরা ৫ হাজার টাকা তোলার ডাক দিলাম। অবাক হলাম—এক মাসের মধ্যে ৭ হাজার টাকা উঠে গেলো। বলশেভিক জনপ্রিয় হয়েছিল। কারণ, যুদ্ধের অত্যাচার ও যুদ্ধবিরোধী লড়াইয়ের খবর বলশেভিকই নির্ভীকভাবে ছাপতো। জাতীয়তাবাদী কাগজগুলোর ওপর ছিল একদিকে সরকারী চাপ অন্যদিকে বিভ্রান্তি। বলশেভিকের জনপ্রিয়তা এবং বলশেভিকের সমর্থনে সংগঠন প্রমাণ করল আমরা জনসাধারণের অব্যক্ত ইচ্ছাকে রূপ দিতে পেরেছি। সেই জন্যই প্রতিকূলতা কাটিয়ে টাকা সংগ্রহ করা এবং বিক্রিতে সাফল্যলাভ করেছি।

'জনযুদ্ধ'—গণ সাপ্তাহিক

এর পরই এসে গেলো '৪২ সাল। সোভিয়েত আক্রমণের

ফলে আমাদের কাছে যুদ্ধের প্রকৃতি বদলে গেছে। আমরা জনযুদ্ধের নীতি গ্রহণ করেছি। তখনকার কাগজ হল 'জনযুদ্ধ'। আমি ছাড়া পেলাম ১৯৪২-এর সেপ্টেম্বরে। আইনী সুবিধার জন্য তখনকার এম এল এ বঙ্কিম মুখার্জির নাম সম্পাদক হিসাবে রেখে জনযুদ্ধ বের করা হল। জনযুদ্ধের সময় পার্টির লাইন ছিল যুদ্ধ প্রচেষ্টাকে যতদূর সম্ভব সমর্থন কর। যেখানেই প্রয়োজন লড়াই কর। জনযুদ্ধের প্রচার ছাড়াও এই কাগজের একটি নতুনত্ব ছিল এক্সপোজার মূলক লেখা। যুদ্ধকালীন অবস্থায় বেড়ে ওঠা সবরকম দুর্নীতির মুখোশ খুলে দেওয়ার কাজে আমরা নির্ভীক-ভাবে নতুন পথ দেখিয়েছি। সাধারণ মানুষের মধ্যে আমাদের মূল রাজনৈতিক লাইন যুদ্ধে সমর্থন মোটেই জনপ্রিয় ছিল না। তবু দুর্নীতির বিরুদ্ধে আমাদের লেখা এবং কাজ সংকীর্ণতার গণ্ডি পেরিয়ে জনসাধারণের কাছে নিয়ে গেলো। রাজনৈতিক মতের জন্য 'দেশদ্রোহী' বলে চিহ্নিত হয়েও আমাদের সাপ্তাহিক ২০ হাজার বিক্রি হতে লাগলো। তখন ২০ হাজার বিক্রি সাপ্তাহিক আর একটিও ছিল কিনা সন্দেহ। 'জনযুদ্ধ' প্রকৃত অর্থেই গণ-সাপ্তাহিক হতে পারলো। মূলনীতিতে আমরা অবিচল থেকেও জনযুদ্ধের পাতায় সাম্রাজ্যবাদ ও দেশী শোষকদের অন্যায় অত্যা-চারের বিরুদ্ধে সাধারণ মানুষের কণ্ঠ ও প্রতিবাদকে ভাষা দিতে পেরেছিলাম। এই সময় সম্পূর্ণ প্রতিকূল আবহাওয়ায় আমাদের কর্মী ও সংগঠকরা যে অসাধারণ নিষ্ঠা, মনোবল নিয়ে কাজ করে-ছিলেন তা ভোলার নয়। শুধু বিক্রিই নয়, এই সময়েই আমরা টাকাও তুলেছি প্রচুর।

'স্বাধীনতা'—প্রথম দৈনিক

'জনযুদ্ধে'র সাফল্যে অনুপ্রাণিত হয়েই আমরা দৈনিক 'স্বাধীনতা'র কথা ভাবতে পেরেছিলাম (১৯৪৫ ডিসেম্বর)। জনযুদ্ধই স্বাধীনতায় রূপান্তরিত হল। দেশের রাজনৈতিক পট পরিবর্তন শুরু হয়ে গেছে। যুদ্ধোত্তর বিদ্রোহের মেজাজ ফুটে উঠেছে। জনযুদ্ধের থেকে একটা তৈরী টীম আমরা পেয়েছি। সৌভাগ্যক্রমে পার্টির কমিটির মধ্যেই এমন বেশ কয়েকজন ছিলেন যাঁরা সাংবাদি-কতায় না হলেও অন্য মাধ্যমের লেখক। দৈনিক কাগজের অভিজ্ঞতা এক নৃপেন চক্রবর্তী ও সুকুমার মিত্র ছাড়া আমাদের মধ্যে কারুর

ছিল না। পরীক্ষিত লেখক-বুদ্ধিজীবী কমরেডরা ছাড়াও বেশ কিছু আনকোরা কর্মীও উৎসাহের সঙ্গে এসে জড়ো হলেন স্বাধীনতার কাজে। আমরা সে সময়কার স্বাধীনতার কর্মীরা গর্ব করতে পারি যে অল্প সময়ের মধ্যেই আমরা স্বাধীনতাকে সকলের কাছে জরুরী এবং অতি প্রয়োজনীয় করে তুলতে পেরেছিলাম। সমস্ত বিরোধী শক্তির আক্রমণ ও কুৎসার যোগ্য জবাব দেবার শক্তি ও আত্মপ্রত্যয় অর্জন করতে পেরেছিলাম। পার্টি কর্মী ও সংগ্রামী মানুষের মধ্যে সে বিশ্বাসকে ছড়িয়ে দিতে পেরেছিলাম।

স্বাধীনতাকে শ্রেষ্ঠ অর্থেই একটা সার্বজনীন সংবাদপত্র করে তুলতে পেরেছিলাম। এ সার্বজনীনতা কিন্তু শ্রেণীস্বার্থ ক্ষুণ্ণ করে বা শ্রেণী দৃষ্টিভঙ্গী পরিত্যাগ করে অর্জন করা হয়নি। তাকে শানিত ও তীব্রতর করেই করা সম্ভব হয়েছিল। শোষিত সংগ্রামী মানুষের সমর্থনে আমাদের গভীর আস্থা থেকেই আমরা তখন শ্রেণীবিরোধী সমস্ত বিজ্ঞাপন দিনের পর দিন প্রত্যাখ্যান করেছি।

কাগজ থেকে গণ আন্দোলন

সংবাদপত্রের সাফল্য আমাদের গণ-আন্দোলনকে দ্রুত প্রসারে সাহায্য করল। যুদ্ধোত্তর গণ-আন্দোলনের উঠতি জোয়ারে পার্টি ও লাল ঝাণ্ডা সর্বত্র প্রোথিত হতে শুরু করল। কাগজ ছড়িয়ে দিল পার্টিকে সারা বাংলায়—কলে কারখানা, অফিসে আদালতে, খেতে-খামারে।

কমিউনিস্টদের কাগজকে শ্রেণী-আনুগত্যের গণ্ডি অতিক্রম করে সর্বজনীন হতেই হবে।

সাধারণ মানুষ যখন নিজেদের কাগজ মনে করে নানা প্রান্ত থেকে খবর, রিপোর্টিং লেখা নিয়ে হাজির হবে তখনই হবে কাগজের সাফল্য। পার্টির কাগজ যখন জনসাধারণের মধ্যে ছড়িয়ে পড়ে জনচেতনাকে রূপান্তরের ক্ষমতা অর্জন করবে, শ্রেণীশত্রুদের বিশাল প্রচার অস্ত্রের মুখোমুখি সমান দাপটের সঙ্গে রুখে দাঁড়াতে পারবে তখনই হবে কমিউনিস্ট সংবাদপত্র ও সাংবাদিকতার সাফল্য।

সরোজ মুখোপাধ্যায়

....

বিপ্লব ও সংবাদপত্র

শোষিত বঞ্চিত মানুষের রাজনৈতিক চেতনা বৃদ্ধিই বি সাধনের মূল কথা। জনগণের অংশ গ্রহণ ব্যতীত কোন বিপ্লব সার্থকভাবে রূপায়িত হয় না। মানব সমাজে আজ পর্যন্ত যতগু বিপ্লব সাধিত হয়েছে তার প্রত্যেকটিতেই জনসাধারণের ভূমি অর্থাৎ সক্রিয় অংশ গ্রহণই ছিল প্রধান শক্তি। দাসপ্রথা, সামন্ততন রাজতন্ত্র—সব কিছুকেই বিপ্লবের মাধ্যমে উৎখাত করে ধনত প্রতিষ্ঠিত হয়েছে। আবার ধনতন্ত্রের অবসানের উপর গড়ে উঠ সমাজতন্ত্র। তার জন্যও চাই সর্বহারা বিপ্লব।

এমনকি সমাজের অর্থনৈতিক ভিত্তির আমূল পরিবর্তন জন্য যেমন বিপ্লব দরকার, তেমনি যুগে যুগে তার উপরিকাঠামে গুলির পরিবর্তনের জন্যও বিপ্লবের প্রয়োজন হয়। শিল্প বিপ্ল কৃষি বিপ্লব, সাংস্কৃতিক বিপ্লব, সর্বোপরি সামাজিক বিপ্লব—এ স কিছুরই সাফল্য অর্জিত হয়েছে জনগণকে সঙ্গে নিয়ে। কোন ব্য ব্যক্তিগত ভাবে একটা বৈজ্ঞানিক তত্ত্ব আবিষ্কার করতে পারে

একটা নতুন সমাজের অগ্রগতির পথ অথবা উৎপাদন বৃদ্ধির নতুন যান্ত্রিক পদ্ধতি আবিস্কার করতে পারেন। কিন্তু সে অধিকার মূল্যহীন হয়ে পড়ে যদি তা জনগণের মধ্যে প্রচারিত না হয়, যদি তা বাস্তবে রূপ পরিগ্রহ না করে।

কার্ল মার্ক্স তাই বলেছিলেন—মার্কসবাদ রাষ্ট্র ও সমাজের ক্ষেত্রে বৈজ্ঞানিক মতবাদ। কিন্তু এটা একটা শুষ্ক তত্ত্ব কথা নয়, জনগণের বাস্তব জীবনে তাকে প্রয়োগ করতে হবে (নট এ ডগমা বাট এ গাইড টু অ্যাকশান)। তাই মূলকথা জনগণের সঙ্গে নিবিড় সম্পর্ক প্রতিষ্ঠিত করতে হবে রাষ্ট্র বিজ্ঞানের মূল বক্তব্যগুলিকে। জনগণকে বুঝতে হবে, বোঝাতে হবে প্রকৃতি বিজ্ঞান, রাষ্ট্র বিজ্ঞান ও সমাজ বিজ্ঞান তথা সমাজ পরিবর্তনের ধারার প্রধান প্রধান বিষয়গুলি। শ্রমশক্তির বিনিময়ে যে উৎপাদন শ্রমিক করছে তার থেকে মূল্য চুরি করছে মালিক। অর্থাৎ উদ্বৃত্ত মূল্যের আবিস্কার না হলে শোষণের মূল কথাটাই শ্রমিকশ্রেণী বা শোষিত মানুষ কোনদিন অনুধাবন করতে পারতেন না। তা না হলে শোষক শ্রেণীকে উৎখাত করার ও নতুন সমাজ (সমাজতন্ত্র) প্রতিষ্ঠা করার আগ্রহ ও বৈপ্লবিক প্রবণতা কোনদিনই শোষিত জনগণের মধ্যে জাগ্রত হত না।

লেনিনের কথায়—যারা লেখাপড়া শেখে নি, যারা বই পত্র পড়তে পারে না, যারা সমাজ বিবর্তন ও সমাজবিপ্লব সম্পর্কে কোন ধারণাই করতে পারে না, তাদের কাছে সমাজতন্ত্রের বাণী পৌঁছে দেবে বুদ্ধিজীবী শিক্ষিত সম্প্রদায়।

শোষক শ্রেণী, বুর্জোয়ারা এবং তারও আগে রাজতন্ত্রী ও সামন্তবাদীরা সংবাদ প্রচার করার নানা পদ্ধতি বের করেছিল। পুস্তক ও সংবাদপত্র প্রকাশ ও প্রচার ছাড়া প্রতিটি রাজসভায় বক্তৃতা, গান, তদানীন্তন বিদ্বান ও পন্ডিত ব্যক্তিদের নিয়ে পরিষদ গঠন প্রভৃতির মাধ্যমে তাঁদের পক্ষে প্রচার ধারা ব্যাপকভাবে জনগণের মধ্যে ছড়িয়ে দিতেন। পরবর্তী যুগে ধনতন্ত্রের বিকাশের সঙ্গে সঙ্গে, শিল্প বিকাশের সঙ্গে সঙ্গে, মুদ্রণযন্ত্র ও মুদ্রণ শিল্প বিকাশের সঙ্গে সঙ্গে সংবাদপত্র ও পুস্তক প্রকাশের প্রয়োজনীয়তা বহুগুণ বৃদ্ধি পায়। বৃটিশ আমাদের দেশে এসে সঙ্গে সঙ্গে শুরু করে মুদ্রণ ব্যবস্থা (কেরী-মার্শম্যানের যুগ)। দিগদর্শন, সমাচার দর্পণ,

 সংবাদ প্রভাকর প্রভৃতি পত্র পত্রিকা প্রকাশের কাজ শুরু হয়ে যায়।

তারও আগে কার্ল মার্কস-এঙ্গেলসের পূর্বসূরী নিৎসে, হেগেল, দান্তে, টলস্টয়, রবার্ট আওয়েন প্রমুখের যুগে সংবাদপত্রের মাধ্যমে তাঁদের দার্শনিক ও রাষ্ট্রনীতির আবিস্কারগুলি প্রবন্ধাকারে প্রকাশিত হয়েছে। তারও আগের ইতিহাস (অর্থাৎ অ্যারিস্টোটলের যুগ) বর্ণনা করা এ প্রবন্ধের পরিধির বাইরে। যাই হোক, এটা সকলেই জানেন যে কার্ল মার্কস যদি নিউ ইয়র্ক টাইমস বা রাইনৎসে জিটুং প্রভৃতি পত্রিকায় প্রবন্ধ প্রকাশের সুযোগ না পেতেন তা হলে বর্তমান কালের বিরাট সমাজ-বিপ্লবের অগ্রগতি সম্ভব হত কি? বৃটিশ মিউজিয়মে বসে কার্ল মার্কস দিনের পর দিন সংবাদ পত্রাদি যদি পাঠ করার সুযোগ না পেতেন তা'হলে তাঁর অমূল্য গ্রন্থগুলি কি রচিত হতো? তিনি কি ভারতের সিপাহী বিদ্রোহের মধ্যে প্রথম জাতীয় স্বাধীনতা আন্দোলনের উন্মেষ দেখতে পেতেন এবং ভারত প্রসঙ্গে তাঁর বৈজ্ঞানিক স্বচ্ছ দৃষ্টিভঙ্গি প্রকাশ করে যেতে পারতেন? সংবাদ, পুস্তক ও সংবাদপত্রের মূল্য এখানেই। বৈজ্ঞানিক ও কলা বিষয়ক অনুশীলন ও পর্যালোচনা, নব নব আবিষ্কার প্রথমেই প্রকাশিত হয় সংবাদপত্রে। যে কোন বিষয় জনগণের মানস-জগতে চিন্তাক্ষেত্রে প্রবেশ করাবার একমাত্র পদ্ধতি হল পুস্তক রচনা ও সংবাদপত্র প্রকাশ। বর্তমান যুগে মানব সমাজের সভ্যতার অগ্রগতির সাথে সাথে একথাটা আর ব্যাখ্যা করার প্রয়োজন হয় না। বর্তমান বিশ্বে সংস্কৃতি ও শিক্ষার মান কোন দেশে কতদূর উর্দ্ধে বা নীচে তার যাচাই হয় সেই সেই দেশে পত্র পত্রিকার, ম্যাগাজিনের ও সাহিত্যের সংখ্যা এবং প্রকারভেদ কি ধরণের তার বিচারের মধ্য দিয়ে। কিন্তু প্রশ্ন হল—এই সংবাদপত্র কার স্বার্থে, কোন উদ্দেশ্যে প্রকাশিত ও প্রচারিত হবে। এখানেই মূল প্রশ্ন।

স্বাধীনতা আন্দোলনের যুগে এই পরীক্ষা আমাদের দেশের শিক্ষিত বুদ্ধিজীবী সম্প্রদায়কে দিতে হয়েছে। সংবাদপত্র প্রকাশ ও রাজদ্রোহমূলক প্রবন্ধ প্রকাশের জন্য ভারতের প্রত্যেকটি প্রদেশে বহু সম্পাদক ও লেখককে বৃটিশের রাজরোষে পড়তে হয়েছে। কারাগারের অন্তরালে তাঁদের বছরের পর বছর কাটাতে হয়েছে। কি গান্ধীবাদী রাজনীতি, কি বিপ্লববাদী (ইংরেজরা একে সন্ত্রাস-

বাদী আখ্যা দিত) রাজনীতি, কি শ্রমিক-কৃষক আন্দোলনের রাজনীতি; কি সমাজতন্ত্রবাদের রাজনীতি—সর্বক্ষেত্রেই সংবাদ পত্রের মাধ্যমকে ব্যবহার করতে হয়েছে।

বর্তমান যুগে দ্বন্দ্ব চলেছে সংবাদপত্রের ভূমিকা নিয়ে। কার স্বার্থে লিখব—এ প্রশ্নকে কোনমতেই এড়িয়ে যাওয়া যাবে না। লেখার মধ্য দিয়ে একটা রাজনীতির আভাস থাকতে বাধ্য। চিন্তা জগত থেকে যা বেরয় তা সমাজ ও রাজনীতির সম্পর্ক থেকে বিচ্ছিন্ন কিছু হতে পারে না। এই দৃষ্টিভঙ্গিটি পরিষ্কার করার জনাই কমরেড লেনিন "কি করতে হবে" পুস্তকে গভীর কয়েকটি কথা বলে গেছেন। তিনি লিখছেন : একমাত্র বিকল্প হলো—হয় বুর্জোয়া (শোষক শ্রেণী) অথবা সমাজবাদীদের তত্ত্ব বা আদর্শ। তৃতীয় পন্থা নেই। কারণ মানব সমাজ "তৃতীয় তত্ত্ব বা আদর্শ" বলে কিছু তৈরী করে নি। উপরন্তু শ্রেণীবিভক্ত সমাজে শ্রেণী অথবা শ্রেণীর উর্ধে বলে কোন আদর্শ থাকতেই পারে না। সুতরাং সমাজতান্ত্রিক আদর্শকে একটু ছোট করে দেখার অর্থই হল বুর্জোয়া শোষক শ্রেণীর আদর্শ ও তত্ত্বকে শক্তিশালী করা।

লেনিন শ্রমিক শ্রেণীকে বিপ্লবের উপযোগী করে শিক্ষিত করার জন্য তাদের মধ্যে রাজনীতি নিয়ে যাবার প্রশ্ন জোরের সাথে উত্থাপন করলেন। শুধু অর্থনীতিক দাবিদাওয়ার উপর সংগ্রামকে অর্থনীতিবাদের গণ্ডিতে আবদ্ধ রাখলে চলবে না, রাজনীতি দিতে হবে।

তিনি লিখলেন : এখন জারইয়া এবং ইসক্রা অর্থনীতিবাদের বিরুদ্ধে আক্রমণ শুরু করার সঙ্গে সঙ্গে সবাই বল্লেন ঠিক কথা ঠিক কথা। কিন্তু সবই আনুষ্ঠানিকভাবে, প্রকৃত প্রস্তাবে এই সংবাদপত্রের প্রবন্ধগুলির বক্তব্য কি বাস্তব ক্ষেত্রে প্রয়োগ করা হচ্ছে? রাজনীতিক শিক্ষার অর্থ কি? শ্রমিকরা রাজনৈতিক ভাবে অত্যাচারিত নিষ্পেষিত একথা বলাটাই যথেষ্ট নয়। জীবন-জীবিকায়, কাজ কর্মে, শিল্প-কারখানার জীবনে, পৌর জীবনে, ব্যক্তিগত ও পারিবারিক জীবনে, ধর্মীয় জীবনে, বৈজ্ঞানিক জীবনে—প্রতিটি ক্ষেত্রে শ্রমিকদের রাজনৈতিক চেতনা জাগ্রত ও বৃদ্ধি করতে না পারলে আমরা আমাদের কর্তব্য পালন করতে পারলাম না—এটা ভাল করে বুঝতে হবে। (কি করতে হবে, পৃঃ ৫৩)

আরো স্বচ্ছ ও সুস্পষ্ট ভাষায় লেনিন লিখেছেন—সংবাদপত্র শুধু প্রচারক নয়, সমষ্টিগতভাবে পত্রিকা সংগঠকের কাজ করে। পত্রিকা প্রকাশ ও প্রচারের মাধ্যমে শ্রমিকদের সংগঠন শুরু হয় ও মজবুত হয়। সংবাদপত্র ব্যতিরেকে শ্রমিক-কৃষক শোষিত জনগণের কাছে সমাজতন্ত্রের বক্তব্যকে নিয়ে যাবে ? যে কোন রাজনৈতিক দল প্রতিষ্ঠিত হবার সঙ্গে সঙ্গে তাকে একটা সংবাদপত্র প্রকাশ করতেই হয়। তার মতামত, তার বক্তব্য, তার আদর্শ প্রচারের দ্বিতীয় পন্থা নেই।

শোষকশ্রেণী বৃহৎ সংবাদপত্র এবং সরকার-পুষ্ট রেডিও-টেলিভিশানের মাধ্যমে দিবারাত্র তাদের আদর্শ, তাদের কর্মধারা ও প্রতিপক্ষের বিরুদ্ধে অপপ্রচার চালিয়ে যাচ্ছে। মার্কসবাদী তত্ত্বে বলা হয়েছে—বুর্জোয়া শাসন ও শোষণ বজায় রাখার যে কয়টি স্তম্ভ আছে তার মধ্যে সংবাদপত্র প্রচার মাধ্যমটি অত্যন্ত শক্তিশালী স্তম্ভ। অন্যগুলি হল পুলিশ-সৈন্য-কোর্ট-আদালত ও অন্যান্য নিপীড়নমূলক ব্যবস্থা। সংবাদপত্র একটি প্রধান স্তম্ভ যেমন শোষক শ্রেণীর, তেমনি শ্রমজীবী মানুষেরও বিপ্লব সংগঠিত করার একটি প্রধান মাধ্যম সংবাদপত্র। একযোগে সংবাদপত্রকে কেন্দ্র করেই শ্রমিকরা বস্তিতে, কৃষকরা গ্রামে, নারীরা বাড়ি ও মহল্লায়, সৈন্যরা ব্যারাকে মধ্যবিত্ত ছাত্র যুব শিক্ষক ও অন্যান্য পেশায় নিযুক্ত মানুষ নিজ নিজ প্রতিষ্ঠানে, নিজেদের সংগঠিত করে এবং রাজনৈতিক আলাপ আলোচনা চালায়। আর এই ভাবেই গড়ে ওঠে বিপ্লবের বিভিন্ন কেন্দ্র।

আশী বছর পূর্বে কমরেড লেনিন যা লিখে গেছেন তা আজ যেন মনে হয় আমাদের আজকের অবস্থা ও কথা মনে রেখেই তিনি একথা লিখেছিলেন। তিনি লিখেছিলেন—একখানা পত্রিকা বিলি করার কাজটুকুর মাধ্যমেই মানুষের সঙ্গে আমরা যোগসূত্র স্থাপন করতে পারি—প্রকৃত যোগাযোগ স্থাপিত হয়। নিয়মিত পত্রিকা প্রকাশ করে, মাসে মাসে দু-চার মাস অন্তর একবার করে প্রকাশ করা নয়—নিয়মিত, সত্যই প্রকৃতঅর্থে সংবাদপত্র, প্রকাশ করতে হবে এবং তাই নিয়ে যেতে হবে মানুষের কাছে। সংবাদপত্র বিতরণের মাধ্যমে রাজনৈতিক মতবিনিময়, আলোচনা সম্ভব হয়। অভিজ্ঞতার বিনিময় হয়। একটা জায়গার সাফল্য অন্য জায়গার মানুষকে উৎসাহিত

করবে। স্থানীয় ও আঞ্চলিক কাজকর্ম অনেক বেশী সমৃদ্ধ হবে, বর্তমানের চেয়ে অনেক ধরণের কাজ করায় উৎসাহ আসবে। সারা দেশের অর্থনৈতিক-রাজনৈতিক স্বরূপ উদ্ঘাটনের (শাসক শ্রেণীর) ঘটনাবলী শ্রমিকদের মনের ও চিন্তার খোরাক জোগাবে। সমস্ত শিল্পের শ্রমিকদের মধ্যে সমস্ত স্তরের বিকাশের সময় ঘটনা ও তথ্য পেলে শ্রমিকরা কথা বলার, আলোচনা করার মাল মসলা পাবে। জনগণের পক্ষে কথাবার্তা বলার সুযোগ বাড়বে, সরকার পক্ষের নির্লজ্জ অসত্য প্রচারের স্বরূপ প্রকাশ করে দিতে তারা সক্ষম হবে।

শুধু লিখিত বক্তব্য বা তত্ত্বগত কথা নয়, বাস্তব অভিজ্ঞতায় দুনিয়ার সমস্ত শ্রেণীর মানুষই দেখেছিল—সংবাদপত্র ব্যতিরেকে কোন বিপ্লব বা প্রতিবিপ্লব কোনটাই সম্ভব নয়। বিপ্লবীরা অবশ্যই বিপ্লবের প্রস্তুতিই করবেন। তাই বিপ্লবী সংগঠনের অন্যতম প্রধান ও প্রাথমিক কর্তব্য নিয়মিত ভাবে একটি সংবাদপত্র প্রকাশ করা।

সুকুমার মিত্র

....

ভারতবর্ষের সংবাদপত্রের প্রথম শতবর্ষ (১৭৮০-১৮৮০)

পলাশীর যুদ্ধের পর ইংরাজ বণিকের মানদণ্ড যখন রাজদণ্ডে পরিণত হল তারপর থেকেই গড়ে উঠতে শুরু করেছিল ব্রিটিশ সাম্রাজ্যবাদের ভিত যার ফলে ভারতবর্ষের পুরাতন সমাজ-ব্যবস্থা ধসে পড়তে থাকল। এভাবেই ভারতবর্ষে পুঁজিবাদী ব্যবস্থার ভিত গড়ে ওঠে। আর এই সময়েই দেখা দেয় বিদেশী শাসক-গোষ্ঠীর মধ্যে বিবাদ বিসংবাদ। হিকি সাহেবের 'বেঙ্গল গেজেট' এরই ফল।

ভারতবর্ষ তথা বাংলার সংবাদপত্রের ইতিহাসে হিকি সাহেবের 'বেঙ্গল গেজেট' প্রথম মুদ্রিত পত্রিকার সম্মান পেলেও সেদিন ভারতীয় জনগণের এমনকি উদীয়মান ভারতীয় শিক্ষিত শ্রেণীর সঙ্গে এই পত্রিকা অথবা পরে প্রকাশিত একাধিক ইংরাজী পত্রিকার কোন যোগ ছিল না এবং ভারতীয় জনগণের আশা আকাঙ্ক্ষা ও সুখ-দুঃখের কোন পরিচয়ও এই সব শ্বেতাঙ্গ পরিচালিত পত্রিকায় পাওয়া যেত না। তবে এইসব পত্রিকা দেখেই

শিক্ষিত ভারতীয়দের মনে পত্রিকা সম্বন্ধে একটা ধারণা গড়ে ওঠে।

শ্রীরামপুরের ব্যাপটিস্ট মিশনের পাদ্রীরাই প্রথম বাংলা কাগজ বের করে শিক্ষিত বাঙালীদের মনে সাড়া জাগান। গঙ্গাকিশোর ভট্টাচার্যের 'বাঙ্গাল গেজেটি', 'সমাচার দর্পণে'র সমসাময়িক প্রথম বাঙালী পরিচালিত পত্রিকা। মাত্র এক বছর পত্রিকাটি টিকেছিল। এর কোন সংখ্যা পাওয়া যায় নি।

নতুন সমাজ ব্যবস্থা (যতই অসম্পূর্ণ হোক) বাংলা দেশে এক নতুন জীবনের আলোড়ন তোলে। শিক্ষিত শ্রেণী নতুন ভাবাদর্শে অনুপ্রাণিত হয়ে ইংল্যান্ডের অনুকরণে দেশকে নতুন করে গড়ে তুলতে উদ্যোগী হন। কিন্তু স্বাভাবিক ভাবেই তাঁদের মধ্যে মতবিরোধ দেখা দেয়। সনাতন সমাজকে পাশ্চাত্য প্রভাব থেকে মুক্ত রাখার জন্য শিক্ষিতশ্রেণীর একাংশ উঠে পড়ে লেগে যান। অপর দিকে রক্ষণশীলতার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন শিক্ষিত শ্রেণীর অপরাংশ। উভয় পক্ষই ছিলেন বিদেশী কর্তৃপক্ষের অনুগত, কিন্তু ক্রমে এই আনুগত্যে ফাটল ধরে।

রাজা রামমোহন রায় একদিকে পাদ্রীদের ধর্মান্তর আন্দোলন রুখবার জন্য পাদ্রীদের প্রচারের অসারতা ও হিন্দু ধর্মের শ্রেষ্ঠত্ব প্রমাণের চেষ্টা করতে থাকেন এবং সঙ্গে সঙ্গে হিন্দু সমাজের দুর্নীতি ও কু-সংস্কারের বিরুদ্ধে আন্দোলন চালান। রক্ষণশীল দলও আন্দোলনে নেমে পড়েন। এর ফলে 'সম্বাদ কৌমুদী', "বঙ্গদূত" 'সমাচার চন্দ্রিকা' 'সংবাদ প্রভাকর' প্রভৃতি সাপ্তাহিক পত্রিকা আত্মপ্রকাশ করে। এগুলির মধ্যে ঈশ্বর গুপ্ত সম্পাদিত 'সংবাদ প্রভাকর' প্রথম বাংলা দৈনিকরূপে আত্মপ্রকাশ করে ১৮৩৯ সালের ১৪ জুন। 'সংবাদ প্রভাকর' ও 'সংবাদ পূর্ণচন্দ্রোদয়' সেকালের সবচেয়ে দীর্ঘস্থায়ী বাংলা কাগজ। প্রথমটি প্রায় ৫৩ এবং দ্বিতীয়টি ৭৩ বছর টিকেছিল। এ সব কাগজে সামাজিক প্রথার পক্ষে বিপক্ষে লেখালেখি হোত, সরকারের বিভিন্ন ব্যবস্থার সমালোচনা-কখনও কখনও করা হোত। তবে প্রগতিশীল ও রক্ষণশীল উভয় পক্ষই কোম্পানির শাসনের সমর্থক ছিলেন। রামমোহন রায় নতুন মধ্য শ্রেণীর উদ্ভবে যখন উল্লসিত এবং তাঁর একেশ্বরবাদ প্রসারের জন্য প্রতিষ্ঠিত ধর্মসভা যখন ব্রাহ্ম ধর্মে পরিণত হতে চলেছে তখন সনাতনপন্থী ও প্রগতিপন্থীদের লড়াই-এর আসর হয়ে

দাঁড়ায় উভয় পক্ষের সংবাদপত্রগুলি। এ সময় একাধিক বাংলা দৈনিক প্রকাশিত হয়েছিল।

কোম্পানির শাসন ও শোষণ যে সারা দেশকে বারুদের স্তূপে পরিণত করেছে এ সম্বন্ধে শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণীর কোন চেতনাই ছিল না। তাই ১৮৫৭ সালের ভারতীয় মহাবিদ্রোহের প্রচণ্ড বিস্ফোরণ তাঁদের শঙ্কিত ও বিচলিত করে তোলে।

শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণী যখন কোম্পানী-রাজ্যের অনাচার-অবিচারের সমালোচনা শুরু করেছেন —এমন কি প্রতিবাদ জানাতেও দ্বিধা করছেন না তখন শাসকগোষ্ঠী দেশীয় সংবাদপত্রের কন্ঠরোধ করার উদ্দেশ্যে কঠোর ব্যবস্থা অবলম্বন করেন।

এরই প্রতিবাদে রামমোহন রায় তাঁর ফারসী ভাষায় প্রকাশিত "মীরৎ-উল-আখবার" পত্রিকার প্রকাশনা বন্ধ করে দেওয়ার আগে এক স্মরণীয় প্রবন্ধ প্রকাশ করেছিলেন।

শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণীর মধ্যে যখন অসন্তোষ পুঞ্জীভূত ঠিক তখনই মহাবিদ্রোহের আগুন জ্বলে ওঠে।

এই দাবানল মধ্যবিত্ত শ্রেণীর কাছে একেবারেই অপ্রত্যাশিত ছিল। তাই তাঁরা তাঁদের পরিচালিত সংবাদপত্র ও সাময়িক পত্রিকাগুলিকে কোম্পানীর প্রতি আনুগত্য প্রকাশে উঠে পড়ে লেগে যান।

কিন্তু ভারতীয় মহাবিদ্রোহ তো শুধু অপমানিত ও বঞ্চিত রাজা রাজড়াদের, শুধু বিক্ষুব্ধ সিপাহীদের বিদ্রোহ ছিল না, ভারতীয় মহাবিদ্রোহ ছিল লক্ষ লক্ষ বঞ্চিত কৃষক ও কারিগরের বিদ্রোহ। সাংবাদিকতার ক্ষেত্রে এই মহাবিদ্রোহ তার দান রেখে গেল।

ভারতীয় মহাবিদ্রোহের নেতাদের মধ্যে কিছু সংখ্যক বুদ্ধিজীবী ছিলেন। এঁদের মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য হলেন আজিম উল্লা। ইনি ছিলেন মহাবিদ্রোহের মস্তিষ্কস্বরূপ। আজিম উল্লা ইংরাজী ও ফরাসী ভাষা জানতেন এবং ইয়োরোপে বেশ কিছুকাল বাস করে তিনি আধুনিক জীবন সম্পর্কেও ওয়াকিবহাল হন।

আজিম উল্লা প্রচার মাধ্যমের গুরুত্ব উপলব্ধি করে মুক্তিকামী ভারতীয়দের মুখপত্র স্বরূপ "পায়ম-ই-আজাদী"

নামে একটি পত্রিকা প্রকাশ করেন। জি টি ম্যালিসন সম্পাদিত "দ্য রেড প্যামফ্লেট" গ্রন্থের অন্তর্ভুক্ত এই পত্রিকার একটি সম্পাদকীয় প্রবন্ধের অনুবাদ থেকে "পায়ম-ই-আজাদীর" দৃষ্টিভঙ্গির পরিচয় পাওয়া যায়। এর কিছুটা অংশের অনুবাদ নীচে দেওয়া হলো।

"ভারতবাসীগণ! বহুদিন থেকে যার প্রতীক্ষায় ছিলাম স্বাধীনতার সেই পবিত্র মুহূর্ত সমাগত। হিন্দুস্তানবাসীরা এতদিন প্রবঞ্চিত হচ্ছিল এবং তারা নিজেদের তরবারি দিয়ে নিজেদেরই গলা কাটছিল। এবার আমাদের দেশ বিক্রয়ের প্রায়শ্চিত্ত করা উচিত। ইংরাজরা এখনও তাদের পুরাতন ধোঁকাবাজী কাজে লাগানোর চেষ্টা করবে। তারা হিন্দুকে মুসলমানের বিরুদ্ধে এবং মুসলমানকে হিন্দুর বিরুদ্ধে উসকে দেওয়ার চেষ্টা করবে।

কিন্তু ভাইসব, তাদের হাতে ও ফাঁদে পা দেবেন না। হিন্দু ও মুসলমান ভাইসব, আপনাদের ছোটখাট পার্থক্য ভুলে যান এবং যুদ্ধক্ষেত্রে একটি পতাকার তলে সমবেত হোন। যে ব্যক্তি এই জাতীয় যুদ্ধের বিরোধিতা করবে সে নিজের পায়ে নিজে কুঠারঘাত করবে, আত্মহত্যার মদ্যপানে লিপ্ত হবে।"

"পায়ম-ই-আজাদী"র আহ্বান বিপুল সাড়া জাগিয়েছিল। তাই যুদ্ধে জয়লাভ করার পর কোম্পানির ইংরাজ সৈন্যরা যার বাড়িতেই এই কাগজ পাওয়া গিয়েছিল তাকেই ফাঁসী কাঠে ঝুলিয়ে দিয়েছিল। সম্পাদক মীর্জা বেদার বখতের দেহে শুয়োরের চর্বি মাখিয়ে (মুসলমানদের পক্ষে চরম অসম্মান) তাঁকে ফাঁসী দেওয়া হয়েছিল।

আজও ভারতীয় সাংবাদিকতার ইতিহাসে "পায়ম-ই-আজাদী" ও মহাবিদ্রোহের সমর্থক অন্যান্য পত্রিকা কোনও ছাপ পায় নি। কিন্তু জাতীয়তাবাদী পত্রিকাগুলি 'পায়ম-ই-আজাদীর' ঐতিহ্য ও লক্ষ্য পরবর্তী কালে অনুসরণ করেছিল হয়তো না জেনেই। "পায়ম-ই-আজাদী" প্রকাশিত হয় ১৮৫৭ সালের ফেব্রুয়ারী মাসে নাগরি ও আরবি-ফারসী লিপিতে মুদ্রিত হয়ে। এর একটি মারাঠী সংস্করণ প্রকাশিত হয় ১৮৫৭ সালের সেপ্টেম্বর মাসে।

আরও কয়েকটি পত্রিকা ভারতবর্ষের নানা স্থানে (প্রধানতঃ দিল্লীতে) এই সময় প্রকাশিত হয়। এগুলির মধ্যে কলকাতার বাংলা ও হিন্দী দ্বিভাষিক পত্রিকা "সমাচার সুধাবর্ষণ", ফারসী বা উর্দু ভাষায় প্রকাশিত "দূরবীণ" ও "মিরাতুন আখবার" বিদ্রোহ সমর্থন করায় কোম্পানী কর্তৃপক্ষ বন্ধ করে দেন।

(দ্রঃ প্রথম স্বাধীনতা যুদ্ধের মুখপত্র "পায়ম-ই-আজাদী; —ডঃ মহাদেবপ্রসাদ সাহা ; লেখনী; আশ্বিন; ১৩৬৪)

মহাবিদ্রোহের আগুন যখন নিভে এল তখন বাংলার শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণীর মনে জাগ্রত নতুন চেতনা আরও স্পষ্ট রূপ নিল। যে সব প্রগতিশীল বুদ্ধিজীবী সামন্ততন্ত্রের তথা পুরাতন সমাজ ব্যবস্থা পুনঃ প্রতিষ্ঠিত হওয়ার আশংকায় মহাবিদ্রোহ সমর্থন করতে পারেন নি তাঁরা এবার সোচ্চার হয়ে উঠলেন। এঁদেরই মুখপাত্র হরিশচন্দ্র মুখোপাধ্যায় ১৮৫৭ সালের ২১ মে "হিন্দু পেট্রিয়টে" লিখলেন ঃ

"ভারতবাসীদের মধ্যে এমন একজন লোকও নেই যে ভারতে ব্রিটিশ শাসনজনিত অভাব অভিযোগের সম্পূর্ণ ভার অনুভব করে না—আর অভিযোগগুলি বৈদেশিক শাসনের নিকট অধীনতা স্বীকার থেকে অবিচ্ছিন্ন।"

'মহারানীর রাজত্বে'

ইস্ট ইণ্ডিয়া কোম্পানীর হাত থেকে ভারত সাম্রাজ্য শাসনের দায়িত্ব গ্রহণ করলেন ব্রিটিশ সরকার অর্থাৎ ব্রিটেনের উদীয়মান শিল্পপতি শ্রেণী। এবার শুরু হল শাসন ও শোষণের আর এক পর্ব। এ সময়কার ব্রিটিশ শাসনকে ভারতবর্ষের জনসাধারণ "মহারাণীর রাজত্ব" বলেই জানত।

মহারানী ভিক্টোরিয়াকে জনপ্রিয় করে তোলার জন্য সাম্রাজ্যবাদীদের চেষ্টা ব্যর্থ হয় নি। দাম্ভিক সাম্রাজ্যবাদী লর্ড কার্জনের উদ্যোগে নির্মিত "ভিক্টোরিয়া মেমোরিয়াল"-এর সদম্ভ উপস্থিতি আজও তার প্রমাণ বহন করছে।

কিন্তু মহারানীর রাজত্বে শান্তি এল না। অক্ষয় কুমার দত্ত সম্পাদিত "তত্ত্ববোধিনী পত্রিকা", দ্বারকানাথ বিদ্যাভূষণ সম্পাদিত "সোমপ্রকাশ", শিশিরকুমার ঘোষ সম্পাদিত "অমৃত-বাজার পত্রিকা" এবং স্বল্পকাল-স্থায়ী প্রগতিশীল দৈনিক

"পরিদর্শক" সাংবাদিকতার ক্ষেত্রে এক গৌরবময় যুগের সূচনা করল। আর এই তালিকার সঙ্গে যুক্ত ছিল অক্ষয় কুমার সরকার সম্পাদিত "সাধারণী"ও।

নীল বিদ্রোহের সময় শুধু হরিশ চন্দ্র মুখোপাধ্যায় সম্পাদিত "হিন্দু পেট্রিয়ট"-এর উল্লিখিত বাংলা সাপ্তাহিক ও দৈনিক পত্রিকাগুলিও গৌরবময় ভূমিকা গ্রহণ করে।

সরকারের অবিচার, জমিদারদের অত্যাচার, নীলকরদের অত্যাচার, চাকরদের নির্মম শোষণের বিরুদ্ধে উল্লিখিত পত্রিকাগুলি সোচ্চার হয়ে ওঠে। পরাধীনতার জ্বালাও এইসব পত্রিকার প্রবন্ধে তীব্রভাবে প্রকাশ পেতে থাকে।

১৮৭৩ সালের ২৬ অক্টোবর প্রকাশিত সাপ্তাহিক "সাধারণী" অক্ষয়কুমার সরকারের সম্পাদনায় জনপ্রিয় হয়ে ওঠে। বিপিনচন্দ্র পাল তাঁর আত্মচরিতে 'সাধারণী'কে সে যুগের "বাংলার শিক্ষিত জনগণের সর্বাপেক্ষা শক্তিশালী মুখপত্র" বলে বর্ণনা করেছেন।

পাবনার যে প্রজাবিদ্রোহ বঙ্কিমচন্দ্রকে বিচলিত করেছিল সেই প্রজাবিদ্রোহ সম্পর্কে "সাধারণী"তে লেখা হয়ঃ

"পাবনার প্রজাপুঞ্জ প্রথমে যে পাবক প্রজ্বলিত করিয়াছিল তাহা এখনও নিভে নাই, জ্বলিতেছে।... এই সকল দেখিয়া-শুনিয়া অনেক সমাজতত্ত্বজ্ঞের মনে আশঙ্কা হয়, শরীরে হৃৎকম্প হয়। আমাদের অন্তরে আহ্বান হয়, শরীরে রোমাঞ্চ হয়।" ..."আমরা বিপ্লব প্রয়াসী। বিপ্লবই জগতের জীবন, আমাদের জীবন। শান্তিই মৃত্যু, শান্তিই নির্বাণ। এই নির্বাণপদ চাই না। এ শান্তি চাই না। সুতরাং আমরা বিপ্লব প্রয়াসী। অনেকে মনে করেন, যাঁহারা এরূপ বিপ্লব প্রয়াসী তাঁহারা প্রজাদের পক্ষপাতী। তাই যদি হয়, যদি প্রকৃতির চিরসন্তুষ্টি ও পালঙ্কের চির আলস্য জমিদারীর পরাকাষ্ঠা হয়, তাহা হইলে আমরা মুক্তকণ্ঠে বলিতেছি, এ জমিদারী ছিন্ন-ভিন্ন হইয়া যাউক, এপাপে প্রয়োজন নাই।'

রাণী ভিক্টোরিয়ার 'ভারত সম্রাজ্ঞী' উপাধিগ্রহণ উপলক্ষ্যে অনুষ্ঠিত দিল্লীর দরবারে বড়লাট লিটন যে বক্তৃতা দেন তার জবাবে "সাধারণী"তে "ভিখ নেহি মাংতে হাত এহি কুত্তা বনাইলে" (ভিক্ষা চাইনা এই দুষমনটাকে সরিয়ে নেও) শীর্ষক এক

জ্বালাময়ী সম্পাদকীয় প্রকাশিত হয়।

বিচলিত ব্রিটিশ সরকার ১৮৭৮ সালে সংবাদপত্রের কণ্ঠরোধ করে আইন জারি করে। প্রতিবাদে "সোমপ্রকাশ" বন্ধ করে দেওয়া হয়। এ নিয়ে পার্লামেন্টে পর্যন্ত হৈ-চৈ হয়। 'অমৃতবাজার পত্রিকা' রাতারাতি ইংরাজী পত্রিকায় রূপান্তরিত হয়ে ইতিহাস সৃষ্টি করে।

সংবাদপত্রের প্রথম আবির্ভাব কাল থেকে প্রথম একশত বছরের এই হল সংক্ষিপ্ত ইতিহাস। প্রধানতঃ বাংলা দেশের কথাই আলোচিত হয়েছে, কারণ তখন বাংলাই ছিল ব্রিটিশ সাম্রাজ্যবাদের পাদপীঠ।

প্রভাত গোস্বামী

....

ভারতবর্ষে সংবাদপত্রের দ্বিতীয় শতবর্ষ (১৮৮০-১৯০০)

ভারতবর্ষে সংবাদপত্রের দ্বিতীয় শতবর্ষ অর্থাৎ ১৮৮০-১৯০০ এই সময়টাকে দু'টি পর্যায়ে ভাগ করা চলে এবং তা হচ্ছে ১৮৮০ থেকে ১৯৪০ এবং ১৯৪০-এর পরবর্তী সময়।

ঊনবিংশ শতাব্দীতে বাঙালীর যে চেতনার উন্মেষ ঘটে এবং তার ফলে স্বাধিকার চিন্তার প্রকাশ ঘটে তার মূলে ছিল সংবাদপত্র। সংবাদপত্রের স্বাধীনতার আন্দোলনই বাধিকার আন্দোলনের সঙ্গে মিশে যায়। বাঙালীর নব জাগরণ (নবচেতনা বলাই উচিত) বা রেনেশাঁসের যারা পুরোধা ছিলেন তাঁরা সবাই ছিলেন সাংবাদিক। তাঁরা শুধু সংবাদপত্রের রচনার মাধ্যমেই জনসাধারণকে উদ্বুদ্ধ করেন নি, তাঁরা জনসাধারণের মধ্যে এসে দাঁড়িয়েছেন। সভা ও সংগঠনে তারা রীতিমত সক্রিয় অংশ গ্রহণ করেছেন। ১৮৮৫-তে বোম্বাইয়ে জাতীয় কংগ্রেসের প্রথম অধিবেশনে কলকাতা থেকে যে দু'জন প্রতিনিধি গিয়েছিলেন তাঁদের মধ্যে একজন ছিলেন সাংবাদিক। তিনি হলেন 'নব-

আমাদের দেশে প্রথম সংবাদপত্রই প্রকাশিত হয়েছিল প্রতিবাদের ভাষা নিয়ে। "মুদ্রযন্ত্রের স্বাধীনতা ইংরেজ জাতির জন্মগত অধিকার এবং সুশাসনের প্রধান অঙ্গ"—বাংলাদেশে প্রকাশিত সর্বপ্রথম পত্রিকার সম্পাদক অগাস্টাস হিকির এই ঘোষণার মূল কথা ভারতীয় সংবাদপত্রসেবীরাও গ্রহণ করেছিলেন। তার ফলে জাতীয় চেতনা সঞ্চারে সংবাদপত্র প্রথম থেকেই গৌরবোজ্জ্বল ভূমিকা গ্রহণ করেছিলো। আবার এই কারণেই বিদেশী সরকারও সংবাদপত্রের কণ্ঠরোধের জন্যে নানা রকম আইন প্রণয়ন করতে শুরু করেছিলেন। ১৮২৩-এর প্রেস রেগুলেশন এবং ১৮৭৮-এর ভার্ণাকুলার প্রেস আইন (১৮৭৮-এর নবম আইন) এর দৃষ্টান্ত। কিন্তু এইসব আইন করে সংবাদ-পত্রের প্রকাশ বন্ধ করা যায় নি।

জাতীয়তাবাদী নেতা সুরেন্দ্র বন্দ্যোপাধ্যায়ের Bengalee এবং Amrita Bazar Patrika উনবিংশ শতাব্দীর আটের দশকেই রীতিমতো প্রসিদ্ধি লাভ করে। এই সময় থেকেই আমাদের দেশের সংবাদপত্র স্বদেশানুরাগ ও জাতীয়তাবোধ জাগ্রত করার মূল ভূমিকা গ্রহণ করে। এটা করতে গিয়ে সম্পাদকদের যেমন ত্যাগ ও নির্যাতন ভোগ করতে হয়, তেমনি তাঁরা দেশব্যাপী নির্যাতন, অনাচার ও বিচারের বিরুদ্ধে সংগ্রাম চালাতে থাকেন।

সংবাদপত্র এ-যুগে সংবাদপত্র মালিক এবং সাংবাদিক দুই তরফের কাছেই ছিল মিশন, দুই তরফই একটা মহান আদর্শ সম্মুখে রেখে অগ্রসর হয়েছেন। সংবাদপত্র লাভজনক ব্যবসায়ে তখন পরিণত হয়নি। তখন সংবাদপত্র ছিল এ দেশের নবজাগ্রত বুদ্ধিজীবীদের তথা দেশাত্মবোধে উদ্বুদ্ধ স্বাধীনতা সংগ্রামীদের সংগ্রামের হাতিয়ার। এরই মধ্যে যে দু'একটি সংবাদপত্রের মালিকের মনে ব্যবসায় বুদ্ধি এসেছিল তারাও সেটা নগ্নভাবে প্রকাশ করেন নি। সেটা তাদের আচার আচরণের মধ্য দিয়ে ফুটে ওঠেনি। তবে পূর্ণ স্বাধীনতার দাবী এড়িয়ে আপোষে ডোমিনিয়ান ষ্টেটাস লাভের ওকালতি আপোষকামী জাতীয়তা-বাদী নেতাদের সঙ্গে সঙ্গে কিছু সংবাদপত্রের মালিক-সম্পাদকেরাও সুরু করেছিলেন। এই যুগেই আমরা পাই ব্রহ্মবান্ধব উপাধ্যায়কে, পাই বিপিনচন্দ্র পাল, শ্রীঅরবিন্দ, মতিলাল ঘোষ, পাঁচকড়ি

ব্যানার্জী প্রভৃতি সাংবাদিককে।

বিশ শতকের গোড়ার দিকে সমস্ত দেশে স্বাধীনতা আন্দোলন আরম্ভ হয়। একদিকে কংগ্রেস সুরু করেছে আপোষে কিছু পাওয়ার আন্দোলন, অন্যদিকে সুরু হয়েছে অগ্নিযুগের বিপ্লবীদের সন্ত্রাসবাদী আন্দোলন। এই আন্দোলনের মধ্যে রাজা সুবোধ মল্লিকের অর্থ সাহায্যে প্রকাশিত হয় 'বন্দেমাতরম'। এর পাঁচ মাস আগে 'যুগান্তর' নামক সাপ্তাহিক পত্রিকা প্রকাশিত হয়। এই পত্রিকাগুলি সক্রিয় বিপ্লববাদ এবং সন্ত্রাসবাদ প্রচার করতে থাকে। ১৯০৫-এ বঙ্গভঙ্গের মুখে প্রকাশিত হয় 'সন্ধ্যা'। এই সন্ধ্যা হয়েছিল প্রকৃত পক্ষে জনসাধারণের কাগজ। গুরু-গম্ভীর ভাষার আচ্ছাদন ত্যাগ করে, হৃদয়গ্রাহী গ্রাম্য ভাষা, রূপকথা, ছড়া, প্রবাদ, হেঁয়ালি দ্বারা এমন ভাবে বক্তব্য প্রকাশ করা হতো যা সাধারণ লোকেরও বুঝতে কষ্ট হতো না। মহারাষ্ট্রের 'কেশরী' ও 'কাল'ও ছিল নতুন ভাবনার প্রচারক।

স্বভাবতই বিদেশী সরকার ক্রমশঃই সংবাদপত্রের ওপরে বিরূপ হয়ে উঠছিলেন। দেশীয় কোনও সংবাদপত্রই তাঁদের সমর্থন করছিলেন না, বরং বৃটিশ সাম্রাজ্যবাদের উচ্ছেদই তাঁরা চাইছিলেন। একমাত্র ষ্টেটসম্যান, টাইমস অব ইন্ডিয়া জাতীয় অ্যাংলো ইন্ডিয়ান প্রেসই ছিল তাঁদের সমর্থনে।

সরকার তখন একের পর এক আইন পাশ করে যেমন 'রাজদ্রোহী' আন্দোলনকারীদের দমনের ব্যবস্থা করছিলেন তেমনি সংবাদপত্রের কন্ঠরোধের জন্যও নানা ব্যবস্থা অবলম্বিত হচ্ছিল। কৃষ্ণকুমার মিত্র অশ্বিনীকুমার দত্ত, শ্যামসুন্দর চক্রবর্তী, পুলিন বিহারী দাস, মনোরঞ্জন গুহ প্রমুখকে দ্বীপান্তর দণ্ড দেওয়া হয়েছিল; অন্যদিকে অরবিন্দ, ব্রহ্মবান্ধব উপাধ্যায়, ভূপেন দত্তের বিরুদ্ধে রুজু করা হয়েছিল মোকদ্দমা। বিপিন পাল হয়েছিলেন কারারুদ্ধ। এই সময় থেকে মুদ্রকেরও কারাদণ্ড হতে থাকে।

কিন্তু কোনও অবস্থাতেই নতুন নতুন পত্রিকা প্রকাশ বন্ধ করা যায়নি। সম্পাদকেরাও জেল জরিমানার ভয়ে তাঁদের কর্তব্য পালন থেকে বিচ্যুত হননি। তবে এই সময় সরকার সংবাদপত্রকে জব্দ করার জন্য নতুন পথ ধরেছিল এবং তা হচ্ছে

॥ ৭৪ ॥ পত্রিকার কাছ থেকে জামানত আদায়ের ব্যবস্থা।

১৯১০ থেকে ১৯১৪-এর মধ্যে বহু পত্রিকার কাছ থেকে সরকার জামানত আদায় করেন। জামানতের পরিমাণ ছিল ২ হাজার থেকে পাঁচ হাজার টাকা। এই টাকা দিতে না পারায় কিছু কিছু পত্রিকা বন্ধ হয়ে যায়। এগুলির মধ্যে ছিল শ্রীঅরবিন্দের ধর্ম; কর্মযোগী; দৈনিক হিতবাদী প্রভৃতি।

এইভাবে জামানত আদায় করার মূল উদ্দেশ্য ছিল পত্রিকার মালিকদের নিয়ন্ত্রণে আনা। কারণ সে যুগে সম্পাদকরা অনায়াসে কারাবরণ করতেন, কিন্তু মালিকরা টাকা খোলামকুচির মতো গুান করবেন—এটা সরকার ভাবেন নি। তারা ভেবেছিলেন যে, কান টানলে যেমন মাথা আসে, তেমনি মুদ্রাযন্ত্র ধরে টান দিলে সম্পাদকেরা জব্দ হবেন। কিন্তু অনেক ক্ষেত্রেই সংবাদপত্র দেশপ্রেমিক বদান্য ব্যক্তিদের টাকায় চলতো। তাঁরা ঠিক মালিকানা নিয়ে মাথা ঘামাতেন না। কিন্তু যে সব মালিক সংবাদপত্রকে ভবিষ্যতের লাভজনক কারবার হিসেবে দেখেছিলেন তাঁরা জামানতের ব্যাপারে সতর্ক হলেন এবং সম্পাদককেও সতর্ক করতে সুরু করলেন।

প্রথম মহাযুদ্ধের মুখেই ফৌজদারী দণ্ডবিধি সংশোধন করা হয়েছিল, যুদ্ধ আরম্ভ হবার পরে এলো ভারত রক্ষা আইন। সুতরাং আন্দোলন দমন এবং সংবাদপত্র দলনে কোনও অসুবিধা থাকলো না। ১৯১৯-এ সরকারের কাছে প্রেস এসোসিয়েশন যে স্মারকলিপি উপস্থাপিত করেন তাতে দেখা যায় যে, ১৯১৭ পর্যন্ত ২২টি সংবাদপত্রের কাছে জামানত দাবী করা হয়; সেগুলির মধ্যে ১৮টি বন্ধ হয়ে যায়। ১৯১০-এর প্রেস আইনের আগে প্রতিষ্ঠিত ১৬৩টি সংবাদপত্র এবং ছাপাখানার বিরুদ্ধে নানা ধরনের আইন জারী করা হয়; ২৮৬টি ক্ষেত্রে সতর্কীকরণের নোটিশ জারী করা হয়; ৭০৫টি ক্ষেত্রে দাবী করা হয় জামানত। জামানত দাবী করার ফলে, ১৭৩টি ছাপাখানা আর ১২৯টি নতুন প্রকাশোন্মুখ সংবাদপত্রের কাছে জামানত দাবী করায় সেগুলি আর প্রকাশ হতে পারে না। কারণ, তখনকার দিনে ক্ষুদ্র পুঁজি জোগাড় করে সংবাদপত্র প্রকাশ করা হতো। সংবাদপত্র তখনও বৃহৎ ব্যবসায়ে পরিণত হয়নি। তাই জামানত দেবার ক্ষমতা

সঞ্চার থ.কতো না।

এইভাবে জামানাত দাবী করে অবশ্য সংবাদপত্রের অগ্রগতিকে রোধ করা যায়নি। ঠিক যখন জামানত দাবী করা হচ্ছে, নানাভাবে সংবাদপত্রের কণ্ঠ রোধ করা হচ্ছে তখনও নতুন সংবাদপত্রের জন্ম হচ্ছিল; কিছু কিছু সাময়িক পত্র-পত্রিকাও প্রকাশ হতে আরম্ভ করেছিল।

আর একটি বিষয় এখানে উল্লেখ করা প্রয়োজনঃএবং তা হচ্ছে এই যে, এই সময় সংবাদপত্রে বিজ্ঞাপন তেমন কিছুই পাওয়া যেতো না। তার একটি কারণ ভারতীয়দের শিল্প খুব ভালভাবে গড়ে ওঠে নি। শিল্প কারখানায় মালিক ছিল ইংরেজ। তারা দেশীয় পত্র-পত্রিকাকে গুরুত্ব দিত না। আজকের মতো সরকারী বিজ্ঞাপনও তখন ছিল না। সাংবাদিকদের ও মালিকদেরও আদর্শবাদ, সংবাদপত্র বিক্রির দাম এবং আদর্শবাদী ধনী ব্যক্তিদের দানে সংবাদপত্র চালাতে হতো।

প্রথম মহাযুদ্ধের পর থেকে সংবাদপত্রের ওপরে আরও দমননীতি প্রযুক্ত হয়। এই সময় গান্ধীজীর অসহযোগ আন্দোলন আরম্ভ হয়, সন্ত্রাসবাদী আন্দোলনও চলতে থাকে। আবার বৃটিশ সাম্রাজ্যবাদের বিভেদনীতি কার্যকর হওয়ায় সাম্প্রদায়িকতা মাথা চাড়া দেয়। আবার এই সময়ে এ দেশে সাম্যবাদী ভাবধারারও প্রসার ঘটে। ১৯১৭-এর রুশ বিপ্লবের সাফল্য এদেশেও উৎসাহের সঞ্চার করে। ধীরে ধীরে শ্রমিক কৃষক আন্দোলন সংগঠিত হতে থাকে; কমিউনিষ্ট পার্টিরও প্রতিষ্ঠা হয়।

দেশের এই সব বিভিন্ন আন্দোলনের সঙ্গে দৈনিক সংবাদপত্র ও সাময়িক পত্রিকা জড়িত হয়ে পড়ে। অনেক ক্ষেত্রে রাজনৈতিক নেতাদের প্রত্যক্ষ পৃষ্ঠপোষকতায় সংবাদপত্র ও সাময়িকপত্র প্রকাশিত হয়। বৃটিশ বৃহৎ পুঁজির মুখপত্র স্টেটসম্যান এবং ষ্টার অব ইন্ডিয়া প্রমুখ মুসলিম পত্রিকা ছাড়া আর সব পত্রিকারই মূল লক্ষ্য ছিল দেশের মুক্তি আন্দোলন এগিয়ে নিয়ে যাওয়া।

আদর্শবাদ থেকে শিল্প

একদিন আদর্শবাদ নিয়ে যে সাংবাদিক এবং সংবাদপত্র মালিকরা সংবাদপত্র প্রকাশ সুরু করেছিলেন তারা উভয়েই যে

ধীরে ধীরে পরিবর্তিত হয়ে যাচ্ছিলেন এটা বোঝা গেল দ্বিতীয় মহাযুদ্ধের ঠিক আগে। অর্থাৎ এই সময় দেখা গেল সংবাদপত্রের ক্ষেত্রেও কিছু দেশীয় প্রকৃত মালিকের প্রতিষ্ঠা ঘটেছে এবং সাংবাদিকদের কাছেও সংবাদপত্রের কাজ আর দশটা অফিসের কাজের মতোই হয়ে উঠেছে। সাংবাদিকদের মধ্যে তবুও পরিবর্তন এসেছে ধীরে ধীরে এবং অনেক পরে তার লক্ষণ প্রকাশ পেয়েছে। কিন্তু মালিকানার ক্ষেত্রে পরিবর্তন ঘটেছে দ্রুত।

যুদ্ধ শুরুর আগেই মুদ্রাযন্ত্রের কারবার জেঁকে উঠেছিল। কোনও কোনও মালিক সংবাদপত্রের ব্যবসায়ের সঙ্গে সংশ্লিষ্ট প্রকাশনা ব্যবসায় এবং ছাপাখানায় জব্ কাজ করে পয়সা পাচ্ছিলেন বেশ ভালোই। এদিকে দেশীয় পুঁজিপতিদের সঙ্গে গাঁটছড়া বাঁধা তো বটেই, গোপনে নানাভাবে সাম্রাজ্যবাদী শাসকদের সঙ্গেও কোন কোনও সংবাদপত্র মালিকদের ভাল সম্পর্ক স্থাপিত হয়েছিল।

বাইরে অবশ্যই মালিকেরা তাদের জাতীয়তাবাদী মুখোশটা বজায় রাখছিলেন। নতুবা সংবাদপত্রের বিক্রয় কমে যাবার সম্ভাবনা। কিন্তু ভেতরে ভেতরে মুনাফার পাহাড় গড়ে তোলার ব্যবস্থাও তাঁরা করে ফেলেছিলেন। সম্পাদকদের সঙ্গে মালিকদের সংঘর্ষও সুরু হয়ে গিয়েছিল। বিদেশী সামরিক বাহিনীর পত্রিকা ছেপে পয়সা করা, নিউজপ্রিন্ট বিশেষভাবে নাড়াচাড়া করে পয়সা এসব তো বটেই, ১৯৪২-এর আগষ্ট আন্দোলনের সময় একদিকে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে জ্বালাময়ী প্রবন্ধ অন্যদিকে সংবাদপত্রের পাতায় 'গুন্ডারা নিপাত যাক' শীর্ষক বিজ্ঞাপন ছেপে সাম্রাজ্যবাদের বিরোধী আন্দোলনকারীদের নিন্দা করে পয়সা উপায় করছিল 'জাতীয়তাবাদী' পত্রিকাগুলি। সর্বোপরি যুদ্ধ সম্পর্কিত বেশ কিছু বিজ্ঞাপনও তারা পাচ্ছিল। এ সবের ফলে সংবাদপত্রের যথেষ্ট শ্রীবৃদ্ধি হয়। সাংবাদিকদের বেতনও বেড়ে যায়। এই সময়ের মধ্যে সংবাদপত্র প্রকৃতপক্ষে শিল্পে পরিণত হয়ে গিয়েছিল। রোটারী মেসিন যুদ্ধের বেশ কিছুদিন আগেই এসেছিল। তারপর মোনো, লাইনো টাইপ, ল্যাডলো মেসিন—আস্তে আস্তে যুক্ত হয়ে গিয়েছিল।

১৯৪৫-এ যুদ্ধ শেষ হবার পর ১৯৪৭-এর ১৫ই আগষ্ট ভারতের স্বাধীনতা লাভ। বৃটিশ পার্লামেন্টে আইন করে এল এই

স্বাধীনতা। তার আগেই স্বদেশী ও বিদেশী পুঁজির মধ্যে গান্ধর্ব বিবাহ সমাপন হয়ে গেছে। তাই উত্তরাধিকারীর অধিকারও নির্ধারিত হলো আপোষে।

তখন আর দেশী সংবাদপত্রের লজ্জা থাকলো না। তারাও 'জাতীয়তাবাদী' আখ্যাত হয়ে দেশী জমিদার শিল্পপতিদের কোনও না কোন অংশের সমর্থক হয়ে দাঁড়ালেন।

অবশ্য এখানে উল্লেখ্য যে, বিশ শতকের দ্বিতীয় দশক থেকেই বামপন্থীদের কিছু কিছু পত্র পত্রিকা প্রকাশ হতে থাকে। যুদ্ধের সময় তো অনেকগুলি ঐ ধরনের পত্রিকা প্রকাশ হয়। নজরুল ইসলাম, সৌমেন্দ্রনাথ ঠাকুর, মুজাফফর আহমদ এদিক থেকে পথ প্রদর্শক। ১৯৪৭-এর পরে বামপন্থীদেব দৈনিক পত্রিকাও প্রকাশিত হয়। এই সময় থেকেই তথাকথিত জাতীয়তা-বাদী পত্রিকার চরিত্র ভালভাবে ধরা পড়ে। সেগুলি একেবারে ধনিক শ্রেণীর মুখপত্রে পরিণত হয়।

এই সময়ে পশ্চিম বাংলায় দৈনিক পত্রিকা হিসেবে প্রতিষ্ঠা লাভ করেছে আনন্দবাজার পত্রিকা, হিন্দুস্থান স্ট্যান্ডার্ড, অমৃত-বাজার পত্রিকা, যুগান্তর। যে দৈনিক বসুমতীতে প্রথম রোটারী মুদ্রণ যন্ত্র এসেছিল সে কিন্তু নানা কারণে পিছিয়ে পড়তে থাকলো। ওদিকে মাদ্রাজের হিন্দু তার সংরক্ষণশীলতা নিয়েও ব্যবসায়িক সাফল্য অর্জন করেছিল। বোম্বাইয়ের বোম্বে ক্রনিক্যাল, ফ্রি প্রেস জার্নাল-এরও তখন ভাল অবস্থা। ওদিকে কলকাতা-দিল্লীর স্টেটসম্যান এবং বোম্বে-দিল্লীর টাইমস অব ইণ্ডিয়া দেশীয় বৃহৎ পুঁজিপতিদের হাতে চলে এলো। এদিকে ভারতের দেশীয় বৃহৎ পুঁজিপতি নিজেরাই নতুন করে সংবাদপত্র প্রকাশ আরও করেছিল। বিড়লার হিন্দুস্থান টাইমস (দিল্লী) এবং সার্চলাইট (পাটনা), গোয়েঙ্কাদের ইণ্ডিয়ান এক্সপ্রেস এর দৃষ্টান্ত।

স্বাধীনতার যুগে নতুন করে কিছু দৈনিক পত্রিকা বের হয়। কিন্তু বৃহৎ পুঁজির সঙ্গে তারা পাল্লা দিতে পারেনি। কলকাতার কৃষক, স্বরাজ, প্রত্যহ, পশ্চিমবঙ্গ পত্রিকা কোনওটারই আয়ু দীর্ঘ হয়নি। এমন কি অতুল্য ঘোষের জনসেবক, শরৎ চন্দ্র বসুর ন্যাশনালিস্ট, শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের হিন্দুস্থানও বেশী দিন

টিঁকে থাকে নি।

আজ বহু নতুন দৈনিক পত্রিকা প্রকাশিত হয়েছে, পুরানো-গুলির মধ্যে বেশ কিছু সংখ্যক টিঁকে আছে। বিহারে এক আর্যাবর্ত-এর স্থলে রাঁচী এক্সপ্রেস এবং আরও কয়েকটি হিন্দী পত্রিকা প্রকাশিত হয়েছে। ওড়িয়া ভাষায় সমাজ-এর পাশে মাতৃভূমি, ধরিত্রী, প্রজাতন্ত্র নিয়মিত বের হচ্ছে।

বর্তমানে কয়েকটি বিষয় লক্ষ্য করার আছে। প্রথমতঃ, আজ একই পত্রিকা একই সঙ্গে অনেকগুলি স্থান থেকে (৯টি স্থান থেকে ইন্ডিয়ান এক্সপ্রেস বের হয়) বের হচ্ছে।

দ্বিতীয়তঃ, সংবাদপত্র যখন শিল্পে পরিণত তখন তার উৎপাদনগত উন্নতি দিন দিন বেড়ে যাচ্ছে। অফসেট রোটারীতে ছাপা তো বটেই, ফটো কম্পোজ, নানা রং-এর ব্যবহার চলছে।

তৃতীয়তঃ, আজ শুধু রাজ্যের রাজধানী নয়, এক রাজ্যের বিভিন্ন সহর থেকে দৈনিক পত্রিকা প্রকাশিত হচ্ছে। কেরল রাজ্যে এটা বেশী লক্ষ্যণীয়। পশ্চিমবঙ্গেও শিলিগুড়ি আসানসোল থেকে দৈনিক পত্রিকা বের হচ্ছে।

চতুর্থতঃ, আজ বিভিন্ন রাজনৈতিক পার্টির দৈনিক পত্রিকা-গুলিরও উৎপাদনগত যথেষ্ট উন্নতি ঘটছে।

মোটামুটিভাবে সব পত্রিকাই দলগত না হলেও কেউ নিরপেক্ষ নয়। আজকের দিনে তা হওয়া সম্ভব নয়। আজকেও সংবাদপত্রের কণ্ঠরোধের চেষ্টা হয় না তা নয়। ১৯৭৫-এ ইন্দিরা সরকার জরুরী অবস্থা ঘোষণা করে সংবাদপত্রগুলি ছাপবার আগে সব কিছু সেন্সর করিয়ে নেবার আদেশ দিয়েছিল। তারপর বিহারে সংবাদপত্র দমন আইন চালু করতে গিয়ে সরকার ব্যর্থ হয়। ওড়িশা ও তামিলনাড়ুতে দমন আইন রয়েছে।

এই সব প্রতিকূলতার মধ্যেও সংবাদপত্রের উন্নতিও ঘটেছে, প্রসারও ঘটেছে। তবে সংবাদপত্রও আজ পুরোপুরি শিল্প এবং সাংবাদিকরাও পুরোপুরি বৃত্তিজীবী। আদর্শবাদ খুব কম ক্ষেত্রেই আছে।

নিশীথ রঞ্জন রায়

স্বাধীনতা সংগ্রামে দেশীয় সংবাদপত্রের ভূমিকা

ভারতবর্ষের সংবাদপত্রের প্রবর্তক ভারতীয় নন—তিনি বিদেশী পুরুষ, জাতিতে ইংরেজ। নাম-পরিচয় জেমস আগস্টাস হিকি। তাঁর আগে আরও একজন বিদেশী, জাতিতে জার্মান। বাসভূমির পরিচয়ে ওলন্দাজ উইলিয়ম বোলট্স। ভারতে সংবাদপত্র চালু করার প্রথম চেষ্টা তিনিই করেছিলেন। এগিয়েও গিয়েছিলেন অনেক দূর। কিন্তু শেষ পর্যন্ত যে সম্মান পেতে পারতেন বোলটস, তার অধিকারী হলেন হিকি। এদের শিক্ষা-দীক্ষা, ধ্যান-ধারণা ইত্যাদি নিয়ে তুলনামূলক আলোচনা করলে হয়তো এ সিদ্ধান্ত সমীচীন হবে যে হিকির বদলে বোলটস যদি ভারতবর্ষের প্রথম সংবাদপত্রের প্রবর্তক হতে পারতেন, তাহলে 'হিকির গেজেটের' তুলনায় আরও উৎকৃষ্ট মানের সংবাদপত্র আমরা পেতাম ভারতে প্রথম সংবাদপত্ররূপে। শিক্ষাদীক্ষা আর শালীনতাবোধের দিক থেকে হিকির তুলনায় বোলটস ছিলেন বেশী উদার আর মার্জিত-রুচি। হিকির গেজেটের সূচনা (২৯ জানুয়ারী ১৭৮০) থেকেই

তৎকালীন রাজপুরুষ আর সম্ভ্রান্ত ইংরেজ নরনারীদের আয়াস বিলাস; সামাজিক অনাচার আর দুর্নীতির বর্ণনা যতোখানি প্রাধান্য পেতো, সংবাদ পরিবেশন সে তুলনায় গৌণ বিষয় হিসেবে গণ্য হতো। তাছাড়া পরিবেশিত সংবাদের সিংহভাগ জুড়ে থাকতো বিদেশ এবং বিদেশী সম্পর্কিত নানা ধরণের চুটকি খবর। তবে এক বিষয়ে হিকিকে বাহবা দিতে হয়। তিনি সংবাদের চেয়েও বেশী গুরুত্ব দিতেন বিজ্ঞপ্তি বা প্রচারের ওপর। এ বিষয়ে পাঠকদের মনে ভুল বোঝাবুঝির কোন অবকাশ যাতে না থাকে সেই জন্য পত্রিকার নামকরণ ছিল অর্থবহ—Bengal Gazette Or The Calcutta General Advertiser এ ধরণের নামকরণ আজ অকল্পনীয়। সুতরাং আজ যদি বিজ্ঞাপনের তুলনায় সংবাদের পরিমাণ কম থাকে (এবং আজকাল তা প্রায় রেওয়াজ হয়ে দাঁড়িয়েছে) তাহলে অভিযোগ করা চলে না। আরও একটি কারণে হিকির ভূমিকা স্মরণযোগ্য। সরকারের প্রথম সারির কর্তাব্যক্তিদের সঙ্গে লড়াই চালিয়ে যাবার মনোবল এবং সৎসাহস তাঁর যথেষ্ট ছিল —অর্থদণ্ড, কারাদণ্ড, শেষ পর্যন্ত প্রেস বাজেয়াপ্ত—তবু তিনি কর্তাব্যক্তিদের সঙ্গে আপোষ রফায় রাজী না হয়ে পরপর কারাদণ্ড ভোগ করে এবং শেষ পর্যন্ত সব স্বান্ত হয়ে দুবছরের মধ্যেই তাঁর চোখের সামনে ঘটতে দেখলেন ভারতের প্রথম সংবাদপত্রটির অকাল মৃত্যু।

হিকির দৃষ্টান্ত অনুসরণ করে পর পর আরও কয়েকটি সংবাদপত্র আত্মপ্রকাশ করেছিল। ১৭৯৯ সালের শেষাশেষি সংবাদ-পত্রের সংখ্যা দাঁড়ালো সাতে। অবশ্য সব কটিরই ইংরেজী মালিকানা। সুতরাং ভারতীয়দের আশা আকাঙ্খার প্রতি এরা সহানুভূতিশীল হবেন—এ আশা করা যায় না। তবু কোম্পানী বাহাদুর গোড়া থেকেই এদের লেখার বিষয়বস্তুর উপর সদা সতর্ক দৃষ্টি রেখে চলতেন। মাদ্রাজ থেকে ওয়েলেসলি কলকাতায় স্যার অ্যালফ্রেড ক্লার্ককে এক চিঠিতে খোলাখুলি লিখলেন—কাগজের সম্পাদককে কি করে শায়েস্তা করা যায় তা আমি ভালোরকম জানি —ইতিমধ্যে তাদের ওপর সতর্ক দৃষ্টি রাখুন—যেখানে প্রয়োজন বোধ করবেন সেখানেই বলপ্রয়োগ করতে কিম্বা নাছোড়বান্দাদের প্রথম ইউরোপগামী জাহাজে তুলে দিতে ইতস্ততঃ করবেন না

এই বছরেই প্রেস আইন অনুসারে সরকারের সেক্রেটারীর পূর্ব অনুমোদন ছাড়া সংবাদপত্রে মন্তব্য অথবা খবর প্রকাশিত করা নিষিদ্ধ বলে ঘোষিত হলো—এ আইন না মানলে অমান্যকারীকে ভারতবর্ষ থেকে বহিষ্কৃত করার পথও সরকার গ্রহণ করলেন। অবশ্য ওয়েলেসলি কার্যভার গ্রহণ করার আগেই Indian World-এর Wilham Duane-কে সিপাহীদের হাতে সোপর্দ করে দেওয়া হয়েছিল (১৭৯৪ খৃীঃ)। তিনদিন তাঁকে আটকে রাখা হলো ফোর্ট উইলিয়ামে—সেখান থেকে পাহারাধীন অবস্থায় তাকে তুলে দেওয়া হলো বিলাতগামী জাহাজে। Madras Courier-এর সম্পাদককে অতোটা লাঞ্ছিত হতে হয়নি। কিন্তু স্পেন সম্পর্কিত একটি প্রবন্ধের প্রুফ কপি সরকারী আদেশে বাজেয়াপ্ত করা হলো। আরও কয়েক বছর পরের ঘটনা—Calcutta Journal-এর James Silk Buckingham-এর বহিষ্কার (১৮১৮ খৃীঃ)। তাঁর অপরাধ (?) জনৈক অযোগ্য অথচ সরকারের বিশ্বাসভাজন ব্যক্তির দায়িত্বপূর্ণ পদে নিয়োগের তিনি সোচ্চার প্রতিবাদ করেছিলেন। এই ঘটনার পাঁচ বছর পর সরকারী নীতির বিরুদ্ধে বিরূপ মন্তব্য করার জন্য নির্বাসিত হলেন Calcutta Journal-এর Arnot সাহেব। এ সবই অবশ্য নিয়মের ব্যতিক্রম। এরা দৈত্যকুলের প্রহ্লাদ। কলকাতা থেকে ইংরেজীতে যে সব সংবাদপত্র প্রকাশিত হতো তাদের অধিকাংশ প্রবন্ধ বেনামীতে অথবা স্বনামে লিখতেন সরকারী কর্মচারীরা। তবু সরকার কতদূর স্পর্শকাতর ছিলেন, নিজেদের কার্যকলাপের বিরুদ্ধে সামান্য সমালোচনাও তাঁরা সহ্য করতে প্রস্তুত ছিলেন না—একদিকে প্রেস আইনের কঠোরতা, অন্যদিকে পর পর কয়েকজন ন্যায়দর্শী ইংরেজ সংবাদপত্র সেবীর বহিষ্কার থেকেই তা প্রমাণিত হয়।

ইংরেজ পরিচালনাধীন ইংরেজী সংবাদপত্র সম্পর্কে যেখানে এতো সতর্কতা সেখানে দেশীয় ভাষায় প্রকাশিত সংবাদপত্র সম্পর্কে হুঁসিয়ারী অনেক বেশী ছিল—এ কথা বলাই বাহুল্য। দেশীয় ভাষায় পরিবেশিত প্রথম সংবাদপত্র প্রকাশিত হয় শ্রীরামপুর থেকে—'মাসিক দিগদর্শন'। উদ্যোক্তা ব্যাপটিস্ট মিশন। সম্পাদক জন ক্লার্ক মার্সম্যান। প্রকাশনা কাল এপ্রিল ১৮১৮। মাসখানেকের মধ্যেই ব্যাপটিস্ট মিশনারীদের উদ্যোগে আত্মপ্রকাশ করলো

সাপ্তাহিক 'সমাচার দর্পণ' (২৩ মে ১৮১৮)। এই পত্রিকার "রাজকর্মাধ্যক্ষদের' নিয়োগ, সরকারী আইনের বয়ান, ইংলণ্ড ও ইউরোপের অন্য প্রদেশ থেকে সংগৃহীত 'সমাচার', বাণিজ্যিক লেনদেন, জন্ম মৃত্যু বিবাহ প্রভৃতি ক্রিয়ার বিবরণ এবং ভারতবর্ষের প্রাচীন ইতিহাস এবং অন্যান্য বিষয়ে রচিত পুস্তকের বর্ণনা—ইত্যাদি সংবাদপত্রের স্তম্ভে স্থান পেতো। সুতরাং এতে সরকারী পক্ষ থেকে আপত্তিজনক কিছু খুঁজে পাওয়ার সম্ভাবনা কম ছিল। সমাচার দর্পণের প্রকাশের সঙ্গে সঙ্গে আরও একটি বাংলা সাপ্তাহিক প্রকাশিত হলো—বাঙ্গালা গেজেট। এটিই বাঙ্গালী পরিচালিত প্রথম বাংলা সংবাদপত্র। সম্পাদক গঙ্গাকিশোর ভট্টাচার্য। এর পর থেকে দ্রুতগতিতে প্রকাশিত হতে লাগলো দেশীয় ভাষায় একের পর এক সংবাদপত্র। ১৮২১ থেকে ১৮২৩ এই তিন বছরের মধ্যে আত্মপ্রকাশ করেছিল ব্রাহ্মণ সেবধি, সম্বাদকৌমুদী, সমাচার চন্দ্রিকা, মীরাৎ উল আখবর, শামসুল আখবার, জামই জাহানমুমা, সম্বাদ তিমির নাশক।

১৮২৩ সালে নতুন প্রেস আইন চালু করা হলো। এই আইন অনুসারে পুলিশ দপ্তরে হলফনামা দাখিল এবং চীফ সেক্রেটারীর কাছ থেকে লাইসেন্স নেওয়া প্রত্যেক সংবাদপত্রের পক্ষে বাধ্যতামূলক করা হলো। সংবাদপত্র প্রকাশনা বিষয়ে বিরক্তিকর এই সব সরকারী ব্যবস্থার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে রামমোহন মীরাৎ উল আখবরের প্রকাশনা বন্ধ করে দিলেন। এই ব্যবস্থার বিরুদ্ধে রামমোহন, চন্দ্রকুমার ঠাকুর, দ্বারকানাথ ঠাকুর, হরচন্দ্র ঘোষ, প্রসন্ন কুমার ঠাকুর, গৌরীচরণ বন্দ্যোপাধ্যায় প্রমুখ নেতৃস্থানীয় পুরুষরা সেদিন আদালতের দরবারে বিচারপ্রার্থীও হয়েছিলেন। এতে কোন ফল হয়নি।

কোম্পানীর সরকারের সেদিন অতোটা আতঙ্কগ্রস্ত হবার মতো সত্যিকারের কারণ ছিল কি? কতোটুকু ছিল সংবাদপত্রসেবীদের চাহিদার মাত্রা? সেদিনকার প্রগতিবাদীদের মূল বক্তব্য ভাষা পেয়েছিল রামমোহনের লেখনীতে। মীরাৎ উল আখবারের সম্পাদকীয় স্তম্ভে তাঁর বক্তব্য সুস্পষ্ট। "আমার একমাত্র উদ্দেশ্য আমার স্বদেশবাসীকে তাদের প্রকৃত অবস্থা সম্পর্কে অবহিত করে তোলা, দেশের প্রচলিত আইনকানুন সম্পর্কে তাদের জ্ঞান বৃদ্ধি করা;

আমি চাই তাদের অধিকার সম্পর্কে তারা অভিজ্ঞতা সঞ্চয় করুন। কী ভাবে সেই অধিকার রক্ষা করা সম্ভব তা নিয়ে তারা চিন্তাভাবনা করুন। আর সরকার তাদের অভাব অভিযোগ সম্পর্কে সচেতন হোন। জনগণের সমস্যার প্রতিকারে তারা এগিয়ে আসুন—এই আমার আকাঙ্খা।"

সেদিন ভারতীয় জনমত ইংরেজ প্রভুত্বের অবসান কামনা করেনি, তারা শুধু চেয়েছিল দায়িত্বশীল শাসন—এমন এক শাসন ব্যবস্থা যেখানে বর্ণবিদ্বেষ থাকবে না। শুধু শ্বেতাঙ্গ বলেই শাসকশ্রেণী এতদ্দেশীয়দের উপর নির্বিচারে অত্যাচার চালিয়ে যাবে, অশ্বেতকায়দের মানুষ হিসাবে মর্যাদা দেবে না —এই জুলুমের বিরুদ্ধেই তারা সেদিন প্রতিবাদ মুখর হয়ে উঠেছিল। নিপীড়িত এই জনগণের বিক্ষোভ সেদিন ভাষা পেয়েছিল সংবাদপত্রের স্তম্ভে। অথচ এই সামান্য স্বীকৃতি দিতেও নারাজ ছিলেন সরকার বাহাদুর। রাজনৈতিক দর্শন, নিয়মতান্ত্রিক শাসনের প্রতি আনুগত্যবোধ, স্বাধীনতালাভের জন্মগত অধিকার—এসব মৌলিক বিষয় নিয়ে সেদিন কোন দাবী উচ্চারিত হয়নি। তবু শঙ্কাগ্রস্ত হলেন শাসকশ্রেণী। নতুনতম মানবিক অধিকার দিতেও তারা নারাজ।

বাংলা থেকে বাংলা, ইংরেজী ও অন্যান্য ভারতীয় ভাষায়, উর্দু, ফার্সী, হিন্দী—১৮১৮ থেকে ১৮৬৮ এই পঞ্চাশ বছরের মধ্যে যে সব সংবাদপত্র প্রকাশিত হয়েছিল তাদের পরিচয় তুলে ধরেছেন ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় তাঁর বাংলা সাময়িকপত্র বইটিতে। এদের সংখ্যা যথাক্রমে ২২৯ এবং ১০। হয়তো সব সংবাদপত্রই এই তালিকায় ধরা পড়েনি। তবু দেশের শিক্ষিত জনসাধারণের তুলনায় এই সংখ্যা রীতিমত উৎসাহব্যঞ্জক। উনিশ শতকের এতদ্দেশীয় সমাজ, ধর্ম, অর্থনীতি, শিক্ষা, শিল্প, সংস্কৃতি ইত্যাদি সম্পর্কে বহু তথ্য ছড়িয়ে রয়েছে এই সব উপাদানে যার সাহায্য ছাড়া উনিশ শতকের ইতিহাস আমাদের কাছে অজানা রয়ে যাবে।

মেটকাফের শাসনকালে (১৮৩৫) প্রেস আইনের শৃঙ্খল মোচন করা হলেও ১৮৫৭ সালের বিদ্রোহের পর সাময়িকভাবে সরকারী অনুমোদন ছাড়া "মুদ্রাযন্ত্র সংস্থাপন" অথবা "রাজাজ্ঞ-

মত-এর বিরুদ্ধে সংবাদপত্রে বা পুস্তক বিশেষে অভিপ্রায় প্রকাশ করিলে ৫০০০ টাকা দণ্ড ও দুই বৎসরের অনধিক কারাবাস করিতে হইবেক"—এই মর্মে আইন প্রবর্তিত হয়েছিল। এই ব্যবস্থার ফলে দুখানি সংবাদপত্র—বাংলা 'রঙ্গপুর বার্তাবহ'এবং ইংরেজী সাপ্তাহিক "Hindu Intellegenar বন্ধ হয়ে যায়। ১৮৫৮ সালের ১৫ই জুন এই বিধি নিষেধ প্রত্যাহার করার সঙ্গে সংবাদপত্র ফিরে পেল নিজস্ব মতামত প্রকাশের স্বাধীন অধিকার।

১৮৫৭ সালের বিদ্রোহের প্রতি বাঙ্গালী তথা ভারতীয় বুদ্ধিজীবীরা সক্রিয় সমর্থন জানান নি, বরং অনেকেই বিদ্রোহীদের বিরুদ্ধে বিরূপ মন্তব্য করেছেন। কেউ কেউ আবার বিদ্রোহ দমনের জন্যে ইংরেজ সরকারকে অভিনন্দন জানিয়েছেন। কিন্তু তা সত্ত্বেও ১৮৫৭-র বিদ্রোহে ইংরেজ শাসনের আসল স্বরূপ সম্পর্কে ভারতীয়দের অনেক ধারণা ভুল বলে প্রমাণিত হয়েছিল। এই বিদ্রোহের ব্যাপকতা সম্পর্কে Hindoo Patriot-এর সম্পাদক হরিশচন্দ্র মুখোপাধ্যায় নিঃসংশয় ছিলেন। তাঁর সুস্পষ্ট অভিমত —There is not a single native of India who does not feel the full weight of the grivences imposed upon him by the very existence of the British rule in India—grivences inseparable from subjection to a foreign rule. বিদেশী শাসনের বিরুদ্ধে প্রতিবাদাত্মক মনোভাব সর্বপ্রথম প্রতিফলিত হয়েছিল Hindoo Patriot-এ। নীল বিদ্রোহ নিয়ে ভারতীয় সংবাদপত্রের পক্ষ থেকে নীলকরদের অত্যাচারের বিরুদ্ধে কৃষকশ্রেণীর স্বার্থরক্ষার জন্য জনমত জাগ্রত এবং সংঘবদ্ধ করতে এগিয়ে চলেন হরিশচন্দ্র। এই সময়কার একটি জোরালো প্রবন্ধে হরিশচন্দ্রের এককালীন সহকর্মী এবং Hidoo Patrot-এর অন্যতম প্রতিষ্ঠাতা সম্পাদক গিরিশচন্দ্র ঘোষ—হরিশচন্দ্রের অকাল প্রয়াণ উপলক্ষ্যে Mookerjee's Magazine-এ (জুন ১৮৬১ খৃঃ) লিখেছেন : A thunderbolt has fallen upon native society. Hushed is every voice and fixed is every eye. The friend of the poor and the mentor of the rich, the spokesman,

the patriot, the brave heart that defied along and battled foremost in the strife of politics has been swept away like a vision from our aching eye......we had only recently learnt the value of political liberty.........Hurrish Chandra Mukherjee was, the soul of this movement. অবশ্য হরিশচন্দ্রের আগে তত্ত্বোধিনী পত্রিকায় অক্ষয় কুমার দত্ত এবং প্রভাকরের পৃষ্ঠায় ঈশ্বরচন্দ্র গুপ্ত নীলচাষীদের দুর্দশার প্রতি দেশবাসীর দৃষ্টি আকর্ষণ করেছিলেন। কিন্তু হরিশচন্দ্রই একাকী নীলপ্রধান প্রদেশের প্রজাগণকে রাক্ষস সদৃশ নৃশংস "নীলকরদের অত্যাচার হইতে পরিত্রাণ করিয়াছেন, এ কথা বলিলে অত্যুক্তি বোধহয় সন্দেহ নাই। কিন্তু এতদ্বিষয়ে তাঁহার এত উদ্যোগ, এত চেষ্টা ও এত পরিশ্রম ছিল যে, আমরা সেই অত্যুক্তি দোষ স্বীকারেও অসম্মত নই। তিনি নীলকরদের গর্ব চূর্ণ করিবার আদি কারণ সন্দেহ নাই।' 'সোমপ্রকাশের এই উক্তি অতিরঞ্জন নয়। The Blue Mutiny-র গ্রন্থকার এ প্রসঙ্গে যে অভিমত ব্যক্ত করেছেন তা সমর্থনযোগ্য। 'Here for the first time, an Indian of the urban middle class was acting as a spokesman for the peasantry. The indigo disturbances mark the biginning of a contest for the political leadership of rural Indian between the paternalist British district officer and middle class urban Indian.

নীল বিদ্রোহের পর উনিশ শতকের ষাট আর সত্তর দশকে ভারতবর্ষের রাজনৈতিক পরিবেশে দ্রুতগতিতে পরিবর্তন ঘটতে শুরু করলো। ততদিনে বিশ্ববিদ্যালয়ের শিক্ষাপ্রাপ্ত ভারতীয়দের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। রাজনৈতিক বিষয়ে সচেতন নেতৃত্ব দেখা দিয়েছে। ইংরেজ সরকারের শাসন নীতির অসাম্য, অর্থনৈতিক শোষণ, ক্রমবর্ধমান দারিদ্র্য আর বেকারীর অভিশাপ, জাতীয় শিল্পের ক্রমিক সংকোচন, উচ্চ এবং দায়িত্বপূর্ণ পদ থেকে যোগ্যতা সত্ত্বেও ভারতীয়দের বঞ্চনা, দেশীয় রাজ্যের আভ্যন্তরীণ শাসন ক্ষেত্রে সার্বভৌম শক্তির নির্বিচার হস্তক্ষেপ, সর্বোপরি বর্ণবিদ্বেষ

মূলক আচরণ—ইংরেজ জাতির ঔদার্য এবং গণতন্ত্রের প্রতি সহজাত আস্থা মেনে নিয়ে ইংরেজ সরকারের প্রতি কশম্বদ হয়ে থাকার যে মানসিকতা ভারতীয়দের মনে এতকাল প্রশ্রয় পেয়ে এসেছিল বাস্তব অভিজ্ঞতার সঙ্গে তাঁর মিল খুঁজে পাওয়া ক্রমশঃ দুঃসাধ্য হয়ে উঠলো। তাই শাসকশ্রেণীর সততা আর শুভবুদ্ধির উপর নির্ভরতার ভিত্তি ক্রমশঃ শিথিল হয়ে এলো। সিভিল সার্ভিস পরীক্ষার বিধিব্যবস্থা, বিচার বিষয়ে বৈষম্য, ভারতবাসীদের উপর শ্বেতকায় প্রভুদের দৌরাত্ম্য, অর্থনৈতিক শোষণ এবং ভারতীয় জনমতের প্রতি নির্বিকার ঔদাসীন্যের বিরুদ্ধে প্রতিবাদমুখর হয়ে উঠলো ভারতীয় সংবাদপত্রগুলি। সত্তর দশকের শেষভাগে দুর্ভিক্ষ মহামারী, জনসাধারণের আশা আকাঙ্খার প্রতি সম্পূর্ণ নির্বিকার বিদেশী সরকার চিরাচরিত উপায়ে নির্যাতনের সাহায্যে সেদিন চেয়েছিল প্রতিবাদের কণ্ঠরোধ করতে। তাই এলো পর পর ভার্ণাকুলার প্রেস অ্যাক্ট, আর্মস অ্যাক্ট। যদিও কোন কোন আধা-সরকারী মহলে বর্ণভেদের ভিত্তিতে বিচারের ক্ষেত্রে বৈষম্য দূরীকরণের প্রযোজনীয়তা অনুভূত হয়েছিল, তবু ভারতীয় বিচারকদের হাতে কোন কোন ক্ষেত্রে শ্বেতাঙ্গ অপরাধীদের বিচার ক্ষমতা মেনে নিয়ে আইন সংস্কারের যে প্রচেষ্টা হয়েছিল তাও শেষ পর্যন্ত কার্যকর করা সম্ভব হলো না জঙ্গী সরকারী, আধা সরকারী আর বে-সরকারী শ্বেতাঙ্গ মহলের সংঘবদ্ধ প্রতিরোধের ফলে। সরকার যেটুকু এগিয়ে যাবেন বলে এককালে ভেবেছিলেন বাস্তবক্ষেত্রে তারা শেষ পর্যন্ত অনেকখানি পিছিয়ে গেলেন। সুতরাং সমস্যার সমাধানের পরিবর্তে সমস্যার তীব্রতা আর ব্যাপকতা বেড়েই চললো। যে প্রতিবাদ দীর্ঘকাল ধরে বিশেষ ভাবে শিক্ষিত মধ্যবিত্ত সমাজে সীমিত ছিল তা ছড়িয়ে পড়লো বৃহত্তর ভারতীয় জনমানসে। জাতীয়তাবাদ আর স্বাধিকারের এই ক্রমবর্ধমান দাবী প্রসঙ্গে বলা যেতে পারে—the cry of the few become the creed of the many। জাতীয় স্তরে রাজনৈতিক চিন্তাধারার এই গতিশীলতার মূলে শক্তি ও প্রেরণা সেদিন যুগিয়েছিলেন ভারতের সংবাদপত্রসেবীরা। উনিশ শতকের শেষ তিন দশক থেকেই ভারতীয় সংবাদপত্র সমূহের এই ভূমিকা সক্রিয় হয়ে উঠেছিল। কলকাতার হিন্দু পেট্রিয়ট ছাড়া ইন্ডিয়ান

মীরার, বেঙ্গল হরকুরা, বেঙ্গলী, এলাহাবাদের পাইওনীয়ার, মাদ্রাজের মাদ্রাজ স্টাণ্ডার্ড, হিন্দু, মহারাষ্ট্রের ইণ্ডিয়ান স্পেক্টেটর, ইন্দুপ্রকাশ, কেশরী, প্রভৃতির অবদান উল্লেখনীয়।

১৮৭৫ সালের শেষাশেষি ভারতীয় মালিকাধীন সংবাদপত্রের সংখ্যা ছিল ৪০০; এদের প্রচার সংখ্যা আনুমানিক দেড় লক্ষ। বোম্বে গেজেটের গণনানুসারে যদি প্রতিটি সংখ্যা ১০ থেকে ২০জন পাঠক পড়তেন তাহলে যে সংখ্যা দাঁড়াতো গোটা জনসংখ্যার তুলনায় তা নগণ্য। এ গণনা পদ্ধতির অভ্রান্ততা মেনে নিলেও এ কথা অবশ্য স্বীকার্য যে সংখ্যায় নগণ্য হলেও এরাই ছিলেন সেদিন জন মানসের প্রকৃত প্রতিনিধি। জনমতের আসল নিয়ামক। বিশেষ করে দেশীয ভাষায় প্রকাশিত সংবাদপত্রগুলির প্রভাব প্রতিপত্তি ছিল অসাধারণ। বিশেষতঃ পল্লী অঞ্চলের বাসিন্দাদের মধ্যে প্রচারের দিক থেকে সর্বাধিক সাফল্য লাভ করেছিল 'সুলভ সমাচার'। উর্দু, হিন্দী, গুজরাঠী, মারাঠী, ওড়িয়া ইত্যাদি ভাষায় প্রকাশিত সংবাদপত্রের সংখ্যা শুধু ক্রমাগত বেড়েই চলেনি, সংবাদ পরিবেশনের দিক থেকেও এরা জনগণের অভাব অভিযোগ আর জনমতের আশা আকাঙ্খাকেই শুধু তুলে ধরতো না, ইংরেজ মালিকানায় এবং প্রচ্ছন্ন সরকারী সহায়তায় ইংরেজী পত্র পত্রিকায় যে সব তথ্য পরিবেশিত হতো তাতে সত্যগোপনের প্রচেষ্টার বিরুদ্ধেও এরা জেহাদ ঘোষণা করেছিল। মফঃস্বল শহর, আধা শহর, এমন কি গ্রামাঞ্চল থেকে সংবাদপত্র প্রকাশের দুঃসাহস যারা দেখিয়েছিলেন তাদের পরিবেশিত সংবাদপত্রের পাতায় থাকতো মফঃ-স্বলের ঘটনাবলী সংক্রান্ত পুঙ্খানুপুঙ্খ বিবরণ। সরকারের তরফ থেকে দেশীয় ভাষায় পরিচালিত সংবাদপত্রের উপরেই বেশী মাত্রায় সতর্ক দৃষ্টি রাখতো সরকারী কর্তৃপক্ষ। আর এই কারণেই প্রবর্তিত হয়েছিল ভার্নাকুলার প্রেস আইন। এই আইনের ভ্রূকুটি উপেক্ষা করে যে সব সংবাদপত্র সেদিন জাতির সেবায় আত্মনিয়োগ করেছিল, অর্থদণ্ড, কারাদণ্ডের ভয়ে যারা সরকারের সঙ্গে আপোষনামায় রাজী হয়নি তাদের মধ্যে অগ্রগণ্য—সহচর, সাধারণী, সুলভ সমাচার, ভারত মিহির, ঢাকা প্রকাশ এবং সোম প্রকাশ।

পল্লী অঞ্চল থেকে সংবাদপত্র প্রকাশের দুঃসাহসী পরিকল্পনা সেদিন অনেকেই গ্রহণ করেছিলেন। কিন্তু তাদের মধ্যে যে

পত্রিকাটি ভাষান্তরিত হওয়া সত্ত্বেও ১৮৬৮ সাল থেকে জনসেবা ও শিক্ষার ক্ষেত্রে তার প্রচেষ্টা অব্যাহত রেখেছে তা হলো শিশির কুমার ঘোষ প্রতিষ্ঠিত অমৃতবাজার পত্রিকা। এই পত্রিকাটির প্রথম দুই বৎসরের দুষ্প্রাপ্য ফাইল সংগ্রহ করে ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় এই সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন যে "ভারতবাসীর অবনতির মূলে যে রাষ্ট্রীয় পরাধীনতা, আর ইহার সর্বাঙ্গীন উন্নতি প্রচেষ্টায় যে রাষ্ট্রীয় স্বাধীনতা একান্ত আবশ্যক—এই সকল বিষয় যুক্তিপ্রমাণ সহযোগে পত্রিকা প্রথম হইতেই প্রচার আরম্ভ করিয়াছিলেন।" পত্রিকার শিরোভূষণে লেখা ছিল দুটি পংক্তি—

"অধীনতা কালকূটে মরি হায় হায়।
করেছে কি আর্যসুতে চেনা নাহি যায়।"

ইংরেজ সরকারের আচরিত জাতিবৈরিতা, বিচার বিভাগের অসাম্য, অর্থনৈতিক ক্ষেত্রে শোষণ সর্বস্বতা, ভারতবাসীদের রাজনৈতিক অধিকার, এমন কি যোগ্যতা সত্ত্বেও সরকারী চাকুরীতে নিয়োগের অন্তরায়, স্বাধীন মতপ্রকাশের অধিকার হরণ, সরকার ও মহাজনদের উৎপীড়ন নিপীড়নে নির্যাতিত ভারতীয় জনগণের ক্রমবর্ধমান দুর্দশা, মধ্যবিত্তের অবলোপ, শিল্পক্ষেত্রে সরকারী নিয়ন্ত্রণের কঠোরতা, সরকার আচরিত স্বজাতি পক্ষপাতিত্ব, আদালতের বিচার বিভ্রাট, রাজস্ব নীতির অধিকার, কৃষকদের উপর অব্যাহত নির্যাতন, বিভিন্ন সংস্থা ও সংগঠনের উদ্যোগে পরিচালিত রাজনৈতিক এবং সামাজিক সংস্কারের প্রতিটি প্রচেষ্টার সমর্থন—এ সব বিষয়বস্তুই ছিল পত্রিকার মুখ্য আলোচ্য। ১৮৬৮ সালের ২৯শে অক্টোবর পত্রিকার সম্পাদকীয় মন্তব্যে লেখা হলো—

"দাসত্ব চাইতে গেলেই দাস হইতে হয়। ইংরেজরা মনে করেন তারা ভারতীয়দের উপর দেল পুরে প্রভুত্ব করিতেছেন। কিন্তু এদিকে আবার তাহাদের গৌরব ও বলবীর্য সেই সঙ্গে বিসর্জিত হইতেছে। সুতরাং যাহার জোরে ভারতবর্ষকে অধীন রাখিয়াছেন, এইরূপ কুব্যবহারে ক্রমে তাহা হ্রাস পাইতেছে। অতএব দুই উল্টাদিক হইতে ভারতবর্ষের স্বাধীনতার পথ পরিষ্কৃতও হইতেছে। আর তাহা কাহারো সাধ্য নাই যে নিবারণ করে।"

ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনে সংবাদপত্রের ভূমিকার গুরুত্ব সহজেই ধরা পড়ে আমাদের মুক্তিসংগ্রামের যে সব ইতিহাস

লেখা হয়েছে তাদের পাদটীকার দিকে লক্ষ্য করলে। আমাদের দুর্ভাগ্য, গত দেড়শ বছরের মধ্যে বিভিন্ন দেশীয় ভাষায় যে সব সংবাদপত্র প্রকাশিত হয়েছিল তাদের বেশীর ভাগই আজ সন্ধান করলেও খুঁজে পাওয়া যাবে না। এর মূলে একদিকে যেমন সন্ধ্যা, বন্দেমাতরম, যুগান্তরের মত সংবাদপত্রের উপর সরকারী নির্যাতনের তাণ্ডব, অন্যদিকে এদের সংরক্ষণ বিষয়ে সরকারী ও বেসরকারী মহলের নির্বিকার ঔদাসীন্য। এদের সংরক্ষণের উপযোগী ব্যবস্থা এতাবৎকাল যতটুকু গৃহীত হয়েছে প্রয়োজনের তুলনায় তা নিতান্তই অকিঞ্চিৎকর।

অবিনাশ দাশগুপ্ত

স্বাধীনতা পূর্ব গণ আন্দোলন ও সংবাদপত্র

॥ এক ॥

স্বাধীনতা-পূর্বকালের গণ-আন্দোলনে আমাদের দেশে সংবাদপত্রের ভূমিকা কি ছিল তা সম্যক উপলব্ধি করতে হলে একটি বিষয়ে প্রথমেই স্থির সিদ্ধান্ত করে নেওয়া প্রয়োজন। তা হল, গণ-আন্দোলন সম্পর্কে আমাদের ধারণা কি এবং সংবাদপত্রের ভূমিকা বলতে আমরা কী বুঝি। আলোচনার সূত্রপাতেই এই প্রশ্নটি তোলা হল এই জন্যে যে, প্রশ্নটি বিতর্কিত; এবং এ সম্পর্কে সুস্পষ্ট ধারণা না থাকলে স্বাধীনতা পূর্বকালের গণ-আন্দোলনে আমাদের দেশের সংবাদপত্রসমূহের ভূমিকা কী ছিল তা সঠিক বোঝা যাবে না।

আমাদের দেশে স্বাধীনতা-পূর্বকালের গণ-আন্দোলন বলতে সাধারণভাবে জাতীয় কংগ্রেস পরিচালিত জাতীয় মুক্তি আন্দোলনকেই বোঝায়। কিন্তু জাতীয় কংগ্রেসের আন্দোলনের বৃহত্তর পরিধির মধ্যে থেকেও, স্বতন্ত্র বৈশিষ্ট্য নিয়ে জাতীয়

মুক্তি আন্দোলনে একটি বিপ্লবী ধারা প্রবাহিত ছিল। দেশের স্বাধীনতা অর্জনের মূল লক্ষ্য এক হলেও, বিপ্লবী আন্দোলনের চরিত্র ছিল ভিন্নতর। অগ্নিযুগ থেকে শুরু করে নেতাজী সুভাষচন্দ্রের আজাদ হিন্দ ফৌজ আন্দোলন পর্যন্ত আমাদের দেশে একাধিক বিপ্লবী আন্দোলন সংগঠিত হয়েছে এবং এই আন্দোলনের পেছনে গণ-সমর্থনও ছিল। সঙ্গত কারণেই এই সকল আন্দোলনকেও গণ-আন্দোলন বলে স্বীকৃতি দেওয়া বিধেয়।

বিশের দশকে আমাদের দেশের বিপ্লবী গণ-আন্দোলনে নতুন চিন্তাধারার উন্মেষ ঘটে। স্বদেশ চিন্তার সঙ্গে সঙ্গে বিপ্লবীরা সাম্যবাদী ভাবধারায় উদ্বুদ্ধ হয়ে ওঠেন। ফলে বিপ্লবী আন্দোলন শ্রেণী সচেতন গণ-আন্দোলনে রূপান্তরিত হতে থাকে। বিভিন্ন রাজ্যে শ্রমিক-কর্মচারী-কৃষকদের শ্রেণী ভিত্তিক গণ-সংগঠন গড়ে ওঠে এবং শ্রেণী ভিত্তিক দাবি-দাওয়া নিয়ে আন্দোলনও শুরু হয়। জাতীয় মুক্তি আন্দোলনের সহায়ক শক্তি হিসেবে গড়ে উঠলেও এই সকল আন্দোলনের মূল দৃষ্টি ছিল আরও গভীরে। শুধু পরাধীনতার শৃঙ্খলমোচনই নয়; শ্রেণী শোষণের অবসান ঘটিয়ে শোষণমুক্ত সমাজবাদী ভারতবর্ষ গড়ে তোলাই ছিল এই আন্দোলনের লক্ষ্য।

সাম্রাজ্যবাদী ইংরেজ সরকারের প্ররোচনায় আমাদের দেশে সাম্প্রদায়িকতাবাদ মাথাচাড়া দিয়ে ওঠে এবং এরই ফলশ্রুতি হিসেবে কংগ্রেস পরিচালিত জাতীয় মুক্তি আন্দোলনের মূল ধারা থেকে মুসলমান সম্প্রদায় পরবর্তীকালে বিচ্ছিন্ন হয়ে পড়ে। পৃথক মুসলিম রাষ্ট্রের দাবিতে মুসলিম লীগের নেতৃত্বে যে আন্দোলন গড়ে ওঠে তাকেও গণ-আন্দোলন বলে আখ্যায়িত না করে পারা যায় না।

এছাড়া হিন্দু জাতীয়তাবাদী আন্দোলনেরও উল্লেখ করা যেতে পারে। গণ-আন্দোলনের অভিধায় এই সকল আন্দোলনকে অভিহিত করা সঙ্গত কিনা সেবিষয়ে হয়তো দ্বিমত থাকতে পারে; কিন্তু এই সকল আন্দোলনও যে বহুজন সমর্থনপুষ্ট ছিল একথা অস্বীকার করা ইতিহাস সম্মত নয়।

তবে গণ-আন্দোলন চিহ্নিতকরণের ব্যাপারে বিতর্কে না গিয়ে বর্তমান আলোচনার সুবিধার জন্যে, সাম্প্রদায়িক সংগঠন সমূহের

আন্দোলনকে গণ-আন্দোলনের চৌহদ্দির বাইরে রাখা যেতে পারে। এবং মোটামুটিভাবে জাতীয় মুক্তি আন্দোলন এবং পরবর্তীকালের শ্রেণী-ভিত্তিক আন্দোলনে সংবাদপত্রের ভূমিকা কী ছিল তা পর্যালোচনা করা যেতে পারে।

কিন্তু এই পর্যালোচনার আগে সংবাদপত্রের ভূমিকা কী, মৌল এই প্রশ্নের বিচার বিশ্লেষণ করে দেখা দরকার। কেননা সংবাদপত্রের ভূমিকা সম্পর্কেও বহুমত প্রচলিত রয়েছে। কিন্তু বর্তমান নিবন্ধের বিষয়বস্তু ভিন্ন হওয়ায় এ সম্পর্কে বিস্তৃত আলোচনা করা সম্ভবপর নয়। সাধারণভাবে সূত্রাকারে কয়েকটি কথা উল্লেখ করা যেতে পারে।

সংবাদপত্রের ভূমিকা কী সে সম্পর্কে আলোচনাকালে একথা মনে রাখা দরকার যে, সংবাদপত্র 'সমাজ দর্পণ' হলেও শ্রেণী বিভক্ত সমাজে সংবাদপত্র শ্রেণী নিরপেক্ষ নয়। সংবাদপত্র হল শ্রেণী বিশেষের স্বার্থ রক্ষার অন্যতম হাতিয়ার। সংবাদপত্রের মালিক-গোষ্ঠী যে-শ্রেণীভুক্ত, সংবাদপত্র সেই শ্রেণীরই স্বার্থরক্ষার প্রচার-মাধ্যম হিসেবে কাজ করে। সেই কারণেই ধনিকশ্রেণীর সংবাদপত্র পরিচালনায় সবসময়ই ধনিকশ্রেণীর স্বার্থ রক্ষার কথা মনে রেখেই নীতি নির্ধারিত হয়। ব্যবসায়িক কারণে অনেক সময় ধনিক-শ্রেণীর সংবাদপত্রও প্রগতিশীলতার মুখোশ পরিধান করে; কিন্তু তাতে তার মৌল চরিত্রের কোন পরিবর্তন হয় না।

এর বিপ্রতীপ কোণে রয়েছে শ্রমিকশ্রেণীর সংবাদপত্র। শ্রেণীগত কারণেই শ্রমিকশ্রেণীর সংবাদপত্র ধনিকশ্রেণীর বিরুদ্ধবাদী এবং শ্রমিকশ্রেণীর স্বার্থবাহী। ধনবাদী সমাজে সংবাদপত্রের শ্রেণীগত চরিত্র নিরূপণ খুবই সহজ। কারণ, ধনবাদী সমাজে শ্রেণী বিভাগটা খুবই স্পষ্ট; একদিকে শোষক ধনিক শ্রেণী, অন্যদিকে শোষিত বঞ্চিত নিপীড়িত শ্রমজীবী শ্রেণী। এই সমাজে ধনিকশ্রেণীর সংবাদপত্র ধনিকশ্রেণীর এবং শ্রমিকশ্রেণীর সংবাদপত্র শ্রমিকশ্রেণীর স্বার্থ পরিপোষণের ভূমিকা গ্রহণ করে।

কিন্তু দেশ যখন সাম্রাজ্যবাদী পরশাসনের অধীন থাকে তখন সংবাদপত্রের সঠিক ভূমিকা নিরূপণ করা কিছুটা কষ্টকর হয়ে ওঠে। কারণ, সাম্রাজ্যবাদী শাসনকালে দেশের সব শ্রেণীর মানুষই ঐক্যবদ্ধ হয়ে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সংগ্রাম করে এবং সংগ্রামের

মূল লক্ষ্য থাকে পরাধীনতার শৃঙ্খল মোচন করে দেশের জনসাধারণের হাতে শাসন ক্ষমতা আনয়ন করা। সাম্রাজ্যবাদ-বিরোধী জাতীয় মুক্তি সংগ্রামের সময় সংবাদপত্র সাধারণভাবে দুটি শিবিরে বিভক্ত হয়ে পড়ে। সাম্রাজ্যবাদী শাসক ও তাদের তাঁবেদার গোষ্ঠীর স্বার্থবাহী সংবাদপত্র সরাসরিভাবে সাম্রাজ্যবাদী শাসক-শোষকের পক্ষাবলম্বন করে এবং সর্বশক্তি নিয়ে জাতীয় মুক্তি সংগ্রামের বিরোধিতা করাই তাদের মুখ্য ভূমিকা হয়ে দাঁড়ায়।

অন্যদিকে সাম্রাজ্যবাদী শোষণ-জর্জরিত জনসাধারণের বেদনা-বিক্ষোভ এবং মুক্তি আকাঙ্ক্ষা বাঙ্ময় হয়ে ওঠে জাতীয়তাবাদী সংবাদপত্রে। জাতীয়তাবাদী সংবাদপত্র তখন সাম্রাজ্যবাদী শোষণের বিরুদ্ধে বিদ্রোহীর ভূমিকা গ্রহণ করে। কিন্তু গৌরবজনক এই ভূমিকা থাকা সত্ত্বেও জাতীয়তাবাদী সংবাদপত্রের শ্রেণীগত আত্মীয়বন্ধন থাকে জাতীয় ধনিকশ্রেণী, জমিদার ও বিত্তশালী শ্রেণীর, অর্থাৎ জাতীয় বুর্জোয়া শ্রেণীর সঙ্গেই। তাই সাম্রাজ্যবাদী শাসকের সঙ্গে এই শ্রেণীর স্বার্থসম্পর্কের টানাপোড়েনে জাতীয়তাবাদী সংবাদপত্রের ভূমিকায়ও সাময়িকভাবে হলেও, কিছুটা পরিবর্তন সূচিত হয়; প্রতিবাদী হয়েও জাতীয়তাবাদী সংবাদপত্রকে তখন শ্রেণীস্বার্থগত কারণেই মাঝে মাঝে ভিন্নতর ভূমিকায়ও অবতীর্ণ হতে দেখা যায়। এর দৃষ্টান্ত যে আমাদের দেশেও নেই তা নয়। তবে এতে বিস্মিত হওয়ার কিছু নেই; কারণ ইতিহাসের নিয়মে এটাই স্বাভাবিক।

স্বাধীনতা পূর্ব কালে আমাদের দেশে প্রকৃত অর্থে শ্রমিকশ্রেণীর কোন সংবাদপত্র ছিল বলে দাবি করা যায় না। সমাজবাদী সাম্যবাদী ভাবধারায় প্রণোদিত শ্রমিক কৃষক শ্রেণীর মুখপত্র হিসেবে যে কয়েকটি সংবাদপত্র প্রকাশিত হয়েছিল তা-ও নানা কারণে দীর্ঘায়ু লাভ করেনি। ফলে জাতীয় মুক্তি আন্দোলনকালে এই সকল সংবাদপত্র কার্যকর কোন ভূমিকা নিতে পারেনি।

সংবাদপত্রের ভূমিকা সম্পর্কে সূত্রাকারে বলা এই কথাগুলো মনে রেখে এবার আমাদের দেশে স্বাধীনতা পূর্বকালে সংবাদপত্রের ভূমিকা কী ছিল তা অনুধাবনের চেষ্টা করা যেতে পারে। স্বাধীনতা পূর্বকালে আমাদের দেশে সংবাদপত্রগুলো সাধারণভাবে দু'টি শিবিরে বিভক্ত ছিল। এই সকল সংবাদপত্রের মধ্যে

দৈনিক ও সাময়িক সকল শ্রেণীর সংবাদপত্রকেই ধরা যেতে পারে। এদের মধ্যে কোন কোন সংবাদপত্র, বিশেষ করে সাম্রাজ্যবাদী ইংরেজদের সংবাদপত্র, লোতি কথায় যাকে 'ফিরিঙ্গী' সংবাদপত্র বলা হত, তারা সরাসরিভাবেই ইংরেজ শাসকের প্রতি পূর্ণ আস্থা ও আনুগত্য প্রকাশ করে সাম্রাজ্যবাদী ইংরেজ সরকারের মুখপত্রের ভূমিকা পালন করেছে। এই সকল সংবাদপত্র যেমন ইংরেজ শাসনের জয়গানে মুখর ছিল, ঠিক তেমনি জাতীয় মুক্তি আন্দোলনের বিরোধিতায় এদের ভূমিকা ছিল বিশেষ উল্লেখযোগ্য।

অন্যদিকে বিদেশী সাম্রাজ্যবাদী ইংরেজ সরকারের প্রতিপক্ষে ছিল জাতীয়তাবাদী সংবাদপত্র। জন্মলগ্ন থেকে আমাদের দেশে জাতীয়তাবাদী সংবাদপত্রের ভূমিকা ছিল প্রতিবাদীর। জাতীয় মুক্তি আন্দোলনে জাতীয়তাবাদী সংবাদপত্রগুলো প্রশংসনীয় ভূমিকা পালন করেছে। গোড়ার দিকে কিছুটা দোদুল্যমানতা থাকলেও, পরবর্তীকালে জাতীয়তাবাদী সংবাদপত্রগুলো সুস্পষ্ট ভাবেই জাতীয় মুক্তি আন্দোলনের প্রতি অকুণ্ঠ সমর্থন জানিয়েছে। সাম্রাজ্যবাদী ইংরেজ শাসকের শোষণ নির্যাতন অপশাসনের বিরুদ্ধে জাতীয়তাবাদী সংবাদপত্রগুলো নির্মমভাবে কশাঘাত করেছে। দেশবাসীকে স্বাধীনতা মন্ত্রে উদ্বুদ্ধ করে জাতীয় মুক্তি আন্দোলনকে সাফল্যের শিখরে পৌঁছে দেওয়ার জন্যে জাতীয়তাবাদী সংবাদপত্রগুলো শুধু প্রচার সহায়কই নয়, আন্দোলনের সংগঠক হিসেবেও কার্যকরী ভূমিকা পালন করেছে।

জাতীয়তাবাদী সংবাদপত্রের এই ভূমিকায় ভীত সন্ত্রস্ত হয়ে জাতীয়তাবাদী সংবাদপত্রের কণ্ঠরোধের জন্যে সাম্রাজ্যবাদী ইংরেজ সরকার নির্মমভাবে দমন-পীড়ন চালিয়েছেন। নানা ধরণের আইন-কানুনের প্রচলন, আইন লঙ্ঘনের অজুহাতে সংবাদপত্রকে বেআইনী ঘোষণা এবং সংবাদপত্রের প্রকাশ ও প্রচার জোর করে বন্ধ করে দেওয়া হয়েছে। জাতীয়তাবাদী সংবাদপত্রের সম্পাদক, প্রকাশক ও কর্মীদের উপর অকথ্য নির্যাতন চালানো হয়েছে, অর্থদণ্ড ও কারাদণ্ডও ভোগ করতে হয়েছে তাঁদের। কিন্তু তা সত্ত্বেও জাতীয়তাবাদী সংবাদপত্রের কণ্ঠরোধ করা যায়নি। জাতীয়তাবাদী সংবাদপত্রসমূহ সাম্রাজ্যবাদী ইংরেজ সরকারের নির্লজ্জ আক্রমণ ও ভ্রূকুটি উপেক্ষা করেই নির্ভীক ও নিরলসভাবে জাতীয়

মুক্তি আন্দোলনের সমর্থনে প্রচার চালিয়েছে।

জাতীয়তাবাদী সংবাদপত্র জাতীয় মুক্তি আন্দোলনে ঐতিহাসিক দায়িত্ব পালন করেছে একথা অকপটে স্বীকার করে নিয়েও বিনম্রভাবে বলতে হয় যে, জাতীয়তাবাদী সংবাদপত্রের ভূমিকা তাদের শ্রেণীগত স্বার্থ বৃত্তের বাইরে প্রসারিত হয় নি। জাতীয়তাবাদী সংবাদপত্র জাতীয় মুক্তি আন্দোলনে মুখ্যত জাতীয় কংগ্রেসের নীতির প্রতিই অতিমাত্রায় আস্থাশীল ছিল। ফলে তাদের প্রচারণায় জাতীয় কংগ্রেসের নীতি ও কর্মসূচীই মাত্রাতিরিক্ত গুরুত্ব পেয়েছে। তুলনামূলকভাবে বিপ্লবী দল সমূহের নীতি ও আন্দোলনের প্রচার ছিল কম। পরবর্তীকালে আমাদের দেশে যখন শ্রেণীভিত্তিক গণ-আন্দোলন গড়ে ওঠে তখন তার প্রতিও জাতীয়তাবাদী সংবাদপত্রগুলোর সমর্থন খুব স্পষ্ট ছিল না। দুয়েকটি উজ্জ্বল ব্যতিক্রম বাদ দিলে, শ্রেণীভিত্তিক গণ-আন্দোলন সম্পর্কে জাতীয়তাবাদী সংবাদপত্রগুলো মোটামুটিভাবে নীরবতা অবলম্বনের নীতি অনুসরণ করেছে। মাঝে মাঝে কিছু সংবাদ বা সম্পাদকীয় নিবন্ধ প্রকাশিত হলেও জাতীয়তাবাদী সংবাদপত্রগুলো শ্রমিক-কৃষকদের দাবি-দাওয়া বা আন্দোলনের বিষয়ে বিশেষ কোন আগ্রহ প্রকাশ করেনি। অবশ্য ঐতিহাসিক কারণেই জাতীয়তাবাদী সংবাদপত্রগুলোর পক্ষে শ্রমিক-কৃষকদের দাবির প্রতি পূর্ণ সমর্থন জানানো সম্ভবপর নয়। কারণ, জাতীয়তাবাদী সংবাদপত্রগুলো ছিল জাতীয় বুর্জোয়া শ্রেণীর মুখপত্র ; স্বাভাবিক কারণেই এদের সঙ্গে শ্রমিক-কৃষকদের শ্রেণীগত স্বার্থ-সংঘাত রয়েছে। ফলে স্বাধীনতা পূর্ব কালে আমাদের দেশে শ্রমিক-কৃষকদের শ্রেণীভিত্তিক যে আন্দোলন গড়ে উঠেছে জাতীয়তাবাদী সংবাদপত্রের পাতায় তার স্পষ্ট প্রতিফলন দেখতে পাওয়া যায় না।

॥ দুই ॥

ঐতিহাসিক এই সীমাবদ্ধতার কথা মনে রাখলে জাতীয়তা-বাদী সংবাদপত্রগুলো যে স্বাধীনতা পূর্ব কালের গণ-আন্দোলনের প্রচারণায় এবং জনমত সংগঠনে গৌরবোজ্জ্বল ভূমিকা পালন করেছে তা নির্দ্বিধায়ই বলা চলে। তালিকা দীর্ঘ হবে বলে এ প্রসঙ্গে সবকটি সংবাদপত্রের নামোল্লেখ কিংবা এই সকল সংবাদপত্র থেকে উদ্ধৃতি দেওয়া সম্ভবপর নয়। তাই জাতীয়তাবাদী সংবাদপত্র-

গুলো জাতীয় মুক্তি আন্দোলনের কালে কীভাবে প্রচারক ও আন্দোলন সংগঠকের নির্ভীক ভূমিকা পালন করেছে তার একটি স্পষ্ট চিত্র উপস্থাপনের জন্যে কলকাতা থেকে প্রকাশিত একটি মাত্র সংবাদপত্র থেকে কিছু উদ্ধৃতি দেওয়া হল।

এই সংবাদপত্রটি হল দৈনিক 'বাঙ্গলার কথা'। ফরওয়ার্ড পাবলিশিং লিমিটেডের পরিচালনায় এই সংবাদপত্রটি প্রকাশিত হত। ফরওয়ার্ড পাবলিশিং লিমিটেড-এর ম্যানেজিং ডাইরেক্টর হিসেবে শ্রীশরৎচন্দ্র বসু এই সংবাদপত্রটির সঙ্গে যুক্ত ছিলেন। সম্পাদক ছিলেন শ্রীসত্যরঞ্জন বক্সী এবং মুদ্রক শ্রীসত্যরঞ্জন মুখোপাধ্যায়। ১৯ ব্রিটিশ ইন্ডিয়ান স্ট্রীটের ফরওয়ার্ড প্রেস থেকে এই সংবাদপত্রটি মুদ্রিত হত।

সংবাদপত্রকে সর্বপ্রথম রাজনীতি-মনস্ক ও জাতীয়তাবাদে উজ্জীবিত করার গৌরব শ্রীশিশির কুমার ঘোষের সম্পাদনায় প্রকাশিত সাপ্তাহিক অমৃত বাজার পত্রিকারই প্রাপ্য। এ প্রসঙ্গে কবিবর নবীনচন্দ্র সেন-এর একটি উক্তি স্মরণ করা যেতে পারে। তিনি বলেছেন, শ্রীশিশির কুমার ঘোষ ও "...তাঁহার পত্রিকাই এদেশে স্বদেশ ভক্তির পথপ্রদর্শক।" পথপ্রদর্শকের প্রাপনীয় গৌরব অমৃত বাজার পত্রিকার হলেও, স্বদেশভক্তির প্রচারে পরবর্তী-কালে অন্যান্য জাতীয়তাবাদী সংবাদপত্রও বিশিষ্ট ভূমিকা গ্রহণ করে। অমৃত বাজার পত্রিকায় জাতীয় চেতনার যে উন্মেষ ঘটে, তার পোষকতা ও প্রচারণার মধ্য দিয়ে তাকে সংগ্রামী চেতনায় রূপান্তরিত করার গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছে জাতীয়তাবাদী সংবাদপত্রগুলো। এই দায়িত্ব পালনের প্রতিফলন 'বাঙ্গলার কথা'য়ও স্পষ্ট।

'বাঙ্গলার কথা' নানা কারণে দীর্ঘায়ু হতে পারে নি। কিন্তু এই সংবাদপত্রটি যতদিন প্রকাশিত হয়েছে ততদিন এটি ছিল জাতীয় মুক্তি আন্দোলনের অন্যতম শক্তিশালী প্রচারক। জাতীয় আন্দোলনে 'বাঙ্গলার কথা' বিশেষ উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে। 'বাঙ্গলার কথা'র অগ্নিবর্ষী সম্পাদকীয় নিবন্ধ এবং সংবাদ-সমূহ যেমন বাঙ্গলার মানুষকে স্বাধীনতা সংগ্রামে অফুরন্ত প্রেরণা জুগিয়েছে, ঠিক তেমনি এতে সাম্রাজ্যবাদী ইংরেজ শাসকের মনেও ভয়ভীতির সঞ্চার করেছে। তাই এই সংবাদপত্রটিও ইংরেজ

সরকারের রোষানলে দগ্ধ ও উত্যক্ত হয়েছে। কিন্তু ইংরেজ সরকারের হুমকি ও ভীতিপ্রদর্শনে 'বাঙ্গলার কথা' নিস্তব্ধ বা স্বীয় আদর্শ থেকে কখনোই বিচ্যুত হয় নি। বরং আদর্শে তন্নিষ্ঠ থেকে 'বাঙ্গলার কথা' নির্ভীকভাবে দেশপ্রেম ও স্বাধীনতার বাণী প্রচার করেছে।

শুধু জাতীয়তাবাদী আন্দোলনের সমর্থন ও প্রচারই নয়; আমাদের দেশে বিশের দশকে শ্রমিক-কৃষকদের শ্রেণীভিত্তিক যে আন্দোলন গড়ে উঠেছে সে সম্পর্কেও 'বাঙ্গলার কথা'র আগ্রহ ছিল অপরিসীম। 'বাঙ্গলার কথা'র বিভিন্ন সংখ্যায় শ্রমিক-কৃষকদের সংবাদ প্রকাশিত হয়েছে, তাদের দাবি-দাওয়ার সমর্থনে সম্পাদকীয় ও বিশেষ নিবন্ধ ছাপা হয়েছে। এ ব্যাপারে জাতীয়তাবাদী অন্যান্য সংবাদপত্রের সঙ্গে 'বাঙ্গলার কথা'র স্পষ্টত কিছুটা পার্থক্য ছিল। এই কারণেই বর্তমান আলোচনায় 'বাঙ্গলার কথা'কে বেছে নিয়ে এই সংবাদপত্রটি থেকে কিছু উদ্ধৃতি দেওয়া হয়েছে।

'বাঙ্গলার কথা' সম্পর্কে প্রথমেই যে জিনিষটি নজরে পড়ে তা হল এর প্রচারশৈলী। 'বাঙ্গলার কথা'র প্রচারশৈলী ছিল অননুকরণীয়; এবং প্রতিটি সংবাদ সুনির্বাচিত এবং বিশেষ উদ্দেশ্যবহ। ইংরেজ সরকারের মদগর্বী মনোভাব ও আচরণে যাতে আঘাত লাগে সেদিকে দৃষ্টি রেখেই দেশ বিদেশের সংবাদ পরিবেশন করা হত। জার্মানী, ইতালী, জাপান এমনকি রাশিয়া ও চীনের আর্থিক ও সামরিক শক্তি সম্পর্কে নানা ধরনের সংবাদ ছাপা হত। এমনভাবে সংবাদ প্রচার করা হত যাতে পাঠকের মনে সাম্রাজ্যবাদী ইংরেজের শক্তি সম্পর্কে যে ভয় তা দূর হয়ে যায় এবং ভারতবাসীর পক্ষে ইংরেজ বিতাড়ন যে অসম্ভব কোন কাজ নয় সেই বোধ জাগ্রত হয়।

ইংরেজের তুলনায় ভারতবাসী যে দুর্বল বা হীন নয় দেশবাসীর মনে এই আস্থা সঞ্চারের জন্যে 'বাঙ্গলার কথা' ভারতীয় মনীষীদের এবং দেশপ্রেমিকদের জীবনী অবলম্বনে বহু রচনা প্রকাশ করেছে। একটি রচনায় রাজা সুবোধচন্দ্র মল্লিকের সংক্ষিপ্ত জীবন কথার বিবরণ দিয়ে 'বাঙ্গলার কথা' লিখেছে: "...কিন্তু এই নির্যাতনেও তাঁহার অন্তরের স্বদেশ প্রেম শেষ পর্য্যন্ত জ্বলন্ত ছিল। চিরদিনই তিনি একনিষ্ঠ জাতীয়তাবাদী ছিলেন। কোন

লোভে তিনি কখনও চলেন নাই, রাজশক্তির নিকট তিনি কখনও মাথা নোয়ান নাই। মহাধনীর সন্তান হইয়াও তিনি স্বদেশের জন্য বহু কষ্ট স্বীকার করিয়া গিয়াছেন। এইরূপ লোকের জীবন প্রত্যেক জাতির পক্ষেই মহার্ঘ।" (২রা ডিসেম্বর, ১৯২৮)।

শুধু রাজনীতির ক্ষেত্রেই নয়, ভারতবাসী এবং বিশেষ করে বাঙ্গালী যে ইংরেজের চেয়ে সর্বক্ষেত্রেই শতগুণে বড়, বাঙ্গালীর মনে এই আত্মবিশ্বাস জাগ্রত করার জন্যেই আচার্য জগদীশচন্দ্র বসুর বৈজ্ঞানিক আবিষ্কারের উপর ধারাবাহিক প্রবন্ধ প্রকাশ করা হয়েছে। দেশ ও জাতিকে যদি আত্মশক্তিতে উদ্বুদ্ধ ও বলীয়ান করা না যায় তাহলে যে দেশের স্বাধীনতা সহজলভ্য হবে না একথা স্মরণে রেখেই 'বাংলার কথা' বাঙ্গালীর শক্তি ও জাগরণের মন্ত্র প্রচার করেছে।

সাম্রাজ্যবাদী ইংরেজ সরকারের বিরুদ্ধে 'বাঙ্গলার কথা'র ছিল সীমাহীন ঘৃণা ও বিক্ষোভ। ইংরেজ সরকারের শাসন ও শোষণের বিরুদ্ধে 'বাঙ্গলার কথা' নিরলস ও নির্ভীকভাবে সংগ্রাম করেছে। সম্পাদকীয় স্তম্ভে ইংরেজের অপশাসনের তীব্র সমালোচনা, সম্পাদকীয় মন্তব্যে শ্লেষ ও ব্যঙ্গ এবং বিশেষ রচনায় শাসক ইংরেজের ভারত বিদ্বেষী নীতির প্রতি নির্মম কশাঘাতে 'বাঙ্গলার কথা' ইংরেজ শাসকদের মনে সন্ত্রাস সৃষ্টি করেছিল। 'বাঙ্গলার কথা'র প্রতিটি রচনাই ছিল শাসক ইংরেজ সরকারের বুকে এক একটি শক্তিশেল।

বিশেষ করে সাইমন কমিশন বর্জন আন্দোলনের সময় 'বাঙ্গলার কথা'য় দীর্ঘদিন ধরে যেসকল রচনা প্রকাশিত হয়েছে শাসক ইংরেজের মনে তার প্রতিক্রিয়া হয়েছিল মারাত্মক। জাতীয় মুক্তি আন্দোলনে 'বাংলার কথা'র ভূমিকা নিরূপণ করতে হলে এই পর্বের কথা একটু বিশদভাবেই আলোচনা করা প্রয়োজন। তাই বর্তমান নিবন্ধের সীমিত পরিসরের কথা চিন্তা করে আলোচনা এই পর্যালোচনার মধ্যেই সীমাবদ্ধ রাখার চেষ্টা করা হবে।

১৯২৭ সালের নভেম্বরের প্রথম সপ্তাহে ভাইসরয় লর্ড আরউইন আমাদের দেশের বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের এক বৈঠক ডাকেন। এই বৈঠকে স্যার জন সাইমন-এর নেতৃত্বে একটি কমিশন গঠনের কথা ঘোষণা করা হয়। ভারতবর্ষে কী

ধরনের 'রিফর্মস' চালু করা যায় তা স্থির করার জন্যেই স্যার জন সাইমনের নেতৃত্বে সাত সদস্যবিশিষ্ট এই কমিশনকে পাঠানোর সিদ্ধান্ত হয়। স্বাভাবিক কারণেই ইংরেজ সরকারের এই সিদ্ধান্তে জাতীয় কংগ্রেস বিক্ষুব্ধ হয়ে ওঠে। মাদ্রাজে ডাঃ এম, এ আনসারির সভাপতিত্বে অনুষ্ঠিত কংগ্রেস অধিবেশনে সাইমন কমিশন বর্জনের প্রস্তাব গৃহীত হয়। এই প্রস্তাবে সাইমন কমিশনকে সর্বতোভাবে বর্জন করার জন্যে দেশবাসীর কাছে আহবান জানানো হয়।

১৯২৮ সালের ৩ ফেব্রুয়ারী সাইমন কমিশন বোম্বে পেঁছান। এই উপলক্ষে কংগ্রেস ওইদিন দেশব্যাপী হরতালের ডাক দেয় এবং দেশের বিভিন্ন শহরে সাইমন-বিরোধী বিক্ষোভের আয়োজন করে। সাইমন কমিশন-বিরোধী বিক্ষোভ আন্দোলনে দেশবাসী অভূতপূর্বভাবে সাড়া দেয়। অগণিত মানুষ বিভিন্ন শহরের রাজপথে কালো পতাকা হাতে মিছিল করে এবং 'সাইমন ফিরে যাও' বলে বজ্রনির্ঘোষে আওয়াজ তোলে।

এই বিক্ষোভে সাম্রাজ্যবাদী ইংরেজ সরকার উন্মত্ত হয়ে ওঠে এবং শান্তিপূর্ণ, নিরস্ত্র এবং অহিংস শোভাযাত্রার উপর নির্মম ভাবে পুলিশী তাণ্ডব চালায়। কলকাতায় পুলিশের হিংস্র আক্রমণ চলে। মাদ্রাজে পুলিশের গুলিতে তিনজন বিক্ষোভকারী মারা যান। আরও বহুলোক গুরুতরভাবে আহত হন। লাহোরে পুলিশ লাঠি চালায় এবং লাঠি চালনার ফলে লালা লাজপত রায় সহ বহু নেতা ও কর্মী গুরুতরভাবে আঘাতপ্রাপ্ত হন। পুলিশী এই আক্রমণের ফলে লালা লাজপত রায় ১৮ নভেম্বর মারা যান।

লক্ষ্ণৌ শহরে পুলিশ শান্তিপূর্ণ বিক্ষোভকারীদের ছত্রভঙ্গ করার জন্যে বেপরোয়াভাবে বেটন ও লাঠি চালায়। এর ফলে পণ্ডিত জওহরলাল নেহরু এবং বিভিন্ন রাজনৈতিক দলের আরও বহু কর্মী আহত হন।

সাম্রাজ্যবাদী ইংরেজ সরকারের এই নারকীয় পুলিশী অত্যাচারের বিরুদ্ধে সেদিন জাতীয়তাবাদী সংবাদপত্রগুলো ধিক্কারে গর্জে উঠেছিল। 'বাঙ্গলার কথা'য় (২ ডিসেম্বর, ১৯২৮) 'জয়ধ্বনি কর' শিরোনামে সম্পাদকীয় নিবন্ধে লেখা হয়েছিল: "জয়ধ্বনি কর। আমাদের মুক্তি অভিযান জয় হইতে জয়ের পথে

চলিয়াছে—জয়ধ্বনি কর। অত্যাচারীর দল আমাদের শক্তি বুঝিতে পারিয়াছে ; ভয়ে উহারা কাঁপিতেছে ; বিকারগ্রস্ত রোগীর মত উহারা হাত পা ছুঁড়িতেছে ; উহারা ক্ষেপিয়া গিয়াছে ; তাই দিক বিদিক জ্ঞানশূন্য হইয়া নিরস্ত্র জনতাকে বেটন দিয়া খোঁচাইতেছে—নিরীহ মানুষের উপর দিয়া ঘোড়া ছুটাইয়া চলিয়াছে—ইহা মৃত্যুর পূর্ব লক্ষণ। জয়ধ্বনি কর।”

এই নিবন্ধে ইংরেজ সরকারকে হুঁসিয়ারী দিয়ে আরও বলা হয় : “গবর্ণমেণ্টের পক্ষে ইহা করা স্বাভাবিক। যতই দিন যাইতেছে গবর্ণমেণ্ট ততই বুঝিতে পারিতেছে—সুপ্ত সিংহ জাগিয়াছে ; নিস্তরঙ্গ সাগরে কলগর্জন সুরু হইয়াছে ; ভারতবর্ষ পরাধীনতার শৃঙ্খল বহন করিতে আর প্রস্তুত নহে। রিফর্মসের মাকাল ফল দিয়া উহাকে আর ভুলাইয়া রাখা চলে না ; হিন্দু-মুসলমানের কলহ দ্বারা চিরকাল একটা জাতিকে শাসন করা যায় না ; রায় বাহাদুর, খাঁ বাহাদুর অথবা মন্ত্রীত্বপদ দিয়া কোটী কোটী নরনারীর স্বাধীন হইবার উদ্যমকে বিফল করিবার চেষ্টা বাতুলতা মাত্র।”

দেশবাসীকে অভয়মন্ত্র শুনিয়ে নিবন্ধের উপসংহারে বলা হয় : “কিন্তু আমাদের ভয় নাই ; আমাদের সহস্র সহস্র ছাত্র পুস্তকের মায়া কাটাইয়া বেটনের মুখে বুক দিতে শিখিয়াছে ; আমাদের নাগরিকগণ পুলিশের দুরন্ত অশ্বের দ্বারা দলিত হইয়াও গর্জন করে—সাইমন ফিরিয়া যাও। যাহারা মৃত্যুভয় অতিক্রম করিতে শিখিয়াছে—তাহাদের মুক্তি কে ঠেকাইয়া রাখিবে ?”

সম্পাদকীয় এই নিবন্ধ ছাড়াও পণ্ডিত জওহরলাল নেহরুর একটি বিবৃতি এই দিনের কাগজে ছাপানো হয়। বিবৃতির বয়ান : “গত ২৯শে ও ৩০শে তারিখে পুলিশ আমাকে মারপিঠ করিয়াছে। এই মারপিঠের ফলে আমার অবস্থা খুবই খারাপ হইয়া থাকিবে এই ধারণায় আমার বন্ধুবর্গ আমার স্বাস্থ্য সম্বন্ধে জানিবার জন্য অত্যন্ত উৎসুক হইয়া পড়িয়াছেন। তাদের সকলকে জানাইতেছি যে আমি নিরুৎসাহ হইয়া পড়ি নাই।…”

জাতীয় কংগ্রেসের মধ্যে নরমপন্থী ও চরমপন্থীদের যে মতপার্থক্য রয়েছে জাতীয় মুক্তি আন্দোলনের স্বার্থে তা দূর করে ঐক্যবদ্ধ হয়েই যে সকলের কাজ করা দরকার, সাইমন কমিশনের

আলোচনা প্রসঙ্গে 'বাঙলার কথা' সেবিষয়ে ইঙ্গিত দিয়ে লিখেছে : "...লক্ষ্মৌতে শোভাযাত্রারকালে যাহারা আহত হইয়াছে তাঁহাদের মধ্যে সকল দলের লোকই আছেন। চরমপন্থী, নরমপন্থী সকলেই আঘাত পাইয়াছেন। পুলিশ গুণ্ডামীর দ্বারা একটা কাজ করিয়াছে এবং তাহা হইতেছে বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে মিলন সাধন। বন্ধুর অনুরোধে যাহা সম্পন্ন হয় না শত্রুর লাঠি অনেক সময় তাহাকে সম্ভব করিয়া তোলে।"

সাইমন কমিশনের বিরুদ্ধে 'বাঙলাব কথা' সর্বাত্মক সংগ্রামেই অবতীর্ণ হয়েছিল বলা চলে। তাই সাইমন কমিশনের গতিবিধি কোন সময়ই তার দৃষ্টি এড়ায়নি। ছোট্ট একটি সংবাদে জানানো হয় : "সাইমন কমিশন ১২ই ডিসেম্বর পাটনায় আসিয়া ১৯শে পর্যন্ত থাকিবে। কৃষ্ণ পতাকার দ্বারা কমিশনের অভ্যর্থনার জন্য এখন হইতেই আয়োজন হইতেছে। অনেক স্বেচ্ছাসেবক ইহার মধ্যেই সংগৃহীত হইয়াছে।"

পাটনায় সাইমন কমিশনের বিরুদ্ধে যে বিক্ষোভ মিছিল হয় তাতে প্রায় পঞ্চাশ হাজাব মানুষ যোগ দেয়। সাইমন কমিশনকে অভ্যর্থনা জানানোর জন্যে সরকাবের পক্ষ থেকে সরকারী অফিসের চাপরাসিদের জড়ো করা হয়। তাছাড়া গাড়ি ভরতি করে ভাড়া করা লোকও আমদানি করা হয়। কিন্তু এই সকল লোকও অভ্যর্থনার সমাবেশে না গিয়ে শেষ পর্যন্ত বিক্ষোভকারীদের সঙ্গে যোগ দেয়।

কীথম রেল স্টেশনে সাইমন কমিশনের বিরুদ্ধে জনসাধারণ বিক্ষোভ জানায়। এই বিক্ষোভের বর্ণনা দিয়ে ৩ ডিসেম্বর লেখা হয় : "কীথমে সাইমন কমিশন কালো পতাকা দ্বারা অভিনন্দিত।"

জনমতের চাপে পাঞ্জাব গভর্ণমেন্ট লাহোরের পুলিশী তাণ্ডবের তদন্তের ব্যবস্থা করতে বাধ্য হয়েছিলেন। কিন্তু এই তদন্ত যে শেষ পর্যন্ত পরিহাসে পরিণত হবে সে বিষয়ে দেশবাসীর দৃষ্টি আকর্ষণ করে 'পুলিশের সাফাই' সম্পাদকীয় রচনায় লেখা হয় : "ঘটা করিয়া পাঞ্জাব গভর্ণমেন্ট লাহোর স্টেশনে পুলিশ গুণ্ডামীর তদন্তের ব্যবস্থা করিয়াছিলেন। রাউলপিণ্ডি বিভাগের কমিশনার মিঃ বয়েডের উপর এই কার্যের ভার পড়িয়াছিল। কিন্তু পরাধীন দেশে চিরকাল সরকারী তদন্তের পরিণাম যাহা হইয়া

আসিয়াছে, এবারেও তাহার ব্যতিক্রম হয় নাই ; বরং এস্থলে মাত্রা আর একটু চড়িয়াছে। মিঃ বয়েড কাটা ঘায়ে নুনের ছিটা দিয়া তাহার কর্ত্তব্য সম্পাদন করিয়াছেন।...ইহাতে বিজেতার বংশধর ইংরাজ রাজপুরুষের গৌরব আছে বৈ কি ?"

১ ডিসেম্বর মাদ্রাজে শ্রীসত্যমূর্তির সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় শ্রীনিবাস আয়েঙ্গার সাইমন কমিশন বয়কটের আন্দোলন সফল করার আহ্বান জানান। লাহোর ও লক্ষ্ণৌ শহরে পুলিশী তাণ্ডবের নিন্দা করে সভায় একটি প্রস্তাব গৃহীত হয়। ৩ ডিসেম্বর এ সম্পর্কে 'বাংলার কথা'য় 'পুলিশ অত্যাচারের নিন্দা' শিরোনামে একটি সংবাদ প্রকাশিত হয়।

৪ ডিসেম্বর 'সাইমন চরণ চুম্বন' শীর্ষক একটি সংবাদ ছাপিয়ে জানানো হয়ঃ "মিঃ জে, পী, শ্রীবাস্তব, ডাইরেক্টর "ভিক্টোরিয়া মিলস" এর দিক হইতে যে নিমন্ত্রণ পত্র প্রকাশিত হয় তাহা দ্বারা মনে হয় যে আগামী সোমবার ৩রা ডিসেম্বর সাইমন কমিশন কানপুরে পৌঁছিলে, "জী হুজুরের" দিক হইতে তাহাদিগকে ভোজ দেওয়া হইবে।"

সাইমন কমিশনের সমর্থকদের বিরুদ্ধে 'বাঙ্গলার কথা'র এই শ্লেষপূর্ণ মন্তব্য বিশেষ তাৎপর্যপূর্ণ। কেননা ভারতীয়দের মধ্যে কয়েকজন, বিশেষ করে ইংরেজ সরকারের অনুগ্রহপুষ্টরা এবং সরকারী আমলারা সাইমন কমিশনের সমর্থনে নির্লজ্জভাবে এগিয়ে এসেছিল। এদের জাতীয় স্বার্থবিরোধী কার্যকলাপের বিরুদ্ধে 'বাঙ্গলার কথা' সরবে প্রতিবাদ জানিয়েছে।

সরকারী ভারতীয় আমলাদের কর্তাভজা মনোভাবের প্রতি কটাক্ষ করে লেখা হয়েছেঃ "সাইমন কমিশন অভ্যর্থনার অনেক নমুনাই আমরা ইতিমধ্যে পাইয়াছি। অজ্ঞাতনামা ব্যক্তির মেমোরাণ্ডা, মৃত ব্যক্তির টেলিগ্রাফ, মুষ্টিমেয় ধামাধরার ধারকরা কৃতজ্ঞতা প্রকাশ—এ সমস্তই স্যার জন সাইমনকে আন্তরিক অভ্যর্থনা জ্ঞাপন করিয়াছে। কিন্তু তবুও এই রকমের অভ্যর্থনা যেন শেষ হইতেছে না। এই ব্যাপারে উর্বর মস্তিষ্ক রাজকর্মচারীর দল যে অপূর্ব মৌলিকতার পরিচয় দিতেছেন বাস্তবিকই তাহার প্রশংসা না করিয়া থাকা যায় না। যেন তেন প্রকারেণ অভ্যর্থনার সঙ একটা খাড়া করিতেই হইবে ; অন্যথা বৃটিশ 'প্রেষ্টিজ' যে আর বাঁচে না।

তাই ভাড়া করিয়া গাঁজাখোর পর্যন্ত আমদানী করিতে হইতেছে।”

সাইমন কমিশনের অভ্যর্থনার খবর ইংরেজ সরকারের সমর্থক সংবাদপত্রগুলিতে ফলাও করে প্রচার করা হত। এই প্রচারের প্রতি ব্যঙ্গ করে ‘বাঙ্গলার কথা’র মন্তব্য: “এই সেদিন লক্ষ্ণৌয়ে সাইমন সাহেবের যে অভ্যর্থনা হইয়া গেল, তাহাতেও সরকারী কর্মচারীর দল কম কৃতিত্ব দেখান নাই। পাছে অভ্যর্থনায় লোক না জোটে এই ভয়ে আগে হইতেই জন-প্রতি দুই টাকা করিয়া দক্ষিণা দিয়া এবং কানপুরী নাচওয়ালীর প্রলোভন দেখাইয়া একদল গাঁজাখোর আমদানী করিতে হইয়াছিল।...

“কিন্তু তাহাতে কী আসে যায়? ইহাদের অভ্যর্থনাই তো ভারতবাসীর আন্তরিক অভ্যর্থনা বলিয়া গণ্য হইতেছে;—অন্ততঃ সার জন সাইমনকে তথা সভ্য সমাজকে একথা সমঝাইয়া দেওয়ার জন্য চেষ্টার কোন ত্রুটি হইতেছে না।—এদেশের অর্থে পুষ্ট ফিরিঙ্গী কাগজগুলি মহানন্দে সে কর্তব্য পালন করিয়াই ধন্য হইতেছেন।”

কলকাতার মাড়োয়ারী সম্প্রদায় সাইমন কমিশন বয়কটের সিদ্ধান্ত নেওয়ায় ‘বাঙ্গলার কথা’ আনন্দ প্রকাশ করে লিখেছে: “কলিকাতার মাড়োয়ারী সম্প্রদায় সেদিন মাহেশ্বরী ভবনের সভায় সমবেত হইয়া দৃঢ়ভাবে কমিশন বয়কটের প্রস্তাব গ্রহণ করিয়াছেন শুনিয়া আমরা আনন্দিত হইয়াছি।...”

সাইমন কমিশনের প্রতি সমর্থন জানানোয় মধ্যপ্রদেশের দুজন মন্ত্রীর বিরুদ্ধে নিন্দাসূচক প্রস্তাব গৃহীত হয়। এই সংবাদ দিয়ে লেখা হয়: “মধ্যপ্রদেশ ব্যবস্থাপক সভায় সাইমন কমিশন বর্জনের জন্য একটি প্রস্তাব গ্রহণ করা হইয়াছিল। বর্তমান মন্ত্রীদ্বয় সেই প্রস্তাব অনুসারে কাজ করেন নাই বলিয়া ওয়ার্দা ডিস্ট্রীক্ট কাউন্সিল তাঁহাদের আচরণের তীব্র নিন্দা করিয়া একটি প্রস্তাব গ্রহণ করিয়াছেন।”

ডাঃ অ্যানি বেশান্ত, পণ্ডিত মতিলাল নেহরু ও স্যার তেজবাহাদুর সপ্রু জাতীয়তাবাদী সংবাদপত্রগুলোকে সাইমন কমিশনের কোন খবর না ছাপার জন্য আবেদন জানিয়ে একটি বিবৃতি প্রচার করেন। এই বিবৃতিতে সাইমন কমিশনের সহযোগীদেরও বয়কট করার জন্য দেশবাসীকে আহ্বান জানানো

হয়। বিবৃতিটি ৫ ডিসেম্বর 'বাঙ্গলার কথা'য় প্রথম পাতায় প্রধান সংবাদ হিসেবে বিশেষ গুরুত্ব সহকারে প্রকাশ করা হয়।

বিবৃতিতে ডাঃ অ্যানি বেশান্ত বলেছেন: "আমি এবং 'লীডার' পত্রের সম্পাদক শ্রীযুক্ত চিন্তামণি গত রাত্রে স্থির করিয়াছি যে ৮ ডিসেম্বরের পর আমাদের কাগজে সাইমন কমিশনের কোন সংবাদ প্রকাশিত হইবে না। শিক্ষিত সম্প্রদায় ছাড়া অন্য কেহ যাহাদের নামও শোনে নাই তাহাদের বাজে সংবাদ ছাপিলে অন্য দরকারী সংবাদ বাদ পড়িয়া যায়। আমি আশা করি দু পাঁচ জন যোহুকুম পাঠকের মায়া ত্যাগ করিয়া আপনি এই বর্জনে যোগদান করিবেন।"

পণ্ডিত মতিলাল নেহরু তাঁর আবেদনে বলেন: „সকল জাতীয়পন্থী নিউজ এজেন্সি ও সংবাদপত্রের নিকট আমার আবেদন এই যে, তাঁহারা যেন সাইমন কমিশনের বিবরণ ও কমিশনের সামনে গৃহীত সাক্ষ্য প্রকাশ না করেন। ইহাতে বর্জন সর্বাঙ্গ সুন্দর হইবে। জনসাধারণ বিশেষতঃ জাতীয়পন্থীদের নিকটও আমি এই আবেদন করি যে, তাঁহারা যেন কমিশন বিশেষতঃ যে সমস্ত ইংরাজ ও ভারতবাসী জাতীয় কর্মী ও জনসাধারণের উপর অত্যাচারের জন্য দায়ী তাঁহাদের বর্জন করেন। আমার স্পষ্ট অভিমত এই যে, যাহারা জনমত পদাঘাত করিয়া সাইমন কমিশনের সহিত সহযোগিতা করে অথবা কমিশনের অভ্যর্থনায় যোগ দেয় তাহারাও সর্বথা বর্জনীয়।"

স্যার তেজবাহাদুর সপ্রুর বিবৃতিতেও সাইমন কমিশনকে সর্বতোভাবে বর্জনের আহ্বান জানানো হয়।

সাইমন কমিশনের বিরোধিতায় জাতীয়তাবাদী সংবাদপত্র-গুলো অগ্রণী ভূমিকা গ্রহণ করায় শাসক ইংরেজ সরকার ক্রোধান্ধ হয়ে পড়ে। সাইমন কমিশনের সম্মেলনে 'ফ্রী প্রেস' সংবাদ সংস্থার প্রতি অসম্মানজনক আচরণ করা হয় এবং এর প্রতিবাদে 'ফ্রী প্রেস' সম্মেলন থেকে বেরিয়ে আসে। এই ঘটনাকে জাতীয়তা-বাদী সংবাদপত্রগুলো ভারতীয় প্রেসের উপর আক্রমণ বলে অভিহিত করেন এবং বিভিন্ন সংবাদপত্রে এই আক্রমণের বিরুদ্ধে তীব্র ধিক্কার জানানো হয়। এই ঘটনা উপলক্ষে ভারতীয় সংবাদপত্রসেবী সংঘের সম্পাদক শ্রীকিশোরীলাল ঘোষ, বিভিন্ন সংবাদপত্রের একটি

বৈঠকের প্রস্তাব করেন। এই প্রস্তাবের সমর্থনে শ্রীযুক্তা সরলা দেবী অমৃত বাজার পত্রিকার সম্পাদক শ্রীগোপাল লাল ঘোষ, ফরওয়ার্ড পাবলিশিং লিমিটেড-এর ম্যানেজিং ডাইরেক্টর শ্রীশরৎ চন্দ্র বসু, অমৃতবাজার পত্রিকার শ্রীমৃণালকান্তি বসু, মুসলমান পত্রিকার সম্পাদক মৌলবী মুজিবর রহমান, বসুমতীর স্বত্বাধিকারী শ্রীসতীশ চন্দ্র মুখোপাধ্যায় যে বিবৃতি দেন তা 'বাঙলার কথা'য় সবিস্তারে ছাপা হয়। এবং আরও বলা হয়ঃ "আনন্দ বাজারের স্বত্বাধিকারী শ্রীযুত সুরেশচন্দ্র মজুমদার ও মাখনলাল সেন, বিশ্বামিত্রের শ্রীযুত মুলচাঁদ আগরওয়ালা এবং স্বতন্ত্রের শ্রীযুত প্রতাপ নারায়ণ বাজপায়িও কিশোরী বাবুর প্রস্তাব সমর্থন করেন।"

জাতীয় নেতৃবৃন্দের আহবানে জাতীয়তাবাদী সংবাদপত্রগুলো সাড়া দেয় এবং সাইমন কমিশনের সংবাদ না ছাপানোর সিদ্ধান্ত নেয়। এ সম্পর্কে মাদ্রাজের স্বদেশ মিত্রম, হিন্দু, মাদ্রাজ মেল প্রভৃতি সংবাদপত্রের এবং বম্বে ক্রনিকলের সিদ্ধান্ত সমূহ 'বাঙলার কথায়' ছাপা হয়।

সাইমন কমিশনের সংবাদ বয়কটের আহবানে সাড়া দিয়ে 'বাঙলার কথা' 'বয়কট' শিরোনামে সম্পাদকীয় যে নিবন্ধটি প্রকাশ করেন তা বিশেষভাবে উল্লেখযোগ্য। এই নিবন্ধে যেমন ইংরেজ সরকার ও সাইমন কমিশনের সমালোচনা করা হয়েছে, ঠিক তেমনি এতে আত্মসমালোচনার সুরও ধ্বনিত হয়েছে। "সাইমন কমিশন সম্বন্ধে এতদিন নেতৃবর্গ তাহাদের স্পষ্ট মত ব্যক্ত করিয়াছেন দেখিয়া আমরা সুখী হইলাম। যেদিন বিলাতী কমিশন গঠিত হইয়াছে সেইদিন হইতে আমরা উপলব্ধি করিতেছি, যেভাবে শাসকজাতি আমাদের সকল অনুরোধ, উপরোধ ও আবেদন অগ্রাহ্য করিয়াছে আমরাও যতদিন সেইরূপভাবে তাহাদের সকল প্রকার স্বেচ্ছাতন্ত্রী আচার অগ্রাহ্য করিয়া নিজ নিজ কর্তব্যবুদ্ধি অনুসারে দেশের হিতসাধন করিতে প্রয়াস না পাইব, ততদিন আমাদের স্বাতন্ত্র্য চেষ্টা ব্যর্থ হইবে। যেদিন কংগ্রেস হইতে সাইমন সঙ্ঘকে বর্জন করিবার প্রস্তাব গৃহীত হইয়াছে সেই দিনই আমরা একথাও উপলব্ধি করিয়াছি যে, মাত্র এই সাত ব্যক্তির মুখদর্শন না করিলেই আমাদের বর্জন আন্দোলন সফল হইবে

না—যাহারা এই সাত ব্যক্তির চরণ সেবা করিয়া ধন্য হইবে, যাহারা ইহাদের নিকট সাক্ষ্য প্রদান করিয়া জাতীয় মনোভাবের বিরোধিতা করিবে—তাহাদের সংস্পর্শ সর্বতোভাবে বর্জন করিতে না পারিলে, চাই কি তাহাদিগকে এই অন্যায়াচরণের উপযুক্ত পুরস্কার দিতে না পারিলে—আমাদের বর্জন আন্দোলন অঙ্গহীন হইয়া থাকিবে।"

দেশের শিক্ষিত শ্রেণীর মানসিকতার প্রতি কটাক্ষ করে এই রচনায় বলা হয়েছে: "পাড়াগেঁয়ে মেয়েরা অপরিচিত পুরুষ দেখিলে যেমন লম্বা ঘোমটা টানিয়া দেয়, অথচ পুরুষ প্রবর কিঞ্চিৎ দূরে গেলেই ঘোমটা খুলিয়া পুরুষটির প্রতি তীক্ষ্ম দৃষ্টি বর্ষণ করে—আমরা কমিশনের প্রতিও সেইরূপ আচরণ করিতেছি—সাইমন সপ্তক দৃষ্টিগোচর হইলে "চলে যাও সাইমন" বলিয়া চীৎকার করিয়াছি। অথচ তৎপরদিন প্রাতে সাগ্রহে সংবাদপত্র পাঠ করিয়া কমিশনের সকল কার্যকলাপ সম্বন্ধে বিশদ বিবরণ সংগ্রহ করিয়াছি।"

পরিশেষে সাইমন কমিশনের সংবাদ বয়কটের সিদ্ধান্তের প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে লেখা হয়েছে: "সুখের বিষয় নেতৃবর্গ জানাইয়াছেন—ভবিষ্যতে জাতীয়তার সমর্থনকারী সকল সংবাদপত্র যেন কমিশন সংক্রান্ত কোন সংবাদ প্রকাশ না করেন।... আমাদের বিশ্বাস, আত্মসম্মানজ্ঞান বিশিষ্ট সকল দেশবাসীই পণ্ডিতজীর এ প্রস্তাব সর্বান্তঃকরণে সমর্থন করিবেন।"

লক্ষ্মৌ শহরে শান্তি ও শৃঙ্খলা রক্ষার নামে পুলিশ যেভাবে নিরস্ত্র ও শান্তিপূর্ণ মানুষের উপর বেয়নেট ও বেটন চালিয়েছে সে সম্পর্কে বিস্তৃত বিবরণ দিয়ে পণ্ডিত জওহরলাল নেহরু একটি ইশতেহার প্রকাশ করেন। এই ইশতেহারের সমর্থনে সম্পাদকীয়তে লেখা হয়: "কিন্তু পণ্ডিতজীর ভাষায়, স্বাধীনতা লাভের জন্য আমাদিগকে এই দুঃখের মূল্য দিতেই হইবে। বেয়নেট এবং বেটনের কাছে যুক্তি তর্কের স্থান নাই, ইহার একমাত্র উত্তর দেশের মধ্যে শক্তি সঞ্চয় করা। গবর্ণমেন্ট তাহার অত্যাচারের দ্বারা সেই শক্তিকেই দিন দিন জাগাইয়া দিতেছেন।"

সাইমন কমিশনের কলকাতায় আসা উপলক্ষ করে বাংলা দেশে সাজ সাজ রব পড়ে যায়। ঠিক কবে সাইমন কমিশন

কলকাতায় আসবেন সে বিষয়ে নানা জল্পনা-কল্পনা শুরু হয়। এরই সূত্র ধরে 'বাঙ্গলার কথা'য় বিভিন্ন সংবাদ প্রকাশিত হয়েছে। এই সকল সংবাদ প্রকাশের মূল উদ্দেশ্য ছিল সাইমন কমিশন বয়কট আন্দোলনকে সর্বাত্মক সফল করার জন্যে বাংলাদেশের জনসাধারণকে সতর্ক ও প্রস্তুত রাখা। 'আজ' পত্রিকায় প্রকাশিত একটি সংবাদের উল্লেখ করে 'বাঙ্গলার কথা'য় ৮ ডিসেম্বর লেখা হয় যে, সাইমন কমিশনের আগমন উপলক্ষে গণ্ডগোলের আশংকায় কলকাতায় গোলন্দাজ সৈন্য আমদানি করা হয়েছে। এই ধরনের সংবাদ পরিবেশনের মধ্য দিয়ে 'বাঙ্গলার কথা' সরকারী আক্রমণের মোকাবিলায় বাঙালীকে তৈরী থাকার ইংগিত দিয়েছে।

দেখা যায়, কলকাতায় ইতিমধ্যেই প্রস্তুতি শুরু হয়ে গিয়েছে। কলেজ স্কোয়ারের অ্যালবর্ট হলে অনুষ্ঠিত ছাত্র-সভায় সাইমন কমিশনকে বয়কট করার সর্বসম্মত প্রস্তাব গৃহীত হয়েছে। বাংলার ছাত্র ও যুবশক্তির প্রতি 'বাঙ্গলার কথা'র শ্রদ্ধা ও আস্থা ছিল অপরিসীম। ছাত্রসভায় গৃহীত প্রস্তাবের সমর্থন জানিয়ে 'বাঙ্গলার কথায়' 'কমিশন ও ছাত্র সমাজ' শীর্ষক সম্পাদকীয় রচনা প্রকাশিত হয়। ছাত্র সমাজকে অভিনন্দিত ও উৎসাহিত করে এই সম্পাদকীয়তে লেখা হয়ঃ "...কর্তৃপক্ষ বাঙ্গালীর স্বরূপ এখনও উপলব্ধি করে নাই। বাঙ্গালী স্বদেশী আন্দোলনের সূত্রপাত করিয়াছে, কার্জনের স্থির সিদ্ধান্ত ব্যর্থ করিয়াছে—দেশের স্বাধীনতা অর্জনের জন্য আজ পর্যন্ত নানা প্রকার আন্দোলন করিয়া বীরত্বের পরিচয় দিয়াছে। এবার কমিশনের আগমন উপলক্ষ্য করিয়া যদি কর্তৃপক্ষ হিংস্রভাব অবলম্বন করেন, তাহা হইলে বাঙ্গালী যুবক তাহা কাপুরুষের ন্যায় নতমুখে সহ্য করিবেনা—১৯০৫ সাল হইতে আজ পর্যন্ত স্বাধীনতাকামী বাঙ্গালী যেভাবে বিরুদ্ধবাদীর সকল দর্পচূর্ণ করিয়া আসিয়াছে—এবারও তাহার ব্যতিক্রম হইবে না। নিখিলবঙ্গ ছাত্র সমিতির প্রস্তাবে আমরা বাঙ্গালীর এই মৃত্যুপণের পরিচয় পাইয়া আনন্দিত হইয়াছি।" (৮ ডিসেম্বর, ১৯২৮)।

৯ ডিসেম্বরের একটি সংবাদে বলা হয় যে কলকাতার রাজপুত নবযুবক দলের উদ্যোগে সাইমন কমিশন বয়কট প্রচার করার জন্যে মিছিল ও সভার আয়োজন করা হয়েছে। এই মিছিল

 ও সভায় যোগদানের জন্যে 'বাঙ্গলার কথা' সর্বসাধারণের নিকট আবেদন জানায়।

১০ ডিসেম্বরের পত্রিকায় আর একটি অগ্নিবর্ষী সম্পাদকীয় রচনা প্রকাশিত হয়। রচনাটির শিরোনাম হল 'ক্রুদ্ধ কমিশন'। এই রচনাটির গুরুত্ব ও ঐতিহাসিক তাৎপর্যের কথা স্মরণে রেখে একটু বিশদ উদ্ধৃতি দেওয়া হল : "কলিকাতার একখানি ফিরিঙ্গী পত্রিকায় প্রকাশ, সাইমন কমিশনের সদস্যগণ মনে মনে অত্যন্ত ক্রুদ্ধ হইয়াছেন। তাঁহাদের ক্ষোভের কারণ অনুমান করা মোটেই কঠিন নহে। কমিশনের পক্ষে আপনাদিগকে ভারতবাসীর দণ্ডমুণ্ডের কর্তা ভাবা খুবই স্বাভাবিক। অভিভাবকগণ ছেলেদের জন্য যেমন বাজার হইতে পকেটে কমলা লেবু লইয়া যান কমিশনও তেমনি পকেটে করিয়া সমুদ্র পার হইতে দুগ্ধপোষ্য ভারতের জন্য কতকগুলি বিশেষ অধিকার আনিয়াছেন। ইচ্ছা করিলে তাহারা এই অধিকার দিতেও পারেন, নাও দিতে পারেন। এইরূপ একটা উদ্ধত: মনোবৃত্তি না থাকিলে অশ্বখুরে জনতাকে পদদলিত করিয়া কমিশন কখনই ভারতের নগরে নগরে পরিভ্রমণ করিতে সাহসী হইতেন না। তাঁহাবা ভাবিয়াছিলেন—ভারত-বাসীগণ দলে দলে ছুটিয়া আসিয়া নিশান উড়াইয়া বৃটেনের জয়গান গাহিয়া তাঁহাদিগকে অভ্যর্থনা করিবে। কিন্তু এ কি প্রকার অভ্যর্থনা? পথে পথে ক্রুদ্ধ জনতার কণ্ঠে এ কি উন্মত্ত জলধিগর্জন! শত শত কৃষ্ণবর্ণ ঝাণ্ডা উড়াইয়া এ কি প্রকার অভিনন্দন? এই অপমান যদি কমিশনের অন্তরে দাগা দিয়া থাকে—তাহাতে আশ্চর্য্য হইবার কিছুই নাই। সাইমন সাহেব এবং তাঁহার বন্ধুগণ যীশুখৃষ্ট অথবা বুদ্ধদেব নহেন; আমাদের সম্মানের প্রতি তাঁহারা উদাসীন থাকিলেও নিজেদের সম্মানের প্রতি তাঁহাদের যথেষ্ট দৃষ্টি আছে।

"তাহাদের মধ্যে কেহ কেহ বলিয়াছেন,—জনতাকে এরূপ করিতে দেওয়া ঠিক হয় নাই; এরূপ করিতে দেওয়া বা না দেওয়া যেন বৃটিশের হস্তে নির্ভর করিতেছে! সদস্যগণের কথা শুনিয়া মনে পড়ে রাজা ক্যানিউটের কথা যিনি উচ্ছ্বসিত সমুদ্রকে বলিয়াছিলেন—''বাস্, এই পর্যন্ত; ইহার বেশী আসিতে পারিবে না।"

"কমিশনের হাসিকেও ভারতবর্ষ উপেক্ষা করে—তাহার ভ্রূকুটিকেও সে উপেক্ষা করে। সে বিশ্বাস করে শুধু আপনার পুরুষাকারকে, সে শ্রদ্ধা করে স্বাধীনতাকে, বিধাতার চির অপরিবর্তনীয় আইনকে। কমিশন যে তাহার জন্য সুটকেশের মধ্যে বিরাট একটা অশ্বডিম্ব বহন করিয়া আনিয়াছেন, তাহা তাহার অজানা নাই বলিয়াই কোনদিকে দৃষ্টিপাত না করিয়া বয়কটকে তীব্র হইতে তীব্রতর করিয়া তুলিতে হইবে।"

এই দিন আর একটি সংবাদে জানানো হয় যে সাইমন কমিশন ২১ তারিখে কলকাতা পৌঁছবেন। লেখা হয়ঃ "সাইমন কমিশনের গতিবিধি সম্বন্ধে কোন সঠিক সংবাদই পাওয়া যাইতেছে না। তবে যতদূর জানা গিয়েছে, ১৩ই তারিখে কমিশন মোটর যোগে হাজারিবাগ হইতে রাঁচি যাইবেন এবং সেখানে সপ্তাহকাল বিশ্রাম করিয়া মারী ষ্টেশন হইতে স্পেশাল ট্রেনে বি, এন, রেলপথে ২১শে সকালে হাওড়া ষ্টেশনে পৌঁছিবেন।"

সাইমন কমিশনের কলকাতা আসা নিয়ে মস্ত জল্পনা কল্পনার অবসান ঘটিয়ে শেষ পর্যন্ত ১৯২৯ সালের ১২ জানুয়ারী দিন ধার্য হয়। ওই দিন যথাযথভাবে কর্তব্য পালনের জন্যে বাংলার জনসাধারণকে আহবান জানিয়ে ৯ জানুয়ারী সম্পাদকীয়তে লেখা হয়ঃ "আগামী ১২ই জানুয়ারী সাইমন কমিশন কলিকাতায় আসিতেছেন। এই আগমনের সঙ্গে আমাদের গভীরতম লজ্জা ও বেদনার স্মৃতি মিশাইয়া আছে। পাঞ্জাব কেশরী লালা লাজপত রায় পুলিশের লাঠির আঘাতে প্রাণত্যাগ করেন—এই কমিশনকে বয়কট করিতে গিয়া। পণ্ডিত জওহরলাল প্রমুখ নেতৃগণ লক্ষ্মৌ শহরে পুলিশের লগুড়াঘাতে আহত হন—সেও এই কমিশন বর্জনের অপরাধের জন্য। কমিশন ভারতে প্রথম পদার্পণ করিলে সারা ভারতে হরতাল হয়। সেই হরতালের দিন পুলিশের আক্রমণ কলিকাতা শহরে কি পৈশাচিক কাণ্ডের সৃষ্টি করিয়াছিল তাহার কথা বাঙ্গালী আজও ভুলে নাই।

"বড় লাটের বক্তৃতায় বাঙ্গালী বৃটিশ সিংহের হুঙ্কার শুনিয়াছে। এমন হুঙ্কার পূর্বেও সে বহুবার শুনিয়াছে। তাহার বুক কোন দিনও কাঁপে নাই। সে ভয় করে ইংরেজের হাসিকে; কারণ সেই হাসিতে অনেক বীরপুরুষ লক্ষ্যপথ ভুলিয়া

বিদেশীর পদতলে আপনাদের সম্মান ও দেশকে বিকাইয়া দিয়াছে। কিন্তু ইংরাজের ভ্রূকুটিকে তরুণ বাঙ্গালী অনেক দিন হইতেই অভ্যর্থনা করিতে শিখিয়াছে। সে জানে— শত্রুর ভ্রূকুটি হাসির মত পথ ভুলায় না—লক্ষ্যে পৌঁছিবার জন্য উহা আরও অনুপ্রাণিত করে। এই শিক্ষা, এই জ্ঞান তাহার মজ্জাগত হইয়া সংস্কারে পরিণত হইয়াছে।

"সাইমন কমিশন কলিকাতায় আসিলে কী করিতে হইবে—বাঙ্গালীর এই সংস্কারই তাহাকে বলিয়া দিবে। ইহার জন্য সে কাহারও নির্দেশের অপেক্ষা রাখে না।

"বঙ্গীয় প্রাদেশিক কংগ্রেস কমিটি কমিশনের আসিবার দিন হরতাল করিবার জন্য সহরবাসীগণকে অনুরোধ করিয়াছে। এই অনুরোধ বাঙ্গলার হৃদয়েরই প্রতিধ্বনি—সুতরাং ইহা রাখিবার জন্য আমাদের পক্ষ হইতে বেশী কিছু বলা নিষ্প্রয়োজন। বাঙ্গালী জানে—কেমন করিয়া কর্তব্য পালন করিতে হয়।"

১২ জানুয়ারী সাইমন কমিশনের আগমন উপলক্ষে হরতাল ও বিক্ষোভের ডাক দেওয়া হয়। এই হরতাল ও বিক্ষোভ সংগঠনে 'বাঙ্গলার কথা' বিশিষ্ট ভূমিকা গ্রহণ করে। নেতৃবৃন্দের আবেদন, প্রচার, সভা-সমিতি-মিছিলের বিজ্ঞপ্তি, জনসভার বিবরণ প্রভৃতি প্রকাশ করে 'বাঙ্গালার কথা' বাংলাদেশের জনসাধারণকে সাইমন কমিশন বয়কটের আন্দোলনে টেনে এনেছে। ৯ জানুয়ারী সকল দলের নেতৃবৃন্দের তিন কলাম ব্যাপী বিস্তৃত এক আবেদন প্রকাশ করা হয়। এই আবেদনে নেতৃবৃন্দ বলেন : "দেশবাসী বোধ হয় অবগত আছেন যে, আগামী ১২ই জানুয়ারী তারিখে সাইমন কমিশনের সদস্যগণ সরকারীভাবে কলিকাতায় আগমন করিবেন। এই নিছক শ্বেতাঙ্গ কমিশন গঠন করিয়া বৃটিশ পার্লামেণ্ট আমাদের জাতীয় আত্মসম্মানের উপর ঘা দিয়াছে। ভারতের জাতীয় মহাসম্মিলন তাই আবার আমাদের স্মরণ করাইয়া দিয়াছেন,—সর্বপ্রকারে এই কমিশনকে বয়কট করাই ভারতবাসীর কর্ত্তব্য। কলিকাতা কংগ্রেস নির্দেশ দিয়াছেন যে, কমিশনের আগমন উপলক্ষে বিরাট বিক্ষোভ প্রদর্শন এবং হরতাল করিয়া আমাদের মনোভাব প্রকাশ করিতে হইবে।...আমরা আশা করি,—সমস্ত সার্বজনীন প্রতিষ্ঠান বিশেষভাবে কংগ্রেস, শ্রমিক সমিতি, যুব সমিতি এবং ছাত্র সমিতি

প্রভৃতি এই বয়কট ও হরতাল সার্থক করিতে প্রাণপণ চেষ্টা করিবেন এবং দেশমাতৃকার সম্মান রক্ষায় আমাদের এই বিনীত অনুরোধে দেশবাসী সকলেই সাড়া দিতে কুণ্ঠিত হইবেন না।”

এই আবেদনে স্বাক্ষরকারী ছিলেন : আবুল কালাম আজাদ, যতীন্দ্রমোহন সেনগুপ্ত, আক্রাম খাঁ, অখিলচন্দ্র, সুভাষচন্দ্র বসু, প্রভুদয়াল হিম্মৎ সিংকা, রাজেন্দ্রচন্দ্র দেব, মদনমোহন বর্মণ, মৃণালকান্তি বসু, কিশোরীলাল ঘোষ, সন্তোষ কুমার বসু, ভূপেন্দ্রনাথ দত্ত, কিরণশঙ্কর রায়, নির্মলচন্দ্র চন্দ্র, মুজিবর রহমান, ললিতমোহন দাস, অমরেন্দ্রনাথ চাটার্জী, শরৎচন্দ্র বসু, সামসুদ্দীন আহমদ, কিরণচন্দ্র মিত্র, যতীন্দ্রমোহন দাসগুপ্ত, সতীন্দ্রনাথ সেন, জালালুদ্দীন হাসেমী, পুরুষোত্তম রায়, এবং প্রমোদ কুমার ঘোষাল।

বঙ্গীয় প্রাদেশিক কংগ্রেস কমিটির পক্ষ থেকে একটি বয়কট কমিটি গঠন করা হয়। এই কমিটির উপর হরতাল ও বিক্ষোভের প্রস্তুতি গড়ে তোলার দায়িত্ব অর্পিত হয়। কমিটির সদস্যদের নামের তালিকা এবং কমিটি গঠন সংক্রান্ত আনুষঙ্গিক সংবাদও ‘বাঙলার কথা’য় প্রকাশিত হয়।

সাইমন কমিশন বয়কট আন্দোলনের প্রস্তুতি হিসেবে ৯ জানুয়ারী কলকাতার হরিশ পার্ক ও শ্রদ্ধানন্দ পার্কে দুটি জনসভা অনুষ্ঠিত হয়। এই সভায় অন্ধ্রের নেতা সাম্বমূর্তি ও মাদ্রাজের নেতা অন্নপূর্ণিয়া বক্তৃতা করেন। বাংলাদেশের নেতৃবৃন্দের মধ্যে বক্তা হিসেবে ছিলেন : যতীন্দ্রমোহন সেনগুপ্ত, সুভাষচন্দ্র বসু, মৃণালকান্তি বসু, কিশোরীলাল ঘোষ, জে সি গুপ্ত, বিজয়কৃষ্ণ বসু, ডাঃ সুবোধ বসু, নির্মল চন্দ্র চন্দ্র, সতীন্দ্র নাথ সেন, শচীন্দ্রনাথ মুখার্জী, পুরুষোত্তম রায়, মৌলানা আক্রাম খাঁ, মৌলানা মণিরুজ্জামান ইসলামাবাদী, মৌলবী সামসুদ্দীন আহমদ ও বিপিনবিহারী গাঙ্গুলী। হরিশ পার্কের জনসভায় বাবা গুরুজিৎ সিং এবং শ্রদ্ধানন্দ পার্কের জনসভায় ললিতমোহন দাস সভাপতিত্ব করেন। এই জনসভার বিজ্ঞপ্তি এবং বিবরণ ‘বাঙলার কথা’য় সবিস্তারে ছাপা হয়েছে।

১০ জানুয়ারী বঙ্গীয় ছাত্র সমিতির সাধারণ সম্পাদক বীরেন্দ্রনাথ দাসগুপ্তর ‘বাঙলার ছাত্রগণের প্রতি নিবেদন’ ছাপা

হয়। এই নিবেদনে বলা হয়ঃ "১২ জানুয়ারী শনিবার সাইমন কমিশন কলিকাতায় আগমন করিবেন। আমাদের দেশের ভাগ্য নিয়ন্ত্রণে বিদেশীর অধিকার আছে, একথা আমরা জানি না; এ বিষয়ে এখন অধিক কিছু বলা নিষ্প্রয়োজন। সে দিন কেহ স্কুল কলেজে যাইবেন না—ঐ ভাবে সকলে ঘৃণা প্রকাশ করিতে পারেন। অন্যান্য সকল প্রদেশের ছাত্রেরা ঐরূপ কাজ করিয়াছে, বাঙ্গলা কি পিছাইয়া থাকিবে। সকলে মিলিয়া হরতাল সাফল্য-মন্ডিত করুন।"

বঙ্গীয় প্রাদেশিক কংগ্রেস কমিটির সভাপতি সুভাষচন্দ্র বসু ১২ জানুয়ারির কার্যক্রম ঘোষণা করে একটি বিজ্ঞপ্তি প্রকাশ করেন। 'বাঙ্গলার কথা'য় এর পূর্ণ বয়ান প্রকাশিত হয়। এতে বলা হয়ঃ

"১। অপরাহ্ন ৪ ঘটিকা পর্যন্ত সর্ব্বপ্রকার সাধারণ কাজ বন্ধ রাখিতে হইবে।

২। ঐ সময় পর্যন্ত দোকানপাট বন্ধ থাকিবে

৩। স্কুল কলেজে না যাওয়া

৪। আইন ব্যবসায়ীদের কোর্টে না যাওয়া

৫। শিয়ালদহ ষ্টেশানে বিক্ষোভে অংশ নেওয়া

৬। মিছিলের নিয়মাবলী—(ক) শান্ত ও অহিংস, (খ) লাঠী ব্যবহার করা চলবে না (গ) শৃঙ্খলা ও নেতৃবৃন্দের আদেশ মানতে হবে।

৭। যারা মিছিলে যাবেন না তাদের ৪টা পর্যন্ত বাড়িতে থাকতে হবে

৮। মিছিলে যারা যাবেন তাদের জন্য যানবাহন বন্ধ থাকবে না।"

এছাড়া দেশবন্ধু পার্ক, বীডন স্কোয়ার, মাহেশ্বরী ভবনে অনুষ্ঠিতব্য সভার ঘোষণাপত্রও ছাপা হয়।

আর এইদিনের সম্পাদকীয় 'অগ্নি পরীক্ষা' বাঙ্গালীকে স্মরণ করিয়ে দেয়ঃ "শিলং হইতে সাইমন কমিশন ১২ই জানুয়ারী প্রাতঃকালে কলিকাতায় আসিতেছেন। সাইমন কমিশন আমাদের দাসত্বের জলন্ত পরিচয়; ইহা বৃটিশের সাম্রাজ্যবাদের প্রতীক; যদি কোন বার্তা ইহা বহন করিয়া আনিয়া থাকে, তাহা হইতেছে—

আমরা ছোট, আমরা হীন, আমরা আপনার ঘরের মালিক নহি, আমরা নিজের ঘরের ভালমন্দ বুঝিতে পারি না—আমরা যে পথে চলিব তাহা ইংরাজ দেখাইয়া দিবে ; আমরা যে কাজ করিব তাহা ইংরাজ বলিয়া দিবে—আমাদের দণ্ডমুণ্ডের কর্তা আমরা নহি——ইংরাজ। বলা বাহুল্য ভারতবাসী ডায়ারের গুলিবর্ষণকে ক্ষমা করিতে রাজী আছে. কিন্তু ইংরাজের এই উদ্ধত মনোভাবকে সে আর সহ্য করিতে প্রস্তুত নহে।...”

বাঙালীকে অভয় মন্ত্র শুনিয়ে বলা হয়ঃ “....মনে যাহা বিশ্বাস করি—বাক্যে যেন তাহা প্রচার করিতে পারি ; বাক্যে যাহা প্রচার করি—কার্যে তাহাকে পরিণত করিবার মত নির্ভীকতা ও তেজস্বিতা ভগবান আমাদিগকে দান করুন। অরবিন্দের বাঙলা, দেশবন্ধুর বাঙলা—মনুষ্যত্বের ও বীর্যের পরীক্ষায় যেন কোন প্রদেশের পিছনে থাকিয়া না যায়—ইহাই আমাদের কামনা।”

১২ জানুয়ারির সম্পাদকীয় ‘সাইমন বন্দনা’য় তীব্র শ্লেষাত্মক ভঙ্গিতে লেখা হয়ঃ “আজ শনিবার সাইমন সপ্তকের কলিকাতায় শুভাগমনের দিন। এই সাহেব সপ্তককে যথাযোগ্য অভ্যর্থনা করিবার জন্য আমরা ভালই আয়োজন করিয়াছি। কমিশন আগমন উপলক্ষে আজ পথে পথে দোকান পাট বন্ধ থাকিবে, স্কুল, কলেজ আদালতে কোন কাজ হইবে না, সকল দেশবাসী অশৌচ পালন করিবে। সাহেব সপ্তককে অভ্যর্থনা করিবার জন্য সহস্র সহস্র লোক আজ পথে দাঁড়াইয়া থাকিবে, হাতে তাহাদের শোক সূচক কৃষ্ণ পতাকা, তাহাতে মাত্র একই কথা লেখা আছে—‘চলে যাও সাইমন ...”।

১২ জানুয়ারি শ্রদ্ধানন্দ পার্কে এক জনসভা আহবান করা হয়। এই সভার সভাপতি যতীন্দ্রমোহন সেনগুপ্ত এবং বক্তাদের মধ্যে ছিলেন মৌলানা আবুল কালাম আজাদ, সুভাষচন্দ্র বসু, বি. সাম্বমূর্তি ললিতমোহন দাস, মৌলানা আক্রাম খাঁ, মৃণালকান্তি বসু এবং আরও অন্যান্য নেতৃবৃন্দ। সভার বিজ্ঞপ্তিটি ‘বাঙলার কথা’য় বিশেষ গুরুত্ব সহকারে ছাপা হয়।

সাইমন কমিশনের বিরুদ্ধে ১২ জানুয়ারি সারা কলকাতা বিক্ষোভে উত্তাল হয়ে উঠেছিল। পূর্ণ হরতাল এবং বিক্ষোভের

দাবানলে কলকাতা সেদিন অগ্নিমূর্তি ধারণ করেছিল। হাজার হাজার লোক কালো পতাকা নিয়ে বিক্ষোভ মিছিলে যোগ দেন। বিক্ষোভ মিছিলে 'সাইমন ফিরে যাও' ধ্বনি অযুত কণ্ঠে ধ্বনিত হয়ে ওঠে। এতবড় মিছিল কলকাতার বুকে এর আগে আর কখনই দেখা যায় নি। মিছিলের পুরোভাগ যখন ময়দানের কাছে, তখন পেছনের অংশ শ্যামবাজারে পড়ে ছিল। শক্তি পরীক্ষায় সেদিন সাম্রাজ্যবাদী ইংরেজ সরকার মুক্তিপিপাসু জনগণের কাছে হার স্বীকার করতে বাধ্য হয়েছিলেন। বিক্ষোভের ফলে সরকারী অভ্যর্থনার সব আয়োজন ভন্ডুল হয়ে যায় এবং সাইমন কমিশনকে ব্যারাকপুরের পথ ঘুরিয়ে নিঃশব্দে রাজভবনে নিয়ে আসা হয়।

সাইমন কমিশন বয়কট আন্দোলনের অভূতপূর্ব সাফল্যের বার্তা বহন করে ৯৩ জানুয়ারী 'বাঙ্গলার কথা' প্রকাশিত হয়। 'নৈতিক সংগ্রামে কলিকাতাবাসীর অপূর্ব সাফল্য—সরকারী চাতুরীর শোচনীয় পরাজয়'—পৃষ্ঠাব্যাপী এই হেড লাইনের নীচে হরতাল ও বিক্ষোভের পূর্ণ বিবরণ ছাপা হয়। সম্পাদকীয় লেখা হয় 'হরতাল' শিরোনামে। আন্দোলনের সাফল্য বিশ্লেষণ করে এই সম্পাদকীয়তে লেখা হয়ঃ "সাইমন কমিশন কলিকাতায় আসিয়াছেন; যুদ্ধের পলাতক সৈনিক পরাজয়ের কালিমা ঢাকিবার জন্য অন্ধকারে চুপে চুপে যেমন করিয়া গৃহে ফিরিয়া আসে সাইমন কমিশন ঠিক তেমনি করিয়া কলিকাতায় আসিয়াছেন।...

"ভারত সাম্রাজ্যকে হাতছাড়া করিলে ইংরাজের যে চলিবে না, ইহা আমরাও বুঝি, গবর্ণমেন্টও বুঝে। কিন্তু তাহার জন্য ডায়ারের বুলেট ও মেশিন গানই ত' যথেষ্ট ছিল। ইহার জন্য সাইমন কমিশন পাঠাইয়া বেচারা সাইমন সাহেবকে এরূপ অপদস্থ করিবার কিছুমাত্র প্রয়োজন ছিল না।···কিন্তু জাগিয়া যে ঘুমায় —তাহার ঘুম কে ভাঙ্গাইবে?"

॥ তিন ॥

জাতীয় মুক্তি আন্দোলনে 'বাঙ্গলার কথা' যে নির্ভীক সংগ্রামীর ভূমিকা গ্রহণ করে ঐতিহাসিক দায়িত্ব পালন করেছে উল্লিখিত উদ্ধৃতিতে তার স্পষ্ট প্রমাণ পাওয়া যায়। এ সম্পর্কে বিস্তারিত আলোচনায় অনুপ্রবেশ না করে শ্রমিক-কৃষকদের

আন্দোলন সম্পর্কে 'বাঙ্গলার কথা'র মনোভাব কী ছিল তা পর্যালোচনা করা যেতে পারে। নীতিগতভাবে 'বাঙ্গলার কথা,' শ্রমিক-কৃষক আন্দোলনের সমর্থক ছিল একথা হয়তো সর্বাংশে সত্য নয়। তবে শ্রমিক-কৃষক আন্দোলন সম্পর্কে 'বাঙ্গলার কথা' যে অগ্রগামী ও সহানুভূতিশীল ছিল তার প্রমাণ 'বাঙ্গলার কথা'র প্রায় প্রতিটি সংখ্যায়ই উজ্জ্বল। তুলনামূলকভাবে অন্যান্য জাতীয়তাবাদী পত্র-পত্রিকার চেয়ে 'বাঙ্গলার কথা'য় শ্রমিক-কৃষকদের আন্দোলনের সংবাদ এবং সাম্যবাদী চিন্তাশ্রয়ী সংবাদ অনেক বেশী ছাপা হয়েছে। 'বাঙ্গলার কথা'র বৈশিষ্ট্য হল এই যে, এই সংবাদপত্রটি দেশের চলমান রাজনীতির গতি প্রকৃতি গভীর অভিনিবেশ সহকারে লক্ষ্য করেছে। ফলে জাতীয়তাবাদী আন্দোলনে যে একটা নতুন চিন্তার উন্মেষ ঘটছে তা তার দৃষ্টি এড়ায় নি। সেই কারণেই মূলতঃ জাতীয়তাবাদী ভাবধারায় জারিত হয়েও 'বাঙ্গলার কথা' দেশের শ্রমিক-কৃষকদের ব্যথা বেদনায় আন্দোলিত না হয়ে পারে নি।

আমাদের দেশের শ্রমিক কৃষক শ্রেণীর আন্দোলন ও সংগঠন সম্পর্কে 'বাঙ্গলার কথা'য় বহু রচনা ও সংবাদ প্রকাশিত হয়েছে। এই সকল রচনা ও সংবাদের উদ্দেশ্য ছিল দেশের শিক্ষিত মানুষকে শ্রমিক-কৃষক শ্রেণীর আর্থিক অবস্থা ও তাদের দুঃখ দুর্দশা সম্পর্কে অবহিত করা। এই অভিপ্রায়ে ৪ ডিসেম্বর ১৯২৮ তারিখের 'বাঙ্গলার কথা'য় সম্পাদকীয় দ্বিতীয় নিবন্ধে লেখা হয়েছে : "বাঙ্গলার চা বাগানগুলির মত তাহার পাটের কলগুলিও মানুষের রক্ত শুষিবার কারখানা। এই কলে দরিদ্র অশিক্ষিত শ্রমিকগণ যে বেদনা বহন করিতেছে—তাহার কথা শিক্ষিত লোকের কাছে কদাচিৎ আসিয়া পৌঁছে। না পৌঁছিবার কারণ প্রধানতঃ দুইটি। প্রথমতঃ শ্রমিকগণ নিজেরা অশিক্ষিত ; বেদনাকে ভাষা দিবার মত তাহাদের শক্তি বা সাহস নাই ; তাহাদের ক্রন্দন তাহাদের বুকের মধ্যেই থাকিয়া যায়। দ্বিতীয়তঃ আমাদের দেশে যাঁহারা শিক্ষার গর্ব্ব করিয়া থাকেন তাহাদের ইতিহাস ও অর্থ-শাস্ত্রের সমস্ত জ্ঞান মগজের মধ্যেই থাকিয়া যায় ; পুস্তক অথবা বক্তৃতায় কখন কখন তাহা ফুটিয়া উঠে কিন্তু কর্মক্ষেত্রে দরিদ্র নারায়ণ সেবায় সে জ্ঞান কদাচিৎ সার্থকতা লাভ করিয়া

থাকে।”

এই প্রবন্ধে আরও বলা হয়ঃ “এমনি আরও সমস্ত প্রকারের দুঃখে দেশের শ্রমিকগণ মৃতপ্রায়। সৌভাগ্যের কথা, তাহারা নিজেদের অবস্থা সম্বন্ধে সচেতন হইতে শিখিতেছে...।”

বিশের দশকের শেষার্ধে আমাদের দেশে শ্রমিক আন্দোলন-দানা বাঁধতে শুরু করে। বিভিন্ন কারখানায় শ্রমিক ইউনিয়ন গড়ে ওঠে এবং বিভিন্ন দাবি-দাওয়ার ভিত্তিতে শ্রমিক আন্দোলন ও ধর্মঘট শুরু হয়। এই সকল শ্রমিক ধর্মঘটের সংবাদ ‘বাঙ্গলার কথা’য় নিয়মিত ভাবে প্রকাশিত হতে দেখা যায়। ৪ ডিসেম্বরের কাগজে ‘বোম্বাইয়ে আরও মিলে ধর্মঘট’ এই সংবাদ দিয়ে ‘বাঙ্গলার কথা’ জানায়ঃ “অদ্য আরও কয়েকটি মিলে ধর্মঘট হইয়াছে। ‘সিমপ্রেক্স’ মিল সমূহে পুনরায় কাজ আরম্ভ হইয়াছে বটে, কিন্তু ফ্রানজী পেটিট মিল সমূহের শ্রমিকগণ ধর্মঘট করিয়াছে। করিমভাই, পাবনী, পার্ক, ফজলভাই, কোহিনূর, গোল্ডমোহর ও ষ্ট্যাণ্ডার্ড মিল সমূহে ধর্মঘট এখনও চলিতেছে।”

৫ ডিসেম্বর এ সম্পর্কে সাময়িক প্রসঙ্গে লেখা হয়ঃ “বোম্বাইয়ের মিলগুলিতে পুনরায় ধর্মঘট সুরু হইতেছে।·· আর মাত্র এই বৎসরই যে মিলগুলিতে ধর্মঘট সুরু হইয়াছে তাহা নয়, ইহার পূর্বেও বহুবার তথায় শ্রমিক ও ধনিকে সংঘর্ষ করিয়াছে। এ সকল ঘাত সংঘাতের বিবরণ পাঠ করিয়া ইহাই মনে হয় বোম্বাইয়ের ধনিকগণ ভারতীয় হইলেও শ্রমিকগণের প্রতি তাহাদের আচরণ অন্য যে কোন দেশীয় ধনিক হইতে কিছুমাত্র বিভিন্ন নয়।...”

সম্পাদকীয় এই মন্তব্যে জাতীয় ধনিক শ্রেণীর প্রতি কটাক্ষ করা হয়েছে এবং জাতীয় ধনিক শ্রেণীর মধ্যে যে স্বার্থদ্বন্দ্ব ও রেষারেষি রয়েছে তাও এই মন্তব্য থেকে বোঝা যায়। তবে একে ধনিকশ্রেণীর বিরুদ্ধে আক্রমণ বলে মনে করা সম্ভবত ঠিক নয়।

এই নিবন্ধের অপরাংশে বাংলার শ্রমিক আন্দোলন সম্পর্কে উল্লেখ রয়েছে। বাংলাদেশে শ্রমিকদের অবস্থা বর্ণনা করে লেখা হয়েছেঃ “ধনিক-শ্রমিকের শোচনীয় অবস্থা জানিতে হইলে সুদূর বোম্বাই প্রদেশে যাইতে হয় না—বাংলার বিভিন্ন পাটকলে কিছুদিন হইল যে বিরোধ চলিতেছে তাহার বিবরণ পাঠ করিলেই

আমাদের দেশের গরিষ্ঠ সম্প্রদায়ের দুরবস্থা স্মরণ করিয়া চিন্তাকুল হইতে হয়। এই সকল দরিদ্র শ্রমিক নিজ স্বার্থ রক্ষার্থ সম্মিলিত হইবে—পরস্পরের মধ্যে আলোচনা ও ভাবের আদান প্রদান করিবে—ধনিক কর্তৃপক্ষের নিকট ইহাও অসহ্য। তাই শ্রমিকদের সামান্য ইউনিয়ন প্রতিষ্ঠার আয়োজনেও কর্তৃপক্ষ তেলে বেগুনে জ্বলিয়া উঠেন ...।”

এই দিনের আর একটি উল্লেখযোগ্য সংবাদ হল বাউরিয়ায় অবস্থিত ফোর্ট গ্লস্টার জুট মিলের ধর্মঘটী শ্রমিকদের সম্পর্কে। সংবাদে বলা হয় যে বাউরিয়ার ধর্মঘটী শ্রমিকদের সমর্থনে এক সভা হয়। সভায় শ্রীমৃণালকান্তি বসু সভাপতিত্ব করেন এবং বক্তৃতা করেন সাম্রাজ্যবাদবিরোধী সংঘের মার্কিন প্রতিনিধি মিঃ জনস্টন, কলকাতা করপোরেশনের কাউন্সিলার ডাঃ কৃষ্ণগোপাল ভট্টাচার্য, শ্রীকিশোরী লাল ঘোষ এবং শ্রীহেমন্ত কুমার বসু। সভায় সরকার ও মিল মালিকের অনমনীয় মনোভাবের তীব্র নিন্দা করে এবং ধর্মঘটী শ্রমিকদের জন্যে সাহায্যের আবেদন জানিয়ে প্রস্তাব গৃহীত হয়।

‘গণ-আন্দোলন’ শিরোনামে ১৯ ডিসেম্বর একটি উল্লেখযোগ্য সম্পাদকীয় নিবন্ধ প্রকাশিত হয়। এই নিবন্ধে সরকারী আচরণে শ্লেষ প্রকাশ করে লেখা হয়ঃ “আজকাল দরিদ্র শ্রমজীবীদের প্রতি অনেকেরই দৃষ্টি পড়িয়াছে। লাট-বেলাটের বক্তৃতায় পূর্বে এরূপ ক্ষুদ্র ক্ষুদ্র বিষয়ের কোন আলোচনা হইত না। কিন্তু তাহারাও আজকাল চাষী ও শ্রমিকের কথা প্রসঙ্গক্রমে উত্থাপন করেন......... ।”

১৭ ডিসেম্বর ‘ভারতীয় শ্রমিকদের দুরবস্থা’ সম্পর্কিত একটি সংবাদ প্রকাশিত হয়। জনৈক অস্ট্রেলিয়ান প্রতিনিধি বলেছেন যে, সব দেশের তুলনায় ভারতের শ্রমিকদের অবস্থাই নিকৃষ্ট। এই মন্তব্যের উপর ভিত্তি করেই উল্লিখিত সংবাদ রচিত ও প্রচারিত হয়।

শ্রমিক সম্মেলনে যোগদানের জন্যে আগত মার্কিন প্রতিনিধি মিঃ জনস্টন বিভিন্ন শ্রমিক সভায় জ্বালাময়ী ভাষায় বক্তৃতা করেন। মিঃ জনস্টনের কার্যকলাপে রুষ্ট হয়ে সাম্রাজ্যবাদী ইংরেজ সরকার তাঁকে ভারতবর্ষ থেকে বহিষ্কারের জন্যে আদেশ জারি করেন।

এই আদেশের বিরুদ্ধে 'বাঙ্গলার কথা'র তীব্র প্রতিবাদ ধ্বনিত হয় 'সত্যের কণ্ঠরোধ' সম্পাদকীয়তে।

আমাদের দেশের, বিশেষ করে বাংলা দেশের শ্রমিক-কৃষক আন্দোলনে যে একটা নতুন চিন্তাধারার উন্মেষ ঘটেছে তা স্পষ্ট ভাবে অনুভূত হয় ২১ ডিসেম্বর থেকে ২৩ ডিসেম্বর পর্যন্ত কলকাতায় অনুষ্ঠিত কৃষক ও শ্রমিক দল সম্মিলন উপলক্ষে। এই সম্মিলনকে সাফল্যমণ্ডিত করার আহ্বান জানিয়ে একটি ইশতেহার প্রকাশিত হয়। ভারতের শ্রমিক-কৃষক আন্দোলনে এই ইশতেহারটি একটি গুরুত্বপূর্ণ দলিল। এতে স্বাক্ষরকারীদের মধ্যে রয়েছেন শ্রীঅতুল চন্দ্র গুপ্ত, মুজাফ্ফর আহমদ, শ্রীপুলিন বিহারী দিন্দা, শ্রীধরণীকান্ত গোস্বামী প্রমুখ। 'বাঙ্গলার কথা'-য় এই ইশতেহারটি ছাপা হয়। এতে বলা হয়েছে: "সমাজে যাঁহারা পরিশ্রম করিয়া সব কিছু উৎপন্ন করিয়া থাকেন, তাঁহাদিগকেই না খাইয়া আধপেটা খাইয়া সময় কাটাইতে হয়। যাহারা কোন কাজই করে না, কিংবা অপরকে তাঁহার পরিশ্রমের ফল হইতে বঞ্চিত করিবার জন্যেই কাজ করিয়া থাকে, তাহারাই পৃথিবীর সমস্ত সুখ ও সুবিধা ভোগ করিয়া থাকে। ফসল উৎপাদন করিবার জমিন এবং কল-কারখানা ইত্যাদি ধন উৎপাদনের অপর সব উপায় এই শ্রেণীর লোকেরা হস্তগত করিয়া রাখিতে পারিয়াছে বলিয়াই তাহারা জনসাধারণকে অর্থাৎ কৃষক, শ্রমিক ও শোষিত নিম্ন-মধ্যবিত্ত শ্রেণীর লোকদিগকে যথা ইচ্ছা শোষণ করিতে পারিতেছে।... .

"বিদেশী বণিকগণ বর্ত্তমান সময়ে আমাদের দেশ শোষণের জন্যই শাসন করিতেছে। তাহাদের স্বার্থ ক্রমশঃ আমাদের দেশীয় শোষকগণের স্বার্থের সহিতও জড়িভূত হইয়া পড়িতেছে। সোজা কথায়, দেশীয় ও বিদেশীয় সকল শ্রেণীর শোষকগণের পিছনেই গবর্ণমেন্টের শক্তি রহিয়াছে। কাজেই দেশের শোষিত জনসাধারণের হাতে সর্ববিধ ক্ষমতা আনয়ন করিবার উদ্দেশ্যেই বৃটিশ শোষকগণের হাত হইতে ভারতের পরিপূর্ণ স্বাধীনতা লাভ করা আমাদের অপরিহার্য কর্ম হইবে।. ..."

নবজাগ্রত এই চিন্তাধারার সঙ্গে 'বাঙ্গলার কথা' সহমত পোষণ করত কিনা সে বিষয়ে সংশয় থাকতে পারে। কিন্তু এই চিন্তাধারার প্রকাশ ও প্রচারের দায়িত্ব বহন করে 'বাঙ্গলার কথা' যে ঐতিহাসিক ভূমিকা পালন করেছে তা শ্রদ্ধাভরেই স্মরণ করা উচিত।

কুমুদ দাশগুপ্ত

....

স্বাধীনতা উত্তর গণ আন্দোলন ও সংবাদপত্র

গণ-আন্দোলনের সংগঠক এবং গণ-আন্দোলনে অংশগ্রহণকারী জনসাধারণ গণ-আন্দোলনে সংবাদপত্রের ভূমিকায় ক্ষুব্ধ। কারণ সংবাদপত্রের কাছ থেকে তাঁদের প্রত্যাশা পূরণ হয় না। এই ক্ষোভ, দুঃখ এবং অনেক সময়ে ক্রোধের স্বরূপ বিশ্লেষণ করতে গেলে প্রথমেই দেখা যাবে যে স্বাধীনতা লাভের পরবর্তীকালে আমাদের দেশের জনপ্রিয় এবং প্রাক-স্বাধীনতাযুগে ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে যে সব সংবাদপত্র যোগ্য সংগ্রামী ভূমিকা গ্রহণ করেছিল তাদের চরিত্রের যে বিরাট পরিবর্তন ঘটে গেছে সে সম্পর্কে সচেতনতার অভাব। প্রাক-স্বাধীনতাযুগেও সংগ্রামী, জনপ্রিয় জাতীয়তাবাদী সংবাদপত্রগুলি কিন্তু পরিচালকমণ্ডলী তথা মালিকদের শ্রেণীচরিত্রের ঊর্ধ্বে উঠতে পারেনি। এজন্যই তখনও সংবাদপত্র জাতীয় আন্দোলনের দর্পণের ভূমিকা পালন করতে গিয়েও নবোদ্ভূত দেশীয় ধনিক শ্রেণীর আশা-আকাঙ্ক্ষার কথা ক্ষণিকের জন্যও বিস্মৃত হয়নি। আর এজন্যই দু'একটি ব্যতিক্রম

ছাড়া অধিকাংশ পত্র-পত্রিকা ব্রিটিশ সাম্রাজ্যবাদের সঙ্গে আপস-রফার মধ্য দিয়ে ক্ষমতালাভের যে প্রচেষ্টা ভারতের ধনিকশ্রেণীর প্রতিনিধি কংগ্রেসের দক্ষিণপন্থী নেতৃবৃন্দ চালিয়ে যাচ্ছিলেন তাকে স্বাগত জানিয়েছেন। দক্ষিণপন্থী নেতৃত্বে পরিচালিত গণ-আন্দোলনকে সংগঠিত ও প্রসারিত করতে তৎকালীন প্রতিষ্ঠিত দেশীয় সংবাদপত্রগুলি যতটা সক্রিয় ছিল তার ভগ্নাংশও বামপন্থীদের পরিচালিত আপসহীন সংগ্রামের পক্ষে দৃষ্ট হয়নি। লক্ষ্য করার বিষয়, অবিভক্ত বাংলাদেশ ছাড়া অন্য প্রদেশ থেকে যে সব সংবাদপত্র প্রকাশিত হয়ে খ্যাতি লাভ কবেছে তার প্রায় সব কয়টিরই মালিক দেশীয় উঠতি পুঁজিপতিরা। তাঁদের আশা-আকাঙ্ক্ষাই প্রতিফলিত হয়েছে দক্ষিণপন্থী নেতৃত্বেব প্রতিটি পদক্ষেপের মধ্যে। এজন্যই কংগ্রেসের নেতৃত্বে পরিচালিত গণ-আন্দোলনকে সমর্থন করতে গিয়ে ধনিকশ্রেণীর মালিকানাধীন প্রতিষ্ঠিত সংবাদপত্র ত্যাগ স্বীকার করতেও দ্বিধা করেনি। কিন্তু বামপন্থীদের সশস্ত্র এবং আপসহীন সংগ্রামকে কখনো তাঁরা ভালচোখে দেখতে পারেনি। আপসহীন সংগ্রাম যদি অভীপ্সিত পথে অগ্রসর হয় তাহলে রাষ্ট্র ক্ষমতার দখল ধনিকশ্রেণীর হাতে না এসে সাধারণ মানুষের করায়ত্ত হতে পারে। কংগ্রেসের দক্ষিণপন্থী নেতৃত্বের এই ভীতির মনোভাবের প্রতিফলনই ঘটেছে ভারতীয় ধনিকদের মালিকানাধীন সংবাদপত্রে।

বাংলাদেশের অবস্থাটা কিছুটা ভিন্ন ছিল। অবিভক্ত বাংলাদেশই ভারতে আধুনিক সংবাদপত্রের জন্মদাতা। কিন্তু লক্ষ্য করার বিষয়, এই প্রদেশে যে সব বাঙ্গালী মালিকরা সংবাদপত্র প্রকাশ করেছেন তাঁরা কেউ ধনিকশ্রেণীভুক্ত শিল্পপতি ছিলেন না। বাংলাদেশে যে মধ্যবিত্ত বুদ্ধিজীবী শ্রেণীর সৃষ্টি হয়েছিল ইংরেজের শাসন নীতির ফলে, সেই শ্রেণীই বাংলা সংবাদপত্রের জনক। মধ্যবিত্ত বুদ্ধিজীবীরাই বামপন্থী চিন্তাধারা প্রসূত গণ-আন্দোলন পরিচালনা করতেন। এই শ্রেণীর মানসিকতাই এই প্রদেশের সংবাদপত্রের আচরণের মধ্যেও পরিস্ফুট। মধ্যবিত্ত বুদ্ধিজীবীদের আন্দোলন পরিচালনার ক্ষেত্রে যতটা দোদুল্যমানতা ছিল বঙ্গদেশের পত্র-পত্রিকাতেও স্পষ্টতই তারই প্রতিফলন ঘটে। এজন্যই প্রাক্-স্বাধীনতা যুগে এই প্রদেশের অধিকাংশ সংবাদপত্র

মোটামুটিভাবে বামপন্থী আন্দোলনের ধারাকে উৎসাহিত করেছেন। এই অবস্থার মধ্যেও অমৃতবাজার পত্রিকা গোষ্ঠীর মালিকরা নিজেরা উঠতি শিল্পপতি গোষ্ঠীভুক্ত না হলেও কংগ্রেসের দক্ষিণ-পন্থী নেতৃত্বের সঙ্গে অনেকখানি যুক্ত হয়ে পড়েন। আর এজন্যই অমৃতবাজার অনেক সময়ে ভারতের ধনিকশ্রেণীর আশা-আকাঙ্ক্ষার সঙ্গে যুক্ত হয়ে সাম্রাজ্যবাদবিরোধী সংগ্রামে আপসমুখীন মনো-ভাব গ্রহণ করে। অন্যদিকে আনন্দবাজার গোষ্ঠীর মালিক এবং পরিচালকরা সরাসরি বাংলার বিপ্লবী আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন বলে তাঁরা আপসহীন সংগ্রামের শুধু সহায়ক শক্তি নয়, অনেক সময় সংগঠকের ভূমিকাও পালন করেন।

কিন্তু আপস রফার মধ্য দিয়ে স্বাধীনতালাভের পর অবস্থার বিরাট পরিবর্তন ঘটল। ভারতের ক্ষমতায় অধিষ্ঠিত হল ধনিকশ্রেণীর মুখপাত্ররা। ধনিকশ্রেণী পরিচালিত সংবাদপত্রের ভূমিকারও বদল হলো। ভারতে ধনতন্ত্রের প্রসার ও প্রতিষ্ঠার কাজে সহায়তা করাই সংবাদপত্রের ধনিকশ্রেণীভুক্ত মালিকদের কাম্য। এই শ্রেণী চরিত্রের দিকে লক্ষ্য না রাখলে স্বাধীনতা উত্তর যুগে গণ-আন্দোলনের ভূমিকা উপলব্ধি করা যাবে না।

স্বাধীনতালাভের পর গণ-আন্দোলনের চরিত্রও পাল্টাল। তখন আর ভারতের সমস্ত শ্রেণীর মিলিত আন্দোলনের সুযোগ থাকল না। এখনকার গণ-আন্দোলন ক্রমশই শ্রেণীসংগ্রামের অঙ্গীভূত হয়ে পড়ে। গণ-আন্দোলনের বর্শামুখ ধনবাদী সমাজ ব্যবস্থাকে ভেঙ্গে ফেলার দিকে ফিরে গেল। স্বভাবতঃই এই আন্দোলন পরিচালিত হতে থাকে ক্ষমতায় অধিষ্ঠিত ধনিকশ্রেণীর বিরুদ্ধে। আর তখন প্রতিষ্ঠিত এবং খ্যাতিসম্পন্ন সংবাদপত্র গণ-আন্দোলনের মুকুরে পরিণত হতে পারে না। পশ্চিমবঙ্গের বাইরের শিল্পপতি মালিকগোষ্ঠী পরিচালিত সংবাদপত্রগুলি এখন যতটা ক্ষমতায় অধিষ্ঠিত ধনিকশ্রেণীর বিরোধিতা করে তা মূলতঃ ধনিকশ্রেণীর স্বার্থের সংঘাতের জন্য। ক্ষমতায় অধিষ্ঠিত ধনিকদের বিরোধিতায় অন্যান্য ধনিকগোষ্ঠীও নেমে থাকে। বামপন্থী ছাড়া অন্যান্য বিরোধীদলও মূলতঃ ধনিকশ্রেণীরই স্বার্থবাহী। এক ধনিক গোষ্ঠীর বিরুদ্ধে অন্য ধনিকগোষ্ঠী যখন আন্দোলন পরিচালনা করে তখন বুর্জোয়া সংবাদপত্রও ভিন্ন

ভিন্ন পক্ষভুক্ত হয়। এজন্য কোন কোন বৃহৎ সংবাদপত্র জনতা লোকদল বা বিজেপিকে সমর্থন করে। তা ছাড়া শাসকদলকে নিজেদের স্বার্থে টেনে আনার জন্য চাপ সৃষ্টি করতেও তাঁরা কোন কোন সময় শাসকদলের বিরুদ্ধে গণ-আন্দোলন সমর্থন করে। কিন্তু এই সমর্থনের সীমানাও অত্যন্ত সঙ্কুচিত। ভারতের বৃহৎ শিল্পপতি গোষ্ঠীদের মালিকানাধীন সংবাদপত্রসমূহ অন্যান্য বিষয়ের মতই গণ-আন্দোলনের ক্ষেত্রেও এই দ্বৈতনীতি অনুসরণ করে।

পশ্চিমবঙ্গের অবস্থা একটু স্বতন্ত্র। আগেই বলা হয়েছে, অবিভক্ত বাংলাদেশে সংবাদপত্রের মালিকানা মধ্যবিত্ত বুদ্ধিজীবীদের হাতে ছিল। তা ছাড়া সাম্রাজ্যবাদবিরোধী আন্দোলনের হাতিয়ার হিসেবে রাজনৈতিক নেতারাও সংবাদপত্র প্রতিষ্ঠা করেন। কিন্তু স্বাধীনতালাভের পর অবস্থার দ্রুত পরিবর্তন ঘটে। একদিকে সাম্রাজ্যবাদী ব্রিটিশ শাসন থেকে মুক্ত হওয়ার পর মধ্যবিত্ত বুদ্ধিজীবীদের রাজনৈতিক মতবাদে ভিন্ন দুইটি ধারা স্পষ্ট হয়ে ওঠে। একপক্ষ শাসকদলের সঙ্গে যুক্ত হয়ে পড়ায় নিজেরা ধনিকশ্রেণীভুক্ত না হলেও রাজনৈতিক তত্ত্বের দিক থেকে ধনবাদী সমাজ ব্যবস্থার সমর্থক হয়ে পড়েন। ধনিক শ্রেণীর প্রতিনিধি শাসকদলের রাজনীতি তাঁরা সমর্থন করতে থাকেন। প্রতিষ্ঠিত সংবাদপত্রগোষ্ঠী এই পক্ষকেই আপন করে নেয় নিজেদের স্বার্থে। কারণ সংবাদপত্র তখন রীতিমত একটি লাভজনক শিল্পে পরিণত। শাসকদলের অনুগ্রহলাভ ব্যবসায়ের স্বার্থেই প্রয়োজনীয় হয়ে পড়ে। আর তা ছাড়া পশ্চিমবাংলার দুইটি সংবাদপত্র গোষ্ঠীর মালিকরা অন্য কোন শিল্পে তাঁদের পুঁজি বিনিয়োগ না করলেও তাঁদের করায়ত্ত সংবাদপত্রগুলির প্রসারের ফলে তাঁরা নিজেরাই শিল্পপতি শ্রেণীভুক্ত হয়ে পড়েন। কাজেই ধনিকশ্রেণীর মানসিকতা তাঁদের মধ্যেও প্রতিফলিত হতে থাকে। ব্যবসার স্বার্থে এবং শ্রেণীস্বার্থেও তাঁরা ভারতের শাসকদলের সমর্থক হয়ে পড়েন। স্বভাবতঃই সমাজের স্থিতাবস্থা রক্ষা তাঁদের স্বার্থের উপযোগী হয়ে পড়ে। মধ্যবিত্ত বুদ্ধিজীবীদের অন্য পক্ষ প্রাক-স্বাধীনতা যুগের আপসহীন সংগ্রামের ধারক বামপন্থীদের রাজ-নীতি আঁকড়ে থাকেন। ফলে তাঁদের সৃষ্ট সমস্ত আন্দোলনই মোটা-

মূলতভাবে স্থিতাবস্থা বিরোধী। এবং প্রথমোক্ত শ্রেণীর মালিকানাধীন সংবাদপত্রের পক্ষে এই সমস্ত আন্দোলনে প্রাক-স্বাধীনতা যুগের মত সমর্থন জানানো নিজেদের স্বার্থের সঙ্গে অর সামঞ্জস্যপূর্ণ থাকে না। যথারীতি এই সংবাদপত্রগুলি কায়েমী স্বার্থের সঙ্গে একই শ্রেণীভুক্ত হয়ে পড়ার ফলে গণ-আন্দোলনে আর সংগঠকের ভূমিকা গ্রহণ করতে পারে না।

কিন্তু জন্মলগ্নের বৈশিষ্ট্যের জন্যই পশ্চিমবঙ্গের সংবাদ-পত্রের চরিত্র আর ভারতের অন্যান্য স্থানের বৃহৎ পুঁজিপতিগোষ্ঠীর মালিকানাভুক্ত সংবাদপত্রের চরিত্রের মধ্যে একটা পার্থক্য থেকেই যায়। পশ্চিমবঙ্গের সংবাদপত্রগুলি তাদের ঐতিহ্যকে একেবারে মুছে ফেলে দিতে পারে নি। বৃহৎ শিল্পপতি মালিকদের শ্রেণী-চরিত্রের সঙ্গে শুধু সংবাদপত্র শিল্পের দৌলতে যাঁরা ধনিক শ্রেণীভুক্ত হয়ে পড়েছেন তাঁদের চরিত্রের মধ্যে যে ফারাক আছে সংবাদপত্র পরিচালনার ক্ষেত্রেও তার প্রভাব পড়ে। তা ছাড়া আরও একটা কথা স্মরণ রাখা প্রয়োজন। স্বাধীনতা উত্তরযুগে সংবাদপত্র লাভজনক শিল্পে পরিণত। এই শিল্পের প্রসার ক্রেতাদের মনোরঞ্জনের ওপরও অনেকটা নির্ভরশীল। অর্থাৎ প্রচার সংখ্যা বৃদ্ধি ছাড়া সংবাদপত্রের মালিকদের মুনাফা আশানুরূপ বাড়বে না। কাজেই ক্রেতা অর্থাৎ পাঠকদের খুশী করার কথা ভাবতেও হয়। পশ্চিমবঙ্গে ক্রেতা সাধারণের সমাজ-চেতনার স্তর অন্য রাজ্যের পাঠকদের তুলনায় কিছুটা ভিন্ন। এখানে গণ-আন্দোলনে সাধারণ মানুষ বিপুলভাবে অংশ গ্রহণ করে। ফলে প্রচারের স্বার্থেও পশ্চিমবঙ্গের সংবাদপত্রগুলি গণ-আন্দোলনের তীব্র বিরোধিতা করতে পারে না। যে আন্দোলন সরাসরি তাদের শ্রেণী স্বার্থকে প্রত্যক্ষভাবে বিপন্ন করে তুলছে না সেই আন্দোলনের প্রতি বিমুখতা থাকলেও তার খবরাখবর সংবাদপত্রের বহন করতে হয়। আরও একটি বিষয় মনে রাখলে সংবাদপত্রের ভূমিকা বোঝা সহজ হবে। দেশ বিদেশে সব সংবাদ-পত্রই শ্রেণীস্বার্থের রক্ষক হলেও এস্টাব্লিশমেন্ট বিরোধী ভূমিকা পালনের ঐতিহ্যকে একেবারে ছেঁটে দিতে পারে না। সংক্ষেপে বলা যায় সংবাদপত্রের সাধারণ চরিত্র, প্রাক-স্বাধীনতা যুগের ঐতিহ্য, সংবাদপত্রের মালিকদের অন্য রাজ্যের মালিকদের শ্রেণী

চরিত্রের সঙ্গে কিছুটা পার্থক্য এবং আন্দোলনমুখী পাঠক-ক্রেতার কাছে পণ্যকে গ্রহণীয় করার আকাঙ্ক্ষা থাকার ফলেই পশ্চিমবঙ্গে প্রকৃত গণ-আন্দোলনে এ-রাজ্যের সংবাদপত্রগুলি সব সময় সক্রিয় বিরোধিতায় নামতে পারেনি। ইচ্ছে না থাকলেও সমাজের দর্পণের ভূমিকা পালনে তারা কিছুটা বাধ্য হয়েছেন। গণ-আন্দোলন যতই ব্যাপক হয়ে উঠেছে, জনগণ যতই তাতে বেশী করে অংশ গ্রহণ করেছে ততই সংবাদপত্রগুলিতে তার প্রতিফলন ঘটেছে।

স্বাধীনতা লাভের পর পশ্চিমবঙ্গে যে কয়টি আন্দোলন প্রকৃত অর্থেই ব্যাপক গণ-আন্দোলনে পরিণত হয়েছে সেই আন্দোলনগুলির প্রতিফলন পশ্চিমবঙ্গের সংবাদপত্রগুলিতে যে ভাবে ঘটেছে তা লক্ষ্য করলেই এই বক্তব্যের সমর্থন মিলবে। পশ্চিমবঙ্গে ব্যাপক ভিত্তিতে যে-সব গণ-আন্দোলন পরিচালিত হয়েছে তার মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য ১৯৪৮-৪৯ থেকে সুরু করে ১৯৫৬ সাল পর্যন্ত উদ্বাস্তু আন্দোলন, ট্রাম ভাড়া বৃদ্ধি প্রতিরোধ আন্দোলন ১৯৫৩, দুর্ভিক্ষ প্রতিরোধ বা খাদ্য আন্দোলন (বিশেষভাবে উল্লেখযোগ্য ১৯৫৯ এবং ১৯৬৭ সালের খাদ্য আন্দোলন), বাংলা-বিহার সংযুক্তি বিরোধী আন্দোলন ১৯৫৬, যুক্তফ্রন্ট সরকার ভাঙ্গার প্রতিবাদে ১৯৬৮ এবং ১৯৭০ সালের আন্দোলন। এ ছাড়া কয়েকটি শিক্ষক আন্দোলনও ব্যাপকভাবে জনসমর্থন লাভ করে। ছাত্র আন্দোলনগুলি মূলতঃ উপরোক্ত আন্দোলনের সমর্থনেই বেশি পরিচালিত হয়েছে।

এই প্রবন্ধের সীমিত পরিসরে উপরোক্ত আন্দোলনগুলি সম্পর্কে সংবাদপত্রের ভূমিকার পরিচয় দিতে বিভিন্ন সংবাদপত্রের পাতা থেকে উদ্ধৃতি তুলে দেওয়া সম্ভব নয়। তবু স্মরণ করা যাক। উদ্বাস্তু পুনর্বাসন আন্দোলনের কথাই ধরা যাক। দেশ বিভাগের পর থেকেই ব্যবসায়িক স্বার্থের দিকে লক্ষ্য রেখেই যুগান্তর পত্রিকা উদ্বাস্তুদের পুনর্বাসন লাভের পক্ষে লেখনী পরিচালনা করতে শুরু করে। আনন্দবাজার গোষ্ঠীও পরে তাতে সামিল হয়। উদ্বাস্তুরা যখন বন-জঙ্গল সাফ করে জবর দখল কলোনী প্রতিষ্ঠা করতে থাকে তখন পশ্চিমবঙ্গের পুরাতন বাসিন্দা-দের একাংশ তার বিরোধিতাও করেন। সংবাদপত্রে দুই পক্ষেরই

মনোভাবের প্রতিফলন ঘটে। কিন্তু ডঃ বিধান চন্দ্র রায়ের সরকার যখন বিধান সভায় জবর দখল উচ্ছেদ বিল (Squatters Eviction Bill) আনলেন তখন তার প্রতিবাদে সারা দেশব্যাপী বিপুল আন্দোলন গড়ে উঠে। উদ্বাস্তুদের এই আন্দোলনে সাধারণ শ্রমিক কৃষক ছাত্ররাও যোগ দেওয়ার ফলে আন্দোলনের চরিত্র যখন পাল্টে গেল, সারা রাজ্য জুড়ে যখন এই আন্দোলন ছড়িয়ে পড়ল তখন পশ্চিমবঙ্গের প্রতিটি সংবাদপত্র ঐ বিল-বিরোধী আন্দোলনের বিস্তৃত সংবাদ পরিবেশন করতে বাধ্য হয়। বিল প্রত্যাহারের পক্ষে সম্পাদকীয় স্তম্ভেও মতামত দেওয়া হতে থাকে। ফলে এমন একটা অবস্থার সৃষ্টি হল যে মুখ্যমন্ত্রী ডঃ রায় আন্দোলনের নেতাদের জেল থেকে মুক্ত করে নিয়ে এসে বিধানসভা কক্ষে বিলের বয়ান পরিবর্তন করে উদ্বাস্তু পুনর্বাসনের দায়িত্ব স্বীকার করতে বাধ্য হন। ঐ আন্দোলনের ফলেই বিকল্প পুনর্বাসনের ব্যবস্থা না করে উচ্ছেদ করা যাবে না বলে নীতি গৃহীত হয়। দ্বিধা সত্ত্বেও সংবাদপত্র এই আন্দোলনের সহায়ক ভূমিকা গ্রহণ করে।

১৯৫৩ সালে ট্রামের এক পয়সা ভাড়া বৃদ্ধির প্রতিবাদে যে আন্দোলন শুরু হয় তা কলকাতার সীমানা অতিক্রম করে সারা রাজ্যে ছড়িয়ে পড়ে। আন্দোলনের প্রাথমিক পর্যায়ে ভাড়া বৃদ্ধির বিরোধিতা করলেও সংবাদপত্রগুলি আন্দোলন সমর্থন করেনি। কিন্তু আন্দোলনকারীদের ওপর পুলিশের নির্যাতন যতই বৃদ্ধি পেতে থাকে আন্দোলনও ততই ছড়িয়ে পড়ে। সংবাদপত্রের ভূমিকাও পাল্টাতে থাকে। আন্দোলনের খবর বিশদভাবে দেওয়ার জন্য সংবাদপত্রগুলিও নিজেদের মধ্যে প্রতিযোগিতায় নেমে পড়ে। এই সময় আন্দোলনের প্রকৃত চিত্র তুলে ধরার জন্য যে সব প্রতিবেদন সংবাদপত্রে প্রকাশিত হতে থাকে সেগুলি আন্দোলনকে ব্যাপকতর পর্যায়ে উন্নীত করতে সাহায্য করে। যুগান্তর পত্রিকায় অমিতাভ চৌধুরীর (শ্রীনিরপেক্ষ) একটি প্রতিবেদনের কথা ভুলে যাওয়া সম্ভব নয়। সাংবাদিকতার মানের ক্ষেত্রে-ও এই প্রতিবেদন স্মরণীয় হয়ে থাকবে। সংবাদপত্রের এই ভূমিকার ফলেই পুলিশ ক্ষিপ্ত হয়ে ময়দানে একটি জনসভায় পূর্ব-পরিকল্পনা অনুসারে সাংবাদিকদের অমানুষিক প্রহার করে। সংবাদপত্রগুলি প্রতিবাদে গর্জে ওঠে। শেষ পর্যন্ত ভাড়া বৃদ্ধির প্রস্তাব প্রত্যাহৃত হয়। এই প্রসঙ্গে

আনন্দবাজার পত্রিকায় প্রকাশিত 'পশুর যুক্তি' শীর্ষক সম্পাদকীয় নিবন্ধের কিছু অংশ উদ্ধৃত করার লোভ সংবরণ করা গেল না। স্বনামধন্য সাংবাদিক সত্যেন্দ্র মজুমদার ঐ নিবন্ধটি রচনা করেন। ঐ নিবন্ধে শুধু সাংবাদিকের প্রহারের নিন্দাই করা হয়নি। সামগ্রিকভাবে সরকারের নীতির প্রতিবাদ ধ্বনিত হয়েছে। ট্রাম-ভাড়া বৃদ্ধি প্রতিরোধ আন্দোলনে সংবাদপত্রের ভূমিকা স্মরণ করতে হলে ঐ প্রবন্ধই তার প্রকটতম উদাহরণ। ঐ প্রবন্ধে মন্তব্য করা হয় ঃ

'মানবতার বিচারশালায় ন্যায়ের উদ্যত রুদ্রদণ্ডের সম্মুখে অপরাধী বিবেক ভয়ার্তকম্পিত কণ্ঠে স্বীকার করিল জাতির প্রতি কৃতঘ্নতার পাপ। সিংহচর্মের আবরণ ফেলিয়া নরগর্দভগণ নতজানু হইয়া অবশেষে ১৪৪ ধারা প্রত্যাহার এবং আন্দোলনের নেতাদের মুক্তিবিধান করিল। শাস্তি সম্মুখে না দেখিলে কোন পাপীই অনুতপ্ত হয় না। পশ্চিমবঙ্গের কংগ্রেসী দল এবং মন্ত্রীরা জনমতের দর্পণে কলঙ্কের মসীলিপ্ত মুখ দেখিয়া ত্রাসচকিত সংকোচে হৃতগর্ব নতশির। তিন সপ্তাহ ধরিয়া অনুষ্ঠিত কুক্রিয়ার জন্য ইহারা কতটা ক্ষমা পাইবার অধিকারী সে বিচারের ভার জনসাধারণের উপর।'

পুলিশ এবং আমলাতন্ত্র সম্পর্কে যে মন্তব্য ঐ সম্পাদকীয় নিবন্ধে করা হয়েছে কোন প্রগতিশীল এবং সংগ্রামী বামপন্থী পত্রিকায় তার চেয়ে কঠোর এবং যোগ্য বিশ্লেষণ অন্ততঃ এই লেখকের নজরে আসেনি। বলা হয়েছে ঃ

'ইহারা জননীর গর্ভের লজ্জা, ইহারা ব্রিটীশ সাম্রাজ্যনীতির ঔরসের অপজাত সন্তান। ইহাদের কুকীর্তি বিশ্লেষণ এবং কুযুক্তি খণ্ডন করিতেও ঘৃণাবোধ হয়। আমরা বিস্মিত ও ক্রুদ্ধ হইয়া ভাবিতেছি ন্যায়, নীতি, শালীনতার ক্ষেত্রে যাহারা আত্মহত্যা করিয়াছে সেই নরপ্রেতগুলি আর কতদিন ক্ষমতার আসন হইতে দন্তবিকাশ করিবে।'

ট্রাম-ভাড়া বৃদ্ধি প্রতিরোধ আন্দোলনের পর সব থেকে উল্লেখযোগ্য গণ-আন্দোলন গড়ে ওঠে পশ্চিমবঙ্গ-বিহার সংযুক্তি বিরোধী আন্দোলন। পশ্চিমবঙ্গ এবং বিহার রাজ্যের সংযুক্তি সাধনের প্রস্তাব তৎকালীন পশ্চিমবঙ্গ এবং বিহার রাজ্যের মুখ্যমন্ত্রীরা যুক্তভাবে উপস্থাপিত করেন। বামপন্থীরা প্রতিবাদে

ব্যাপক আন্দোলন গড়ে তোলেন। বামপন্থীদের নেতৃত্বে আন্দোলন গড়া হলেও বাঙ্গালী জাতীয়তাবাদের পক্ষের এই আন্দোলনে পশ্চিমবাংলার সংবাদপত্রগুলি প্রত্যক্ষ সমর্থন করতে থাকে। যুগান্তর পত্রিকার অন্যতম মালিক তখন মন্ত্রিসভার সদস্য। কাজেই যুগান্তরের পক্ষে আন্দোলনে সমর্থন জানানো সম্ভব হয়নি। আনন্দবাজার গোষ্ঠী আন্দোলনে সংগঠকের দায়িত্ব পালন করে। রাজ্যের জনগণের মেজাজ বুঝতে পেরে যুগান্তর পত্রিকাও সক্রিয় বিরোধিতায় নামতে সাহস পায়নি। বরং যুগান্তরের মালিকেরা যুগান্তর সম্পাদক বিবেকানন্দ মুখোপাধ্যায়কে আন্দোলনের পক্ষে প্রচারে নামতে বাধা দেননি। আন্দোলন এত জনপ্রিয় হয় যে লোকসভার একটি উপনির্বাচনে নির্দলীয় প্রার্থী হিসাবে সাংবাদিক মোহিত মৈত্র আন্দোলনের প্রতীক হিসেবে পরিগণিত হন। জনগণ সেই নির্বাচনে যেভাবে অংশগ্রহণ করে তাঁকে জয়যুক্ত করেন তাতে জনগণের নির্বাচনের যাথার্থ প্রমাণিত হয়।

আন্দোলনের পরিণতি নিয়ে বিভিন্ন সংবাদপত্রে যে সংবাদ প্রকাশিত হয় তা থেকেই ঐ আন্দোলন সম্পর্কে সংবাদপত্রগুলির ভূমিকা স্পষ্ট হয়ে উঠবে। ১৯৫৬ সালের ৬ মে তারিখে আনন্দবাজারের সংবাদে বলা হয়ঃ

'পশ্চিমবঙ্গ ও বিহারের সংযুক্তি প্রস্তাবের বিরুদ্ধে বিক্ষোভ প্রদর্শনের জন্য যাহাদের আটক করা হইয়াছিল, পশ্চিমবঙ্গ সরকার শনিবার এক আদেশ জারী করিয়া তাহাদের সকলকে মুক্তিদানের নির্দেশ দিয়াছেন। বেসরকারী সূত্রে প্রাপ্ত হিসাবে জানা যায় যে এই বন্দীদের সংখ্যা আনুমানিক ১০ সহস্র হইবে।

'পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ডাঃ বি সি রায় বৃহস্পতিবার রাত্রে জানান যে সংযুক্তি প্রস্তাব প্রত্যাহৃত হইয়াছে। তিনি বলেন যে সরকার পশ্চিমবঙ্গের গণদাবির নিকট নতিস্বীকার করিয়াছে। রাজ্যের দুইটি উপনির্বাচনে ভোটদাতাগণ সংযুক্তি প্রস্তাবের উপর ভিত্তি করিয়া ভোট দিয়াছেন। উভয় নির্বাচনে অ-কংগ্রেসী প্রার্থীগণ বামপন্থীদল সমূহ কর্তৃক সমর্থিত হইয়াছে। ঐ সব দল সংযুক্তি বিরোধী আন্দোলন চালাইতেছিল। বামপন্থীদল সমূহ এখন আন্দোলন প্রত্যাহার করার সিদ্ধান্ত করিয়াছে।'

এই সব আন্দোলনের পরে ভাষা ভিত্তিক আন্দোলনে সারা

পশ্চিমবাংলা সামিল হয়। ঐ আন্দোলনে সংবাদপত্রগুলির যোগ্য ভূমিকা পালন করাই স্বাভাবিক। কারণ ঐ আন্দোলনে সর্বতোভাবে শাসক দলের সমর্থন ছিল।

স্বাধীনতা-উত্তরকালে পশ্চিমবঙ্গে সব থেকে বেশিবার খাদ্য আন্দোলন সংগঠিত হয়। প্রায় প্রতি বছরই বামপন্থীরা খাদ্য আন্দোলন গড়ে তোলেন। এই আন্দোলনেই সব থেকে বেশিবার হরতাল বা সাধারণ ধর্মঘট প্রতিপালিত হয়। প্রতিষ্ঠিত সংবাদপত্রগুলি আন্দোলনের ধারা সমর্থন না করলেও আন্দোলন ব্যাপক হয়ে উঠলে জনমতের সঙ্গে সায় না দিয়ে পারেনি। বিশেষ করে আন্দোলন দমনের জন্য পুলিশ যে নিপীড়ন চালায় সংবাদপত্রগুলি তার তীব্র প্রতিবাদ করে। ১৯৫৯ সালের খাদ্য আন্দোলনে পুলিশের গুলি ও লাঠিতে প্রায় শতাধিক কৃষক নিহত হন। প্রতিটি সংবাদপত্র এই বীভৎস আক্রমণের প্রতিবাদ করে।

১৯৬৭ সালের খাদ্য আন্দোলন বিশেষ ভাবে উল্লেখযোগ্য। এই আন্দোলনের পরিণতিতেই পশ্চিমবঙ্গে কংগ্রেস সংগঠনের ভিত্তি ধ্বসে পড়ে। তার পরে দীর্ঘদিন অতিবাহিত হয়ে গেল। পশ্চিমবঙ্গে কংগ্রেসের সেই ধরণের সংগঠন আর ফিরে আসেনি। ঐ সালের খাদ্য আন্দোলনের কৃতিত্ব প্রায় পুরোটাই সংবাদপত্রের। কংগ্রেস নেতা অশোক সেনের মালিকানাধীন বসুমতী পত্রিকা সম্পাদক বিবেকানন্দ মুখোপাধ্যায়ের পরিচালনায় প্রকৃত অর্থেই খাদ্য আন্দোলন সংগঠনের দায়িত্ব পালন করে। কংগ্রেসের তদানীন্তন নেতা অতুল্য ঘোষের সঙ্গে অশোকবাবুর বিরোধ থাকাতে বসুমতীর ঐ ভূমিকা পালনের সুযোগ আসে ঠিকই। বুর্জোয়া মালিকদের এই বিরোধ-ও সময় সময় সংবাদপত্রকে আন্দোলনের সহায়ক ভূমিকা গ্রহণ করতে সাহায্য করে বলে যে যুক্তি আগে দেখান হয়েছে ঐ সময়ে বসুমতীর ভূমিকা সেই বক্তব্যই সমর্থন করে। ঐ সময়ে বসুমতীর রিপোর্ট, ছবি, এবং বিবেকানন্দ মুখার্জির সম্পাদকীয় সারা দেশ জুড়ে আন্দোলনের আগুন ছড়িয়ে দেয়। বসুমতী এই ভূমিকা পালন করায় যখন অত্যন্ত জনপ্রিয় হয়ে উঠল তখন অন্যান্য বৃহৎ সংবাদপত্রও আন্দোলনের বিস্তৃত সংবাদ পরিবেশন করে আন্দোলনের পরোক্ষ সহায়ক ভূমিকা গ্রহণে বাধ্য হয়।

১৯৬৮ সালে যুক্তফ্রন্ট সরকারের পতনের পরে রাজ্য জুড়ে

যে আন্দোলন হয় তার চরিত্র সরাসরি রাজনৈতিক। এই ক্ষেত্রেও পশ্চিমবঙ্গের সংবাদপত্রগুলি কংগ্রেসী চক্রান্তের খবর প্রদান করে। পরে আন্দোলন শুরু হলে তাকে সমর্থন না জানিয়ে পারে না।

উদাহরণ বাড়িয়ে লাভ নেই। উপরেব উদাহরণ থেকেই স্পষ্ট হয়ে উঠবে প্রকৃত অর্থে আন্দোলন যখন গণ-আন্দোলনে পরিণত হয় তখন ধনিক শ্রেণী পরিচালিত সংবাদপত্রও তাব সংবাদ পরিবেশন না করে পারে না। সংবাদপত্রগুলির মধ্যে পারস্পরিক প্রতিযোগিতাও এ ব্যাপারে গুরুত্বপূর্ণ ভূমিকা নেয়। ১৯৭২ সালের পর নব-প্রকাশিত সত্যযুগ গণ-আন্দোলনের সহায়ক ভূমিকা নিয়ে জনপ্রিয় হতে থাকায় অন্যান্য বৃহৎ সংবাদপত্র তখন আর বামপন্থীদের সংবাদ পরিবেশন না করে পারেনি।

একটা কথা এই প্রসঙ্গে বিশেষভাবে মনে রাখা দরকার। আন্দোলন যদি পুরোপুরি শ্রেণীভিত্তিক হয় তাহলে কিন্তু শ্রেণী-স্বার্থের তাগিদেই সংবাদপত্রগুলি ভিন্ন ভূমিকা পালন করে। এজন্যই গত দুই দশকে কৃষকের জমি দখল কিংবা কল-কারখানায় শ্রমিকদের আন্দোলনেব কোন ছাপই এই সব সংবাদপত্রে পড়েনি। সংবাদপত্রের পাঠক নিম্নবিত্ত বুদ্ধিজীবী এবং শিক্ষিত মানুষ। ঐ সব মানুষ যে আন্দোলনে অংশ গ্রহণ করে ব্যাপক গণ-আন্দোলনে তাকে রূপান্তরিত করেন, আর সেই আন্দোলন যদি প্রত্যক্ষভাবে সমাজ-ব্যবস্থা পাল্টে ফেলার আন্দোলনে পরিণত না হয় তা হলে বুর্জোয়া সংবাদপত্রও সংবাদাদি পরিবেশনেব মাধ্যমে আন্দোলনের সহায়ক না হয়ে পারেনা।

এই লেখকের ধারণা, গত সাত-আট বছরে বামফ্রন্ট সরকারের আমলে সরকার যেমন গণ-আন্দোলনের হাতিয়ার বা ভিন্ন মতে সহায়কের ভূমিকা সঠিকভাবে পালন করতে পারেনি তেমনি বামফ্রন্ট এমন কোন আন্দোলন গড়েনি যাতে সমাজের বিপুল অংশ সামিল হয়। বিশেষ করে যে শ্রেণী সংবাদপত্রের পাঠক সেই মধ্যবিত্ত, নিম্নবিত্ত লেখা পড়া জানা মানুষকে ঐক্যবদ্ধ করে কোন সংগ্রামে নামান সম্ভব হয়নি বলেই এই সময়ে পশ্চিম বাংলার সংবাদপত্রগুলি বামফ্রন্ট সরকার বিরোধী ভূমিকা পালন করতে পেরেছে। যদি জনমতকে ভিন্নভাবে গড়ার সফল প্রচেষ্টা হতো তাহলে এখনও সংবাদপত্রগুলি বামপন্থী পরিচালিত আন্দোলনের

সংবাদ চেপে রাখতে পারত না। সংবাদপত্রের এই পরোক্ষ সহায়ক ভূমিকা ততদিনই থাকবে যতদিন আন্দোলন একেবারে সরাসরি সমাজ বদলের আন্দোলনের দিকে এগিয়ে না যাবে।

পরিশেষে স্মরণ রাখা প্রয়োজন, সংবাদপত্রের কাছ থেকে গণ-আন্দোলনের সংগঠকরা যে আদর্শ ভূমিকা পালন করার প্রত্যাশা করেন তা কোনদিনই বুর্জোয়া সংবাদপত্র পালন করতে পারে না। পারবে না। ঐ ভূমিকা পালনের দায়িত্ব শোষিত শ্রেণী স্বার্থের মুখপত্রের। দুঃখের বিষয়, আমাদের দেশে বামপন্থী দলের পরিচালিত যে সব সংবাদপত্র আছে সেগুলি সঠিকভাবে শ্রেণী সংগ্রামের প্রতিনিধিত্ব করেনা। বিশেষ দলের মুখপত্র সংশ্লিষ্ট দল পরিচালিত সংগ্রামেরই মুখপত্র। সমগ্র বামপন্থী আন্দোলনের মুখপত্রের ভূমিকা গ্রহণ করতে পারে এমন একটি সংবাদপত্র-ও আজ পর্যন্ত জন্মলাভ করেনি। স্মরণ রাখা প্রয়োজন, দেশে শ্রেণী সংগ্রাম যত তীব্রতর হচ্ছে ততই বুর্জোয়া সংবাদপত্র গণ-আন্দোলন থেকে দূরে সরে যাচ্ছে। এই অবস্থার মোকাবিলা করতে হলে সর্বাগ্রে প্রয়োজন কোন সংকীর্ণ দলীয় স্বার্থের ঊর্ধ্বে উঠে প্রকৃত এবং ঐক্যবদ্ধ গণ-আন্দোলনের প্রতিনিধিত্ব করতে পারে এমন সংবাদপত্র প্রতিষ্ঠার। এই ধরণের পত্রিকার অভাব আজ বামপন্থী তথা শ্রেণী আন্দোলন বিকাশের পথে সব থেকে বড় অন্তরায়।

মাহ্‌ফুজউল্লাহ

....

সংবাদপত্রের স্বাধীনতা এবং ভারতীয় উপ মহাদেশ

সাংবাদিকতা ও কিংবদন্তী' প্রবন্ধে শ্রীসরোজ আচার্য বলেছেন ঃ "সংবাদপত্রের স্বাধীনতা আর সাংবাদিকের স্বাধীনতা সমার্থক নয়। কোন দেশেই নয়। সংবাদপত্রের স্বাধীনতা কিংবা যাকে বলা হয় মুদ্রাযন্ত্রের স্বাধীনতা তার জন্য লড়াইটা এযাবৎ চলেছে রাষ্ট্রশক্তির বিরুদ্ধে, স্বৈরতান্ত্রিক শাসন নিয়ন্ত্রণের বিরুদ্ধে।" এ লড়াইয়ে অর্থাৎ স্বাধীনভাবে মত প্রকাশের দাবী জানিয়েছে সংবাদপত্রগুলো। এ অধিকার অনেক দেশে অনেকাংশে স্বীকৃত। কিন্তু সম্ভবতঃ ভারতীয় উপমহাদেশে সংবাদপত্রের স্বাধীনতা আর সাংবাদিকের স্বাধীনতাকে এক করে দেখা হয়েছে। কেননা বৃটিশ আমলে বা তৎপরবর্তীকালে এখানকার সংবাদপত্রের মালিকরা পাশ্চাত্যের মালিকদের মতো স্বাধীনতা ভোগ করেন নি। উপরন্তু এখানে সংবাদপত্রের স্বাধীনতা সীমিত-মত প্রকাশের অধিকার কণ্ঠরুদ্ধ।

বৃটিশ শাসনে ভারতবর্ষে এবং পাকিস্তান আমলে সংবাদ-

পত্রের উপর সরকারী বিধিনিষেধ চরমে পৌঁছেছে। সংবাদপত্রের স্বাধীনতার লড়াইয়ে বহু সাংবাদিক সামিল হয়েছেন, জনগণের শ্রদ্ধা অর্জন করেছেন নির্যাতিত হয়ে। এসব সাহসী সৈনিকরা লড়েছেন রাষ্ট্রশক্তির বিরুদ্ধে—সত্যিকার অর্থে তাদের দাবীর ফল ভোগ করেছেন সংবাদপত্রের বৈষয়িক কর্তারা। সামগ্রিকভাবে সংবাদপত্রের উপর আরোপিত বিধি-নিষেধের বিরুদ্ধে লড়তে গিয়ে সাংবাদিকরা কর্তাদের ইচ্ছের বিরুদ্ধে, স্বার্থের বিরুদ্ধে স্বাধীন মত প্রকাশের লড়াইয়ে জয়লাভ করতে পারেন নি। পাকিস্তানী আমলে আরোপিত বিধিনিষেধের ফলে সংবাদপত্রের মালিক ও সাংবাদিকদের স্বার্থ এক হয়ে গেছে।

পরাধীন ভারতে সংবাদপত্র শিল্পের বিকাশের সাথে সংবাদপত্রের স্বাধীনতার প্রশ্নটি অঙ্গাঙ্গিভাবে জড়িত। বেন্টিঙ্ক যা করেন নি, তা করেছেন মাদ্রাজের গভর্ণর টমাস মানরো। ১৮২০ সালে মাদ্রাজের গভর্ণর হিসেবে দায়িত্ব গ্রহণের পর মানরো লিখেছেন ঃ

“স্বাধীন সংবাদপত্রের প্রবক্তারা আমাদের শাসন ব্যবস্থার এবং দেশীয়দের মানসিক এবং পারিপার্শ্বিক অবস্থার উন্নয়নের পক্ষপাতী। কিন্তু এসব সদিচ্ছা আমার বিশ্বাস তাদের নির্দেশিত পথে সম্ভব নয়। আমাদের এখানে শাসনকার্য চালাবার সময় দুটো জিনিস স্মরণ রাখতে হবে। প্রথমতঃ যতদিন পর্যন্ত সম্ভব আমাদের শাসন অব্যাহত রাখতে হবে, দ্বিতীয়তঃ যখন আমরা পদত্যাগ করবার প্রয়োজনীয়তা অনুভব করব, তখন এমন উন্নত অবস্থায় দেশীয়দের রেখে যাব, যাতে তারা নিজেদের নিয়মিত সরকার চালাতে পারে। এসব লক্ষ্য যদি কখনো অর্জন করা সম্ভব হয়, তাহলে তা সম্ভ একমাত্র নিয়ন্ত্রিত সংবাদপত্রের মাধ্যমে।”

একই ধরনের মন্তব্য প্রকাশ করেছেন সমসাময়িক সময়ে বোম্বের গভর্ণর মাউন্ট স্টুয়ার্ট এলফিনস্টোন (১৮১৯-১৮২৭) ঃ

“সংবাদপত্রের লেখনীর ফলে দেশী এবং ইউরোপীয় সৈন্যদের মধ্যে বিদ্বেষ সৃষ্টি হবে।…অন্যান্য দেশে সংবাদপত্রের বিকাশ নির্ভর করেছে দেশীয় উন্নতির উপর। আমাদের এখন ইউরোপীয় তত্ত্বের উপর নির্ভর করতে হবে। অর্থাৎ ভারতের উন্নতি না হলে সংবাদপত্রের স্বাধীন বিকাশ সম্ভব নয়।”

স্বাধীন সংবাদপত্র সম্পর্কে এলফিনস্টোনের মতামত ব্যক্ত

করতে গিয়ে বিশপ হেবর তাঁর জার্নালের তৃতীয় খণ্ডের ১৩৪ পৃষ্ঠায় লিখেছেন:

'কি কারণে এলফিনস্টোন সংবাদপত্রের স্বাধীনতার ঘোর বিরোধী ছিলেন আমি তা জানতে উৎসাহী হই। এ প্রসঙ্গে আলোচনায় তিনি খোলাখুলি ভাবে স্বীকার করেছেন যে ভারতে সংবাদপত্রের স্বাধীনতাকে বিপজ্জনক বলে অতিরঞ্জিত করা হয়েছে। একই সাথে তিনি সংবাদপত্রের স্বাধীনতার ফলে সৃষ্ট বিদ্বেষের কথাও উল্লেখ করেন।...আমি স্বীকার করি যে তাঁর অভিজ্ঞতা এবং বর্ণনাই সেন্সরশীপের পক্ষে সবচে জোরালো অভিমত।'

যে সব ইংরেজদূতেরা এসেছিলেন ভারতের শাসনকর্তা হিসেবে তাঁরা সকলেই চেয়েছিলেন ভারতে ইংরেজ শাসনকে দীর্ঘস্থায়ী করতে। এবং ভারতে বৃটিশ শাসন অব্যাহত রাখার অর্থ হলো অত্যাচার ও নিষ্পেষণের স্টীম রোলার চালু রাখা। এজন্যে ইংরেজ প্রভুরা কোন স্বাধীন সংবাদপত্রের বিকাশ কল্পনা করতে পারেনি। বৃটিশরা মনে করতো এখানে স্বাধীন সংবাদপত্র ভারতীয়দের স্বাধীনতার লড়াইয়ে অনুপ্রাণিত করবে।

ভারতের সংবাদপত্রের প্রতি ইস্ট ইন্ডিয়া কোম্পানীর ডিরেক-টরদের মতামত লর্ড বেন্টিঙ্কের জানা থাকলেও বেন্টিঙ্ক রাজী হয়েছিলেন কিছু সুবিধা দিতে। বেন্টিঙ্ক কখনোই সম্পূর্ণভাবে সংবাদপত্রের স্বাধীনতার পক্ষপাতী ছিলেন না এবং এ জন্যে কোন প্রচেষ্টাও গ্রহণ করেননি। ১৮৩৫ সালের ৬ই ফেব্রুয়ারী কোলকাতায় ইউরোপীয় ও ভারতীয় সাংবাদিকদের একটি প্রতিনিধিদল বেন্টিঙ্কের সাথে দেখা করেন প্রেস রেগুলেশনস-এর বিধিনিষেধ প্রত্যাহার করার জন্য। কিন্তু বেন্টিঙ্ক তাঁদের জানিয়ে দেন:

"এখন আপনারা যে স্বাধীনতা ভোগ করছেন তা খর্ব করার ইচ্ছে সরকারের নেই। আমার বিশ্বাস সহসাই এমন অবস্থার উদ্ভব হবে যার ফলে সাংবাদিকদের নিরাপত্তা আসবে এবং রাজদ্রোহের বিরুদ্ধে সরকারী আসন নিশ্চিত হবে।"

এর অব্যবহিত পরে বেন্টিঙ্কের অসুস্থতা ও পদত্যাগের কারণে সাময়িকভাবে গভর্ণর জেনারেলের দায়িত্ব গ্রহণ করেন স্যার চার্লস মেটকাফে। সহকর্মীদের মতবিরোধ সত্ত্বেও মেটকাফে বিশ্বাস

করতেন সংবাদপত্রের স্বাধীনতায়। মেটকাফের আমলেই ভারতবর্ষের সংবাদপত্রসমূহ প্রথমবারের মতো সাময়িক স্বাধীনতা লাভ করে।

সংবাদপত্রের এ স্বাধীনতার জন্য লড়াই শুরু হয়েছিল ১৮২৩ সালে রাজা রামমোহন রায় ও তার পাঁচজন সহকর্মীর সহযোগিতায়। ১৮৩৫ সালে বৃটিশ সরকার সব বিধিনিষেধ প্রত্যাহার করে নিয়েছিল এবং এ স্বাধীনতা অব্যাহত ছিল বিশ বছর।

১৮৫৭ সালে প্রথম ভারতীয় স্বাধীনতা যুদ্ধের সময় সংবাদপত্রের উপর হামলা আসে নতুনভাবে। সে বছর সংবাদপত্রের কণ্ঠরোধ করে আইন চালু করেন লর্ড ক্যানিং। মেটকাফের সিদ্ধান্তের ফলে ১৮২৩ সালের এ্যাডাম রেগুলেশন, ১৮২৫ সালের বোম্বে প্রেস রেগুলেশন, ১৮২৭ সালের মাদ্রাজ সেন্সর প্রভৃতি রদ হয়ে যায় এবং মেটকাফের সিদ্ধান্ত প্রযোজ্য হয় সর্বভারতীয় ভিত্তিতে। মেটকাফের ঘোষণা অনুযায়ী পত্রিকার প্রকাশক এবং মুদ্রাকরের জন্য ডিক্লারেশনের ব্যবস্থা করা হয়। ডিক্লারেশনের মাধ্যমে প্রকাশক প্রকাশনার সঠিক স্থান জানাবেন এবং ঠিকানায় কোন পরিবর্তন হলে তা সরকারকে জানাবেন। অন্যথায় এর ব্যতিক্রমের জন্য (ডিক্লারেশন ব্যতীত পত্রিকা বের করার অপরাধে) পাঁচ হাজার টাকা জরিমানার এবং দু'বছরের সশ্রম কারাদণ্ডের ব্যবস্থা করা হয়েছে।

নীতিগতভাবে ইংরেজরা ছিল পরাধীন ভারতবর্ষে সংবাদপত্রের স্বাধীনতার বিরোধী। বাংলাদেশে সর্বপ্রথম সেন্সরসীপ প্রথা চালু করেন লর্ড ওয়েলেসলী ১৭৯৯ সালে। একটি অর্ডিন্যান্সের মাধ্যমে সে সময় ঘোষণা করা হয়ঃ

১. প্রতিটি সংবাদপত্রের মুদ্রাকর সংবাদপত্রের নীচের দিকে তার নাম প্রকাশ করবেন। (এ বিধিনিষেধ এখনো চালু রয়েছে)
২. প্রতিটি সংবাদপত্রের সম্পাদক এবং স্বত্বাধিকারী তাদের নাম এবং বাসস্থান সরকারের সচিবের কাছে জানাবেন।
৩. রোববারে কোন কাগজ প্রকাশ করা চলবে না।
৪. সরকারের সচিব অথবা তার প্রতিনিধির অনুমোদন ব্যতীত কোনভাবেই কোন সংবাদপত্র প্রকাশ করা যাবে না।
৫. উল্লিখিত আইনগুলো অমান্য করলে ইউরোপে পাঠিয়ে দেয়া হবে।

কোলকাতায় সংবাদপত্র প্রকাশের জন্য লর্ড ওয়েলেসলী ব্যাপ্টিস্ট মিশনারীদের অনুমতি দেননি। তিনি চেয়েছিলেন সরকারীভাবে কোন পত্রিকা প্রকাশিত হোক। কিন্তু কোম্পানী তাঁর অনুরোধ প্রত্যাখ্যান করে। সমসাময়িক সময়ে মাদ্রাজের গভর্ণর ইলিয়ট মন্তব্য করেন ঃ

"যারা সংবাদপত্রের স্বাধীনতার অভিলাষী তাদের উদ্দেশ্য বর্তমান মুহূর্তের সবচেয়ে জঘন্য রাজনৈতিক মতবাদের আশ্রয় গ্রহণ করা। ইউরোপ এবং এশিয়ার শাসনতান্ত্রিক ক্ষমতাকে অবাধ্য করা এবং আদালতে বিদ্রোহী বিচারের ফলে আইনজীবীদের অর্থাগমের সুযোগ করে দেয়া।"

সংবাদপত্রের স্বাধীনতা খর্ব করেই ইংরেজ প্রভুরা ক্ষান্ত হননি। একই সাথে ১৮০৭ সালে জনসভার উপরও নিষেধাজ্ঞা আরোপিত হয়। পূর্বাহ্নে সরকারের অনুমোদন ব্যতীত কোন জনসভা সংগঠনের অধিকার এদেশীয় জনগণের ছিল না। সরকারী বিধিনিষেধের ফলে সরকারী বিধিনিষেধের বিরোধিতা করে বহু বেনামী ইশ্‌তেহার সে সময় বিলি করা হয়। এর ভয়ে ভীত হয়ে ১৮১১ সালে এক আদেশবলে লর্ড মিন্টো কোলকাতার সব ছাপা-খানার মালিককে প্রকাশকের নাম প্রকাশ্যে বাধ্য করেন। সে সময় কোন সংবাদ ছাপাতে হলে পূর্বাহ্নে কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করতে হত।

সরকার আরোপিত সেন্সর নিয়ে সরকারের সাথে সংবাদপত্রের সম্পাদকের বিরোধ বাধে সর্বপ্রথম ১৮১৭ সালে। তৎকালীন 'এশিয়াটিক মিরর' সম্পাদক ডঃ ব্রাইস অভিযোগ করেন যে সরকারের প্রধান সচিব (চীফ সেক্রেটারী) জন এডাম সেন্সরের ক্ষেত্রে তাঁর ক্ষমতার অপব্যবহার করছেন। লর্ড মিন্টোর পরবর্তী গভর্ণর জেনারেল লর্ড হেস্টিংস অবশ্য এ জাতীয় 'সেন্সর' পছন্দ করতেন না। কিন্তু ডঃ ব্রাইসের সাথে ব্যক্তিগত ঝগড়ার কারণেই এ ব্যাপারে তিনি কোন পদক্ষেপ গ্রহণ করেন নি। লর্ড হেস্টিংসের আমলে এমন একটি ঘটনা ঘটে যার জন্য কোম্পানী বাধ্য হয়ে সেন্সরের কড়াকড়ি শিথিল করে। তখন কোলকাতার মর্নিং পোস্ট পত্রিকার সম্পাদক স্বত্বাধিকারী ছিলেন হিটলী। হিটলীর বাবা ছিলেন ইউরোপীয় এবং মা ছিলেন ভারতীয়। সেন্সর কর্তৃপক্ষ যখন

ছাপাবার আগে একটি প্রবন্ধের সংশোধনের জন্য হিটলীকে অনুরোধ করেন, তখন তিনি তা করতে রাজী হননি। জবাবে হিটলী বলেন যে ভারতীয় বিধায় তার বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা যাবে না। এই উভয় সংকটের ফলে ডঃ ব্রাইস এবং হিটলীর পরস্পর বিরোধী পত্রালাপের ফলে লর্ড হেস্টিংস নতুন সিদ্ধান্ত গ্রহণ করেন। তিনি ঘোষণা করেন যে একমাত্র নিম্নোক্ত বিষয়গুলি সম্পর্কে কোন সংবাদ প্রকাশ করা যাবে না ঃ

ক. ভারতের সাথে সম্পর্কিত কোর্ট অব ডিরেক্টরদের কোন সিদ্ধান্তের সমালোচনা, স্থানীয় প্রশাসনের রাজনৈতিক সিদ্ধান্তের সমালোচনা, কাউন্সিলের সদস্যদের বিরুদ্ধে আক্রমণাত্মক মন্তব্য, সুপ্রীম কোর্টের বিচারপতি এবং লর্ড বিশপের বিরুদ্ধে কোন মন্তব্য প্রকাশ করা যাবে না।

খ. স্থানীয় জনগণের ধর্মীয় স্বার্থের হানিকর অথবা তাদের মধ্যে ভয়, ভীতি অথবা চাঞ্চল্যের সৃষ্টি করে এমন কোন সংবাদ প্রকাশ করা চলবে না।

গ. ভারতেব বৃটিশ শাসনের পক্ষে ক্ষতিকর হতে পারে এমন কোন মন্তব্য ইংরেজী সংবাদপত্র হতে পুনর্মুদ্রণ করা চলবে না।

ঘ. সমাজে বিভেদ সৃষ্টি করতে পারে এমন কোন ব্যক্তিগত কেলেঙ্কারী এবং মন্তব্য প্রকাশ করা যাবে না।

এ ব্যবস্থার ফলে যদিও সংবাদপত্রের উপর আরোপিত সেন্সর তুলে দেয়া হল, তথাপি বিধিনিষেধের অবসান হলোনা। হিটলী দাবী করেছিলেন সংবাদ সেন্সরের দায়িত্ব সম্পাদকদের উপর আরোপ করা হোক।

মেটকাফের বিজয়ের জন্য কোলকাতাবাসীরা তাকে সম্মানিত করেন এবং হেয়ার স্ট্রিট ও স্ট্রাণ্ড রোডের সংযোগস্থলে নির্মাণ করেন "মেটকাফে হল।" জনগণের স্বার্থে নির্মিত সে হলটি আজ ব্যবহৃত হচ্ছে সরকারী স্বার্থে। সংবাদপত্রের উপর আরোপিত বিধিনিষেধ তুলে নেয়ার সংবাদ যখন লন্ডনে পৌঁছাল তখন কোম্পানীর সদস্যরা ক্ষিপ্ত হয়ে উঠলেন। ১৮৩৬ সালের পহেলা ফেব্রুয়ারী এক নম্বর লিপিতে ডিরেক্টর বোর্ড জানালেন ঃ

"এই কার্যাবলী (সংবাদপত্রের উপর আরোপিত বিধিনিষেধের প্রত্যাহার) আমাদের অতীতের সকল আদেশের, কোলকাতা

সুপ্রীম কোর্ট এবং প্রিভি কাউন্সিলের সিদ্ধান্তের বিরোধী। প্রতিবারই উভয় পক্ষের বক্তব্য শুনবার পরই মাদ্রাজ, বোম্বে এবং বাংলাদেশের সরকার, লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক এবং স্যার ফ্রেডারিক এডাম সতর্কতার সাথে এ সিদ্ধান্ত (সেন্সর) গ্রহণ করেছিলেন।

আমরা উপলব্ধি করতে বাধ্য হচ্ছি যে এই কার্যাবলী অত্যন্ত অন্যায়মূলক এবং সরকার অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসেবে গ্রহণ করেছেন, বিশেষ করে যখন নীতিমালা প্রণয়নের জন্য গঠিত কমিশন তাদের রিপোর্ট পেশ করতে যাচ্ছেন। আমাদের তাই উচিত পার্লামেন্টের আইনের সহযোগিতায় এবং আমাদের উপর আরোপিত ক্ষমতার বলে আপনার নতুন সিদ্ধান্তকে বাতিল বলে ঘোষণা করা।

... ...

আমরা তাই আমাদের চূড়ান্ত সিদ্ধান্ত জানাবার আগে আপনাদের গভর্ণর জেনারেল লর্ড অকল্যান্ডের উপস্থিতি সাপেক্ষে গভর্ণর জেনারেল-ইন-কাউন্সিলের সুপারিশের অপেক্ষা করব। কিন্তু আপনারা আমাদের মতামত জানলেন এবং আমরা আশা করবো পূর্বোক্ত ব্যবস্থায় ফিরে গিয়ে আমাদের হস্তক্ষেপকে অবশ্যম্ভাবী করে তুলবেন না।”

মেটকাফে স্বাধীনতার পক্ষপাতী ছিলেন বলে আইনগত ভাবে অধিকারী হওয়া সত্ত্বেও গভর্ণর জেনারেল হতে পারলেন না। ১৮৩৬ সালে তাই তাঁকে মাদ্রাজের গভর্ণর পদ থেকেও সরিয়ে দেওয়া হলো এবং কোম্পানীর ডিরেক্টর বোর্ডের একজন সদস্য তাঁকে জানালেন যে: ভারতে সংবাদপত্রের স্বাধীনতার জন্য তাঁর গৃহীত পদক্ষেপ অমার্জনীয় অপরাধ। (H. P. Ghosh: Newspaper in India) সান্ত্বনার জন্য তাঁকে নিয়োগ করা হোল উত্তর পশ্চিম সীমান্ত প্রদেশের গভর্ণর হিসাবে। অবশেষে ভগ্ন মনোরথ হয়ে মেটকাফে স্বদেশে ফিরে গেলেন ১৮৩৮ সালের পনেরই ফেব্রুয়ারী।

বৃটিশ ভারতে ইংরেজের বিরুদ্ধে যে অসন্তোষ দানা বেঁধে উঠেছিল, তৎকালীন সংবাদপত্রগুলো সে সম্পর্কে হুঁশিয়ারী উচ্চারণ করেছিলেন। ১৮৫৯ সালের রিপোর্টে রেভারেন্ড জে. লং

লিখেছেন :

"The opinion of the native press may often be regarded as the safety valve which gives warning of danger; thus had the Delhi native newspapers of January 1857 been consulted by the European functionaries they would have seen in them how the natives were ripe for revolts and were expecting aid from Russia and Persia."

কিন্তু যখনই স্বাধীনতার দাবীতে ভারতীয় সিপাহীরা বিদ্রোহ করলেন তখনই ব্যবহার করা হল সংবাদপত্রগুলোকে। অবশ্য সে সময় কয়েকটি সংবাদপত্র উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছিল। প্রথম ভারতীয় স্বাধীনতা যুদ্ধ সম্পর্কে ১৮৫৮ সালের জুনে হিন্দু পেট্রিয়ট লিখেছিলেন : "এখন যা চলছে তা ভারতের সবচেয়ে মহান বিপ্লব।" ২১ শে মে লিখেছিলেন—"এটা আর বিদ্রোহ নয়, বিপ্লব। বাংলার সেনাবাহিনীর বিদ্রোহীরা প্রথম থেকেই দেশের সহানুভূতি পেয়েছেন। আজ এমন লোক সারা ভারতে নেই, যে ভারতে শাসনের কুফল অনুভব করে না, এ কুফল পরাধীনতার কুফল।"

ভারতের প্রথম স্বাধীনতা যুদ্ধের সংগ্রামী সৈনিকদের প্রতি সংবাদপত্রসমূহের সমর্থন কর্তৃপক্ষের ঈর্ষার কারণ হয়েছিল। তাই সংবাদপত্রকে শায়েস্তা করার জন্য লর্ড ক্যানিং-এর নির্দেশে ১৮৫৭ সালে তৈরী হল গ্যাগিং এ্যাক্ট। এসম্পর্কে আইন সভায় লর্ড ক্যানিং বললেন :

'I doubt whether it is fully understood or known to what audacious extent sedition has been poured into the hearts of the native population of India within the last few weeks under the guise of intelligence supplied to them by the native newspapers. It has been done sedulously, cleverly, artfully. Facts have been grossly misrepresen-

ted—so grossly that, with educated and informed minds, the very extravagance of the misrepresentation must compel discredit. In addition to perversion of facts, there are constant vilifications of the govt. false assertions of its purposes and unceasing attempts to sow discontent and hatred between it and its subjects."

শেষ মুঘল সম্রাট বাহাদুর শাহের বিচারের জন্য যে কোর্ট মার্শালের আয়োজন করা হয়েছিল, সেই বিচারপতির ভাষণে এডভোকেট-জেনারেল এ অভ্যুত্থানের জন্য দায়ী করেছিলেন মুসলীম সংবাদপত্রগুলোকে এবং এ যুদ্ধকে সাম্প্রদায়িক সংঘর্ষ বলে চিত্রিত করেছিলেন। এডভোকেট জেনারেল এ অভ্যুত্থানের পেছনে যেসব কারণকে দায়ী করেছেন তার মধ্যে রয়েছে : "মুসলমান সংবাদপত্রগুলো অবিবেচকের মতো এই দুষ্কর্মের সহযোগী।" (H. P Ghosh : The Newspaper in India Cal. Univ. P 29)।

ভারতীয় সংবাদপত্রের বিরুদ্ধে লর্ড ক্যানিং-এর অভিযোগ ছিল ভিত্তিহীন। 'গ্যাগিং এ্যাক্ট' প্রচলনের জন্যই এসব অভিযোগের উত্থাপন। এ প্রসঙ্গে 'সমাচার সুধা দর্শন' সম্পাদক শ্যামসুন্দর সেনের বিচারের দৃষ্টান্ত উল্লেখযোগ্য। আমলাতন্ত্রের হাতে দোষী সাব্যস্ত হয়েও শ্যামসুন্দর সকল অভিযোগের হাত থেকে নিষ্কৃতি পেয়েছিলেন সুপ্রীম কোর্টে।

সরকারীভাবে লর্ড ক্যানিং-এর আইন চালু হয় ১৮৫৭ সালের তেরই জুন। এই আইন অনুযায়ী সরকারের বিনানুমতিতে কোন ব্যক্তি ছাপাখানার মালিক হতে পারবেন না। ছাপাখানার মালিক হতে হলে সরকারের কাছ থেকে লাইসেন্স গ্রহণ করতে হবে। এই আইন অমান্যকারীদের ছাপাখানা বাজেয়াপ্ত করবার অধিকার সরকারের ছিল। এই আইন প্রণয়ণের পেছনে একটি উদ্দেশ্য কাজ করেছিল। তা হলো সরকারী আইনজীবীরা মনে করতেন যে রাষ্ট্রদ্রোহিতার যেসব অভিযোগ পার্সীভাষায় সংবাদপত্র 'দারবিন' এবং 'সুলতান-উল-আকবর', হিন্দী ও বাংলা ভাষায় প্রকাশিত

সমাচার সুধাদর্শনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে আইনের চোখে তার যৌক্তিকতা নেই। তাই ১৮৫৭ সালের নতুন অর্ডিন্যান্স।

প্রথম ভারতীয় স্বাধীনতা যুদ্ধের সময় সরকার বিরোধী সংবাদ প্রকাশের দায়ে অনেকগুলি সংবাদপত্রের প্রকাশনা বন্ধ হয়েছিল। দিল্লীর বিদ্রোহী সৈনিকদের ঐতিহাসিক ঘোষণা প্রকাশের দায়ে অভিযুক্ত হয়েছিলেন 'দারবিন' এবং 'সুলতান-উল-আকবর'। সাময়িকভাবে যে সব সংবাদপত্রের প্রকাশনা বন্ধ হয়ে গিয়েছিল সেগুলি হচ্ছে :

১। দারবিন

২। সুলতান-উল-মুলক

৩। সমাচার সুধাদর্শন (বাঙলা)

৪। সমাচার সুধাদর্শন (হিন্দী)

৫। দ্য বেঙ্গল হারকারু
: স্বত্বাধিকারী/প্রিন্স দ্বারকানাথ ঠাকুর
সম্পাদক/এস, এল, ব্ল্যানচার্ড

৬। হিন্দু ইন্টেলিজেন্সার
স্বত্বাধিকারী, সম্পাদক/কালীপ্রসাদ ঘোষ

৭। গুলশান-ই-নওবাহার
(এর ছাপাখানা পর্যন্ত বাজেয়াপ্ত করা হয়েছিল)

ক্যানিং-এর আইন অনুযায়ী সবচে বেশী নির্যাতনমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল বাংলাদেশের সংবাদপত্রগুলোর বিরুদ্ধে।

১৮৫৭ সালের দমনমূলক আইন প্রত্যাহার করা হয় ১৮৫৮ সালে। কিন্তু সংবাদপত্রের স্বাধীনতা খর্ব করাবার ব্যাপারে সরকারী দুষ্কর্মের কোন ইতি ঘটেনি। প্রথম স্বাধীনতা যুদ্ধের সময় ভারতে ওয়াহাবী আন্দোলনও মাথা চাড়া দিয়ে উঠে। ওয়াহাবীদের বিশ্বাস এতো প্রবল ছিল যে, ১৮৭২ সালের আটই ফেব্রুয়ারী ভাইসরয় লর্ড মেয়ো পোর্ট ব্লেয়র সফরকালে নিহত হন একজন ওয়াহাবীর হাতে। এই ওয়াহাবী আন্দামান দ্বীপপুঞ্জে যাবজ্জীবন কারাদণ্ড ভোগ করছিলেন। ওয়াহাবীদের হাতে সংঘটিত হয়েছিল আরো কয়েকটি রাজনৈতিক হত্যাকাণ্ড।

ওয়াহাবী আন্দোলন এবং প্রথম স্বাধীনতা যুদ্ধের ফলে ব্রিটিশ ভারতে যে নবজাগরণের সূচনা হয় তা সংবাদপত্রগুলিকে

প্রভাবান্বিত করে। ওয়াহাবী আন্দোলনকে দমন এবং সংবাদপত্রের কণ্ঠরোধ করবার জন্য লর্ড মেয়ো 'ইন্ডিয়ান পেনাল কোডে' সংযোজন করেন নতুন ধারা—রাষ্ট্রদ্রোহিতার। কাউন্সিলে এ সম্পর্কে বলতে গিয়ে স্যার ফিটজেমস ষ্টিফেন বলেন :

> It would be used against provocative writings or speeches advocating incitement to or abetment of wagnugwar against the queen."

এই আইনের প্রণেতা মেকলে আইনটি প্রণয়ন করেছিলেন নিম্নোক্তভাবে :

> "যে কেউ বাক্যের মাধ্যমে, পঠিত হতে বা ব্যক্ত হতে পারে অথবা নির্দেশিত হতে পারে এমন কোন চিহ্ন দ্বারা আইনানুগভাবে প্রতিষ্ঠিত সরকারের বিরুদ্ধে, ইষ্ট ইন্ডিয়া কোম্পানীর এলাকার জনগণের মধ্যে ঘৃণার সৃষ্টি করে, তাহলে চিরজীবন অথবা কোন নির্দিষ্ট সময়ের জন্য ইষ্ট ইন্ডিয়া কোম্পানীর এলাকা হতে বহিস্কৃত হবে। এর সাথে তিনবছর মেয়াদী কারাদণ্ড অথবা যেকোন অংকের জরিমানা যুক্ত হতে পারে।"

১৮৪৯ সালে আবার এই ধারাকে দুভাগে বিভক্ত করে শক্ত হাতে সংবাদপত্রকে দমন করবার নয়া ব্যবস্থা করেন গভর্ণর জেনারেল কাউন্সিলের আইন-বিষয়ক সদস্য জন এলিয়ট ড্রিংকওয়াটার বেথুন। সংশোধনীর পর আইনটির অবস্থা দাঁড়ায় নিম্নরূপ :

> Whoever by words spoken, written or printed, maliciously counsels the resistance by force of any law or lawful authority is liable to transporation for life or imprisonment for seven years and in either case, also to fine.

১৮৭০ সালে এই আইনের চূড়ান্ত রূপ দাঁড়ায় নিম্নরূপ :

> Whoever by words, either spoken or intended to be read or by signs or by visible representation or otherwise, excites or

attempts to excite feelings of disaffection to the Govt. established by law in British India shall be punished with transportation for life or any term, to which fine may be added, or with imprisonment for a term which may extend to three years, to which fine may be added, or with fine."

ইন্ডিয়ান পেনালকোডে এ ধারাটি ১২৪-এ ধারা হিসেবে সংযুক্ত। ১৮৯১ সালে এ আইনের আওতায় সর্ব প্রথম অভিযুক্ত হয় কোলকাতার সাপ্তাহিক 'বঙ্গবাসী'। পরবর্তী হামলা আসে ১৮৯৭ সালে 'কেশরী' পত্রিকা সম্পাদক বাল গঙ্গাধর তিলকের বিরুদ্ধে। রাষ্ট্রদ্রোহিতার অভিযোগে তিলককে আঠারো মাসের সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করা হয়েছিল। পরে অবশ্য তিলক ছাড়া পেয়েছিলেন। কেননা বিচারকের মতে : 'ভালোবাসার প্রয়োজনেই ঘৃণার বিস্তৃতি।

পরাধীন ভারতে জাতীয়তাবাদের সশস্ত্র উন্মেষের সাথে সাথে সংবাদপত্রকে দমন করবার জন্য ক্ষিপ্ত হয়ে ওঠে ইংরেজী আমলারা। যার ফলশ্রুতি হলো ইন্ডিয়ান পেনাল কোডে নতুন নতুন ধারার সংযোজন—১৫৩-এ, ৫০৫ ধারা। ইতিমধ্যে টেলিগ্রাফ এ্যাক্টের মাধ্যমে বার্তা প্রেরক টেলিগ্রামগুলোকে সেন্সর করবার ক্ষমতা হাতে নিয়েছিল সরকার। ১৮৯৮ সালে এই এ্যাক্টকে সংশোধন করে বার্তা স্থগিত রাখবার ক্ষমতা গ্রহণ করলেন সরকার। সে সময় ভারতে ব্রিটিশ সরকার দায়ী করেছিল "suggestive propaganda of the press"-কে।

পরাধীন ভারতে সংবাদপত্রের স্বাধীনতার জন্য সর্বপ্রথম লড়াই শুরু করেন রাজা রামমোহন রায়। ১৮২৩ সালের মার্চ মাসে তৎকালীন গভর্ণর জেনারেল-ইন-কাউন্সিল জারী করেন প্রেস অর্ডিন্যান্স। সে অর্ডিন্যান্সে বলা হয়েছিল "এখন থেকে কোন ব্যক্তি চীফ সেক্রেটারী স্বাক্ষরিত গভর্ণর জেনারেল-ইন-কাউন্সিলের লাইসেন্স ব্যতীত কোন সংবাদপত্র অথবা সাময়িকী প্রকাশ করতে পারবেনা।" সেবছরই শেষ দিকে এর বিরুদ্ধে কিং-ইন-কাউন্সিলের কাছে প্রতিবাদলিপি প্রেরণ করেন রামমোহন রায়। সুপ্রীমকোর্টের

কাছে চন্দ্রকুমার ঠাকুর, দ্বারকানাথ ঠাকুর, রামমোহন রায়, হরিচন্দ্র ঘোষ, গৌরীচরণ ব্যানার্জী, প্রসন্ন কুমার ঠাকুর এক যুক্ত বিবৃতিতে বলেন :

> and that you will be pleased by not registering the above Rule and ordinance to permit the natives of this country to continue in possession of the rights and privileges which they and their fathers have so long enjoyed the auspices of the British nation, whose kindness and confidence they are not aware of having done anything to forfiet.

পরাধীন ভারতে সংবাদপত্রের স্বাধীনতার সংগ্রাম ঐতিহ্যপূর্ণ নিরবচ্ছিন্ন সংগ্রাম। সংবাদপত্রের কণ্ঠরোধের মাধ্যমে ইংরেজ প্রভুরা চেয়েছিল নবজাগরণের উন্মেষকে ঠেকাতে। সংবাদপত্রের স্বাধীনতার জন্য এদেশীয় সাংবাদিকদের লড়াই ছিল স্বাধীনতার লড়াইর সাথে সম্পৃক্ত। পরাধীন ভারতের প্রতি বৃটিশ শাসকদের দৃষ্টি ছিল পৈত্রিক সম্পত্তির দৃষ্টি। এই জবরদখল করা পৈত্রিক সম্পত্তিতে বৃটিশরা অন্য কোন বিশেষ কালা আদমীদের প্রভুত্ব সহ্য করতে পারেনি। পরাধীন ভারতে সংবাদপত্রগুলো বর্তমানের মতো মুনাফালোভী ব্যক্তিস্বার্থের সেবাদাসে পরিণত হয়নি। তখন পরাধীনতার গ্লানি ভারতীয় উঠতি বুর্জোয়া এবং উচ্চমধ্যবিত্তদের বিকাশের পথে বাধা হয়ে দাঁড়িয়েছে। তাই সেদিন সংবাদপত্রের ভূমিকা ছিল অনেকাংশে গণমুখী। এখানে গণমুখী না বলে নিজ প্রয়োজনে স্বাধীনতা লাভের আশায় বৃটিশ বিরোধী বলাই ভালো ।

সাতচল্লিশ সালে দেশ বিভাগের পর পাকিস্তানে গণতান্ত্রিক মূল্যবোধের ন্যূনতম পরীক্ষা-নিরীক্ষা চালানো হয়নি বলে সংবাদপত্রের কোন রূপ রেখা তৈরী হয়নি। পরাধীন ভারতে এবং 'স্বাধীন' পাকিস্তান বা ভারতে সংবাদপত্র মালিকদের স্বার্থ ভিন্ন দৃষ্টিকোন থেকে বিচার্য। পরাধীন ভারতে ছিল ব্রিটিশ শাসনের অবসান। স্বাধীনতা উত্তর ভারতে ছিল নিজস্ব শ্রেণী শোষণকে

অব্যাহত রাখা। স্বাধীনতার মধ্য দিয়ে সংবাদপত্র মালিকরা 'শিল্প প্রকল্পের' মালিকে রূপান্তরিত হয়েছেন। এসব স্বত্বাধিকারীরা তাই কখনো 'প্রেস অর্ডিন্যান্স' 'প্রেস এ্যাডভাইস' এসবের বিরুদ্ধে কোন কথা বলেনি। সাংবাদিকরাই শুধু এর বিরুদ্ধে লড়েছেন, ফলে স্বত্বাধিকারীরা ফায়দা লুটেছেন—সরকারের সাথে দরকষাকষির ক্ষেত্রে সুবিধাজনক অবস্থায় থেকেছেন। আর নির্যাতিত হয়েছেন সাংবাদিকবা। চাকরি হারিয়েছেন, নিক্ষিপ্ত হয়েছেন অনিশ্চয়তার জগতে।

সংবাদপত্রের স্বত্বাধিকারীরা এতেই ক্ষান্ত থাকেনি। সাংবাদিকদেব বাধ্য কবেছেন গণবিবোধী সংবাদ প্রকাশে। সাংবাদিকরা পারেননি মালিকের এবং সাংবাদিকের স্বাধীনতার মধ্যে পার্থক্য করতে। তারই ফলশ্রুতি হল ভাষা আন্দোলনের সময় মুসলীম লীগের দৈনিক 'সংবাদে' অগ্নিসংযোগ।

আয়ুব খান দ্বিমুখী কৌশলে সংবাদপত্রের স্বাধীনতাকে খর্ব করেছিল। প্রথমতঃ নির্যাতনমূলক আইনেব কড়াকড়ির মাধ্যমে, দ্বিতীয়তঃ অর্থের মাধ্যমে সাংবাদিকদেব চরিত্রহানি ঘটিয়ে। সে সময় অনেক সাংবাদিক বুদ্ধিবৃত্তিকে বেশ্যাবৃত্তির পর্যায়ে দাঁড় করিয়েছিলেন। আয়ুব খানেব ধৃষ্টতা এত চরমে পৌঁছেছিল যে পাকিস্তানের ১৯১৭ সনেব আদম সুমারি রিপোর্টে press prostitutes & politicians-দের মনোরঞ্জনকারী হিসেবে একই গোত্রভুক্ত করা হয়েছিল। আয়ুব খানের তথ্য দফতর বিজ্ঞাপনেব পরিমাণ কমিয়ে সংকটাপন্ন কবে তুলেছিল বিরোধী দলীয় সংবাদপত্রগুলোর অস্তিত্ব। উদাহরণ স্বরূপ 'দৈনিক সংবাদ'-এর প্রচার সংখ্যা বেশী হওয়া সত্বেও সরকার সমর্থক দৈনিক পয়গাম (যার পৃষ্ঠপোষক ছিলেন গভর্ণর মোনায়েম খাঁ) ১৯২০ সালের ২০শে জুন থেকে ১৭ই জুলাই পর্যন্ত ১৬ দিনে 'সংবাদ' শ্রেণীভুক্ত সরকারী বিজ্ঞাপন পেয়েছিল মাত্র সতেবো (১৭) কলাম কিন্তু ১০ই জুলাই থেকে ২৭শে জুলাই পর্যন্ত ১৭ দিনে পয়গাম পেয়েছিল ১০৩ কলাম। এ প্রসঙ্গে যখন তৎকালীন পূর্ব পাকিস্তান পরিষদে প্রশ্ন উত্থাপন করা হয় তখন তথ্য দপ্তরের পার্লামেন্টারী সেক্রেটারী জানান (জনাব আবদুর রাজ্জাক খান) "হয়ত পত্রিকাটি সরকারী দপ্তরগুলিকে সন্তুষ্ট করতে পারেনি।"

১৯৩৬ সালে প্রকাশিত জুরিখের আন্তর্জাতিক প্রেস ইন্সটিটিউটের রিপোর্টে খেয়ালখুশীমত সাংবাদিকদের কারাগারে নিক্ষেপ ও সংবাদপত্রের প্রকাশনা বন্ধ করে দেবার দরুণ পাকিস্তান সরকারের কঠোর সমালোচনা করা হয়। একই সময়ে আই.পি.আই-র ঢাকা কমিটির উদ্যোগে পরিচালিত সাংবাদিকতা শিক্ষা কোর্সের সমাপ্তি অধিবেশনে বিচারপতি আবদুস সাত্তারকে বলতে হয়েছিল ঃ

'চিন্তা ও মতামত প্রকাশের স্বাধীনতা মুক্ত সমাজের ভিত্তি, প্রগতির শর্ত। সংবাদপত্রকে নিয়ন্ত্রণের বেড়াজালে আবদ্ধ করে পাকিস্তানে মতামত প্রকাশের স্বাধীনতার কথা বলা অর্থহীন।"

সে সময় গণজীবনে যে অনিশ্চয়তা বিরাজ করছিল সে প্রসঙ্গে ৬৬ সালে পাকিস্তান অবজার্ভার পত্রিকার প্রতিষ্ঠা বার্ষিকীতে সম্পাদক আবদুস সালাম 'সম্পাদকের প্রত্যয়' শীর্ষক প্রবন্ধে লিখেছিলেন ঃ

"পূর্ব পাকিস্তানীরা দেশপ্রেমিক কিন্তু তারা চায়না যে গভীর নিশীথে সবাই যখন সুপ্তিমগ্ন তখন প্রহরীরা তাদের দ্বারপ্রান্তে করাঘাত করতে থাকে আর তাদের বন্দী করে নিয়ে যায়।

... .

আমি একজন সাংবাদিক। আমি ঐশ্বর্যের আকাঙ্ক্ষা করিনা, ক্ষমতার প্রতিও আমার মোহ নেই। আমি শুধু চাই নির্বাধে কথা বলবার অধিকার এবং যা সত্য যা ন্যায় ও যা সুন্দর তা স্বচ্ছন্দে প্রকাশ করার স্বাধীনতা।"

পাকিস্তানে সংবাদপত্রদলন আয়ুব আমলে নয়, তার আগেই শুরু হয়েছে। ১৯৫৪ সালে পূর্ব পাকিস্তানের গভর্ণর হিসেবে শপথ গ্রহণের পরপরই ইসকান্দর মীর্জা সংবাদপত্রের অফিসে বসালেন পূর্ব পাকিস্তান রাইফেলসের পাহারা। সরকার সমর্থক মর্নিং নিউজ এবং আজাদ ছাড়া অন্যান্য সব সংবাদপত্রের উপর আদেশ জারী হোল যে সেন্সর ছাড়া কোন সম্পাদকীয় এমন কি সংবাদপত্রও প্রকাশ করা চলবে না।

সামরিক আইনের আওতায় ক্ষমতা দখল করে আয়ুব খান ব্যক্তি স্বাধীনতা ও মতামত প্রকাশের সকল প্রকার কৌশলের উপর নিষেধাজ্ঞা জারী করেন। তাই ১৯৩৬ সনের ১৯শে জুলাই দাবী

 ওঠে মত প্রকাশ ও সংবাদপত্রের স্বাধীনতার। পরের বছর অর্থাৎ ১৯০০ সনের ২৮শে মার্চ প্রেস অর্ডিন্যান্সের মাধ্যমে সামরিক ধর্মঘট অথবা শ্রমিক অসন্তোষ সম্পকৃত সকল প্রকার সংবাদ প্রকাশের উপর নিষেধাজ্ঞা জারী করে। সে বছর সেপ্টেম্বর মাসে ঘোষণা করা হয়ঃ

> "no assembly proceedings, not authoriz ed by the Speaker or court proceedings not authorised by the Chiet Jus'ice or the presiding authority shall be published…all newspapers should publish in full all the press note or handouts distributed by the central or provincial govt."

পশ্চিম পাকিস্তান সরকারের তথ্যমন্ত্রী যখন সাংবাদিক সম্মেলনে এ অর্ডিন্যান্সটি ঘোষণা করছিলেন তখন কয়েকজন সাংবাদিক এর প্রতিবাদে সম্মেলন ত্যাগ করেন এবং পরদিন লাহোরের 'সিভিল এন্ড মিলিটারী গেজেট' প্রকাশনা বন্ধ করে দেয়। ১৯৬০ সালে নির্বাচনের প্রাক্কালে ছাত্র অসন্তোষ সম্পৃক্ত কোন সংবাদ প্রকাশের ব্যাপারে পূর্ব পাকিস্তানী সংবাদপত্রগুলোর উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয় এবং এ নিষেধাজ্ঞায় সংবাদও ছাপাতে বারণ করা হয়।

সংবাদপত্রগুলোকে আরো কঠোরভাবে দমন করার জন্য আয়ুব সরকার পশ্চিম পাকিস্তানের প্রখ্যাত বামপন্থী রাজনীতিবিদ জনাব মিয়া ইফতেখার উদ্দিন পরিচালিত প্রগতিশীল দৈনিক 'পাকিস্তান টাইমস'-এর মালিকানা দখল করে এবং স্বার্থসিদ্ধির জন্য 'ন্যাশনাল প্রেস ট্রাস্ট' গঠন করে (১৯৬০)। সংবাদ সরবরাহ প্রতিষ্ঠান এসোসিয়েটেড প্রেস অফ পাকিস্তান দায়িত্ব তুলে নিলেন নিজ হাতে। ১৯৬০ সালে বন্ধ করে দেয় দৈনিক ইত্তেফাক, ঢাকা টাইমস ও পূর্বানীর প্রকাশনা। কারারুদ্ধ হলেন ইত্তেফাক সম্পাদক জনাব তোফাজ্জল হোসেন। তোফাজ্জল হোসেন ছাড়াও আরো যে সব সাংবাদিক কারারুদ্ধ হয়েছিলেন তাদের মধ্যে রয়েছেন শ্রী রনেশ দাশগুপ্ত, শ্রী সত্যেন সেন, শ্রী রনেশ মৈত্র, জনাব হানিফ খান, শ্রীপ্রসাদ রায় প্রমুখ। রাজসাহী জেলার নওগাঁর ন্যাপ

সভাপতি ও সাপ্তাহিক দেশের ডঃ মনজুর হোসেন, স্বত্বাধিকারী জনাব হাবিবুর রহমান এবং রিপোর্টার শ্রী বিশ্বেশ্বর দাসকে বিভিন্ন মেয়াদী সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করা হয়েছিল 'মহাদেবপুরের তহশিলদারের দুর্ব্যবহারে গলায় গামছা' শীর্ষক সংবাদ প্রকাশের জন্য। ১৯৬০ সালে সাপ্তাহিক জনতার সিরাজগঞ্জ প্রতিনিধি জনাব মির্জা মুরাদুজ্জামানকে পুলিশ গ্রেফতার করে—পুলিশি বিক্রমের পুঙ্খানুপুঙ্খ বিবরণ লিপিবদ্ধের দায়ে।

১৯৬০ সালের এপ্রিলে শালিমার বাগে পাকিস্তান সফররত যুবরাজ ফয়সলকে প্রদত্ত এক নাগরিক সম্বর্ধনা শেষে সাংবাদিকরা যখন সভাস্থল থেকে বেরিয়ে আসছিলেন তখন পুলিশ তাদের উপর লাঠিচার্জ করে। এতে কয়েকজন প্রবীণ সাংবাদিক আহত হন। পরিচয় দিয়েও এরা রেহাই পাননি। এর কয়েকদিন আগে চীনের প্রেসিডেন্ট লিউ-শাও-চিব সফরের সময় করাচীতে পুলিশের হাতে প্রহৃত হয়েছিলেন একজন সাংবাদিক।

উক্ত বছরের তেসরা এপ্রিল পূর্ব পাকিস্তানের গভর্ণর নিম্নোক্ত বিষয়ের কোন সংবাদ, মতামত, বিবৃতি প্রকাশের উপর নিষেধাজ্ঞা জারী করেন:

(ক) পাকিস্তানের অখণ্ডতা ও সার্বভৌমত্বের পক্ষে হানিকর কোন প্রসঙ্গ

(খ) দেশের এক অংশের বা শ্রেণী বিশেষের অপর অংশকে শোষণের ও উভয় অংশের মধ্যে বৈষম্যের অভিযোগ

(গ) ছাত্র ধর্মঘট, ছাত্র বিক্ষোভ, ছাত্র অসন্তোষ, ছাত্র সভা ও ছাত্রদের অভিযোগ ও সে সংক্রান্ত সরকারী ব্যবস্থা।

এমন কি এই নিষেধাজ্ঞার সরকারী আদেশটির খবরও কোন সংবাদপত্রে প্রকাশ নিষিদ্ধ করে দেওয়া হয়েছিল। ছেষট্টি সালের জুন মাসের গোড়ার দিকে দেশরক্ষা আইনে কোন সংবাদপত্রের 'ডিকলারেশন' বাতিল করে দেয়ার ক্ষমতাও সরকার গ্রহণ করেন।

পনেরো ও ষোলই মে ঢাকার পূর্ব পাকিস্তান সাংবাদিক ইউনিয়নের বার্ষিক সম্মেলনে গৃহীত এক প্রস্তাবে বলা হয়: 'সংবাদপত্রের স্বাধীনতা খর্ব করার অর্থ জনসাধারণের স্বাধীনতাকেই খর্ব করা।' সরকারী বিধিনিষেধের ফলে ঢাকার কোন সংবাদপত্রই ৭ই জুনের (১৯৬০) হরতাল সম্পর্কে কোন খবর প্রকাশ

করতে পারেনি। ৮ই জুন হরতাল সম্পর্কে শুধু সরকারী প্রেসনোট প্রকাশ করবার অধিকার দেয়া হয়েছিল সংবাদপত্রগুলোকে। এ সম্পর্কে সেদিন পাকিস্তান অবজার্ভার মন্তব্য করেছিল : 'কোন অনিবার্য কারণবশতঃ আমরা হরতাল সম্পর্কে আমাদের ষ্টাফ রিপোর্টারের বিবরণ প্রকাশ করতে পারলাম না।'

পাকিস্তানী শাসকগোষ্ঠী সংবাদপত্রগুলিকে শুধু নিজেদের শ্রেণী স্বার্থেই ব্যবহার করার চেষ্টা করেনি, সাথে সাথে চেষ্টা করেছে বিদেশী প্রভুদেরও স্বার্থ রক্ষা করতে। এ প্রসঙ্গে ১৯৬০ সনে লাহোরে জুলফিকার আলী ভুটটো বলেছেন :

> ভিয়েতনামে আক্রমণকারীদের ক্ষুণ্ণ করতে পারে সংবাদপত্রগুলোকে এমন কোন সংবাদ প্রকাশে বিরত থাকতে নির্দেশ দিয়েছে সরকার। মার্কিন যুক্তরাষ্ট্র, পশ্চিম ইউরোপ সহ সমগ্র বিশ্বে যুদ্ধ সম্পর্কে আন্তর্জাতিক সংবাদ সংস্থার যে ছবি প্রকাশিত হয়েছে, সেগুলি প্রকাশ করাতেও বারণ করা হয়েছে সংবাদপত্রকে।

আয়ুব খান সাংবাদিকদের মধ্যে যে দালাল শ্রেণী তৈরী করেছিল, তার ফল হয়েছিল সুদূরপ্রসারী। স্বাধীন মালিকানার সংবাদপত্র হওয়া সত্বেও উন্নয়ন দশকের সময় ১৯৬০ সালের সাতাশে অক্টোবরের সংখ্যায় 'ডন' ছেপেছিল প্রেসিডেন্ট আয়ুবের উনসত্তর (৬৯) খানা ছবি। সে বছর সাতই নভেম্বর পাকিস্তান টাইমস সম্পাদকীয় নিবন্ধ লিখে স্বাগত জানিয়েছিল নিকসনের বিজয়কে—উপসম্পাদকীয় নিবন্ধ লিখে বিদেশী পত্রপত্রিকা নিষিদ্ধকরণ সম্পর্কিত সরকারী ঘোষণার যৌক্তিকতা প্রতিষ্ঠিত করতে চেয়েছে। অথচ তার আগের দিন পুলিশের গুলিতে নিহত ছাত্রের সম্পর্কে ন্যূনতম প্রতিবেদনও প্রকাশ করেনি।

১৯৬০ সালের শেষ দিকে যখন পশ্চিম পাকিস্তানে গণআন্দোলন মাথাচাড়া দিয়ে ওঠে তখন গুলিতে মারাত্মকভাবে আহত হন সাংবাদিক নঈম শহীদ। নঈম শহীদ জনৈক শের বাহাদুরের অনুগত পাঁচশ ঠগ সম্পর্কে রিপোর্ট করেছিলেন। এরা আয়ুবের নির্দেশে হামলা চালাতো ধর্মঘটী ছাত্র ও শ্রমিকদের উপর।

পূর্ব পাকিস্তানে এ জাতীয় বড় রকমের কোন হামলা না হলেও পুলিশের হাতে বহুবার প্রহৃত ও নির্যাতিত হয়েছেন সাংবাদিকরা এবং সব সময় কর্তব্যরত অবস্থায়। শেষ পর্যায়ে সাংবাদিকদের উপর আঘাত এলো একাত্তর সনে। এবার এরা প্রাণ দিলেন—প্রাণ দিয়ে রেখে গেলেন স্বদেশ প্রেমের উজ্জ্বল দৃষ্টান্ত।

নির্যাতন এবং নিষেধাজ্ঞার মুখে এদেশের (পূর্ববাংলা) সংবাদপত্রের ভূমিকা উল্লেখযোগ্য। বিশেষ করে প্রতিটি গণ-আন্দোলনে সে ভূমিকা স্পষ্ট হয়ে উঠেছে। ভাষা আন্দোলনের সময় এদেশের কয়েকটি সংবাদপত্র যে ভূমিকা পালন করেছে, তা না করলে ভাষা আন্দোলন এতটা সংগঠিত হতে পারত না। এ প্রসঙ্গে দৈনিক আজাদের নাম উল্লেখ্য। আজাদ বাংলা ভাষার পক্ষে নিবন্ধ প্রকাশ করে জনমতকে প্রভাবান্বিত করেছে। প্রথম দিকে আজাদ বাংলার দাবীকে স্বীকার এবং প্রচার না করলেও অল্পদিনের মধ্যেই বাংলা ভাষার বিরোধিতা না করার সিদ্ধান্ত করে। এজন্যে দায়ী 'আজাদের' ইসলামপ্রীতি।

১৯৪৮ সালে গণপরিষদে ভাষা বিষয়ক প্রস্তাবের উপর প্রধানমন্ত্রী খাজা নাজিমুদ্দীন যে বক্তৃতা করেন, তার উপর মন্তব্য প্রসঙ্গে, ২৭শে ফেব্রুয়ারী 'বাংলা ভাষা ও পাকিস্তান' শীর্ষক এক সম্পাদকীয় প্রবন্ধে আজাদ বলে :

> "খাওয়াজা সাহেব কবে রাষ্ট্রভাষার ব্যাপারে পূর্ব পাকিস্তানের গণভোট গ্রহণ করিলেন তাহা আমরা জানিনা। আমাদের মতে, তাঁর উপরোক্ত উক্তি মোটেই সত্য নয়। আমরা বিশ্বাস করি গণভোট গ্রহণ করিলে বাংলা ভাষার পক্ষে শতকরা ৯৯ ভোটের কম হইবে না পূর্ব পাকিস্তানে মৌলিক স্বার্থকে এভাবে বিকাইয়া কি দেওয়া এতই সহজ ?"

এখানে স্মর্তব্য, এসময় কলকাতা থেকে প্রকাশিত হত আজাদ।

ভাষা আন্দোলনে বলিষ্ঠ এবং সক্রিয় ভূমিকা পালনকারী সংবাদপত্রগুলোর মধ্যে ইত্তেহাদ, ইনসাফ, জিন্দেগী, সৈনিক, দেশের দাবী, নওবেলালের নাম সবিশেষ উল্লেখযোগ্য।

দৈনিক ইত্তেহাদ ১৯৪৮ সালের ফেব্রুয়ারী মাসে এক সম্পাদকীয় নিবন্ধে মন্তব্য করে :

"গায়ের জোরে বা চালাকি করিয়া পাঁচ কোটি লোকের ঘাড়ে একটা ভাষা চাপান যাইবে না। চাপাইতে গেলে তা একান্তই অস্বাভাবিক হইবে। বিংশ শতাব্দীর জটিল পরিবেশে জাতীয় ঐক্য ও রাষ্ট্রীয় সংহতি রক্ষার একমাত্র উপায় হইতেছে রাষ্ট্রের প্রত্যেকটি অংশের আত্মনিয়ন্ত্রণে সমান অধিকার দেওয়া। (এ সম্পাদকীয়টি নওবেলাল, ১৯-২-৪৮ ইং পুনর্মুদ্রিত করে)

নওবেলাল, পূর্ব বাঙলার তৎকালীন পত্রপত্রিকার মধ্যে রাজনীতিগতভাবে সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। নওবেলাল প্রকাশিত হয় ১৯৪৮ সালের জানুয়ারী মাসে। নওবেলাল প্রকাশিত হবার কিছুদিন পর তমুদ্দুন মজলিশের মুখপত্র হিসেবে সাপ্তাহিক সৈনিক আত্মপ্রকাশ করে। ভাষা আন্দোলনের ক্ষেত্রে এ পত্রিকাটির ভূমিকাও উল্লেখযোগ্য। তবে তমুদ্দুন মজলিশের সংকীর্ণ সাংস্কৃতিক ও রাজনৈতিক দৃষ্টিভঙ্গির ফলে এর গুরুত্ব অনেকাংশে খর্ব হয়েছে।

১৯৪৮ সালের ৪ঠা মার্চ নওবেলাল (সিলেট থেকে প্রকাশিত) 'রাষ্ট্র ভাষা' শীর্ষক এক দীর্ঘ সম্পাদকীয় প্রকাশ করে। এতে মন্তব্য করা হয়:

> "এই প্রস্তাবের প্রসঙ্গে পাকিস্তানের উজিরে আজম জনাব লিয়াকত আলী যে অসংলগ্ন কথার অবতারণা করিয়াছেন তাহাতে বাস্তবিকই মর্মাহত হইতে হয়। তিনি বলিয়াছেন, পাকিস্তান একটি মুসলীম রাষ্ট্র তাই পাকিস্তানের ভাষা হইবে মুসলিমদের ভাষা উর্দু। এইসব অপরিণামদর্শী ভাষণের আলোচনা এক দুঃখজনক ব্যাপার। তবে এইসব ঘোষণার প্রতিক্রিয়া যে মারাত্মক হইতে পারে সে সম্বন্ধে আমরা জনাব লিয়াকত আলী খানকে ভাবিয়া দেখিতে অনুরোধ করি।"

বাংলা ভাষা আন্দোলনের বিরুদ্ধে সক্রিয় ভূমিকা পালন করে মর্নিং নিউজ, পাসবান, সিলেটের সাপ্তাহিক আসাম হেরাল্ড ও যুগভেরী। গণবিরোধী ভূমিকার জন্য দুবার, ভাষা আন্দোলনের সময় ও ৬৯ সালের ১১ দফা আন্দোলনের সময় মর্নিং নিউজ পুড়িয়ে দেওয়া হয়। আজকের সংবাদও এক সময় গণবিরোধী

ভূমিকার জন্য জনতার রোষানলে পতিত হয়।

বাংলাদেশ পাকহানাদার-মুক্ত হবার পূর্ব পর্যন্ত যেভাবে সংবাদপত্রের স্বাধীনতাকে খর্ব করা হয়েছে তার ইতিহাস বিস্তৃত। বাংলাদেশের স্বাধীনতাস্পৃহার পেছনেও কাজ করেছে এখানকার সংবাদপত্রগুলোর স্বাধীনতার উপর প্রতিনিয়ত সরকারী হস্তক্ষেপ। তুলনামূলক বিচারে পশ্চিম পাকিস্তানের সংবাদপত্রগুলো বাংলাদেশের সংবাদপত্রের (তৎকালীন পূর্ব পাকিস্তান) চেয়ে বেশী স্বাধীনতা ভোগ করেছে। সেটা ছিল নিতান্তই স্বজাতি প্রীতি। পাকিস্তানী আমলে পূর্ব পাকিস্তান কোন বিদেশী সংবাদ সরাসরি পেতোনা। আজো সে অবস্থার উন্নতি হয়নি।

সংবাদপত্রের স্বাধীনতা নিয়ে আবার মতভেদের অবকাশ রয়েছে। ধনতান্ত্রিক দেশের ব্যক্তিস্বাধীনতা আর সমাজতান্ত্রিক দেশের ব্যক্তিস্বাধীনতার চেহারা এক নয়। সমাজতান্ত্রিক দেশগুলোতে ব্যক্তিস্বাধীনতা বহুর স্বার্থে নিয়োজিত—সেখানে ব্যক্তিগত খেয়ালখুশীর কোন অধিকার কারো নেই। ধনতান্ত্রিক দেশগুলোর কর্তাব্যক্তিরা বড়ো করে ব্যক্তিস্বাধীনতার কথা প্রচার করেন। কিন্তু প্রয়োজনে সেখানেও ব্যক্তিস্বাধীনতাকে খর্ব করা হয়—এ প্রয়োজন শোষক শ্রেণীর প্রয়োজন—শোষিতের উপর নতুন খড়্গ চালাবার প্রয়োজন। ছোট একটা উদাহরণ দেই: 'পেন্টাগণ পেপার' ছাপাবার দায়ে কারারুদ্ধ হলেন মার্কিন সাংবাদিক ডানিয়েল এলসবার্গ—আবার ওয়াটার গেট কেলেঙ্কারী থেকে রেহাই পাবার জন্য নির্দেশ দেয়া হলো তাকে ছেড়ে দেবার। ধনতান্ত্রিক দেশগুলোতে ব্যক্তিস্বাধীনতার অন্যতম বাহন সংবাদপত্রের স্বাধীনতার বিরোধী শক্তি হচ্ছে: (১) রাষ্ট্রশক্তি (২) সংবাদ পত্রের মালিকানা। মেহনতী সাংবাদিক ও সম্পাদকরা দ্বিতীয়টির মালিকানা মেনে নিয়ে কাজ করেছেন। তাই সম্পাদকীয় ও সংবাদ প্রকাশের স্বাধীনতা নির্ভর করে স্বত্বাধিকারীর সুবুদ্ধি, কুবুদ্ধির উপর। জনগণ স্বত্বাধিকারীর চাবুককে দেখতে পাননা বলে সাংবাদিকদের সম্পর্কে মোহগ্রস্ত হয়ে পড়েন। সাংবাদিকদের ভূমিকা সম্পর্কে অভিযোগ করেন।

ধনতান্ত্রিক দেশগুলোতে সংবাদপত্রের মালিক হবার সৌভাগ্য সকলের হয় না। কেননা সেখানে সংবাদপত্র প্রকাশের নিমিত্ত

প্রয়োজনীয় সরঞ্জাম ধনিকশ্রেণীর মুঠোয় সীমাবদ্ধ। আর সমাজতান্ত্রিক দেশগুলোতে উৎপাদিত পণ্যের মালিকানা শ্রমিক শ্রেণীর। তবুও সেসব দেশের সবকিছুর হর্তাকর্তা রাষ্ট্রযন্ত্র—যে রাষ্ট্রযন্ত্র মেহনতী মানুষের প্রতিনিধিত্ব করে। সমাজতান্ত্রিক দেশগুলোতে সংবাদপত্র নিয়ন্ত্রণ করা হয় কতগুলো কারণে। যাতে ব্যক্তিগত রিপু প্রাধান্য পেতে না পারে, যাতে মালিকরা পাশ্চাত্যের মতো আজগুবি সংবাদ প্রকাশে ব্যস্ত না থাকতে পারেন, যাতে কখনোই সংবাদপত্র শোষকশ্রেণীর পক্ষে কথা বলতে না পারে। সমাজতান্ত্রিক দেশগুলোর সাংবাদিকদের প্রতিনিয়ত মালিকানার ভয়ে অস্থির থাকতে হয় না। কেননা সবসময় তাদের একটা নীতিমালা মেনে চলতে হয়।

নীতিমালা অবশ্য সবদেশে সবসময় থাকে। পুঁজিবাদী দেশের সংবাদপত্র প্রভুরা আবার ইচ্ছেমত যে কোন নীতিমালার পরিবর্তনও করেন। এ প্রসঙ্গে নারায়ণ গঙ্গোপাধ্যায় মন্তব্য করেছেন :

> "সম্পাদক, সাংবাদিক, রিপোর্টার প্রভৃতি কর্মচারীদের ওপর মালিকদের প্রতিনিধি তো থাকেই, উপরন্তু মালিকদের স্বার্থের অদৃশ্য হাত সমগ্র সংবাদপত্রের সংবাদ পরিবেশন থেকে শুরু করে মতামত, মন্তব্য এবং বিষয় নির্বাচন সব কিছুই নিয়ন্ত্রিত করে। মালিকেরা প্রত্যেক বিষয়েই প্রত্যক্ষভাবে হস্তক্ষেপ করে তা নয়। কিন্তু বেতনভুক্ত কর্মচারী জানে কি রকম সংবাদ বা মতামত মনিবের মনঃপূত—আর কি রকম লেখা প্রকাশ হলেই বা চাকরী যাওয়ার ভয় আছে।" (ধনতন্ত্রে সমাজতন্ত্রে সংবাদপত্র)

ভারতীয় উপমহাদেশে সংবাদপত্রের স্বাধীনতার প্রশ্নটি রাষ্ট্রশক্তি ও মালিকানার সাথে অঙ্গাঙ্গীভাবে জড়িত। জনগণের ইচ্ছার প্রতিফলন হলনা বলে সাংবাদিকের ভীরুতা, কপটতা প্রভৃতিকে দায়ী করে লাভ নেই। অনেকক্ষেত্রে স্বেচ্ছায় সংবাদ প্রকাশের ক্ষেত্রে সাংবাদিকদের স্বেচ্ছাচারিতার এবং মালিকের সাথে আপোষের দৃষ্টান্তও বিরল নয়। এ প্রসঙ্গে ভারতীয় উপমহাদেশে তিনটি পত্রিকার ভূমিকা উল্লেখ্য। এগুলো হচ্ছে পাকিস্তানের ডন, ভারতের আনন্দবাজার এবং বাংলাদেশের গণকণ্ঠ। ডন পত্রিকা

আয়ুব আমলে ছিল আয়ুবপন্থী, এখন আবার তারই উত্তরসূরী সামরিক চক্রান্তের বিরোধী। আনন্দবাজার সম্পূর্ণরূপে মালিকের ইচ্ছাধীন। গণকণ্ঠের চাকুরী বিরোধী দলের সাংবাদিকদের জন্য নিষিদ্ধ।

সাংবাদিকের স্বাধীনতার প্রশ্নটি অত্যন্ত জটিল। সংবাদপত্র শিল্পের বর্তমানে যে বিন্যাস তাতে সাংবাদিকের স্বাধীনতা ভোগ করার পরিধি সীমিত। এই মুহূর্তে বিশ্বের সবকটি দেশে যদি সংবাদপত্রের নিরঙ্কুশ স্বাধীনতা দিয়ে দেয়া হয়, তাহলে তা হবে মালিকের স্বাধীনতা। অপরদিকে সাংবাদিকদের স্বাধীনতা দিলে তা হবে মত প্রকাশের ক্ষেত্রে জটিলতা। আমাদের দেশে বামপন্থী সাংবাদিকরা ডানপন্থী পত্রিকার সৌন্দর্য বৃদ্ধি করেন। মত প্রকাশের স্বাধীনতা পেলে সাংবাদিকরা নিজস্ব মতামতকে প্রাধান্য দিতে চাইবেন। তাই মনে রাখতে হবে সাংবাদিকের স্বাধীনতার সমস্যা অত্যন্ত জটিল এবং সংবাদপত্রের স্বাধীনতা ও সাংবাদিকের স্বাধীনতা সমার্থক নয়।

নিরঞ্জন হালদার

সংবাদপত্রের স্বাধীনতা ও গণতন্ত্র

গণতন্ত্রের সঙ্গে মত প্রকাশের স্বাধীনতা অঙ্গাঙ্গীভাবে জড়িত। কারণ মত প্রকাশের সুযোগ না থাকলে মানুষ স্বাধীন ভাবে কী চিন্তা-ভাবনা করল, তা সমাজের অন্য লোকের জানার সুযোগ থাকে না। আর এই সুযোগ না থাকলে নতুন চিন্তা ভাবনা সমাজের মধ্যে ছড়াতেও পারে না। অথচ গণতন্ত্রের একটি বৈশিষ্ট্য হচ্ছে, একদা সংখ্যালঘু গোষ্ঠীর চিন্তা-ভাবনা বৃহত্তর সমাজের চিন্তা-ভাবনায় পরিণত হওয়ার সুযোগ। এই ভাবেই সংখ্যালঘু দল একসময়ে শাসকদলে পরিণত হয় এবং সেই দলকেও এক সময়ে বিরোধীদলের স্থান নিতে হয়। কিন্তু স্বাধীনভাবে মত প্রকাশের সুযোগের ব্যবস্থা আদৌ সহজ ব্যাপার নয়। রাজশক্তি, সামরিক শক্তি, অর্থনৈতিক শক্তি, ধর্মীয় মনোভাবে পরিচালিত গোষ্ঠী নানা-ভাবে স্বাধীনভাবে মত প্রকাশের অধিকারকে বার বার বাধা দিয়েছে ও দিয়ে থাকে। মুদ্রণ যন্ত্রের আবিষ্কার ও শিক্ষার প্রসার মতামত ও চিন্তা-ভাবনার প্রকাশ ও প্রচারের ক্ষেত্রে নতুন দিগন্ত খুলে

দেয়। নতুন চিন্তা-ভাবনার মতো সংবাদপত্রের স্বাধীনতাকেও সরকার বা শক্তিশালী সামাজিক গোষ্ঠী বিনা বাধায় স্বীকার করে না। এদেশের ইংরেজ সরকারের মতো প্রতিটি দেশেই সরকার প্রথম সংবাদপত্রের প্রকাশ বন্ধ করে দিয়েছে বা বন্ধ করতে চেয়েছে।

পরবর্তীকালে সংবাদপত্রের স্বাধীনতা নিয়ে অনেক বিতর্ক হয়েছে এখনও বিতর্ক চলছে। সংবাদপত্র কেবল মতামতই প্রকাশ করে না, সংবাদ ও তথ্য প্রকাশ করে এবং সাধারণ মানুষ নিজ নিজ অভিজ্ঞতা অনুসারে ঐ সংবাদ ও তথ্য পড়ে নিজের মনে বিশেষ এক ধরণের ধারণা গড়ে তোলে, কখনও পুরানো ধারণা বদলে ফেলে, কখনও বা নতুন নতুন তথ্যের সাহায্যে পুরানো বিশ্বাসকে আরও দৃঢ় করে। সেজন্য কখনও আপত্তি হয় সংবাদপত্রের মতামত নিয়ে, কখনও আপত্তি ওঠে সংবাদ নিয়ে। সেজন্য চেষ্টা হয়, খবর ও মতামত সেনসর করার, কখনও সংবাদের সূত্র বন্ধ করার। সংবাদের সূত্র বন্ধ করার জন্য বহু দেশে প্রশাসনিক খবরদারী তো আছেই, তার সঙ্গে আছে নানা আইনের ফাঁস। যেমন আমাদের দেশে অফিসিয়াল সিক্রেটস অ্যাক্ট। কী কেন্দ্রীয় সরকার কী রাজ্য সরকার, প্রতিটি সরকারই অফিসিয়াল সিক্রেটস অ্যাকটের সুযোগ নিয়ে সংবাদের সূত্র বন্ধ করে থাকেন। মার্কিন দেশে বিভিন্ন ধরণের বহু আন্দোলনের ফলে অফিসিয়াল সিক্রেটস অ্যাকটের বলয় সঙ্কুচিত হয়েছে। মার্কিন দেশে বিখ্যাত 'পেন্টাগণ পেপারস' মামলা এবং ইংলন্ডে 'রিচার্ড ক্রসম্যানের ডায়েরির' মামলা অফিসিয়াল সিক্রেটস অ্যাকটের ফানুস ছিদ্র করে দিয়েছে। কিন্তু আমাদের দেশে সরকারী গোপনীয়তার বেড়া সঙ্কুচিত হওয়ার কোনো লক্ষণ আপাতত দেখা যাচ্ছে না। সরকার ও ব্যবসায়ী শ্রেণী বিজ্ঞাপনের খড়্গ তুলে সংবাদপত্রের সংবাদ ও রচনা পরিবেশনের ব্যাপারে প্রভাব বিস্তার করে থাকে। সংবাদপত্রের অর্থ এই নয় যে, একই পত্রিকায় সব ধরণের সংবাদ ও মতামত প্রকাশিত হবে। রাজনৈতিক দলের সংবাদপত্রে কখনও বিরোধী মতামত প্রচারিত হয় না। কোন্ জাতীয় প্রবন্ধ ও সংবাদ প্রকাশিত হবে, তা ঐ সংবাদপত্রের দায়িত্বশীল সাংবাদিকদের উপর নির্ভর করে না, দলীয় নির্দেশের উপরেই সব কিছু নির্ভর করে। রাজনৈতিক দলের সংবাদপত্রে সাংবাদিকদের চাকরির নিরাপত্তাও

থাকে না। কারণ বেশীরভাগ ক্ষেত্রে তারা দলের কর্মী হিসাবে ভাতা পান। এই কারণে তাঁরা সাংবাদিক হিসাবে আইনগত অধিকার থেকে বঞ্চিত। সরকারী ও বেসরকারী মালিকানায় পরিচালিত সংবাদপত্রের সাংবাদিকরা চাকুরির ব্যাপারে অনেক বেশী নিরাপত্তা ভোগ করে থাকেন। সম্প্রতি পুলিশ এবং সমাজ-বিরোধীরা সংবাদপত্রে স্বাধীনভাবে সংবাদ পরিবেশনের ক্ষেত্রে প্রতিবন্ধক হয়ে দাঁড়িয়েছে। ওড়িশায় সাংবাদিকের স্ত্রী ছবিরাণীর মৃত্যু, অন্যত্র সাংবাদিককে হয় হত্যা নতুবা আক্রমণ করার ঘটনা এই প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে। রাজনৈতিক দলের কর্মীবৃন্দ কর্তৃক সংবাদপত্রের অফিস বা ভ্যান আক্রমণ করা সর্বভারতীয় ঘটনায় পরিণত হয়েছে। চরমপন্থী রাজনৈতিক গোষ্ঠী কর্তৃক সাংবাদিকদের খুন করা সত্তর দশকেই শেষ হয়ে যায়নি, গত দুই তিন বছরে পাঞ্জাবে বেশ কয়েকজন সাংবাদিক খুন হলেন। সংবাদ পত্রে প্রকাশিত বিশেষ ধরণের সংবাদ ও মতামতের ক্ষেত্রে অসহিষ্ণুতাই চরমপন্থীদের খুনীতে বা আক্রমণকারীতে রূপান্তরিত করে। সংবাদপত্রের স্বাধীনতার অর্থ একই সংবাদপত্রে সব ধরনের সংবাদ প্রকাশের অধিকার নয়, নিজ নিজ বিশ্বাস ও রুচি অনুসারে সংবাদপত্র প্রকাশ ও প্রচারের সুযোগ। সংবাদপত্রের স্বাধীনতার এই অধিকার 'সর্বজনীন মানব অধিকারের ঘোষণাপত্রে' উনিশ ধারায় ব্যক্ত হয়েছে। যেমন, প্রতিটি মানুষের নিজস্ব মতামত পোষণ ও প্রকাশের অধিকার আছে। বিনা বাধায় যে কোনো প্রচার মাধ্যম, এমনকী দেশের বাইরেরও, মারফৎ নিজস্ব মতামত পোষণ, তথ্য ও চিন্তা-ভাবনা অনুসন্ধান, গ্রহণ ও প্রচারের অধিকার বোঝায়।" সংবাদপত্রের এটাই হল মূল কথা।

॥ ২ ॥

অনেকেই বলে থাকেন, গণতন্ত্রের সংরক্ষণ ও সম্প্রসারণের জন্য সংবাদপত্রের স্বাধীনতা চাই। কিন্তু গণতন্ত্র তো কেবল স্বাধীন সংবাদপত্রের উপর নির্ভর করে না। নির্ভর করে রাজনৈতিক দল এবং নতুন নতুন স্বাধীন, স্বতন্ত্র গোষ্ঠী গড়ে ওঠার সুযোগের ওপর। রাষ্ট্রীয় পর্যায়ে গণতন্ত্র থাকবে কিনা তা অনেকটা নির্ভর করে রাজনৈতিক দলের মধ্যে গণতান্ত্রিক পরিবেশের অস্তিত্বের উপর। দুঃখের বিষয়, সংবাদপত্র ছাড়া অন্যান্য প্রচার-মাধ্যম কী ভাবে

- দলীয় ব্যবস্থা, গণতান্ত্রিক পরিবেশ ও গণতন্ত্রের ক্ষতি করছে, সে বিষয়ে আমাদের ধারণা খুবই অস্পষ্ট। বহুল-প্রচারিত সংবাদপত্রের জন্য একদিকে সংবাদ সম্পর্কে পাঠকদের মনে এক বিশেষ ধারণার সৃষ্টি হচ্ছে, এবং অপরদিকে দলের পরিবর্তে কয়েকজন নেতার জনপ্রিয়তা এবং সেই সঙ্গে জনমানসে সরকারী প্রভাব বৃদ্ধি পাচ্ছে। প্রচার-মাধ্যমের ক্ষেত্রে প্রযুক্তি-বিপ্লবই রাজনৈতিক দলের এবং গণতন্ত্রের অস্তিত্বের ক্ষেত্রে নতুন সংকট সৃষ্টি করেছে। বহুল প্রচারিত সংবাদপত্রে দিনের পর দিন যে-সব সংবাদ প্রকাশিত হয়, লোকে সেইগুলিকেই একমাত্র সংবাদ হিসাবে ভাবতে শিখছে। প্রধানমন্ত্রী, মুখ্যমন্ত্রী, রাজনৈতিক দলের নেতারা কী বলছেন, সেটাই সংবাদে পরিণত হচ্ছে। অন্যদিকে নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম কী ভাবে বাড়ছে, আর্থিক সংকটে মানুষের জীবন-যাত্রা ও মূল্যবোধ কোন্ পর্যায়ে নেমে যাচ্ছে, অপেক্ষাকৃত দরিদ্র পরিবারে বেকার-সমস্যা কেন অত বেশী তীব্র—এ জাতীয় খবরকে আমরা সংবাদ হিসাবে মনে করতে পারছি না। অপর দিকে ক্ষমতার শীর্ষে থাকায় এবং সেই সুবাদে প্রচুর অজ্ঞাত ও নতুন নতুন তথ্যের অধিকারী হওয়ায় ওই জাতীয় ব্যক্তিরা সংবাদপত্র ও অন্যান্য প্রচার-মাধ্যমের মারফতে সোজাসুজি জনসাধারণের নিকট পৌঁছাতে পারছেন, রাজনৈতিক দলের সভা-শোভাযাত্রা, পত্র-পত্রিকা ও বইয়ের প্রকাশ ও প্রচারের উপর তারা আর নির্ভরশীল থাকছেন না। প্রচার মাধ্যমের ক্ষেত্রে প্রযুক্তি বিপ্লবের জন্য এদেশে শ্রীমতী ইন্দিরা গান্ধী তাঁর পক্ষে সারা দেশে নিজস্ব সমর্থক গোষ্ঠী গড়ে তুলতে পেরেছেন। আগেকার দিনের কংগ্রেস সংগঠনের মতো স্থানীয় নেতাদের প্রভাব ও সমর্থনের কথা তাঁকে ভাবতে হচ্ছে না। একই ব্যাপার লক্ষ্য করা যাবে অধিকাংশ উন্নত দেশগুলিতে। কম্যুনিস্ট, ফ্যাশিস্ত, সামরিক বা ব্যক্তিগত একনায়কত্ব শাসিত দেশগুলিতে ক্ষমতাসীন ব্যক্তি বা গোষ্ঠী সংবাদ নিয়ন্ত্রণ করতে পারেন। কিন্তু উন্নত ধনতান্ত্রিক দেশগুলিতে প্রচার-মাধ্যমের ক্ষেত্রে প্রযুক্তি বিপ্লবের জন্য ক্ষমতার শীর্ষে অবস্থিত ব্যক্তিরা কত সহজে অ-দল-নির্ভর হয়ে পড়তে পারেন। সংবাদপত্রের স্বাধীনতা অক্ষুণ্ণ থাকলেও এই ভাবে গণতন্ত্রের বিপদ বৃদ্ধি পেয়ে থাকে।

এখন সংবাদপত্র ছাড়াই জনসাধারণের নিকট খবর পৌঁছে

দেওয়ার মাধ্যম অনেক। এ ব্যাপারে রেডিয়ো এবং টিভির গুরুত্ব অনেক। সরকারী দল ও সরকারের শীর্ষ স্থানীয় ব্যক্তিরা যাতে রেডিয়ো ও টি-ভি ব্যবহার করতে না পারেন, সেজন্য ইংলণ্ডে স্বয়ং-শাসিত সংস্থার উপর এবং মার্কিন দেশে বেসরকারী মালিকানায় রেডিয়ো টিভি পরিচালনার ভার রাখা হয়েছে। এদেশে রেডিয়ো সরকারী দলের স্বার্থে ব্যবহার হয় বলে একদা "অল ইন্ডিয়া রেডিয়োকে" "অল ইন্দিরা রেডিয়ো" হিসাবে আখ্যা দেওয়া হয়েছিল। শ্রীমতী ইন্দিরা গান্ধীর সরকার রেডিয়োর মতো টিভি নিজের পরিবার ও দলের স্বার্থে ব্যবহারের কথা ভেবে টিভির সম্প্রসারণে ভীষণরকম সক্রিয়। যেমন এ-বছরের শেষে ১৮০টি টিভি ট্রান্সমিশানের সাহায্যে দেশের সত্তরভাগ অধিবাসীকে টিভি এলাকার আওতায় আনা হবে। ১৪ নভেম্বর থেকে সরকারী ছুটির দিন ও মাসের দ্বিতীয় শনিবারে দু-ঘন্টা করে টিভির প্রোগ্রাম বাড়ানো হবে। ১৯৭৭ সালে কেন্দ্রে জনতা সরকার গঠিত হওয়ায় রেডিয়ো ও টিভিতে সরকার-বিরোধী মতামত প্রচারের এবং নির্বাচনের সময় বিরোধী দলগুলিকে রেডিয়ো ও টিভি-র মাধ্যমে প্রচারের সুযোগ দেওয়া হয়েছিল।

শ্রীমতী ইন্দিরা গান্ধী ক্ষমতায় প্রত্যাবর্তনের পর একমাত্র নির্বাচনের সময় ছাড়া রেডিয়ো ও টিভি-তে বিরোধী মতামত প্রচারের কোনো সুযোগই রাখা হয়নি। অপরদিকে টিভির-মাধ্যমে এমন ধরণের সংবাদ, বক্তৃতা, আলোচনা ও প্রোগ্রাম প্রচারিত হচ্ছে যাতে শ্রোতাদের মন থেকে রাজনৈতিক সচেতনতা এবং অর্থ-নৈতিক চিন্তা বিদায় নেয়। গণতন্ত্রের এই বিপদ সম্পর্কে বেশীর ভাগ রাজনৈতিক নেতা ও কর্মীরা আদৌ সচেতন নন। তাই গণতন্ত্রের অস্তিত্বের জন্য সংবাদপত্রের স্বাধীনতাই যথেষ্ট নয়, সমস্ত প্রচার-মাধ্যম মারফৎ স্বাধীনভাবে সংবাদ পরিবেশনের সুযোগ থাকা একান্তই প্রয়োজন। এই স্বাধীনভাবে সংবাদ পরিবেশনের অধিকার সার্বজনীন মানব অধিকারের ঘোষণাপত্রের উনিশ ধারায় ব্যক্ত হয়েছে। কিন্তু কাগজে-কলমে অধিকার থাকা ও তা কার্যকর হওয়ার ক্ষেত্রে ফারাক অনেক।

॥ ৩ ॥

সংবাদপত্র ও অন্যান্য প্রচার-মাধ্যমের জন্য রাজনৈতিক দলীয় ব্যবস্থা ভেঙ্গে পড়ায় স্থানীয় সমস্যাও অবহেলিত হচ্ছে।

কারণ সেক্ষেত্রে স্থানীয় সমস্যা রাজনৈতিক নেতৃত্বের দৃষ্টি আকর্ষণের সুযোগ পাচ্ছে। না গণতন্ত্র টিঁকে থাকে অজস্র অরাজনৈতিক গোষ্ঠীর অস্তিত্বের জন্যও। যে-সব গোষ্ঠী বিভিন্ন মানুষকে জড়ো করে, তাদের নিয়ে ও তাদের সহযোগিতায় নীতি নির্ধারণ এবং রাজনৈতিক কার্যকলাপের সমষ্টিগত ভিত্তি তৈরি করে। সংবাদপত্র ও প্রচার মাধ্যম প্রযুক্তি বিপ্লবের কল্যাণে এই সব গোষ্ঠীর অস্তিত্ব বিপন্ন। গণতান্ত্রিক দেশগুলিতে এবং আমাদের দেশেও সংবাদপত্র, রেডিয়ো-টিভির উপর নির্ভর না করে ছোট ছোট গোষ্ঠী গড়ে উঠছে যারা নিজেদের মধ্যে এবং নিজেদের সঙ্গে বৃহত্তর জনসাধারণের সংযোগ মাধ্যম গড়ে তুলছেন। নিজেদের সামর্থ্য অনুসারে পুস্তিকা, প্রচারপত্র প্রকাশ ছাড়া স্লাইড ও ভি-ডি-ও'র সাহায্যে ছোট ছোট গোষ্ঠী বা দলে নিজেদের বক্তব্য প্রকাশ ও প্রচারের সুযোগ নিচ্ছেন। পশ্চিম ইউরোপ ও আমেরিকায় এই ভি-ডি-ও মারফৎ পরিবেশ দূষিতকরণ ও নিরস্ত্রীকরণের বিরুদ্ধে ব্যাপক আন্দোলন গড়ে তোলা সম্ভব হয়েছে। এঁরা কাজকর্মের খরচের ব্যাপারে মোটা অঙ্কের সাহায্যের বদলে অনেক বেশী লোকের নিকট থেকে ছোট অঙ্কের সাহায্যের উপর নির্ভরশীল। "স্মল ইজ বিউটিফুল" কেবল অর্থনৈতিক সংগঠনের ক্ষেত্রে প্রযোজ্য নয়, ইউরোপ আমেরিকায় বিভিন্ন ধরণের গোষ্ঠী গড়ে তোলার ব্যাপারে এটাকেই মাপকাঠি করা হচ্ছে। মার্কিন দেশে যেমন ডাকের মাধ্যমে অজস্র নাগরিকের সঙ্গে যোগাযোগ করে দল-ব্যবস্থা ভেঙ্গে পড়ার মোকাবিলা করা হচ্ছে, তেমনি আমাদের দেশেও নাগরিকদের নিকট প্রচার-পুস্তিকা পৌঁছে দেওয়ার ব্যবস্থা ইতিমধ্যেই চালু হয়েছে। এই প্রসঙ্গে ১৯৮০ সালের লোকসভা নির্বাচনে পশ্চিমবঙ্গে মার্কসবাদী কম্যুনিস্ট পার্টির বাংলা, ইংরেজী, হিন্দী ও উর্দুতে ১৪টি পুস্তিকার ৩২ লক্ষ কপি কেবল কর্মীদের মাধ্যমে বিক্রি করার ঘটনা এক উল্লেখযোগ্য নজীর। কিন্তু কেবল একটি বা দুটি রাজনৈতিক দলের কাজকর্মের উপর গণতন্ত্রের অস্তিত্ব নির্ভর করেনা। গণতান্ত্রিক ব্যবস্থা অক্ষুণ্ণ রাখার জন্য সারা দেশে যাতে অজস্র ভিন্ন ভিন্ন চিন্তার গোষ্ঠী গড়ে ওঠার সুযোগ পায় সেজন্য প্রয়োজনীয় রাজনৈতিক ও সামাজিক পরিবেশ সৃষ্টির দায়িত্বের কথাও আমাদের মনে রাখতে হবে।

চিত্ত বসু

....

সংবাদের অধিকার ঃ মৌলিক অধিকার

সংবাদপত্রের স্বাধীনতার প্রশ্নটি আমাদের সাম্রাজ্যবাদ-বিরোধী জাতীয় মুক্তি সংগ্রামের আন্দোলনের সঙ্গে খুব ঘনিষ্ঠ-ভাবেই জড়িয়েছিল। কারণ, মুক্তি সংগ্রামের প্রথম সারির নায়কদের মধ্যে অনেকেই এমন ছিলেন, যাঁরা নিজেরাই সংবাদপত্র প্রকাশ অথবা সম্পাদনা করতেন। সেই সংবাদপত্রগুলো হয়ে উঠেছিল তাদের সংগ্রামের এক একটি শক্তিশালী অস্ত্র। স্বাধীনতা সংগ্রামের পেছনে জনসাধারণকে সমাবিষ্ট করার জন্য সেই সংবাদপত্রগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। বিদেশী সাম্রাজ্যবাদ সেই সংবাদপত্রগুলোর উপরে যেমন যেমন বাধা-নিষেধ আরোপ করেছে তেমন তেমন সংবাদপত্রের স্বাধীনতার মৌল প্রশ্নটিও জনগণের সামনে গুরুত্ব নিয়ে উপস্থিত হয়েছে। জাতীয় মুক্তি সংগ্রামের কালে সংবাদপত্রের স্বাধীনতা তাই গণ-সংগ্রামের অন্যতম প্রধান রণধ্বনিরূপে আত্ম-প্রকাশ করেছে।

সেই ঐতিহ্যের ফলশ্রুতি রূপেই, স্বাধীন ভারতের সংবিধান

রচনার কালে, 'বাক্-স্বাধীনতা এবং মত প্রকাশের' অধিকারকে মৌলিক তালিকার মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে। সংবাদপত্রের স্বাধীনতা এই মৌলিক অধিকারেরই অন্যতম প্রধান উপাদান। তাই সংবাদপত্রের স্বাধীনতাও মৌল অধিকার। কিন্তু সংবাদপত্রের স্বাধীনতা কথাটি যেন তেমন ব্যাপক নয়। মূলতঃ সংবাদপত্রের স্বাধীনতা হচ্ছে, জনগণের সংবাদ পাবার অধিকার (Right to information)। গণতান্ত্রিক রাষ্ট্রের কাছ থেকে জনগণ সংবাদ পাবার অধিকার চায়। সব ধরণের সংবাদ, সরকারের নীতি ও প্রশাসন সম্পর্কিত সব সংবাদ জানার অধিকার জনগণের আছে—এটাই হচ্ছে মৌলিক অধিকার। অবশ্য বাক্-স্বাধীনতা এবং মত প্রকাশের অধিকার আর সংবাদ পাবার অধিকার এক নয়। আমাদের সংবিধানে বাক-স্বাধীনতা অথবা মত প্রকাশের অধিকার স্বীকৃত ; কিন্তু সংবাদ পাবার অধিকার নয়।

আমাদের সংবিধানে স্বীকৃত মৌল অধিকারগুলিও কিন্তু শর্তবিহীন নয়। মৌল অধিকারগুলির উপর যুক্তিসঙ্গত নিয়ন্ত্রণ (Reasonable Reastriction) আরোপ করার অধিকার সংসদকে সংবিধান দিয়েছে। তাই বিভিন্ন সময়ে সরকার সংসদে আইন পাশ করিয়ে মৌল অধিকারগুলিকে খর্ব করে যুক্তি-সম্মত নিয়ন্ত্রণের অজুহাতে। সংবাদপত্রের স্বাধীনতাও তেমনভাবে সংকুচিত করা হয়।

যুক্তি-সম্মত নিয়ন্ত্রণের নামে প্রথম সংবাদপত্রের স্বাধীনতার উপর নিয়ন্ত্রণ আরোপ করা হয় সংসদে Press (Objectionable Matter) Act, 1951 পাশ করিয়ে। রাজা গোপালাচারী ছিলেন সেই সময়ে স্বরাষ্ট্র মন্ত্রী। সেদিন বিভিন্ন অংশ থেকেই প্রতিবাদ উঠেছিল। কিন্তু তা উপেক্ষা করেই সেই আইন পাশ হয়ে যায়। কিন্তু রাজা গোপালাচারীকে কিছু সংশোধন মেনে নিতে হয়েছিল। সংশোধনের পরে আইনের কঠোরতা কিছু পরিমাণে হ্রাস পেল। এই 'আইন অনুসারে' কোন সংবাদপত্রের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হলে, বিচার বিভাগ দ্বারা তদন্ত করিয়ে নিতে হবে এবং সংবাদপত্রের বিরুদ্ধে আনীত অভিযোগের বিচার করা হবে সাংবাদিক এবং বিশিষ্ট নাগরিকদের নিয়ে গঠিত জুরির মাধ্যমে। এই আইনের সময় সীমা প্রথমে ধার্য করা হয়

দু বছর। পরে আরো দু বছর বাড়িয়ে দেওয়া হয়। অবশ্য তার পরে আইনটিকে আর সজীব করা হয় নি। আইনের আয়ু শেষ হয়ে যায়।

প্রায় দু-দশক সংবাদপত্রের উপর বিশেষভাবে নিয়ন্ত্রণকারী কোন আইন ছিল না। কিন্তু জরুরী অবস্থার কালে তিন তিনটি অর্ডিনান্স জারী করে সংবাদপত্রের স্বাধীনতার উপর ভয়ানক আঘাত হানা হোল। জরুরী অবস্থার সময়ে সংবাদপত্রের স্বাধীনতার কি হয়েছিল, তা উল্লেখ এই প্রসঙ্গে নিষ্প্রয়োজন। শুধু এটুকু উল্লেখ করলেই যথেষ্ট হবে যে ১৯৫১ সালের আইনের তুলনায় এই অর্ডিনান্সগুলি ছিল আরও বেশী ভয়ানক। বরং এই অর্ডিনান্স-গুলির সংগতি খুঁজে পাওয়া যাবে ইংরেজ শাসনকালীন Press (Emergency Powers) Act, 1931-এর মধ্যে। সেই আইনের অনুকরণেই এই অর্ডিনান্সগুলি রচনা করা হয়েছিল। অবশ্য একথা ভুলে যাওয়া উচিত হবে না যে ১৯৩১ সালের এই আইনের বিরুদ্ধে কংগ্রেস নেতৃবৃন্দ খুবই সোচ্চার ছিলেন। আজও লক্ষ্য করার বিষয়, অর্ডিনান্সে ১৯৫১ সালের অপরাধের যে তালিকা ছিল, তাকে আরও সম্প্রসারিত করা হোল যার ফলে, সরকারী আমলারা নানা অছিলায় সংবাদপত্রের স্বাধীনতাকে খর্ব করার সুযোগ পেলেন। রাজাজীর আইনে যে বিচার বিভাগীয় তদন্তের ব্যবস্থা ছিল, তা লোপ করে দেওয়া হোল এবং সংবাদপত্রের কণ্ঠরোধ করার জন্য আমলাতন্ত্রের হাতে ব্যাপক এবং সর্বনাশা ক্ষমতা তুলে দেওয়া হোল। তার শিকার অনেক সংবাদ-সেবীই হয়েছেন—হয়েছে সংবাদপত্রও।

জরুরী অবস্থা উঠে গেল। জনতা পার্টির সরকার কেন্দ্রে হোল। জরুরী অবস্থাকালীন স্বৈরতন্ত্রী আইন-কানুনগুলির কিছু কিছু রদও হোল। কিন্তু স্বৈরতন্ত্রের মূল আধারকে আঘাত করা হোল না। আমাদের সংবিধানে স্বৈরতন্ত্রের যে বীজ-গুলি লুক্কায়িত আছে, তার অনুসন্ধান করে, সুস্পষ্টভাবে চিহ্নিত করে তার মূলোৎপাটন করার কোন কার্যকরী ব্যবস্থা নিলেন না। অবশ্য স্বীকার করতে হবে যে জনতা পার্টির সরকার জরুরী অবস্থাকালীন গণতন্ত্র-হরণকারী আইনগুলির বিলোপ এবং কিছু ক্ষেত্রে সংশোধন করেছিলেন। সংবিধানেরও কিছু কিছু পরিবর্তন

করা হয়েছিল। কিন্তু তা যথেষ্ট নয় এবং স্বৈরতন্ত্রের মূলোচ্ছেদ করার রাজনৈতিক তাগিদে নয়। কারণ, শ্রেণী-দৃষ্টিভঙ্গি কংগ্রেস এবং জনতা উভয়েরই এক। সুতরাং সংবাদপত্রের স্বাধীনতা অথবা সংবাদের অধিকার জনতা আমলে সম্প্রসারিত হয় নি।

১৯৫০ সালের পরে কংগ্রেস (ই) কেন্দ্রে ক্ষমতায় আসার পরে বিভিন্ন রাজ্যে সংবাদপত্রের এবং সাংবাদিকদের অধিকারের উপর আঘাত নেমে এসেছে। দৃষ্টান্ত হিসেবে উল্লেখ করছি, বিহার প্রেস বিল, তামিলনাড়ু প্রেস বিল, জম্মু ও কাশ্মীর পাবলিক অর্ডার আইন। রাজ্য সরকারের এই আইনগুলির মধ্য দিয়ে দুর্নীতিপরায়ণ রাজনীতিবিদদের দুর্নীতি ও সমাজ-বিরোধী কার্যকলাপের ইতিবৃত্ত যাতে ফাঁস না করে দেয়া যেতে পারে তারই ব্যবস্থা হয়েছে। এমন কি প্রশাসন-সমাজবিরোধী চক্রের সৎ, নির্ভীক, দায়িত্ববান সাংবাদিকদের উপর দৈহিক নির্যাতনের খবর আজ আর বিরল নয়। ওড়িষ্যা, মধ্যপ্রদেশ, উত্তরপ্রদেশ প্রভৃতি রাজ্য থেকে অনেক খবর আসে।

সৎ ও স্বচ্ছ প্রশাসন ব্যবস্থার জন্য সাংবাদিক স্বাধীনতা একান্তভাবেই প্রয়োজন। গণতান্ত্রিক পরিবেশেই সৎ-সাংবাদিকতা বিকাশ করতে পারে। এই প্রসঙ্গে আমেরিকান সুপ্রীম কোর্টের একটি রায় প্রণিধানযোগ্য। রায়ে বলা হয়েছে :

The adminstration of the Govt. has become more complex, the opportunities for malfeasance and corruption have multiplied, crime has grown to most serious proportions and the danger of its protection by unfaithful officials and of the impairment of the fundamental security of life and property by criminal alliances and official neglect, emphasises the primary need of a vigilant and courageuos press. The fact that the liberty of the press may be abused by miscreant purveyors of scandal does not make any less necessary the immunity of the press from restraints in dealing with official misconduct.

আমাদের দেশের বর্তমান পরিস্থিতি এবং সাংবাদিক নিরাপত্তা ও সাংবাদিক কর্তব্যের সঙ্গে এই রায়ের সংগতি রয়েছে।

সংবাদপত্রের আর একটি ভূমিকা উল্লেখ করেছেন অধ্যাপক লাস্কি। তিনি বলেছেন : A Govt. can learn more from the criticism of the enimies than from the falttery of its friends.

সংবাদপত্রের উপর নিষেধাজ্ঞা এবং সংবাদ প্রকাশের উপর নিয়ন্ত্রণ এখনও বহাল আছে। Punjab Special Powers (Press) Act 1956-এর ২(১) (ক) ধারা অনুসারে সংবাদপত্রের উপর নিয়ন্ত্রণ রয়েছে। তেমনি নিয়ন্ত্রণ রয়েছে আসামে—Assam Special Powers (Press) Act 1956-এর মাধ্যমে। এ দুটি রাজ্যেই সংবাদের উপর pre-censorship-এর আদেশ বলবৎ রয়েছে। দেশে জরুরী অবস্থা নেই। কিন্তু জরুরী অবস্থার সময়ে প্রচলিত অথবা তার অনুরূপ অনেক ব্যবস্থাই আজ কার্যকরী রয়েছে।

ভারতে সংবাদপত্রের স্বাধীনতার উপর একটি সমীক্ষা পরিচালনা করে International Press Insitute বলেছে ভারতে সংবাদপত্রের স্বাধীনতার উপর বাধা নিষেধ বাড়ছে।

অফিসিয়াল সিক্রেট অ্যাক্ট (Officıal secret Act—1923) ইংরেজ আমলে রচনা হয়েছিল। সেই আইন এখনও রদ হয়নি; বহাল আছে। অধিকন্তু, ১৯৫১ এবং ১৯৫৭ সালে তা সংশোধন করে এই আইনের পরিধি আরও বাড়িয়ে দিয়েছে। এই আইনের মুখ্য উদ্দেশ্যই সরকারী সংবাদের গোপনীয়তা রক্ষা করা। সেই গোপনীয়তা ফাঁস করে দিলে কঠোর সাজার ব্যবস্থা আছে। সংবাদপত্র সে সংবাদ প্রকাশ করতে পারে না। অন্য কেউই সে সংবাদ প্রকাশ করলে আইনতঃ দণ্ডনীয়। একজন ব্যবহারজীবীর মতে বর্তমানে ভারতে যে আইন আছে তার দ্বারা প্রায় ৪ হাজারেরও বেশী অপরাধের শাস্তি দেওয়া যায়। এতেই স্পষ্ট হয়ে ওঠে অপরাধের তালিকা কত ব্যাপক এবং তার মধ্যে যে কোন একটিকে ব্যবহার করেই যে কোন সংবাদপত্র এবং সাংবাদিককে সাজা দেওয়া যেতে পারে। অন্যদিকে এ আইন বলে যে কোন সরকারী কাগজকেই

গোপনীয় বলে চিহ্নিত করা যেতে পারে। আর একবার গোপনীয় চিহ্নিত হয়ে গেলে তা প্রকাশ করা আইনত দণ্ডনীয়। সরকার তা সংসদে প্রকাশ করতে বাধ্য নন। পরিণামে জনসাধারণের স্বার্থে (Public interst) সরকারের যে কোন সংবাদকে সংসদে প্রকাশ না করার অধিকার সরকারের হাতে বর্তিয়ে যায়। সরকার তা প্রকাশ করতে বাধ্য থাকেন না। অতি সাধারণ সরকারী কাগজও অপ্রকাশিতব্য হয়ে পরে, যেমন বিমান দুর্ঘটনার রিপোর্ট, বিমান ছিনতাই রিপোর্ট ইত্যাদি। মজার ব্যাপার হোল, অফিসিয়াল সিক্রেট অ্যাক্টের সংশোধন প্রয়োজন কী-না তা যাচাই করে দেখার জন্য কেন্দ্রীয় সরকার ১৯৬০ সালে আন্ত-বিভাগীয় সমীক্ষক দল নিয়োগ করেন। ১৯৬০ সালের জুলাই মাসে তদানীন্তন স্বরাষ্ট্র মন্ত্রী এইচ এম, প্যাটেল লোকসভায় জানান যে, আন্ত-বিভাগীয় সেই দলের রিপোর্ট পাওয়া গেছে কিন্তু তা 'জনহিতে' সংসদে পেশ করা যাবে না এবং প্রকাশিতব্য নয়। এবার বুঝুন, সংবাদ গোপন করার জন্যই এই আইন। সংবাদ গোপন করার ঢালাও ব্যবস্থা থাকলে সরকারের নীতির ও প্রশাসন ব্যবস্থার গলদগুলি জন-সমক্ষে আসার সুযোগ থাকে না। কাজেই গণতন্ত্র বিকাশের জন্য চাই সংবাদ পাবার সার্বজনীন অধিকার। সে অধিকার আমাদের নেই। তার জন্য সংবিধানের মৌলিক অধিকারের মধ্যে সংবাদ পাবার অধিকারকে সংযুক্ত করতে হবে।

গণতান্ত্রিক মানুষ, সাংবাদিক, জন প্রতিনিধি, সকলেরই এই সম্পর্কে সোচ্চার হতে হবে।

নন্দগোপাল সেনগুপ্ত

সংবাদপত্র : স্বাধীনতা ও সংস্কৃতি

ইংরেজ শাসিত ভারতে যখন আমরা স্বাধীনতার জন্য সংগ্রাম করেছি, তখন পরাধীনতার শিকল ভাঙাই ছিল আমাদের প্রধান লক্ষ্য। হিংস অহিংস দুই পথেই আমাদের সংগ্রাম চলেছে। শুধু রাজনীতিক মঞ্চের নায়করাই যুদ্ধ করেন নি, তা করেছেন শিক্ষক লেখক ও সমাজসেবী থেকে শুরু করে ধনিক করণিক কৃষক দোকানি ও দিন-মজুর পর্যন্ত, সর্বস্তরের মানুষই। এই শেষোক্তদের বেশির ভাগই অবশ্য ছিলেন জাতীয় যুদ্ধের নীরব সিপাহী। কিন্তু নিষ্ঠা ত্যাগ ও বীরত্বের নিদর্শন কম দেখান নি তাঁরাও। এই যোদ্ধৃ-বাহিনীর বৃহৎ একাংশের সৈনাপত্য ছিল সাংবাদিকদের হাতে। লড়াই করেছেন তাঁরা অসির বদলে মসী নিয়ে এবং পরশাসিত দেশে তার দণ্ড হিসাবে জেল জরিমানা জামানাৎ বাজেয়াপ্ত সম্পাদকীয় প্রবন্ধের জন্যে প্রাকমুদ্রণ সরকারি অনুমোদন গ্রহণ···নানা দুর্ভোগই ভুগেছেন! সেই গৌরবান্বিত মুক্তি সংগ্রামের সমগ্র ইতিহাস আজও বিশদভাবে লেখা হয় নি, যা না হওয়া বিস্ময়কর

তো বটেই, বেদনাদায়কও।

১৭৮০-তে অগাস্টাস হিকি এবং তাঁর অল্প কয়েক বছর পরে সিল্ক বাকিংহাম এদেশে প্রথম সংবাদপত্র প্রকাশ করেন এবং জাতিতে ইংরেজ হলেও, ভারতীয় জনগণের সমর্থনে স্বৈরাচারী কোম্পানি শাসনের বিরুদ্ধে লেখনী ধরে রাজদণ্ড ভোগ করেন তাঁরা। তাঁদের পদাঙ্ক অনুসরণ করেই এরপর সাংবাদিকতার পথে অগ্রসর হন শিক্ষিত ভারতবাসী। হরিশচন্দ্র মুখোপাধ্যায়, কাশীপ্রসাদ ঘোষ, নরেন্দ্রনাথ সেন, নগেন্দ্রনাথ ঘোষ, শিশির কুমার ঘোষ, মতিলাল ঘোষ, সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বিপিনচন্দ্র পাল, শ্যামসুন্দর চক্রবর্তী, বরণীয় সাংবাদিকের তালিকা আমাদের ক্ষুদ্র নয়। এঁরা সবাই সাংবাদিকতা করেছেন ইংরেজীতে এবং দেশবাসীর দুঃখ দারিদ্র্য ও বেদনার কথা তাঁদের ন্যায্য দাবীদাওয়ার কথা সারা ভারতে তথা দেশের বাইরে প্রচার করেছেন। নীল বিদ্রোহ, সাঁওতাল বিদ্রোহ ও সিপাহী বিদ্রোহে দেশের মানুষ যখন বিদেশী শাসন উচ্ছিন্ন করার জন্য সশস্ত্র প্রয়াস করেছেন, এঁরা অনেকেই তখন নিয়েছেন বিদ্রোহীদের পক্ষ এবং তাঁদের প্রতি অনুষ্ঠিত প্রতিশোধাত্মক নিষ্ঠুরতার বিরুদ্ধে নির্ভীক প্রতিবাদ ব্যক্ত করেছেন সংবাদে, সম্পাদকীয়তে এবং প্রাপ্ত পত্রে। অবশ্য ইংরেজ-সম্পর্কহীন স্বাধীন ও সার্বভৌম ভারতের কথা তাঁদের চিন্তায় আসেনি। আমাদের রাজনীতিক চেতনা ততদূর পর্যন্ত অগ্রসর হয় নি তখনো। আমাদের অর্থাৎ শিক্ষিত শ্রেণীর।

কিন্তু সে যাই হোক, ইংরেজী সাংবাদিকতা দেশের সর্বজনকে প্রভাবিত করতে পারেনি, কেননা ইংরেজী জানতেন এবং এখনো জানেন কম মানুষই। মাতৃভাষাই হল জন সংযোগের শ্রেষ্ঠ মাধ্যম এবং গঙ্গাকিশোর ভট্টাচার্য, রামমোহন রায়, ঈশ্বরচন্দ্র গুপ্ত, দ্বারিকানাথ বিদ্যাভূষণ, কালীপ্রসন্ন কাব্য বিশারদ, যোগেন্দ্রচন্দ্র বসু, সুরেশচন্দ্র সমাজপতি, পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়, হেমেন্দ্রপ্রসাদ ঘোষ, সত্যেন্দ্রনাথ মজুমদার, প্রফুল্লকুমার সরকার, মৃণালকান্তি ঘোষ, ধীরেন্দ্রনাথ সেন, বহু অগ্রণী সাংবাদিক একের পর এক উঠেছেন বঙ্গভূমিতে, যাঁরা জ্ঞানে বিজ্ঞানে শিল্পে সংস্কৃতিতে সমুন্নত স্বাধীন ও সমৃদ্ধ ভারত গড়ার আদর্শে উদ্বুদ্ধ করেছেন দেশবাসীকে। জেল জরিমানা জামনাত জব্দ, নানা দুর্বিপাক পাড়ি দিতে বাধ্য হলেও,

এঁরা মূলত সবাই নিয়মতান্ত্রিক পথেই স্বাধীনতা অর্জনের বাণী প্রচার করেছেন। কিন্তু সশস্ত্র অভ্যুত্থানের বার্তাও প্রচারিত হয়েছে, হয়েছে সাম্য ও সমানাধিকারের বার্তাও এবং অরবিন্দ ঘোষ, বারীন্দ্র কুমার ঘোষ, ব্রহ্মবান্ধব উপাধ্যায় ও ভূপেন্দ্রনাথ দত্ত থেকে মুজফ্ফর আহমেদ ও নজরুল ইসলাম পর্যন্ত, দীর্ঘ একটি ধারা আছে তারও। প্রকৃতপক্ষে স্বাধীনতার ইতিহাস বলতে প্রতিষ্ঠানগত বা দলীয় রাজনীতির এবং তাদের উদ্যোগে পরিচালিত রাজনীতিক আন্দোলনের ইতিহাসই আমরা এ পর্যন্ত সযত্নে সংকলন করেছি। কিন্তু সাংবাদিকতার ইতিহাসও সমান গৌরবজনক, যা এখনো সংকলিত না হলে অনেক তথ্য পরে হারিয়ে যাবে। অন্তত যাবার আশংকা আছে।

প্রায় সাড়ে চার দশক আগে অধ্যাপকতা ছেড়ে যখন সাংবাদিকতায় আসি, তখনও সংবাদপত্র বৃহৎ ব্যবসায় পরিণত হয় নি। তা ছিল মূলত জাতি গঠনের প্রতিষ্ঠান ও স্বাধীনতা সংগ্রামের হাতিয়ার। তাই তখনো চলছে তার অতীত ঐতিহ্যের অনুসৃতি। তারই প্রভাবে ভাবী দিনের শিক্ষিত সমুন্নত এবং সাম্য ও সমানাধিকারে প্রতিষ্ঠিত জাতিকে কল্পনার পুরোভাগে রেখেই শুরু করেছিলাম সম্পাদকী কাজ। তারপর সে পটভূমি দ্রুত বদলেছে। দেশবিভাগের মূল্যে আমরা স্বাধীনতা লাভ করেছি এবং ইংরেজ পরিত্যক্ত ছাঁচের উপরই কম বেশি দেশী পলাস্তারা লাগিয়ে আমরা আমাদের সংবিধান তৈরী করেছি। তাই তা থেকে ঔপনিবেশিক শাসনের জড় সমূলে উৎপাটিত হয় নি। তাতে হয়েছে কায়েমি স্বার্থের অছি ধনপতি রণপতি পুঁজিপতি ও প্রশাসনপতিদেরই একাধিকার সর্বতোভাবে স্বীকৃত। সমগ্র জনসংখ্যার তিন-চতুর্থাংশ যে কৃষক ও দেহশ্রমী সাধারণ মানুষরা, তাঁদের দিকে পিছন ফিরে দাঁড়িয়েই আমরা প্রগতিশীল ভারত গড়ার স্বপ্ন দেখছি। আর এই দুষ্ট প্রশাসনের এক্তিয়ারে এসে সংবাদপত্রও তার অতীত ঐতিহ্য সম্পূর্ণ ভুলেছে। আজ তা প্রচণ্ডভাবে কায়েমি স্বার্থ সংরক্ষার প্রচারযন্ত্র হয়ে নিরন্ন নিঃস্ব সর্বাধিকার-ভ্রষ্ট সমষ্টি মানুষের মুখের উপর দরজা প্রায় বন্ধই করে দিয়েছে। দিতে বাধ্য হয়েছে।

এ না হবে কেন? মনে রাখবেন, সংবাদপত্রের দাম আগে ছিল পুরান মুদ্রায় দুই থেকে চার পয়সা। এখন হয়েছে নতুন

মুদ্রায় সত্তর থেকে আশি পয়সা। তখন বিজ্ঞাপনের মাশুল ছিল স্কোয়ার ইঞ্চি চার পাঁচ টাকা, এখন তা হয়েছে চার পাঁশো টাকা। বিশেষ বিশেষ উপলক্ষ্যে আরও বেশী। তখন খুব নামী কাগজেরও প্রচার সংখ্যা ছিল দৈনিক কুড়ি পঁচিশ, বড় জোর তিরিশ হাজার। এখন তা হয়েছে দুলাখ আড়াই লাখ তিন লাখ। কোম্পানীর আয়ের অনুপাতে সাংবাদিকদের তখন বেতন ছিল দুশো আড়াই শো থেকে বড় জোর পাঁচশো ছশো পর্যন্ত। এখন আড়াই হাজার তিন হাজার বেতনের কর্মী সংখ্যা প্রথম শ্রেণীর সংবাদপত্রে দুতিন ডজনেরও বেশি। এমন দিনে জনগণের যথার্থ সংকট সমস্যা ও বেদনাকে ভাষা দেবার দায়িত্ব তথাকথিত জাতীয়তাবাদী সংবাদপত্রেরা অবশ্যই নেবে না। সে ভার নিতে হবে অপেক্ষাকৃত ছোট সংবাদপত্রকে। সুখের কথা যে সেকাজ তাঁরা করে যাচ্ছেন নিষ্ঠার সঙ্গেই। সাংবাদিক তীর্থের পুরাতন একজন যাত্রী হিসাবে তাঁদের সেই সাহস ও কর্মশক্তিকে প্রতিদিন আমি আন্তরিক শুভ কামনায় অভিষিক্ত করি। তাঁদের হয়ে তাই এখনো আমি যথাশক্তি কলম চালাই। আমি সত্যিই আন্তরিকভাবে বিশ্বাস করি যে মানুষের সংগ্রাম ও সাধনা জয়ী হবে। নিশ্চয় শোষণ ও বঞ্চনা বিমুক্ত নূতন পৃথিবীতে একদিন মানুষ নবোদিত সূর্যকে স্বাগত জানাবে। সেদিন আমি থাকব না। কিন্তু তাতে কি? আমাদের সম্মিলিত শ্রম ও প্রত্যাশা মূর্ত হবে ভাবী দিনের শতমুখী সম্ভাবনীয়তাগুলির মধ্য দিয়ে। সেই আলোর নিশানা দেখাচ্ছে আমাদের যুগ যুগ ধরে মানুষের ইতিহাসই।

সব শেষে বক্তব্য যে সংবাদপত্র এদেশে শুধু রাজনীতিক চেতনার ও সমাজ কল্যাণ বোধের আদর্শই প্রচার করে নি, জ্ঞান বিজ্ঞান ও শিক্ষা সংস্কৃতি বিস্তারের ক্ষেত্রেও তার ভূমিকা যে কোন বিশ্ববিদ্যালয়ের মত গুরুত্বপূর্ণ। বরং বেতার ও দূরদর্শনের পরই তার স্থান, কারণ স্বল্পসাক্ষর সাধারণ মানুষদের হাতে বিজ্ঞান ইতিহাস অর্থনীতি রাজনীতি সাহিত্য সঙ্গীত ও কলা কৃষ্টির মোটা কথাগুলি পৌঁছে দেওয়াও তার প্রধান একটা কাজ এবং একালীন সাংবাদিককে এজন্য হতে হয় একই সঙ্গে বহুবিদ্যা ও সর্ববিষয়ে সমান লেখন দক্ষ। অর্থাৎ একখানি সংবাদপত্র মাত্র সম্বল করেই যাতে বেশির ভাগ মানুষ সমসাময়িক দেশ ও দুনিয়ার সকল দিকের

সব সমাচার পেতে ও বুঝতে পারেন, সেই চেষ্টা করা হয় আজকের সংবাদপত্রে। অবশ্য সংবাদপত্রের রচনা সাধারণত প্রগাঢ় পাণ্ডিত্য বা বিদ্যা বৈদগ্ধ্যের পরিচায়ক বড় একটা হয় না। তার কারণ সর্বনিম্ন সোপানের পড়ুয়াদেরও বোধ্যতার কথাটা তাকে স্মরণে রাখতে হয়। অবশ্য ওরই মধ্যে কৃতী সাংবাদিক যিনি তিনি কৃতবিদ্য ও সাধারণ দুই স্তরের মধ্যে ভারসাম্য রেখে লেখনী চালাতে পারেন। দেশে ও বিদেশে আজকের দিনে তেমন সাংবাদিকের সংখ্যা খুব নগণ্য নয়। তাঁদের কাজকে যথার্থই সংবাদ সাহিত্য নামে অভিহিত করা চলে।

বরুণকুমার মুখোপাধ্যায়

জনমত সংগঠন; বুদ্ধিমুক্তির আন্দোলন ও সংবাদপত্র

রেভা. জে. লং তাঁর ১৮৫৯ সালের একটি প্রতিবেদনে বলেন যে ১৮৫৬-৫৭ সালে ভারতের উত্তর-পশ্চিমাঞ্চলের সংবাদপত্রগুলি যদি খুঁটিয়ে দেখা হতো তাহলে ১৮৫৭ সালের মহাবিদ্রোহের সম্ভাবনা আগেভাগেই আঁচ করা যেতে পারত। দেশীয় সংবাদপত্রগুলির জনমত প্রতিফলনে গুরুত্বপূর্ণ ভূমিকার কথা উল্লেখ করে তিনি ঐ প্রতিবেদনে বলেন, 'The opinions of the native press may often be regarded as the safety valve which gives warning of danger. Thus had the Delhi Native Newspapers of January 1857 been cousulted by European functionaries, they would have seen in them how the Natives were ripe for revolt, and were expecting aid from Persia and Russia.'

ফরাসী ডাক্তার বার্নিয়েরে মোগল সাম্রাজ্য ভ্রমণকালে (১৬৫৬-

১৬৬৮) তাঁর বিবরণীতে লেখেন যে, সে সময় প্রাদেশিক নবাবরা প্রজাদের উপর খুবই উৎপীড়ন করতেন, কিন্তু দিল্লির সম্রাটের কাছে প্রায়ই সে খবর পেঁছিত না, কারণ তাঁর প্রেরিত ওয়াকিয়া-নবিসরা (সংবাদ-লেখকরা) নবাবদের সঙ্গে যোগসাজসে সঠিক খবর পাঠাতো না। [Francois Bernier, 'Travels in the Mogul Empire'.] মোগল সম্রাট আওরঙ্গজেবকেও যে দাক্ষিণাত্যে পরাজয় বরণ করতে হয়েছিল, তার অন্যতম কারণই ছিল যে তাঁর নিজস্ব সংবাদদাতারা তাঁকে সঠিক খবর পাঠাতে পারেনি। সুতরাং সংবাদ ও সংবাদপত্রের গুরুত্ব সর্বদাই স্বীকার্য। সংবাদপত্র চিরকাল শাসক ও শাসিতের মধ্যে একটি অপরিহার্য যোগাযোগের মাধ্যম হয়ে এসেছে। শুধু তাই নয়, জনমতের প্রতিফলন ছাড়াও জনমত সংগঠনেও সংবাদপত্রের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এবং সেইজন্যই দেশে দেশে, কালে কালে স্বাধীন নির্ভীক সংবাদ-পত্রের সঙ্গে শাসক সম্প্রদায়ের সংঘাত অনিবার্য হয়ে উঠেছে। সংবাদ-পত্রের কণ্ঠরোধের জন্য বারে বারে সরকারী নিয়ন্ত্রণের খড়্গ উদ্যত হয়েছে। ভারতীয় সংবাদপত্রের ইতিহাসও এর ব্যতিক্রম নয়। অষ্টাদশ-উনবিংশ শতাব্দীর বিভিন্ন পর্যায়ে ভারতীয় সংবাদপত্র, বিশেষ করে বাংলাদেশে প্রকাশিত সংবাদপত্রগুলি, যেমন একদিকে জনমতকে প্রতিফলিত, সংগঠিত ও প্রভাবিত করার গুরু দায়িত্ব পালন করে এসেছে, তেমনই অপরদিকে ব্রিটিশ শাসকদের সঙ্গে সংঘাত ও সহাবস্থানের মধ্য দিয়ে তার অগ্রগতির পথ রচনা করে এসেছে। এ প্রসঙ্গে একজন প্রখ্যাত সাংবাদিকের মন্তব্য স্মরণ করা যেতে পারে : 'Under British rule, it was a story of a struggle for liberty and alternating periods of benevolence and repression by Government' [M. Chalapathi Rau,

তবে মজার কথা, ভারতে ব্রিটিশ রাজত্বে সংবাদপত্রের সূত্রপাত ভারতে বসবাসকারী ইংরেজ নাগরিক বা অন্যান্য ইউরোপীয়দের হাতেই। কোম্পানী রাজত্বে বিক্ষুব্ধ এই সব বিদেশীয়দের দেখা যায়,—তাঁদের সংবাদপত্রের হাতিয়ার নিয়ে স্থানীয় ব্রিটিশ কর্তৃ-পক্ষের সঙ্গে প্রায়ই লড়াইয়ে উদ্যত। কোম্পানী কর্তৃপক্ষের অনাচার, দুর্নীতির বিরুদ্ধে জনগণের ক্ষোভের কথা তাঁদের পত্রিকায়

স্থান পেতো। ব্যক্তিগত কুৎসা-রটনাও যে তাতে থাকত না তা নয়। ফলে সংঘাত অনিবার্য হয়ে উঠত। কর্তৃপক্ষ তাঁদের পত্রিকা বাজেয়াপ্ত করে বলপূর্বক তাঁদের স্বদেশে পাঠিয়ে দিতেন। বিরোধী-সংঘাতের এই ঐতিহ্যের ধারা থেকেই ক্রমে ক্রমে উনবিংশ শতাব্দীর চোহদ্দিতে পৌঁছে ভারতীয় ভাষায় সংবাদপত্রের জন্ম। দেশীয়দের উদ্যোগে পরিচালিত ঐ সব সংবাদপত্রে এদেশবাসীর ক্ষোভ-দুঃখ প্রতিফলিত হতো, বিদেশী শাসন-শোষণের বিরুদ্ধে জনমত সংগঠিত হতো এবং অবস্থা বুঝে তার প্রতিবিধানে সরকারী নিয়ন্ত্রণ ব্যবস্থা কখনও কঠোর, কখনও বা শিথিল হতো। তবে উল্লেখ্য, ব্রিটিশ শাসকদের সঙ্গে সংঘাত ছাড়াও দেশীয় সংবাদপত্রগুলির আরেকটি বড় অবদান ছিল —সংস্কার-আন্দোলন ও বুদ্ধিমুক্তির সূচনা। সামাজিক ও ধর্মীয় কুসংস্কারের বিরুদ্ধে লড়াই ও নতুন জ্ঞান-বিজ্ঞানের আলো ছড়িয়ে দেওয়া ছিল তাদের ব্রত,—সেখান থেকেই উনবিংশ শতাব্দীতে বাংলার মাটিতে রেনেশাসের সূচনা।

ভারতবর্ষে সংবাদপত্রের জন্ম কলকাতায়। ১৭৮০ খৃীষ্টাব্দের ২৯শে জানুয়ারি জেমস অগাস্টাস হিকি প্রকাশ করেন তাঁর ঐতিহাসিক গুরুত্বপূর্ণ পত্রিকা Bengal Gazette or Calcutta General Advertiser। এটাই ভারতের মাটিতে প্রথম সংবাদপত্র। হিকির পত্রিকা প্রকাশের শুরু থেকেই সংঘাতও দেখা দেয় স্থানীয় ব্রিটিশ কর্তৃপক্ষের সঙ্গে। তাঁদের নানা দুর্নীতির কথা প্রকাশ করতে লাগলেন তাঁর পত্রিকায়। স্বয়ং গভর্ণর জেনারেল ওয়ারেন হেস্টিংস, শ্রীমতী হেস্টিংস, প্রধান বিচারপতি স্যার ইলাইজা ইম্পে, এমন কি পাদ্রী কিয়েরনান্ডার কেউই হিকির লেখনীর আক্রমণ থেকে রেহাই পাননি। ফলে অনিবার্য পরিণতি হিসাবে হিকির জেল, জরিমানা, পত্রিকা-প্রেস বাজেয়াপ্ত।

এরপরে অষ্টাদশশতকের শেষপাদে কলকাতা থেকে আরো কয়েকটি সংবাদপত্র প্রকাশিত হয়। সবই ইংরেজীতে। শতাব্দীর শেষে ব্রিটিশ সরকার যখন টিপু সুলতান ও অন্যান্যদের সঙ্গে নানা যুদ্ধে জড়িয়ে পড়েন তখন গভর্ণর জেনারেল ওয়েলেসলী সতর্কতা-মূলক ব্যবস্থা হিসাবে সংবাদপত্র নিয়ন্ত্রণের আদেশ জারী করেন। কারণ তিনি তখন সংবাদপত্র মারফৎ সরকার-বিরোধী কোন জনমত গঠনের সুযোগ দিতে চাননি।

সংবাদ প্রকাশের এই কড়াকড়ি বেশ কিছুকাল চালু থাকার পর লর্ড হেস্টিংস ১৮১৮ খ্রীষ্টাব্দে প্রকাশন-পূর্ব সেন্সর প্রথা শিথিল করে দেওয়ায় সংবাদপত্র প্রকাশনে আবার জোয়ার আসে। প্রথম বাংলা সংবাদপত্র আত্মপ্রকাশ করে,—গঙ্গাকিশোর ভট্টাচার্য-হরচন্দ্র রায়ের 'বাঙ্গাল গেজেটি' ও শ্রীরামপুর মিশনের 'সমাচার দর্পণ'। এছাড়াও শ্রীরামপুর থেকে প্রকাশিত হয় মাসিক 'দিগদর্শন'। ক্রমে ক্রমে কলকাতা থেকে বেরুতে থাকে আরো সংবাদ পত্র : রামমোহন রায়ের আনুকুল্যে 'সম্বাদ কৌমুদী' (১৮২১), ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়ের 'সমাচার চন্দ্রিকা' (১৮২২) প্রভৃতি। কয়েক বছরের ব্যবধানে বেবোয় 'সম্বাদ তিমিরনাশক' (১৮২৩), 'বঙ্গদূত' (১৮২৯), 'সংবাদ প্রভাকর' (১৮৩১), 'সম্বাদ সুধাকর' (১৮৩১), সম্বাদ রত্নাকর' (১৮৩১), জ্ঞানান্বেষণ' (১৮৩১), 'বিজ্ঞান সেবধি' (১৮৩২), 'সংবাদ রত্নাবলী' (১৮৩২), 'বিজ্ঞানসার সংগ্রহ' (১৮৩৩) প্রভৃতি।

এইসব পত্রপত্রিকার বৈশিষ্ট্য এই যে, এখান থেকেই বাঙালীর সংস্কার আন্দোলন ও বুদ্ধিমুক্তির সূচনা হয়। জনমত সংগঠনের প্রচেষ্টাও এগুলির মারফৎ সুস্পষ্ট হয়ে ওঠে। এগুলিতে প্রকাশিত সংবাদ ও বিষয়বস্তুর প্রতি নজর দিলে বিষয়টি স্পষ্ট হয়ে ওঠে। যেমন, সম্বাদ কৌমুদির কয়েকটি সংখ্যার বিষয়সূচী ছিল :—

১. দরিদ্র অথচ সম্ভ্রান্ত হিন্দু ছাত্রদের বিনা বেতনে বিদ্যালয় স্থাপনের আবেদন।

২. মফস্বল, জিলা ও প্রাদেশিক আদালতে 'জুরি' প্রথা প্রবর্তনের জন্য বিনীত প্রার্থনা।

৩. হিন্দুদেব জন্য নদী তীরে একটিমাত্র শ্মশাণ থাকায় অসুবিধা, অথচ খ্রীস্টানদের কবরের জন্য বহুল পরিমাণে জমি প্রদত্ত হয়েছে।

৪. বাংলাদেশ থেকে বিদেশের বন্দরে শস্য রপ্তানি বন্ধ করবার জন্য আবেদন।

৫. বাঙালী মধ্যবিত্তদের পক্ষে য়ুরোপীয় ডাক্তারদের চিকিৎসা পাবার জন্য আবেদন।

৬. কলকাতার রাজপথে ইংরেজ ভদ্রলোকেরা তাঁদের বগি-

গাড়ি করে যাবার সময় দুপাশের লোকের ওপর চাবুক মারেন, চিৎপুর রাস্তার উপর জনতা ঠাকুর দেখবার জন্য যখন ভীড় করে তখন তাদের উপর নির্মমভাবে চাবুক চালানো হয়—কলকাতার ম্যাজিস্ট্রেটের কাছে এই সব নিবারণের জন্য আবেদন।

এই সব বিষয়সূচী নিঃসন্দেহে প্রগতিশীল নির্ভীক সাংবাদিকতার সাক্ষ্য বহন করে। সম্বাদ কৌমুদীর প্রথম সংখ্যায় বঙ্গীয় পাঠক-বর্গের প্রতি নিবেদনে স্পষ্ট করে জানানো হয়,—লোকহিতসাধনই এই সংবাদপত্র প্রচারের প্রধান লক্ষ্য। জনমত সংগঠনে সংবাদপত্রের ভূমিকা এখানে সুস্পষ্টভাবে স্বীকৃত।

অপরপক্ষে, সমাচার চন্দ্রিকা রক্ষণশীল হিন্দুসমাজের মুখ-পত্র স্বরূপ ছিল। রাধাকান্ত দেব, তারিণীচরণ মিত্র, রামকমল সেন প্রভৃতি এর সমর্থক ছিলেন। রক্ষণশীল 'ধর্মসভা'র কার্য-বিবরণী ও অন্যান্য সামাজিক ও ধর্মীয় সংবাদ এতে প্রকাশ হতো। সতীদাহের খবর পাওয়া গেলে তা বিশদভাবে ছাপা হতো। তবে মাঝে মাঝে ট্যাকস বৃদ্ধি, আদালতে মোকদ্দমার ব্যয়বাহুল্য, দারোগা ও আমিনদের অত্যাচারের বিরুদ্ধে প্রবন্ধ বা পত্রপ্রেরকদের পত্রও প্রকাশিত হত সুতরাং এখানেও জনমত সংগঠনের প্রয়াস সুস্পষ্ট।

এ ছাড়াও উল্লেখ্য, এইসব সংবাদপত্রগুলি মারফৎ জনমত সংগঠন ছাড়াও নব্য বাংলার বুদ্ধিমুক্তির আন্দোলনের সূচনা হয়। পত্রিকাগুলির অধিকাংশই এক একটি আদর্শ বা সমাজ ভাবনার দ্বারা অনুপ্রাণিত ছিল, তাদের অনুগামী ও সমর্থক এক একটি ধর্মীয় গোষ্ঠি ও বুদ্ধিজীবী সম্প্রদায় ছিল। তাই ধর্ম ও মতবাদ প্রচার এবং জনসংযোগ ও জনমত সংগঠনের প্রয়াস সেখানে সুস্পষ্ট ছিল। কিন্তু এছাড়াও বিশুদ্ধ জ্ঞানবিজ্ঞান ও বুদ্ধির চর্চাও সেখানে প্রাধান্য পেতে থাকে। ফলে অন্ধ কুসংস্কার ও ধর্মকলহের সংকীর্ণতা থেকে পত্রিকাররা বুদ্ধিমুক্তির সাধনায় ব্রতী হন। ধর্ম সংরক্ষণ ও সংস্কারের দোটানা থেকে মুক্ত হয়ে তাঁরা জ্ঞানের বিশুদ্ধ চর্চায় উৎসাহিত হতে থাকেন। ফলে পাশ্চাত্য বিজ্ঞান ও ইতিহাস ভূগোল চর্চার উন্মুক্ত বাতায়ন পথে নবদিগন্তের আলোর যে সাধনা শুরু হয়, সেখানে তাঁরা মানব-কল্যাণবোধের নব জীবনাদর্শে উদ্বুদ্ধ হতে প্রেরণা পান। সেদিন থেকেই সংবাদপত্রের কল্যাণে বাংলাদেশে

রেনেশাসের সূচনা। দেখা দিল বাঙালীর বুদ্ধিমুক্তির সুযোগ। চিন্তার মুক্তি, চিত্তের মুক্তি। এই সার্বিক মুক্তি আন্দোলনের হাতিয়ার ছিল তৎকালীন সংবাদপত্র। দেশ বিদেশের নানান খবর, বিজ্ঞান ও মানবতার জয়ধ্বনি, অভিনব আবিষ্কারের কৌতূহলোদ্দীপক কাহিনী, মণীষীদের জীবন বাণী, ধর্মদর্শনের নতুন ব্যাখ্যা, শিক্ষার নতুন তত্ত্ব—এই সবই বাংলা পত্রপত্রিকা মারফৎ বুদ্ধিজীবী বাঙালীর ঘরে ঘরে পৌঁছে যেতে লাগল। ফলে তাঁদের চিন্তায় যে আলোড়ন এসেছিল পরিণতিতে তাই বাঙালীর বুদ্ধিমুক্তির আন্দোলনে প্রেরণা জুগিয়েছিল।

এই আন্দোলনের অপর বৈশিষ্ট্য ছিল সামাজিক সচেতনতা। সাধারণ মানুষের মধ্যে সমাজ-ভাবনা বা সামাজিক সমস্যাদি নিয়ে জনমত (public opinion) সংগঠন ও তার বিধিবদ্ধ প্রকাশ শুরু হয়েছিল এই সময়ে। এবং সংবাদপত্রই প্রথম এই জনমত সংগঠন ও প্রকাশের সুবর্ণ সুযোগ এনে দিয়েছিল। সংগঠিত সমাজ-ভাবনা তখন এক একটি সংবাদপত্রকে আশ্রয় করে প্রবলভাবে আলোড়িত ও প্রচারিত হতো। ফলে তার পক্ষে ও বিপক্ষে জনমত সংগঠিত হতো এবং জনচিত্ত আলোড়িত হতো। বলাই বাহুল্য, এই আলোড়নের ঢেউ মাঝে মধ্যেই শাসকসম্প্রদায়কেও আঘাত করত। ফলে সংবাদপত্রের ভূমিকা সম্বন্ধে শাসকগোষ্ঠি সর্বদাই সচেতন ও সন্ত্রস্ত থাকত।

সমাচারচন্দ্রিকা, সম্বাদ কৌমুদীর সমসাময়িককালে কিছু, ইংরেজি সংবাদপত্রও বহুল প্রচারিত ছিল। যেমন, ব্রিটিশ শাসকগোষ্ঠি বিরোধী জেমস সিল্ক বাকিংহামের ক্যালকাটা জার্নাল (১৮১৮-১৮২৩)। এগুলির কিছু কিছু লেখার ধরণ ধারণ দেখে সরকার ক্রমশই উদ্বেগ বোধ করতে থাকেন। সঙ্গে কিছু দেশীয় পত্রপত্রিকাও সরকারের কুনজরে পড়ে। এই সব পত্রিকা মারফৎ জনমত সংগঠনের প্রবণতা ভারতে ব্রিটিশ শাসনের পক্ষে অনিষ্টকর বলে তাঁরা মনে করতে থাকেন। সতীদাহ নিয়ে সাধারণ্যে বাদানুবাদ তাঁরা অপছন্দ করেন। ফলে আবার সংবাদপত্র নিয়ন্ত্রণের কঠোরতা বৃদ্ধির প্রয়োজনীয়তা অনুভূত হয়। তখনকার চীফ সেক্রেটারী উইলিয়ম বাটারওয়ার্থ বেলী তাঁর মিনিটে (১৮২২) স্পষ্টই বলেন যে সংবাদপত্রে অবাধ আলোচনা ব্রিটিশ শাসনের পক্ষে

ক্ষতিকারক। 'মর্নিং পোস্টের' সম্পাদক হিটলীর সঙ্গে তাঁর সংঘাতও এ প্রসঙ্গে উল্লেখ্য। সুতরাং সংবাদপত্র মারফৎ ক্রমবর্ধমান জনমত সংগঠনের প্রবণতাকে রোধ করার জন্য অস্থায়ী গভর্ণর জেনারেল অ্যাডামের আদেশক্রমে এক কড়া প্রেস আইন জারি হয় (এপ্রিল, ১৮২৩) যার ফলে পুনশ্চ সংবাদপত্রের অবশিষ্ট স্বাধীনতাটুকুও খর্ব হয়। বিধিনিষেধের সহস্র রজ্জু গলায় পরে তখন সংবাদপত্রগুলি বেরোতে থাকে। একমাত্র রামমোহনই—নবজাগৃতির পুরোধা রামমোহন রায়ই এই আইনের প্রতিবাদে তাঁর ফারসী পত্রিকা মীরাৎ-উল-আখবার বন্ধ করে দেন (১৮২৩)। তিনি প্রতিবাদে বলেন, 'যে সম্মান হৃদয়ের শত রক্তবিন্দুর বিনিময়ে ক্রীত, ওহে মহাশয়, অনুগ্রহের আশায় তাহাকে দারোয়ানের নিকট বিক্রয় করিও না।'

অ্যাডামের কুখ্যাত আইনের ফলে সংবাদপত্র প্রকাশের পথ নিঃসন্দেহে বাধাপ্রাপ্ত হয়। কিন্তু কিছুকালের মধ্যেই ঐ আইনের প্রয়োগ ক্রমশ শিথিল হতে থাকে, বিশেষ বেন্টিঙ্কের শাসনকালে (১৮২৮-১৮৩৫)। পরিশেষে ৩রা আগস্ট ১৮৩৫ তারিখে তদানীন্তন অস্থায়ী গভর্ণর জেনারেল স্যার চার্লস মেটকাফ আর এক নতুন আইন জারি করে মুদ্রাযন্ত্রের স্বাধীনতা ঘোষণা করেন। জনমত সংগঠনের প্রয়োজনে সংবাদপত্রের স্বাধীনতার সপক্ষে মেটকাফ তাঁর ঐতিহাসিক মিনিটে ঘোষণা করেন: '...an open and free press from which I do not apprehend that we have anything to fear, unless we must necessarily fear the progress of knowledge; ...one can not prevent the progress of knowledge; it is undoubtedly our duty to promote it whatever may be the consequences. ...A tenure dependent on attempts to suppress the communication of public opinion could not be lasting; both because such a venture must be rotten, and because such attempts must fail.'

মেটকাফের মুদ্রাযন্ত্রের স্বাধীনতা ঘোষণায় ভারতীয় সংবাদপত্রের প্রবাহে পুনশ্চ জোয়ার আসে। 'সংবাদ প্রভাকর' ১৮৩৯

সাল থেকে প্রথম বাংলা দৈনিকের গৌরব অর্জন করে। ঐ সময়কার অন্যান্য উল্লেখযোগ্য পত্রিকা: 'সংবাদ পূর্ণচন্দ্রোদয়' (১৮৩৫) 'সম্বাদ ভাস্কর' (১৯৩৯) 'বেঙ্গল স্পেকটেটর' (১৮৪২). তত্ত্ববোধিনী পত্রিকা (১৮৪৩) প্রভৃতি। এক দেশীয় রাজাকে সমালোচনা করায় ভাস্কর সম্পাদক তাঁর দ্বারা প্রহৃত হন। তবু সাংবাদিকতার জয়যাত্রা অক্ষুণ্ণ থাকে।

সংবাদপত্রের এই অগ্রগতির ধারা পুনশ্চ ব্যাহত হয় ১৮৫৭ সালের মহাবিদ্রোহে (Great Rebellion)। ঐ বিদ্রোহের পটভূমিতে সংবাদপত্রে সরকারের সমালোচনা বন্ধ করার জন্য লর্ড ক্যানিং নতুন করে প্রেস-আইন জারি করে (১৩ জুন ১৮৫৭ - ১৩ জুন ১৮৫৮) এক বৎসরের জন্য সংবাদপত্রের কণ্ঠরোধ করেন। ঐ আইন Gagging Act নামে কুখ্যাত ছিল। এর ফলে অন্তত দুটি সংবাদপত্র, কাশীপ্রসাদ ঘোষের 'হিন্দু ইন্টেলিজেন্সার' ও 'রঙ্গপুর বার্তাবহ' বন্ধ হয়ে যায়। দ্বারকানাথ ঠাকুরের Bengal Hurkaru-র প্রচার কিছুদিনের জন্য স্থগিত থাকে।

মহাবিদ্রোহোত্তরকালে বাংলা সংবাদপত্রে জাতীয়তাবাদী মনোভাব স্পষ্টতর হয়ে ওঠে। এই সময়কার উল্লেখযোগ্য পত্রিকা বিদ্যাসাগর পরিকল্পিত দ্বারকানাথ বিদ্যাভূষণ সম্পাদিত 'সোম প্রকাশ' (১৮৫৮)। ব্রিটিশ রাজত্ব ও তার বিচার পদ্ধতির নির্ভীক সমালোচনা এতে প্রকাশিত হতো। জমিদারদের অত্যাচারের বিরুদ্ধে-রায়তদের স্বার্থে সোমপ্রকাশ সোচ্চার ছিল। নীলবিদ্রোহের সমর্থনেও এর ভূমিকা ছিল প্রশংসনীয়। ১৮৭৮ সালের কুখ্যাত ভার্নাকুলার প্রেস অ্যাক্টেরও তীব্র বিরোধিতা করেছিল সোমপ্রকাশ।

হরিশচন্দ্র মুখোপাধ্যায়ের তীব্র লেখনীর কশাঘাতে সমকালীন পত্রিকা 'হিন্দু প্যাট্রিয়ট' (১৮৫৩) শাসকগোষ্ঠি ও নীলকর সাহেবদের মধ্যে রীতিমত ভীতির সঞ্চার করেছিল। নীলকরের অত্যাচারের বিরুদ্ধে জনমত সংগঠনে এই পত্রিকার অবদান বিশেষভাবে স্মরণীয়। মনোমোহন ঘোষ নিয়মিত এই পত্রিকায় নীলচাষের বিরুদ্ধে লিখতে থাকায়, সরকার কমিশন নিয়োগে বাধ্য হন। হরিশচন্দ্রের মৃত্যুর পর হিন্দু প্যাট্রিয়টের সম্পাদনার দায়িত্ব নেন কালীপ্রসন্ন সিংহ ও পরে বিদ্যাসাগরের আহবানে কৃষ্টদাস পাল। সরকারী অন্যায় অবিচারের বিরুদ্ধে

সর্বদাই এঁরা মুখর ছিলেন।

কেশবচন্দ্র সেনের একপয়সার পত্রিকা 'সুলভ সমাচার' (১৮৭০) ইতিহাস সৃষ্টি করেছিল। এই পত্রিকা রায়তদের উপর জমিদার ও সরকারের অত্যাচারের বিরুদ্ধে সোচ্চার ছিল: 'দরিদ্রদের প্রতি গভর্ণমেণ্টের তত অনুরাগ নাই। প্রজারা না খেতে পেয়ে মরে গেলেও কেহ চেয়ে দেখে না। কিন্তু তাহাদের গায়ের রক্ত লইয়া সকলে বড় মানুষী করেন।' সুলভ সমাচারের গ্রাহক সংখ্যা পাঁচ হাজার ছাড়িয়ে গিয়েছিল। জনমত সংগঠনে এর ভূমিকা বিশেষ উল্লেখযোগ্য। সুরেন্দ্রনাথ ব্যানার্জীর পরিচালনায় বেঙ্গলী (১৮৬৮) পত্রিকাও নির্ভীক সাংবাদিকতার গুণে জনপ্রিয় হয়ে উঠেছিল।

অমৃতবাজার পত্রিকা ১৮৬৮ সালে বাংলা পত্রিকা হিসাবে যাত্রা শুরু করে, মাঝে হয় দ্বিভাষিক—ইংরাজী-বাংলা, ও পরিশেষে ১৮৭৮-র কুখ্যাত আইনের হাত এড়াতে রাতারাতি ইংরেজী পত্রিকায় রূপান্তরিত হয়। জাতীয়তাবাদী ভাবধারা প্রচারে এর অবদান উল্লেখযোগ্য।

১৮৬৭ সালে সরকার 'প্রেস অ্যান্ড রেজিস্ট্রেশন অফ বুকস অ্যাক্ট' চালু করে সংবাদপত্র ও ছাপাখানার কাজকর্ম সম্বন্ধে পূর্ণ ওয়াকিবহাল থাকতে সচেষ্ট হন। তখন থেকে সকল প্রকাশনা সংক্রান্ত তথ্যাদি নিয়মিত সরকারী নথিভুক্ত হতে থাকে।

কিন্তু জাতীয়তাবাদী আন্দোলন সারা দেশে ক্রমশ দানা বাঁধতে থাকায় এবং এ বিষয়ে সংবাদপত্রগুলির ক্রমবর্ধমান সক্রিয় ভূমিকা লক্ষ্য করে সরকার ক্রমশ ভীত ও সন্ত্রস্ত হয়ে উঠতে থাকে। পরিশেষে লর্ড লিটনের উদ্যোগে সরকারী নিয়ন্ত্রণের খড়্গ উদ্যত হয় দেশীয় সংবাদপত্রের স্বাধীনতা হরণে...১৮৭৮ খ্রীষ্টাব্দে জারি হয় কুখ্যাত ভার্ণাকুলার প্রেস অ্যাক্ট। সোমপ্রকাশ অভিযুক্ত হয়, অমৃতবাজার রাতারাতি ইংরেজী পত্রিকায় রূপান্তরিত হয়, জনগণের কন্ঠ রুদ্ধ হয়। কিন্তু এ বিধিনিষেধও চিরস্থায়ী হয়নি। আইনের বেড়াজাল কেটে সংবাদপত্র আবার মাথা তুলে দাঁড়ায়, জনমত সংগঠনের গুরু দায়িত্বে এগিয়ে আসে, ভারতের স্বাধীনতা আন্দোলনকে জয়যুক্ত করতে ক্রমশ শক্তি সঞ্চয় করতে থাকে। সংবাদপত্রের জয়যাত্রা মাঝে মাঝে স্তিমিত হলেও কোনদিন থামেনি, কোনদিন থামবেও না।

নির্মল বসু

....

সাংবাদিকতা ও অপ-সাংবাদিকতা

॥ এক ॥

গণতন্ত্রের অন্যতম প্রধান শর্ত সংবাদপত্রের স্বাধীনতা। বিশিষ্ট ইংরেজ রাষ্ট্রবিজ্ঞানী অধ্যাপক হ্যারল্ড লাস্কি বলেছেন, যা কিছু ঘটেছে, যা সংবাদ, তার সবটা সহজ স্বাভাবিক স্বাধীন অবিকৃতভাবে নাগরিকের কাছে পৌঁছতে হবে। তারপর সেই সংবাদের ভিত্তিতে নাগরিক স্থির করবেন, তিনি কি করবেন। তবেই গণতন্ত্র সফল হবে। যে সমাজে নাগরিক সব সংবাদ জানতে পারেন না তাকে গণতান্ত্রিক সমাজ বলা চলবে না।

সাংবাদিকের দায়িত্ব সব সংবাদ অবিকৃতভাবে নাগরিকদের কাছে পৌঁছে দেওয়া।

এই কাজ বর্তমান সমাজে সম্ভব কিনা, আমাদের দেশের সাংবাদিকরা এই দায়িত্ব যথার্থভাবে পালন করছেন কিনা, এই সব প্রশ্ন উঠেছে।

॥ দুই ॥

ভারতে সাংবাদিকতার ঐতিহ্য অতি উজ্জ্বল, গৌরবজনক ইংরেজ শাসনেব আমলে, স্বাধীনতা আন্দোলনের সময় দেশের অধিকাংশ সংবাদপত্র বিদেশী শাসকের রক্তচক্ষুকে উপেক্ষা করে তাদের স্বাধীন ভূমিকা পালন করেছেন, এবং এর জন্য তাদের বহু নির্যাতন সহ্য করতে হয়েছে। সংবাদপত্রের প্রকাশ বন্ধ হয়েছে, মুদ্রণালয় বাজেয়াপ্ত হয়েছে আর্থিক জরিমানা হয়েছে. সম্পাদক মুদ্রক সহ সাংবাদিকরা গ্রেপ্তার হয়েছেন, জেলে আটক থেকেছেন, দৈহিক লাঞ্ছনা ভোগ করেছেন। তবু তাঁরা মাথা নত করেন নি। ভারতের স্বাধীনতা অর্জনে তাই, দেশবাসীর অন্যান্য অংশের সঙ্গে সাংবাদিকরাও একটি উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছেন।

স্বাধীনতার পরেও ভারতের সাংবাদিকতা এই মহান ঐতিহ্য অনুসরণ করে চলেছে। সব সময় যে সাংবাদিকরা শাসক দলের অত্যাচারের বিরুদ্ধে এবং গণতান্ত্রিক সংগ্রামের পক্ষে লেখনী ধারণ করেছেন, তা বলা যাবে না। তথাপি, গণতন্ত্রের প্রশ্নে মুখ্য ঘটনাগুলিতে তাঁদের ভূমিকা নিঃসন্দেহে প্রশংসনীয়। ১৯৭৫-এর জরুরী অবস্থায় প্রচন্ড প্রতিকূল অবস্থার মধ্যেও দেশের অধিকাংশ সাংবাদিক গণতন্ত্রের পক্ষে থাকার চেষ্টা করেছেন। তারপর থেকে দেশে স্বৈরতন্ত্র বনাম গণতন্ত্রের কঠিন সংগ্রামে ভারতের সাংবাদিকরা কিছু ব্যতিক্রম ব্যতিত, মোটামুটিভাবে গণতন্ত্রের পক্ষে। ইন্দিরা সঞ্জয় রাজীব এঁদের ভ্রুকুটিতে এঁরা বিচলিত হন নি। এটা কম কথা নয়। বিহারের কুখ্যাত প্রেস বিলের বিরুদ্ধে যেভাবে দেশের সকল সাংবাদিক সংগ্রাম করেছেন তা তুলনাহীন। সর্বশেষে, অন্ধ্রে রামা রাও মন্ত্রিসভাকে খারিজ করে গণতন্ত্রহত্যার যে নির্লজ্জ কান্ড হয়েছিল তার বিরুদ্ধে দেশের প্রায় সকল সংবাদপত্র যেভাবে জেহাদ ঘোষণা করেছিলেন তা ভারতে গণতন্ত্ররক্ষার সংগ্রামের ইতিহাসে স্বর্ণাক্ষরে লেখা থাকবে।

॥ তিন ॥

দেশে সাংবাদিকতার এই গৌরবোজ্জ্বল ভূমিকা সত্ত্বেও বিভিন্ন মহল থেকে সংবাদপত্র, সাংবাদিকতা, সাংবাদিক-আচরণ নিয়ে নানা সমালোচনা হচ্ছে। এবং, সব সমালোচনাই যে অসার ও ভিত্তিহীন তা বলা যাবে না।

সংবাদপত্রের কাছ থেকে আমরা চাই স্বাধীন নিরপেক্ষ সংবাদ এবং সেই সঙ্গে মতামত। তবে, সংবাদপত্রের সম্পাদকীয় প্রবন্ধ সম্পাদকীয় পৃষ্ঠার অন্য প্রবন্ধ, কিংবা রবিবার বা বিশেষ সংখ্যার প্রবন্ধ, অথবা চিঠিপত্রে প্রকাশিত মতামতের চেয়ে সংবাদের মূল্যই বেশি। অন্য সব কিছুই সম্পাদক বা লেখকদের নিজেদের বিশেষ মত হতে পারে, কিন্তু সংবাদ সংবাদই। কেবল দৈনিক সংবাদপত্র নয়, সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক, সব সংবাদপত্রের ক্ষেত্রেই একই কথা।

এবং সংবাদ পরিবেশনের ক্ষেত্রে সাংবাদিকের দায়িত্ব হবে কোনরূপ ভয়ে ভীত না হয়ে, কোন চাপের কাছে মাথা নত না করে নির্ভয়ে, এবং কাউকে খাতির না করে, কোন সুযোগ লাভের প্রত্যাশা না করে, স্বাধীনভাবে সংবাদ প্রকাশ করা। চাপ আসবে নানা মহল থেকে। সরকার থেকে, রাজনৈতিক দল থেকে, ব্যবসায়ী শিল্পপতি গোষ্ঠী থেকে, ধর্মসংঘ থেকে, এমন কি মাস্তান গুণ্ডাদের কাছ থেকেও। কেবল চাপ নয়, কোন কোন সময় ভয়-ভীতি হুমকীও আসবে। আবার সুযোগ-সুবিধা দিয়ে সাংবাদিকদের বশীভূত করার চেষ্টাও হয়। সরাসরি অর্থপ্রদান আছে, ভোজ মদ্য-পান প্রমোদ বিলাস ভ্রমণের আয়োজন আছে এমনকি সরকার থেকে অন্য বিচারে প্রায় দুষ্প্রাপ্য ফ্ল্যাট বা জমির প্লট দিয়ে সাংবাদিককে হাত করার চেষ্টাও আছে। তাছাড়া ব্যক্তিগত খাতির পছন্দ অপছন্দের ব্যাপারও আছে। তাতেও স্বাধীন ভূমিকা পালনে বাধার সৃষ্টি হয়। প্রকৃত সাংবাদিক এই সব কিছুর ঊর্দ্ধে থেকে নির্ভীকভাবে দায়িত্ব পালন করবেন, এই আশাই আমরা করি।

কিন্তু সব সময় এই জিনিষ হয় না। কিছু মৌলিক বাধা আছে। যেমন সংবাদপত্র মালিকের স্বার্থ। আমাদের দেশে এখন পর্যন্ত দৈনিক সাপ্তাহিক মাসিক সংবাদপত্রের প্রায় সবটাই এমন সব ব্যক্তির ব্যক্তিগত বা গোষ্ঠীগত সম্পত্তি যারা ধনিকশ্রেণীর অন্তর্ভুক্ত। কর্মরত বেতনভুক সাংবাদিকরা উদ্যোগ গ্রহণ করে নিজেরাই সমবায়ের ভিত্তিতে অথবা অন্য কোনভাবে সংবাদপত্র চালাচ্ছেন, এমন দৃষ্টান্ত আমাদের দেশে প্রায় নেই বললেই চলে। তাই যারা সংবাদপত্রের মালিক তারা আর দশটা ব্যবসা বা কারখানার মত সংবাদপত্রও চালাচ্ছেন। এবং

একই সঙ্গে হয়তো কেউ সারা দেশে ১০/১২টি সংবাদপত্রের মালিক। চটকলের মালিক, মোটর গাড়ীর বড় ব্যবসায়ী, আবার সেই সঙ্গে কাগজও চালাচ্ছেন। এদের মধ্যে অনেকে আবার নিজেদের পত্রিকা সম্পাদক বলে কাগজে নাম ছাপেন। জীবনে কোন দিন কলম ধরেন নি। তবু সম্পাদক! কারণ টাকা আছে। স্বাভাবিক ভাবেই এমন সংবাদপত্র-মালিক তাঁর শ্রেণী স্বার্থে সংবাদপত্র চালাবেন। এবং বেতনভুক সাংবাদিককে (বহু হাজার টাকা মাইনের সম্পাদক সহ) মালিকের কথামত লিখতে হবে। এমন অভিজ্ঞতা অনেকেরই রয়েছে, কোন একজন সাংবাদিক হয়তো অন্তরঙ্গ-মুহূর্তে বাইরে যে অভিমত প্রকাশ করেছেন, একেবারে তার বিপরীত কথা তাঁর নামাঙ্কিত প্রবন্ধে তার পর দিন সংবাদ-পত্রের পৃষ্ঠায় ছাপা হচ্ছে। মালিকের নির্দেশ! চাকরি রাখার প্রয়োজন। এরই নাম বুদ্ধিজীবী বেশ্যাবৃত্তি বা intellectual prostitution. এই প্রসঙ্গে একটি ব্যক্তিগত অভিজ্ঞতার কথা বলি। প্রায় ত্রিশ বছর আগের কথা। সত্যেন্দ্রনাথ মজুমদার বাংলার সাংবাদিক জগতে একটি উজ্জ্বল নাম। দীর্ঘ দিন তিনি আনন্দ-বাজার পত্রিকার সঙ্গে যুক্ত ছিলেন। মনুমেন্টের কাছে সাংবাদিকদের উপর পুলিশী নির্যাতনের প্রতিবাদে সত্যেন্দ্রনাথের লেখা সম্পাদকীয় প্রবন্ধের কথা কেউ কখনও ভুলবে না। সত্যেন্দ্রনাথ অল্প কিছুদিনের জন্য তখনকার দৈনিক 'সত্যযুগ' পত্রিকার সম্পাদক ছিলেন। 'সত্যযুগ' তখন বোম্বাই-এর বেনেট্ কোলম্যান কোম্পানীর মালিকানাধীন, কলকাতার মৌলালী থেকে প্রকাশিত হতো। সত্যেন্দ্রনাথের সঙ্গে জলপাইগুড়ি সূত্রে আমার কিছুটা পরিচয় ছিল। একদিন তাঁর বাড়ীতে (দক্ষিণ কলকাতায় তখন 'কালিকা' থিয়েটারের পাশে, এখনকার 'বসুশ্রী' সিনেমার পেছনে) বসে আছি। কথা প্রসঙ্গে বলছি, 'আপনাদের মতো প্রগতিশীল সাংবাদিকরা...।" ব্যস! কথা শেষ করতে দিলেন না। সত্যেন্দ্রনাথ রেগে বলে উঠলেন, "নামতে নামতে ডালমিয়ায় নেমেছি। এর পরেও বলো, প্রগতিশীল!" 'সত্যযুগের' কোম্পানী বেনেট কোলম্যানের মালিক ছিলেন ডালমিয়ারা।

সংবাদপত্র যখন মালিকের হুকুমে, তার নিজস্ব স্বার্থে ইচ্ছাকৃতভাবে মিথ্যা বিকৃত সংবাদ পরিবেশন করে তখন তা রীতিমত

ক্ষতিকর হয়ে ওঠে। পত্রিকার একটা প্রচার থাকেই। বহু পাঠক বিকৃত সংবাদের দ্বারা বিভ্রান্ত হন। সম্প্রতি কলকাতার একটি বাংলা দৈনিক দিনের পর দিন বিধানসভার উপাধ্যক্ষের বিরুদ্ধে আদা-জল খেয়ে একটানা বিকৃত সংবাদ পরিবেশন করে। কি ব্যাপার? হঠাৎ এই একটি কাগজ এইভাবে উঠে পড়ে লাগলো কেন? অনুমান, এই পত্রিকার মালিক বিশেষ একটি কেন্দ্র থেকে আসন্ন লোকসভা নির্বাচনে কংগ্রেস (ই) দলের প্রার্থী হয়ে প্রতিদ্বন্দ্বিতা করতে চান। বিধানসভা উপাধ্যক্ষের দলের নেতা এখন এই কেন্দ্র থেকে লোকসভা সদস্য। সুতরাং, জনসমক্ষে এই দলের ভাবমূর্তি নষ্ট করা প্রয়োজন। কাগজ আছে, ব্যবহার করো!

ভারতে সাংবাদিকতার একটি বড় ত্রুটি, এখানে রাজনৈতিক বিষয় কেবল প্রাধান্য নয়, বলতে গেলে পূর্ণ-প্রাধান্য পায়। মফঃস্বল থেকে প্রকাশিত অতি ক্ষুদ্র সংবাদপত্রেরও প্রায় সবটা জুড়ে থাকে রাজনৈতিক সংবাদ। রাজনৈতিক সংবাদ অবশ্যই প্রাধান্য পাবে। কিন্তু এই সঙ্গে অন্য যে-সব সামাজিক অর্থনৈতিক সাংস্কৃতিক বিষয় আছে তা প্রয়োজনীয় গুরুত্ব পায় না সংবাদপত্রের পৃষ্ঠায়। সামাজিক অনাচার অত্যাচারের খবর কম প্রকাশ পায়। তাই সমাজ সংস্কারে সংবাদপত্রের ভূমিকা বলতে গেলে কিছুই নেই।

সমাজ-সংস্কারে বিশেষ ভূমিকা পালন না করলেও সাম্প্রদায়িক দাঙ্গা-হাঙ্গামা কিংবা জাতীয় সংহতির অন্য বিষয়, এরকম গুরুত্বপূর্ণ প্রশ্নে সংবাদপত্রের একটা ইতিবাচক ভূমিকা থাকা প্রয়োজন। কিন্তু দুঃখের বিষয় অনেক সময়েই সংবাদপত্র এই দায়িত্ব পালন করে না। ক্ষেত্র বিশেষে উস্কানিদাতার ভূমিকায় দেখা যায় সংবাদপত্রকে। জাতীয় সামগ্রিক স্বার্থের পরিবর্তে আঞ্চলিক সাম্প্রদায়িক প্রভৃতি স্বার্থ প্রাধান্য লাভ করে।

সরকার কিংবা কোনও সরকারী বা আধা সরকারী প্রতিষ্ঠান অথবা সরকারের সঙ্গে যুক্ত কোন ব্যক্তি, মন্ত্রী বা অফিসার, তাঁরা কোন অন্যায় কাজ করলে তা খুঁজে বের করে প্রকাশ করা সাংবাদিকের বিশেষ দায়িত্ব। কিন্তু এই কাজ করতে হলে কঠোর পরিশ্রম করতে হয়। অনুসন্ধানীর কাজ করতে হয়। এই কাজ ঠিকভাবে করতে পারলে সরকার ইত্যাদি এবং এর সঙ্গে যুক্ত ব্যক্তিরা

ভীতসন্ত্রস্ত থাকেন, এবং লোকে জেনে যাবে এই ভয়ে অন্যায় কাজ করা থেকে তারা নিবৃত্তি থাকেন। গণতান্ত্রিক ব্যবস্থায় এর বিশেষ প্রয়োজন রয়েছে। এক সময় শ্রীনিরপেক্ষে'র কলমে কলকাতার 'যুগান্তর' পত্রিকায় যে সব তথ্য দিনের পর দিন বের হয়েছে তার গুরুত্ব সবাই স্বীকার করবেন। কিন্তু দুঃখের বিষয়, এখন খুব কম সাংবাদিকই কষ্ট করে এই অনুসন্ধানী ভূমিকা পালন করেন। খুব জোর, মন্ত্রিসভার বৈঠকের পর তিন-চার জন মন্ত্রীর ঘর ঘুরে মন্ত্রিসভার গোপন কিছু তথ্য মন্ত্রীদের মন্ত্রগুপ্তির শপথ ভঙ্গ করিয়ে, বের করেন, অথবা বামফ্রন্ট কমিটির সভার পর হতাশাগ্রস্ত কিছু নেতার বাড়ী অফিস ঘুরে সভার বামফ্রন্ট চেয়ারম্যানের ব্রিফ-করা সংবাদের বাইরে কিছু বিকৃত অর্ধসত্য (যা মিথ্যার চেয়েও খারাপ) চটকদারী কায়দায় ছাপেন। ব্যস্। এই পর্যন্ত।

বিরল সম্মানজনক কিছু সাংবাদিকের কথা বাদ দিলে দেখা যাবে এখনকার অধিকাংশ সাংবাদিক পরিশ্রম করতে চান না। কোন রকমে কাজ শেষ করতে পারলেই হলো। ইংরেজীতে কোন সংবাদ লিখে দিলে বাংলা সংবাদপত্রের অনেকে তা অনুবাদ করার পরিশ্রম-টাও করতে চান না। ফলে খবরটাই বাদ পড়ে যায়। বেশ কিছু ক্ষেত্রে দেখা যায়, সাংবাদিক অনুষ্ঠানে না গিয়েই সংবাদ লেখেন, কাগজে ছাপেন। অনেক সময় একে ওকে জিজ্ঞাসা করে জেনে নিয়ে লেখেন, আবার অনেক সময় তাও করেন না। এই তো সেদিন কলকাতার একটি বাংলা দৈনিকে ছাপা হয়েছে, দক্ষিণ কলকাতার অশ্বিনী দত্ত রোডে 'শরৎ সমিতিতে' শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ১০৯তম জন্মদিবসের অনুষ্ঠানে প্রধান অতিথিরূপে উপস্থিত ছিলেন উচ্চ শিক্ষামন্ত্রী অধ্যাপক শম্ভু ঘোষ। অথচ শম্ভু বাবু এই অনুষ্ঠানে আসেনই নি। তিনি কলকাতাতেই ছিলেন না। ছিলেন দেবানন্দপুরে, শরৎচন্দ্রের জন্মস্থানে। আসলে, শরৎ সমিতির কার্ডে প্রধান অতিথিরূপে শম্ভুবাবুর নাম ছাপা ছিল। সুতরাং অনুষ্ঠানে না গিয়ে, কোন খবর না নিয়েই সাংবাদিক লিখে দিলেন, উচ্চ শিক্ষামন্ত্রী উপস্থিত ছিলেন। ছাপাও হলো।

সাংবাদিকতার ক্ষেত্রে দীর্ঘদিন ধরে একটি কথা চালু আছে।

কোনটি সংবাদ? কুকুর যখন মানুষকে কামড়ায় তখন সংবাদ হয় না। কারণ, এটাইতো স্বাভাবিক। কিন্তু, মানুষ যখন কুকুরকে কামড়ায় (সত্যি কামড়ায় নাকি!) তখন তা হল সংবাদ। ইদানীংকালে বিধানসভার রিপোর্টিং-এর ক্ষেত্রে দেখছি, অধিকাংশ সাংবাদিক এই আপ্ত বাক্যটি 'খুব বেশি মাত্রায়' মেনে চলছেন। বিধানসভার কোন সদস্য যদি শালীনতা বজায় রেখে, খেটেখুটে ভাল বক্তৃতা করেন তবে তা অধিকাংশ সময় সংবাদপত্রে ছাপা হয় না। কারণ বোধ হয়, এটাই তো স্বাভাবিক। সভার সদস্য সভ্য হবেন। সভা-শিষ্ট আচরণ আর সংবাদ হবে কি করে! কিন্তু কোন কোন সদস্য যখন অশিষ্ট অঙ্গভঙ্গী করেন, বস্তীর মত খিস্তি সুরু করেন, তখন তা বড় সংবাদ হয়ে পড়ে। কাগজে বেশ বিরাট করেই ছাপা হয়। এর ফলে একদিকে যেমন বিধানসভার মর্যাদা ক্ষুণ্ণ হচ্ছে জনমানসে, তেমনিই সিরিয়াস সদস্য যাঁরা, তাঁরা পরিশ্রম করে পড়াশুনো করে ভাল বক্তৃতা করতে উৎসাহ বোধ করছেন না। কারণ, কাগজের পাতায় তাঁদের কোন স্থান নেই।

কোন কোন সাংবাদিক বলেন, কি করব, এখনকার পাঠক যে এই চান। তারা চটকদার গরম খবর চান। কথাটা কতটা ঠিক সেই বিতর্কে না গিয়েও প্রশ্ন করা যায়, পাঠকরুচি গঠনে কি সংবাদপত্রের কোনও ভূমিকা নেই? লোকে যদি চায় তবে খারাপ জিনিষ দিতে হবে? এরই নাম 'টেলিজিম', বা লেজুড়বৃত্তি। পেছনে যাওয়া। অগ্রবর্তী কোন দায় দায়িত্ব নেই।

আর এক দল সাংবাদিক আছেন যাঁরা নানাভাবে 'ব্ল্যাকমেল' করেন। সুযোগ-সুবিধা করে দিলে তার পক্ষে নানাভাবে কাগজে লিখবেন। আর কেউ যদি সাংবাদিকের অন্যায় কোন অনুরোধ না রাখেন তবে নানাভাবে তার বিরুদ্ধে লিখবেন। কিছু ক্ষুদ্র সংবাদপত্র আবার বিজ্ঞাপনের ব্যাপার নিয়ে 'ব্ল্যাকমেল' করে। হয়তো ৫০ ৬০ কপি ছাপা হয় কাগজ, বা তাও হয় না। কিন্তু বিজ্ঞাপন চাই। না দিলে তার বিরুদ্ধে এক লাইন লিখে নিজের পয়সায় ডাক খরচ দিয়ে বিশেষ জায়গায় পাঠাবেন। ভয়ে তাই বিজ্ঞাপন দেবেন। মন্দ ব্যবসা নয়!

বিহারে প্রেস বিলের সমর্থনে তখনকার মুখ্যমন্ত্রী জগন্নাথ মিশ্র এই কথাই বলেছিলেন, যে-সব সাংবাদিক ইচ্ছাকৃতভাবে মিথ্যা

ও বিকৃত সংবাদ পরিবেশন করবে, তাদের শাস্তির ব্যবস্থা করতে হবে। কিন্তু অসৎ বা পথভ্রষ্ট সাংবাদিকের জন্য এভাবে শাস্তির ব্যবস্থা করা যায় না। তাছাড়া এই শাস্তি-ব্যবস্থার অপব্যবহার হবার আশঙ্কা রয়েছে পূর্ণমাত্রায়। সাংবাদিকদের নিজেদেরই তাঁদের আচরণবিধি তৈরী করতে হবে। এবং, এই আচরণবিধি কেউ ভঙ্গ করলে তার শাস্তিবিধানের ব্যবস্থাও তাঁদেরই করতে হবে। নিজেদের সংঘ-সমিতির মারফৎ। সরকার আদালত বা প্রেস কমিশনের হাতেও এই দায়িত্ব দেওয়া যায় না।

॥ চার ॥

গণতন্ত্ররক্ষায় সাংবাদিকের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলেই সাংবাদিকের পদস্খলনে এত চিন্তা। কিন্তু এই প্রসঙ্গে মনে রাখা প্রয়োজন, সাংবাদিক কিছু সমাজ নিরপেক্ষ অন্য জগতের মানুষ নন। যে সমাজে আমরা সবাই বাস করি, সাংবাদিকরাও তাদের মধ্যে থেকেই আসেন। আর দশ জন যদি খারাপ হন হবে তবাও খারাপ হবেন। সর্বাঙ্গ যখন পচে যায় তখন অঙ্গবিশেষ অক্ষত থাকতে পারে না। সকলের ছোঁয়া বাঁচিয়ে সাংবাদিকরা একটা পৃথক দ্বীপে বাস করেন না। যে সমাজে এম. এল এ. কেনাবেচা হয়, দাম ওঠে মাথা পিছু ত্রিশ পঁয়ত্রিশ লাখ টাকা (হাটে গোরু ছাগল বিক্রির মত), ছাত্রের মার্কশীট জাল করে টাকা নেবার অপরাধে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা-নিয়ামক অধ্যাপকের চাকরি যায়, যেখানে মন্ত্রী বিদেশে গিয়ে মদ্যপান করে নারীঘটিত কেলেংকারীতে লিপ্ত হয়ে পড়েন, সেখানে সাংবাদিকরা সৎ নিরপেক্ষ নির্ভীক ভূমিকা পালন করবেন, এই আশা কি দুরাশা নয়?

সুতরাং, সমাজের সামগ্রিক অবক্ষয় রুখতে হবে। বলিষ্ঠ মূল্যবোধ, শক্তিশালী নৈতিকতার ওপর প্রতিষ্ঠা করতে হবে সব কিছুকে।

তাহলে কি ধরে নিতে হবে, যতক্ষণ এই জিনিষ না হচ্ছে ততক্ষণ সাংবাদিকতার ক্ষেত্রে পদস্খলনকে কোন রকমে মেনে নিয়ে গা সয়ে চলতে হবে? মোটেই নয়। এর মধ্যেও চেষ্টা করতে হবে আদর্শবোধ মেনে চলার জন্য।

আশার কথা, নতুন যে সব যুবক যুবতী সাংবাদিকতার পেশায় যোগ দিচ্ছেন তাঁদের অধিকাংশই সৎ, নিষ্ঠাবান, আদর্শব্রতী উৎসাহী কর্মী। দু-এক জন পথভ্রষ্ট থাকলেও অধিকাংশই এই পেশার মর্যাদা রক্ষায় বিশেষভাবে আগ্রহী।

ভরসা এইখানেই।

কৃত্তিবাস ওঝা

....

সংবাদপত্র ও সংবাদের বিকৃতি

'হাজার হাজার বেয়নেট অপেক্ষা তিনখানি বিরোধী সংবাদপত্র অনেক বেশী ভয়ের। হাজার হাজার বেয়নেটধারীকে মোকাবিলা করা অপেক্ষা বিরোধী সংবাদপত্রকে মোকাবিলা করা অনেক বেশী কঠিন'— কথাটা বলেছিলেন নাপোলিয়ঁ। নাপোলিয়ঁ যখন সংবাদপত্রের এই শক্তির কথা বলেছিলেন তখনও সংবাদপত্র সঠিকভাবে তার প্রভাবের রূপটা গ্রহণ করেনি। তথাপি সংবাদপত্রের প্রভাব তিনি সঠিকভাবে উপলব্ধি করেছিলেন। পরবর্তীকালে এই সংবাদপত্র আরো অনেকবেশী প্রভাবশালী হয় এবং জনমত গঠনে সবচেয়ে শক্তিধর হয়ে ওঠে। কিন্তু দিনের পরিবর্তন ঘটে, 'লাঠি তোমার দিন শেষ হইয়াছে!' একথার অর্থ আমরা জানি। কারণ গিঁটঅলা বাঁশের লাঠির দিন শেষ হয়ে ক্রমবিবর্তনে অস্ত্রের যুগে আমরা পেঁছে যাই। পিস্তল রিভলবার বা তার চেয়ে অবয়বে ক্ষুদ্র কিন্তু মারণাস্ত্র হিসাবে আরো বেশী কার্যকরী অস্ত্রের আবির্ভাব ঘটে এবং লাঠির কাল শেষ হয়ে যায়।

সংবাদপত্রও একইভাবে বেয়নেট অপেক্ষা শক্তিধর হয়ে ওঠে কিন্তু দিনের পরিবর্তনে তার সে শক্তি লোপ পেতে শুরু করে।

সংবাদপত্র যতদিন সংবাদপত্র ছিলো ততদিন তার ধারও ছিলো। তাই সংবাদপত্রের নির্ভুল নির্ভীক এবং সত্য সংবাদ অজস্র উত্থান পতনের কারণ হয়েছে। শুধু ভারতবর্ষে নয়, সারা বিশ্বে বহু সংবাদ এটম বোমার শক্তিতেও কাজ করেছে। এই কালের পরিবর্তন শুরু হয় দুটি কারণে। প্রথম কারণ, সংবাদপত্র যখন পুঁজিবৃদ্ধি ও মুনাফা শিকারের মাধ্যম হিসাবে শিল্পে পরিণত হয়, এবং শিল্প মালিকরা যেভাবে ব্যবসায়িক স্বার্থে অধিকতর মুনাফার জন্য শিল্প পরিচালনা করেন, সেই মানসিকতায় সংবাদপত্র শিল্পকেও পরিচালনা শুরু করেন। দ্বিতীয় কারণ, সংবাদপত্র সেদিন থেকে মতামতপত্রে পরিণত হয়, 'নিউজ পেপার'কে 'ভিউজ পেপারে' পরিণত করা কাল হয় সংবাদপত্রের। ওপরের এ-দুটি প্রশ্নই একে অপরের সঙ্গে যুক্ত, ব্যবসায়িক স্বার্থ ও অধিকতর মুনাফা শিকারের কারণে সংবাদপত্র মালিকরা সংবাদপত্রকে তাঁদের ইচ্ছা ও চিন্তাকে রূপ দিতেই মতামতপত্রে পরিণত করেন। মালিকদের ইচ্ছা ও চিন্তাকে রূপ দিতে সাংবাদিকরাও সংবাদের প্রতি বিশ্বস্ততা হারিয়ে মালিকের প্রতি বিশ্বস্ততা বৃদ্ধির পথ নিতে শুরু করেন। যে সাংবাদিক মালিকের মত বিশ্বস্ত তার কাজের সুযোগ তত বেশী, উন্নতির সিঁড়ি তত সরল। মালিকের মুনাফা শিকারের কৌশলের প্রতি যে সাংবাদিক যত বেশী আড়কাঠির কাজ করতে পারেন তাঁর ভাগ্যের পরিবর্তন তত তাড়াতাড়ি হয়। সংবাদপত্র মালিকরাও তাঁদের শিল্পের স্বার্থে নির্ভীক সাংবাদিক নয়, বিশ্বস্ত আড়কাঠি তৈরীতেই বেশী তৎপর হন। পরিণতি আজকের সংবাদপত্র।

একটা প্রক্রিয়ার মধ্য দিয়ে সংবাদপত্র মালিকরা সংবাদপত্রকে যেমন সংবাদের প্রতি বিশ্বস্ত থাকতে দেয়নি সাংবাদিকদেরও তেমনি। সাংবাদিকতার বিশেষ পেশায় যাদের আসা উচিত ছিল না তাদের অনেকের আগমন ঘটে এই শিল্পে। সংবাদপত্রকে চটকদারি করতে, তাকে নিজস্ব মত ও প্রভাবের মাধ্যম হিসাব ব্যবহার করতে এই নবাগতদের বিশেষ ভাবে তালিম দিয়ে গড়ে তোলা হয়। সাংবাদিকতার পেশায় আগত এই নবাগতকরা সংবাদপত্রকে চটকদারি করতে

নানাভাবে পটুত্ব দেখিয়ে মালিকের মন জয় করতে শুরু করে। নিজস্ব কারখানায় প্রস্তুত সংবাদ সংবাদপত্রের প্রচার সংখ্যা বৃদ্ধির বিশেষ সহায়ক হয়ে ওঠায় এই সাংবাদিকরা অতি দ্রুত মালিকের 'চোখের সবুজ দ্যুতিতে' পরিণত হয়। এই সাংবাদিকরা যা ঘটেছে সেটা সংবাদ নয়, যা ঘটেনি অথবা ঘটবে না তাকে সংবাদ করে নিজেদের কৃতিত্ব বৃদ্ধির পথ হিসাবে নেয়। এর মধ্যে আবার শুরু হয়ে যায় প্রতিযোগিতা। একজন যখন একটি অর্ধসত্যকে সংবাদ হিসাবে পরিবেশন করে কাগজের কাটতি বাড়ান এবং মালিকের মন পান, আর একজন তখন ষোলোআনা মিথ্যেকে সংবাদ করে আরো বেশী প্রচার ও মালিকের কাছে আরো বেশী বাহবা পেতে আত্মোৎসর্গ করেন। এই প্রতিযোগিতা থেকে মুক্ত আজ কেউ নয়। ছোটো বড় সব কাগজই আজ মুনাফা শিকারে সাংবাদিকদের প্রতিযোগিতায় নামিয়ে দিয়েছে। ভিত্তিহীন উদ্দেশ্যমূলক সংবাদ কতরকম প্রতিক্রিয়া সৃষ্টি করে তার অতি সামান্য দু-একটি নমুনা তুলে ধরবার চেষ্টা করছি। আরো অনেক বেশী নমুনা তুলে ধরা সম্ভব। কিন্তু সেটা এই মুহূর্তে কারো পক্ষেই ভালো না হতে পারে।

এই উনিশশো চুরাশি সালের জুন মাসে উত্তরপ্রদেশের ফৈজাবাদ শহরে সংবাদপত্রের একটি কাহিনী শোনালেন কেন্দ্রের যোগাযোগমন্ত্রী অধ্যাপক ভি এন গ্যাডগিল। কাহিনীটি তাঁরই আর এক সহকর্মী কেন্দ্রীয় মন্ত্রী সম্পর্কে। আচার্য বিনোবা ভাবে মারা গেছেন, তাঁর মৃত্যুর পরে বেতার ও দূরদর্শনে অনেকের শোকবাণী প্রচারিত হলো। বিনোবাজীর মৃত্যুর দ্বিতীয় দিনে বোম্বাই-র সংবাদপত্রে একটি সংবাদ প্রকাশিত হল। সংবাদটি হলো এই—বিনোবাজীর মৃত্যুর দ্বিতীয় দিনে কেন্দ্রীয় তথ্য ও বেতার দপ্তরের মন্ত্রী বসন্ত শাঠের মা বোম্বাই দূরদর্শন কেন্দ্রের কর্তৃপক্ষকে ফোন করে বলেছেন, দূরদর্শনে বিনোবাজীর মৃত্যুর পর অনেক মন্ত্রীর বক্তব্য বিবৃতি শোকবাণী প্রচার করা হয়েছে কিন্তু তাঁর পুত্র বসন্ত শাঠের কোন শোকবাণী প্রচার করা হয়নি কেন?—এই নিয়ে শাঠের মাতার সঙ্গে দূরদর্শন কর্তৃপক্ষের কথাবার্তা ক্ষোভ নিয়ে বিরাট সংবাদ।

সংবাদপত্রের এই সংবাদ পড়ে তথ্যমন্ত্রী বসন্ত শাঠে সেই

সংবাদপত্রে চিঠি লিখে বললেন, আপনাদের পত্রিকায় প্রকাশিত এই সংবাদটি নির্ভুল বা সত্য নয়। সেই সংবাদপত্র প্রথমে তথ্যমন্ত্রীর সেই পত্রকে প্রকাশ করে নি, কিন্তু পরে প্রকাশ করে নিজেরা লিখলো যে, তথ্যমন্ত্রীর পত্র ছাপা হল, কিন্তু সংবাদপত্রে প্রকাশিত সংবাদটি মিথ্যা নয়। বসন্ত শাঠে সেই সংবাদপত্র কর্তৃপক্ষকে আর একখানি পত্র লিখলেন, বললেন, আপনারা আপনাদের সংবাদের সত্যতা সম্পর্কে খুবই বিশ্বস্ত এবং আস্থাবান এতে আমি খুবই আনন্দিত হয়েছি। তবে আমার বিনীত বক্তব্য হলো, আমার মাতৃদেবীর যে টেলিফোন নিয়ে এরকম খোশ খবর আপনারা প্রকাশ করেছেন আমার সেই মাতৃদেবীর প্রয়াণ ঘটেছে দুবছর আগে। দুবছর আগে তাঁর ইহলোক ত্যাগ, দুবছর পর তাঁকে নিয়ে সংবাদ বলার কিছু নেই।

বসন্ত শাঠের এই পত্র পাবার পর ভারতের বৃহৎ শিল্পপতি গোষ্ঠীর এই সংবাদপত্র যেমন এক লাইন লিখে দুঃখ প্রকাশ করেনি তেমনি যে সাংবাদিক দু-বছর আগে প্রয়াত মহিলাকে নিয়ে সংবাদ রচনা করেছিলেন তাঁর সম্পর্কেও কোনো ব্যবস্থা নেয়নি।

আমাদের পশ্চিমবঙ্গে মন্ত্রী এবং রাজনৈতিক নেতাদের ব্যক্তিগত জীবন এবং চরিত্র নিয়ে সংবাদ সৃষ্টি এক নতুন ফ্যাশনে পরিণত হয়েছে। এরকম অজস্র সংবাদ রচনা হয়েছে এবং তার যে প্রভাব—সেটাও প্রতিফলিত হয়েছে। এরকম একটি সংবাদ সৃষ্টির নজির এখানে তুলে ধরছি। এই সংবাদটি এবং এই সংবাদকে কেন্দ্র করে যে সব ঘটনা সেদিন সত্তরের দশকের গোড়ায় ঘটেছিলো তার পূর্ণ বিবরণ লিখলে রহস্যলহরী সিরিজের একখানি উপন্যাস হতে পারে। সেই যোগ্যতা এবং লক্ষ্য কোনোটাই আমার নেই।

সত্তরের দশকের গোড়ায়, সিদ্ধার্থ শঙ্কর রায়ের মন্ত্রিসভা ও মন্ত্রীদের নিয়ে সংবাদ সৃষ্টির তখন ঢল নেমেছে। মন্ত্রীর মদ্যপানের বিল, নানা মন্ত্রীর নানা দুর্নীতি আরো সব খবর নিয়ে কোলকাতার কাগজের বাজার গরম। আগেই বলেছি, এ ক্ষেত্রে একটা প্রতিযোগিতা আছে। এই টালমাটালের কালে অনেক মন্ত্রী দারপরিগ্রহ করলেন। ভিন্ন রাজ্যে বিয়ের বরযাত্রী হিসাবে অনেক রাজনৈতিক নেতা গেলেন, একজন মন্ত্রী গেলেন, বিয়ের পর মন্ত্রী মশায় নববধূকে নিয়ে কোলকাতা ফিরে দার্জিলিং মেলে নিজের

 জেলায় গেলেন।

এর ক'দিন পরেই সংবাদপত্রে সংবাদ। সেই সংবাদের মর্মকথা হলো, মন্ত্রিমশায় আসলে বিবাহ করেননি, তিনি পরস্ত্রী হরণ করেছেন। সেদিন এই সংবাদ মন্ত্রিসভাকে টলিয়ে দিয়েছিলো। এই সংবাদটি প্রকাশ নিয়েও সংবাদপত্রের মধ্যে যা ঘটেছিলো সেটাও, আর এক উপন্যাসের সিরিজ।

এই সংবাদপত্রেতেই তদন্ত করে দেখা গিয়েছিলো সংবাদটি মিথ্যা এবং অভিসন্ধিমূলক। ছাপাও হয়েছিলো বার্তা-সম্পাদকের অজ্ঞাতে। কিন্তু এই সংবাদ সেইদিন রথের দিনের পাঁপর ভাজার মত কাগজের কাটতি বাড়িয়েছিলো। আর সেই মন্ত্রী এবং রাজ্য মন্ত্রিসভার কী ধরণের বিপত্তি ঘটেছিলো তার উল্লেখ নিষ্প্রয়োজন।

মাত্র গত বছরের কথা। সংবাদপত্রের একটি মর্মস্পর্শী সংবাদ পড়ে সেই দিন রাজ্যের সর্বস্তরের মানুষ ডেলি-প্যাসেঞ্জার মহিলাদের প্রতি চরম ক্ষিপ্ত হয়ে উঠেছিলেন। সংবাদটি ছিলো এরকম—শিয়ালদা থেকে রানাঘাট যাবার পথে সন্ধ্যার মুখে একটি আপ ট্রেনের মহিলা কামরায় একটি যুবক চলন্ত গাড়ীতে উঠে পড়ে। কামরার মহিলারা সেই যুবককে গাড়ীর ভেতরে ঢুকতে দেয় না। চলন্ত গাড়ী থেকে তাকে ঠেলে ফেলবার চেষ্টা করে, বাইরে ঝুলন্ত অবস্থায় যুবকটি বিদ্যুতের পোস্টে ধাক্কা লেগে পড়ে যায় ও মারা যায়। সেই যুবকের করুণ মৃত্যুর কাহিনী যেদিন সংবাদপত্রে প্রকাশিত হল তার পরদিন শহরতলীর কোনো ট্রেনে সাধারণ কামরায় মেয়েদের উঠতে দেওয়া হয়নি। অজস্র ডেলি প্যাসেঞ্জার মহিলাকে স্টেশনে, ট্রেনের কামরা নিগৃহীত করা হয়েছে (টেনে কাপড় খুলে নেওয়া পর্যন্ত), দলবদ্ধভাবে মহিলা কামরার সামনে গিয়ে মহিলাদের মুখে থুতু দেওয়া হয়েছে। অর্থাৎ একজন যুবকের মৃত্যুর জন্য দায়ী হিসাবে সমস্ত ডেলি-প্যাসেঞ্জার মহিলাকে আসামী করে শাস্তি দেওয়া শুরু হলো।

দু'দিন পরে জানা গেল সংবাদটি নির্ভেজাল মিথ্যা এবং কাল্পনিক।

এই উনিশশো চুরাশি সালের গোড়ার দিকের কথা। ফরওয়ার্ড ব্লকের রাজ্য সম্মেলন অনুষ্ঠিত হল বহরমপুর শহরে।

কোলকাতা থেকে দল বেঁধে সাংবাদিকরা গেছেন, খুবই আদর যত্নে সাংবাদিকদের বহরমপুরে রাখা হয়েছে। সম্মেলন যেদিন শেষ হবে সেদিন সরস্বতী পুজো, কাগজ বন্ধ। তাই সম্মেলন শেষ হবার একদিন আগে বেশীরভাগ সাংবাদিক বহরমপুর ছেড়ে এলেন, বহরমপুর ছেড়ে আসবার আগে সম্মেলন সম্পর্কে সাংবাদিকদের যা যা বিবরণ দেবার অশোক ঘোষ ও নির্মল বসু দিয়ে দিলেন। পরদিন একটি সংবাদপত্রের প্রধান সংবাদ দেখে অন্য সাংবাদিকদের চোখ ছানাবড়া হয়ে গেলো। সেই সংবাদপত্রে বিরাট করে সংবাদ প্রকাশিত হয়েছে এবং সেই সংবাদ প্রকাশিত হয়েছে দলেরই একটি দলিল উদ্ধৃত করে। কোলকাতায় ফিরে আসা সাংবাদিকরা ফরওয়ার্ড ব্লক নেতাদের উপর খুবই রুষ্ট হলেন, এমন মুখরোচক ও চাঞ্চল্যকর সংবাদ একটি মাত্র কাগজ পেলো, অন্য কাগজ পেলো না, এমনকি গোপন দলিলও সেই কাগজটি পেয়েছে।

সরস্বতী পুজোর পরদিন ফরওয়ার্ড ব্লক দপ্তরে সাংবাদিক সম্মেলন শুরু হতেই সাংবাদিকরা প্রায় একযোগে অশোক ঘোষ ও নির্মল বসুকে চেপে ধরলেন। বহরমপুর সম্মেলনের দলিল একটি মাত্র পত্রিকাকে দেওয়া হল কেন?

মুখ খুললেন নির্মল বসু। তিনি সেই চাঞ্চল্যকর সংবাদের স্রষ্টা সাংবাদিককে ধরলেন, আপনি এত বড় সংবাদ যে করলেন এবং দলিল থেকে উদ্ধৃতি দিলেন, এ দলিল পেলেন কোথায়?

সেই সাংবাদিক গম্ভীর মেজাজে বললেন, দলিল তিনি পেয়েছেন। নির্মল বসু তখন বহরমপুর সম্মেলনে গৃহীত সমস্ত দলিল সাংবাদিকদের সামনে ফেলে বললেন এইসব দলিল, দেখান এর মধ্যে কোন দলিল ভিত্তি করে সংবাদ পাঠিয়েছেন।

সেই সাংবাদিক বেশ কিছু সময় দলিলগুলি নাড়াচাড়া করে বললেন, এর মধ্যে সেই দলিল নেই। এবার নির্মল বসু হাটে হাঁড়ি ভাঙলেন। বললেন জগন্নাথ মিশ্র বিহার প্রেস বিল করেছেন, তার বিরুদ্ধে সাংবাদিকরা লড়াই করছেন, কিন্তু জগন্নাথ মিশ্রও খুব কম যন্ত্রণায় এই বিল আনেননি।

নির্মলবাবু বললেন, এই মাননীয় সাংবাদিক ফরওয়ার্ড ব্লকের পাঁচ বছর আগের পুরাতন এবং পরিত্যক্ত একটি দলিল থেকে এই সংবাদ করেছেন। পাঁচ বছর আগের একটি প্রস্তাবকে পাঁচ বছর

পরে অনুষ্ঠিত সম্মেলনের প্রস্তাব হিসাবে প্রকাশ করে সব সংবাদপত্রকে টেক্কা দিতে চেয়েছেন। সেই সাংবাদিক অবশ্য খুব লজ্জা পাননি, কিন্তু উপস্থিত অন্য সাংবাদিকরা সকলেই লজ্জায় মাথা নীচু করেছিলেন।

এইভাবে একের পর এক নজির দিয়ে দেখানো যেতে পারে মিথ্যা, ভিত্তিহীন, কুৎসামূলক সংবাদ সৃষ্টি বর্তমানে একটা অভ্যাসে পরিণত হয়ে গেছে। এর জন্য সাংবাদিকদের ষোলোআনা দায়ী করা যায় না, কারণ এই সংবাদ সৃষ্টি এবং সংবাদের জনক সাংবাদিককে মালিকরাই প্রশ্রয় দিয়ে থাকেন। অসত্য, মিথ্যা, চরিত্রহনন, এ সবই শাস্তিযোগ্য অপরাধ। কোর্টে মিথ্যা সাক্ষী দিলে, মিথ্যা হলফনামা করলে শাস্তি হয়। যে কোনো চাকরিতেই মিথ্যা এবং ভুল শাস্তিযোগ্য অপরাধ। ব্যতিক্রম সংবাদপত্র। এখানে মিথ্যা সংবাদ লিখলেও কোনো অপরাধ হয় না। মিথ্যা সংবাদ লিখে কোনো সাংবাদিক শাস্তি পেয়েছে, এমন নজির নেই।

আর এই কারণেই মিথ্যা ও আজগুবি সংবাদের বিরতিহীন প্রতিযোগিতা চলছে। পরিণতি আজ এই, মানুষ আজ আর সংবাদপত্রের সংবাদকে সত্য ও অভ্রান্ত মনে করে না। মানুষের চেতনা বুদ্ধিতে পরিস্থিতি এমন জায়গায় গেছে যে, যে-কোন সংবাদ দেখে পাঠক বিচার করতে বসেন সংবাদটি কোন কাগজে বার হয়েছে এবং আরও গভীরে দেখার চেষ্টা করেন, কোন সাংবাদিক খবরটি লিখেছেন। একটা সময় ছিলো, যখন ছাপার অক্ষরে প্রকাশিত সংবাদকে মানুষ সত্য এবং অভ্রান্ত মনে করতেন, কিন্তু আজ কোনো সংবাদই পাঠকের কাছে সত্য, অভ্রান্ত নয়।

বিশ্বাসযোগ্যতা হারিয়ে সংবাদপত্র ধীরে ধীরে শুধু মাত্র কিছু মানুষের চাকরি ও মালিকের মুনাফা শিকারের মুখপত্রে পরিণত হচ্ছে। সংবাদপত্র একদা দুষ্টের দমনে বাঘের মত ভীতিপ্রদ ছিলো। আজ নখদন্ত হারিয়ে সে বাঘ পরিণত হচ্ছে কাগুজে বাঘ-এ। নাপোলিয়ঁ যাকে বেয়নেট থেকে শক্তিশালী মনে করতেন সেই সংবাদপত্র বেয়নেট থেকে আজ কাগজের—কাগুজে বাঘ, কাগুজে বেয়নেট—যা কারো কাছে ভীতিপ্রদ নয়।

বিভিন্ন [illegible]

সংবাদপত্রের আভ্যন্তরীণ সংগ্রাম

সাংবাদিকদের ট্রেড ইউনিয়ন আন্দোলন আজও খুবই দুর্বল। বিশেষ করে কলকাতার ছোট বড় মাঝারি সব কাগজের সাংবাদিকদের ক্ষেত্রেই এ কথাটা বড্ড বেশী সত্যি। অথচ সাংবাদিকদের সঙ্ঘবদ্ধ করার কাজে কলকাতাই ছিল পথিকৃৎ। সাংবাদিকদের ন্যূনতম মজুরি আদায়ের সংগ্রামের নেতৃত্বও ছিল কলকাতারই হাতে। সেই ঐতিহ্যের সার্থক উত্তরাধিকারী হিসাবে তৃতীয় বেতন বোর্ডের সামনে যিনি দাঁড়িয়েছিলেন সেই প্রফুল্লরতন গাঙ্গুলী ছিলেন কলকাতার সাংবাদিকদের পেশাগত এবং ট্রেড ইউনিয়ন সংস্থা ভারতীয় বার্তাজীবী সঙ্ঘের (ইন্ডিয়ান জার্নালিস্টস্ এসোসিয়েশন) অবিসম্বাদী নেতা। এই সব সংগ্রামী ঐতিহ্য সত্ত্বেও বীমা, ব্যাঙ্ক, সরকারী বেসরকারী দপ্তরখানার 'বাবু' ট্রেড ইউনিয়ন তাদের মালিক বা পরিচালকদের বিরুদ্ধে লড়াই করার যে তাগদ ধরে, 'সাংবাদিকবাবুদের' ট্রেড ইউনিয়ন তার তুলনায় অত্যন্ত হীনবল।

এই হীনতার কারণ অনুসন্ধানের আগে দেখা দরকার শুরুটা হয়েছিল কি ভাবে। মৃণালকান্তি বসু তাঁর স্মৃতি কথায় লিখেছেন অমৃতবাজার পত্রিকার 'ঘোষিত সম্পাদক হয়ে' ১৯২২ সালে Indian Journalists' Association প্রতিষ্ঠা করি।' "চাকুরে সাংবাদিক-দের (Working Journalists)" কষ্ট দেখে তিনি এই সঙ্ঘ প্রতিষ্ঠায় ব্রতী হয়েছিলেন। কী কষ্ট ? না, "এই সব নামহীন সাংবাদিকদের অর্থাগম হয় কম। আবার চাকুরী গেলে চাকুরী পাওয়াও মুস্কিল হয়। আর যদিও বা চাকুরী জোটে তো কোন উপযুক্ত দাবী করতে পারেন না। (পাতা ১২৩-২৪)।" অর্থাৎ ট্রেড ইউনিয়ন আন্দোলনের মূল চিন্তাই মৃণালকান্তির মনে সাংবাদিকদের সঙ্ঘবন্ধ করার প্রেরণা যুগিয়েছিল। তার মাত্র দু-বছর আগে প্রতিষ্ঠা হয়েছিল নিখিল ভারত ট্রেড ইউনিয়ন কংগ্রেস। কলেজে পড়ানো এবং সংবাদপত্রের সেবা করার সঙ্গে সঙ্গে মৃণালকান্তি মজুর আন্দোলনেও যুক্ত ছিলেন ঘনিষ্ঠভাবে। এ আই টি ইউ সিতে তাঁর স্থান ছিল বেশ ওপরের দিকে। বি পি টি ইউ সি'র সভাপতিরূপে তিনি কাজ করেছেন দীর্ঘকাল।

এই মৃণালকান্তির ব্যক্তিগত উদ্যোগে প্রতিষ্ঠিত সঙ্ঘের প্রথম সাধারণ সভা অনুষ্ঠিত হয় ১৯২২ সালের ১৬ জুলাই ইন্ডিয়ান এসোসিয়েশন হলে। সেই সভাতেই ঠিক হলো, সঙ্ঘ অন্যান্য অনেক বিষয়ের সঙ্গে "সংবাদপত্র অফিসে নিযুক্ত কর্মচারীদের বেতন ও ছুটির ব্যবস্থা করার জন্য আন্দোলন করবে" (পাতা ১২৭)। সে সময়ে বেতনভুক সাংবাদিকদের আর্থিক অবস্থা ছিল শোচনীয়। অনেকেরই বেতন সামান্য। অতি অল্প সংখ্যক সংবাদপত্রের অফিসে প্রভিডেন্ট ফান্ড আছে। কাজ গেলে দুরবস্থার একশেষ হয়। বেতন বৃদ্ধির কোন নিয়ম নেই। বহু বৎসর হয়ত একই বেতন আছে। কারো কারো আবার কমে যায় (সূত্র—ঐ, পাতা ১৪৩—৪৪)।

১৯২৯ সালের ১ জানুয়ারি কলকাতায় সর্বভারতীয় সাংবাদিক অধিবেশন অনুষ্ঠিত হলো। এই সম্মেলনে Indian Daily Mirror পত্রিকার সম্পাদক মিঃ কে নটরাজন তাঁর ভাষণে সাংবাদিকতাকে কি করে অন্যতম বৃত্তিতে (profession) পরিণত করা যায় তার আভাষ দেন। ওই কনফারেন্সে সর্বভারতীয়

সাংবাদিক সঙ্ঘ স্থাপন এবং সাংবাদিকদের পদমর্যাদা ও চাকুরীর অবস্থার উন্নতির জন্য পরিকল্পনা তৈরীর ভার দেওয়া হয় একটি কমিটির হাতে। মৃণালকান্তিকে করা হল এই কমিটির সম্পাদক।

এই কমিটি বিশেষ কিছু কাজ করতে পারে নি। ফলে সাংবাদিকদের অবস্থা যেমন ছিল প্রায় তেমনই থেকে যায়। ইতিমধ্যে দ্বিতীয় বিশ্বযুদ্ধ এবং মুদ্রাস্ফীতির মতো যুগান্তকারী ঘটনাগুলি ঘটে যায়। এ সবের পরিণামে শ্রমিক কর্মচারীদের আর্থিক দুর্দশা যতই বাড়ে ততই তাদের ট্রেড ইউনিয়ন আন্দোলন জোরদার হয়। দাবি, সংগ্রাম, ধর্মঘটের জোয়ার আসে প্রায় প্রতিটি সংগঠিত শিল্পে এবং সংস্থায়। সাংবাদিকরা সে সব বিবরণ নিপুণভাবে লিপিবদ্ধ করেন এবং বাকি সময় ঘুমিয়ে থাকেন। প্রথম ঘুম ভাঙে আনন্দ-বাজার, হিন্দুস্থান স্ট্যান্ডার্ড, দেশ পত্রিকা গোষ্ঠির প্রেস কর্মী ও সাংবাদিকদের নিয়ে। ১৯৪৭ সালের ৭ ডিসেম্বর তাঁরা একটি ইউনিয়ন গড়ে তুললেন। সভাপতি করলেন মৃণালকান্তিকে।

কলকাতায় যখন চেষ্টা সবে সুরু হলো বোম্বাইয়ে তখন সাফল্য এসে গিয়েছিল। টাইমস অব ইন্ডিয়ার বৃটিশ মালিকরা ১৯৪৬ সালে সমস্ত কর্মী ও সাংবাদিকদের জন্য বেতন হার চালু করলেন। তাতে রিপোর্টার ও সাব-এডিটারদের জন্য সর্ব্বোচ্চ বেতন নির্দ্ধারিত হয়েছিল মাসিক এক হাজার টাকা। সেই সঙ্গে শতকরা ৩১ টাকা হারে মহার্ঘ ভাতা। ১৯৫৭ সালে সরকার নির্দ্ধা-রিত প্রথম জাতীয় বেতন হার চালু হবার সময় টাইমস অব ইন্ডিয়ার সি পি আই পরিচালিত ইউনিয়ন বেতনের সর্ব্বোচ্চ হার ১০০০ টাকায় বদলে ৬১০ টাকায় নামিয়ে আনতে মালিকদের সাহায্য করে (Composite Unions and Their Leadership, V. N. Bhusan Rao, The Bombay Journalists, 1982)।

দেশের অন্যান্য জায়গার সাংবাদিকরাও ততদিনে বুঝে গেছেন, সংবাদপত্র একটা শিল্পে পরিণত হয়ে গেছে। এই শিল্প থেকে মালিকদের মুনাফার পরিমাণও বেড়ে চলেছে হু হু করে। অথচ সাংবাদিক এবং সংবাদপত্র কর্মীরা বেঁচে থাকার মত মজুরী পাচ্ছেন না। চাকুরির নিরাপত্তা বলেও কিছু নেই।

সাংবাদিকদের স্বার্থে সর্বভারতীয় ভিত্তিতে এই অবস্থার একটা পরিবর্তন করা যায় কিনা তার চেষ্টা করতে এবার সক্রিয়

হলেন লক্ষ্ণৌর সাংবাদিকরা। ইউ পি ওয়ার্কিং জার্নালিস্টস্ ফেডারেশনের নেতৃত্বে তাঁরা দিল্লির এবং অন্যান্য কেন্দ্রের সাংবাদিক সংস্থাগুলির সঙ্গে যোগাযোগ করে ১৯৫০ সালের ২৮-২৯ অক্টোবরে এক কনভেনশন করলেন দিল্লীতে। কনভেনশন তো হলো কিন্তু তার থেকে সাংবাদিকদের একটি জাতীয় ট্রেড ইউনিয়ন সংস্থা গড়া হবে কিনা তা নিয়ে ২৩টি সংস্থার ৮৩ জন প্রতিনিধির মধ্যে প্রবল মতভেদ দেখা দিল। একদল প্রতিনিধি চাইলেন, এই কনভেনশন থেকে প্রতিষ্ঠিত সংস্থা ইন্ডিয়ান ফেডারেশন অব ওয়ার্কিং জার্নালিস্টস্ ট্রেড ইউনিয়ন কাজকর্ম করুক। মৃণালবাবুর মতো এক বড় ট্রেড ইউনিয়ন নেতা যখন সেই মতের বিরোধিতা করলেন তখন তাঁর সমর্থক পেতে দেরী হলো না। ফলে প্রস্তাবের ওপর ভোটাভুটি করতে হলো। আই এফ ডব্লু জে কে ট্রেড ইউনিয়ন কেন্দ্র হিসাবে গড়ে তোলার প্রস্তাব সমর্থন করলেন আটটি রাজ্য ইউনিট। বিরোধিতা করল পশ্চিমবঙ্গ সহ আর আটটি রাজ্য ইউনিট। কয়েকটি রাজ্য ইউনিট শ্যাম না কুল কোনটা রাখবে তা ঠিক করতে পারল না। ফলে তাদের প্রতিনিধিরা ভোট দিল না। সভাপতিও কোন পক্ষ নিলেন না। ফলে মৃণালবাবুর প্রস্তাব মতো বিষয়টির ফয়সালার ভার দেওয়া হলো একটি কমিটির হাতে। কমিটি রায় দিল, ফেডারেশন হবে ট্রেড ইউনিয়ন সংস্থা। সেই ভাবে এর গঠনতন্ত্র রচিত হলো এবং ১৯৫১ সালের ১২-১৩ মার্চ বোম্বাইয়ে এক সম্মেলন তা গ্রহণও করল। ফেডারেশনের আনুষ্ঠানিক প্রথম সম্মেলন হলো কলকাতায় ১৯৫২ সালের ১২-১৩ এপ্রিল। সভাপতি ছিলেন জওহরলাল নেহরুর কাগজ National Herald-এর সম্পাদক এম চলাপতি রাও।

ফেডারেশন কলকাতা অধিবেশনে দাবি করল, ভারতের সংবাদপত্র শিল্প এবং সাংবাদিকদের অবস্থা সম্পর্কে অনুসন্ধানের জন্য প্রেস কমিশন গঠিত হোক। কেন্দ্রীয় সরকার সেই দাবি গ্রহণ করে অক্টোবর মাসে বিচারপতি জি এস রাজাধ্যক্ষকে চেয়ারম্যান করে কমিশন নিয়োগ করলেন। কমিশনের কাজের আওতায় সাংবাদিকদের নিরাপত্তা, বেতন ইত্যাদিও ছিল। প্রেস কমিশন তার রিপোর্টে অন্যান্য বিষয়ের সঙ্গে সাংবাদিকদের জীবন ও জীবিকার উন্নতির জন্য কিছু ব্যবস্থা নেবার প্রস্তাব করল। তাতে বলা হলো, সারা

দেশে সাংবাদিকদের ন্যূনতম বেতন করতে হবে ১২৫ টাকা। সরকার সেই মতো সংসদে একটি বিল আনার ব্যবস্থা করল। মালিক পক্ষ চাপ দিতে লাগলেন, ন্যূনতম বেতন যেন কোন মতেই ৯০ টাকার বেশী না করা হয়। কেন্দ্রীয় তথ্য ও বেতার মন্ত্রী বি ভি কেশকার বিলটি রাজ্য সভায় পেশ করতে দেখা গেল তাতে ন্যূনতম বেতন নির্দ্ধারণের কথা নেই। তার বদলে রয়েছে "ন্যূনতম বেতন বোর্ডের" কথা। ফেডারেশন নেতৃত্ব এই নতুন পরিস্থিতিকে নিজেদের অনুকূলে টেনে নেবার জন্য কাজে নেমে পড়লেন। এবং এব্যাপারে তাঁরা আর ভেঙ্কটরমন (বর্তমান উপ-রাষ্ট্রপতি), কে রঘুরামাইয়া, টি এন সিং (পশ্চিমবঙ্গের প্রাক্তন রাজ্যপাল), নবাব সিং চৌহান প্রমুখ কংগ্রেস সদস্যদের এবং সংসদ বিষয়ক মন্ত্রী সত্যনারায়ণ সিনহার কাছ থেকে প্রভূত সহযোগিতা পেয়ে গেলেন। সংশোধিত অবস্থায় বিলটি গৃহীত হল। তাতে থাকল সাংবাদিকদের জন্য বেতন বোর্ড গঠনের ব্যবস্থা।

এই সব ঘটনা দেখে মালিক পক্ষ প্রতি আক্রমণ শুরু করলেন। টাইমস অফ ইন্ডিয়া কর্তৃপক্ষ নির্দেশ জারি করলেন, তাঁদের কোন সাংবাদিক ট্রেড ইউনিয়নের অর্থাৎ ফেডারেশনের সদস্য থাকতে পারবেন না। এই বেআইনী সার্কুলার প্রত্যাহারে টাইমস কর্তৃপক্ষের ওপর প্রভাব বিস্তার করার অনুরোধ জানাতে ফেডারেশনের প্রতিনিধিরা বোম্বাইয়ের মুখ্যমন্ত্রী মোরারজী দেশাইয়ের কাছে আবেদন করলেন। মোরারজী বললেন, তোমরা যদি প্রমাণ করতে পার সাংবাদিকরা আইনের চোখে "Work men" তা হলে তোমরা যা চাইছ নিশ্চয় তাই করব। কানপুরের বিশ্বমিত্র পত্রিকা বনাম তার সাংবাদিকদের মামলায় সুপ্রীম কোর্টের রায় উল্লেখ করে তাঁকে দেখিয়ে দেওয়া গেল ভারতের সর্বোচ্চ আদালত সাংবাদিকদের শিল্প বিরোধ আইনে (১৯৪৭) বর্ণিত "Work-men" হিসাবে স্বীকার করে নিয়েছে।

ওদিকে কেন্দ্রীয় শ্রমমন্ত্রী খান্ডুভাই দেশাই ততদিনে সাংবাদিকদের জন্য বেতন বোর্ড নিয়োগ করেছেন। তাতে ফেডারেশনের তিনজন প্রতিনিধির অন্যতম ছিলেন বর্তমান উপরাষ্ট্রপতি আর ভেঙ্কটরমন। কিন্তু ইন্ডিয়ান এক্সপ্রেসের তরফে রামনাথ গোয়েঙ্কা সুপ্রীম কোর্টে মামলা করায় বেতন

বোর্ডের রায় চালু করা গেল না। সাংবাদিকরা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী গোবিন্দ বল্লভ পন্থকে মধ্যস্থ মানলেন তাঁর সুপারিশও মালিক পক্ষ অগ্রাহ্য করে দিল। শেষ পর্যন্ত কেন্দ্রীয় শ্রম মন্ত্রণালয় একটি ওয়েজ কমিটি গঠন করে সাংবাদিকদের জন্য একটি বেতন হার চালু করলেন। অধিকাংশের ক্ষেত্রে সে হার ছিল প্রয়োজন, প্রত্যাশা ও শিল্প থেকে পাওয়া মুনাফার তুলনায় অনেক কম।

প্রেস কমিশনের সুপারিশ থেকে কেন্দ্রীয় সরকার সাংবাদিকদের কাজের নিরাপত্তা ও অন্যান্য সুযোগ-সুবিধার ব্যবস্থা করেন। ১৯৫৫ সালে এই ব্যাপারে পর পর দুটি আইন রচিত হয়। প্রথম আইনটির নাম The Working Journalists Industrial Disputes Act, 1955। পরে এই আইন বাতিল করে সেই বছরই সংসদ The Working Journalists (Conditions of service) & Miscellaneous Provisions Act, 1955 গৃহীত হয়। এই আইনে অন্যান্য ব্যবস্থার মধ্যে সাংবাদিকদের ছুটি, বেতন নির্ধারণ, গ্রাচুইটি, চাকুরির নিরাপত্তা ইত্যাদির বিধিবদ্ধ সুযোগ সৃষ্টি করা হলো। পরবর্তী সময়ে দ্বিতীয় এবং তৃতীয় ওয়েজ বোর্ড সাংবাদিকদের বেতন বৃদ্ধি করেছে। সাংবাদিকদের একাংশ এখন নৈশ ভাতা এবং বাড়ি ভাতাও পেয়ে থাকেন বিধিবদ্ধ অধিকার হিসেবে।

তারই মধ্যে মালিকরা আইন লঙ্ঘন করে থাকেন যথেষ্ট। এ ব্যাপারে এক শ্রেণীর ছোট বড় কাগজে কোন ভেদ নেই। এই সব ক্ষেত্রে সব চেয়ে অবাক লাগে রাজ্য শ্রম দপ্তরের ভূমিকা। তা দেখে যেন মনে হয়, শ্রম দপ্তরের প্রত্যক্ষ আসকারাতেই বিভিন্ন সংবাদপত্রে সাংবাদিকদের বেআইনীভাবে শোষণ এবং প্রাপ্য বেতন ও মর্যাদা থেকে বঞ্চিত করা হয়ে থাকে। এমন দৈনিক কাগজও রয়েছে যারা দৈনিক কাগজ হিসাবে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সব রকম সুযোগ সুবিধা নিয়ে থাকে কিন্তু কোন সাংবাদিক বা অন্য কর্মচারীদের প্রতি কোন দায়িত্বই পালন করে না। এই সব ব্যাপারেই রাজ্য শ্রম দপ্তর কানা এবং কালা দুই-ই হয়ে যায়। কিছু উদাহরণ দেওয়া যাক।

১৯৫৯ সালে তৃতীয় বেতন বোর্ডের রায় কেন্দ্রীয় সরকার চালু করার আদেশ দিলে আই জে এ রাজ্য সরকারের কাছে দাবি

করল, এই আদেশ যাতে অক্ষরে অক্ষরে চালু হয় তা দেখার জন্যে রাজ্য সরকারকে এই কমিটি গড়তে হবে। রাজ্য সরকার কমিটি গড়লেন, তার চেয়ারম্যান করা হলো মুখ্যমন্ত্রীর তথ্য উপদেষ্টা অধীর চক্রবর্তীকে। কমিটি তার দায়িত্ব শেষ করার আগেই অধীরবাবু বসুমতীতে চাকরী নিয়ে চলে গেলেন। ফলে কমিটি অনাথ হয়ে পড়ল।

আই জে এ চেষ্টা করায় শ্রমমন্ত্রী কৃষ্ণপদ ঘোষের সভাপতিত্বে কমিটি পুনর্গঠিত হল। প্রথম সভায় ঠিক হয়ে গেল, যেসব আংশিক সময়ের সংবাদদাতা মনে করছেন যে তাঁদের ন্যায্য পাওনা থেকে কর্তৃপক্ষ বঞ্চিত করেছেন তাঁরা সরাসরি রাজ্য শ্রম কমিশনারের কাছে বিরোধ উপস্থিত করতে পারবেন। এই বার্তা ঘোষণা করে রাজ্য সরকার সংবাদপত্রে একটি বিজ্ঞপ্তি প্রকাশ করেন।

এই পর্যন্ত সব ঠিক আছে। শ্রম কমিশনারের দপ্তরের মালিকমুখী কারবার আরম্ভ হল তার পর থেকে।

ওই বিজ্ঞপ্তির জবাবে নানা কাগজের কমপক্ষে ৩০ জন আংশিক সময়ের সংবাদদাতা রাজ্য শ্রম কমিশনারের কাছে বিরোধ উপস্থিত করেছেন। তারপর সাত মাস কেটে গেছে কিন্তু শ্রম কমিশনারের দপ্তর এই বিরোধগুলি নিষ্পত্তি করার জন্য এক ঘণ্টি নড়ে বসেছেন বলে আমরা অনুভব করতে পারছি না। উল্টে অমৃতবাজারের আংশিক সময়ের সংবাদদাতা অমিয় মুখোপাধ্যায় রাজ্য শ্রম দপ্তর থেকে জুলাই মাসে একটি চিঠি পেলেন। তাতে তাঁকে বলা হলো, আবার আপনার দরখাস্ত পাঠান।

এই জাতীয় কীর্তির এটাই একমাত্র নজীর নয়। আরও আছে। ১৯৮২ সালে জেলায় নিযুক্ত সহকারী শ্রম কমিশনারদের কাছে সুবোধ নাগ (আনন্দবাজার), শিবেন মণ্ডল (যুগান্তর), বিমল চক্রবর্তী (বসুমতী) প্রমুখ আংশিক সময়ের সংবাদদাতারা বিরোধ পেশ করেন। কোচবিহারের সহকারী শ্রম কমিশনার সুবোধবাবুর বিরোধ আপোষ নিষ্পত্তির চেষ্টা করেন। মালিকপক্ষ তাতে কোন সাড়া দেননি। ফলে সহকারী শ্রম কমিশনার মালিকপক্ষের বিরুদ্ধে পরবর্তী আইনগত ব্যবস্থা নেবার সুপারিশ করেন। তার পর থেকে ব্যাপারটি চাপা পড়ে যায়। কিন্তু সুবোধবাবু তা নিয়ে এমন সোরগোল তোলেন যে শ্রম কমিশনারের দপ্তর চাপা

অমিয় মুখোপাধ্যায়

দেওয়া মামলাটি আবার খুলতে বাধ্য হন। তারপর? তারপর তাঁরা সেটি আবার ছুঁড়ে দিয়েছেন কলকাতা থেকে কোচবিহারে।

আনন্দবাজারের পূর্ণ সময়ের সাংবাদিক দিলীপ সেনের বেআইনী ছাঁটাই এবং তা নিষ্পত্তিতে শ্রম দপ্তরের গাফিলতি তাদের মালিক তোষণনীতির আর একটি বড় উদাহরণ। এই বিরোধটি চার বছর ধরে শ্রম কমিশনার ঝুলিয়ে রেখেছেন কোনও সিদ্ধান্ত না নিয়েই। কেন? তার জবাব একটাই। তা হলো, শ্রম কমিশনারের দপ্তরের ওপর বামফ্রন্ট সরকারের থেকেও সংবাদপত্র মালিকদের প্রভাব অনেক বেশী। তাই সেখানে বিরোধ উপস্থিত করেও সাংবাদিকরা সুবিচার দূরের কথা, কোন বিচারই পাচ্ছেন না।

বেচারী মখদুম আসরাফ। তিনি উর্দু দৈনিক আবসারের কর্মী। ছুটির পর কাজে যোগ দিতে এসে দেখলেন তিনি ছাঁটাই হয়ে গেছেন। আমরা সেই বিরোধ শ্রম দপ্তরে নিয়ে গেলাম। দিলীপ সেনের চেয়েও খারাপ ভাগ্য তাঁর। দু-তিন বছর ধরে শ্রম কমিশনারের দপ্তর বিরোধটি ঝুলিয়ে রাখলেন। আই জে এর চাপে যখন বিরোধটিতে তারা হাত দিতে বাধ্য হলেন তখন মালিক পক্ষ জানালেন, কাগজ উঠে গেছে। ফলে আসরাফ সাহেবের পাওনা-গণ্ডা সবই গায়েব হয়ে গেল। উল্লেখ করা দরকার "আবসারের" অন্যতম মালিক "প্রগতিশীল" বলে বামফ্রন্টের কোন এক শরিকের খুব খাতিরের পাত্র।

কেবল বামফ্রন্ট সরকারের শৈথিল্য, রাজ্য শ্রম কমিশনার দপ্তরের সংবাদপত্র মালিকদের প্রতি প্রীতি এবং সংবাদপত্র মালিকদের শাসনযন্ত্রের নাট-বল্টুগুলিকে তৈলসিক্ত করে কাজ গুছিয়ে নেওয়ার ক্ষমতাই এই সব শোষণ ও বঞ্চনার কারণ বলে মনে করা হলে পুরো সত্য জানা যাবে না। পুরো সত্য হলো, ওসবের সঙ্গে রয়েছে সাংবাদিকদের ট্রেড ইউনিয়ন আন্দোলনের দারুণ দুর্বলতা। এই দুর্বলতার প্রধান কারণ দুটি: (১) পাঠক সমাজের প্রতি দায়িত্ববোধ থেকে সাংবাদিকরা দাবি আদায়ের জন্য যখন তখন ধর্মঘট করতে পারেন না। (২) পশ্চিমবঙ্গে অসাংবাদিক কর্মচারীদের ইউনিয়নের সঙ্গে সাংবাদিকদের ট্রেড ইউনিয়নের অনেক যোজন দূরত্ব।

এই দ্বিতীয় দুর্বলতাটি বোধ হয় সংবাদপত্র কর্মচারী

আন্দোলনের পক্ষে সব চেয়ে বেশী ক্ষতিকারক। আই জে এ'র ৬০-তম বার্ষিক সভায় বর্তমান নিবন্ধের লেখক তাঁর সাধারণ সম্পাদকের রিপোর্টে এই প্রসঙ্গে লিখেছিলেন: "গত কয়েক বছরের অভিজ্ঞতা আমাদের একটি মাত্র শিক্ষাই দেয়। তা হলো, সাংবাদিকদের এবং অসাংবাদিকদের, বিশেষ করে আই জে এ এবং ওয়েস্ট বেঙ্গল নিউজপেপার এমপ্লয়িজ ফেডারেশনের (ডব্লু বি এন ই এফ) মধ্যে ঐক্য ১৯৮০ সালের বেতন হার আদেশ প্রয়োগের ত্রুটি বিচ্যুতিগুলি দূর করতে পারে। আমরা আশা করি, উভয় সংগঠন শীঘ্রই এই লক্ষ্য সামনে নিয়ে যুক্ত আন্দোলন গড়ে তুলে মালিকদের আক্রমণের মোকাবিলা করবে।'

দুঃখের বিষয় সংবাদপত্রের সংগ্রামী কর্মচারীদের এ আশা পূর্ণ হয়নি। ত্রিপাক্ষিক কমিটিতে আই জে এ প্রতিনিধিরা যখন অভিযোগ করছিলেন সংবাদপত্র মালিকরা বেতন হার নির্ধারণে ফাঁকি দিচ্ছেন তখন ডব্লু বি এন ই এফের প্রতিনিধি সেই কমিটিতে উপস্থিত মালিক পক্ষের প্রতিনিধিদের সুরে সুর মিলিয়ে বলছিলেন "বড় বড় সংস্থাগুলিতে বেতন হার চালু তো করেছি। উল্টে তাদের কর্মচারীরা অনেক বাড়তি সুযোগ আদায় করে নিতে পেরেছেন (Proceedings of The Oversee Comittee meeting)।

আই জে এ'র ৬১-তম সাধারণ সভায় (১৬।৩।৮৩) সাধারণ সম্পাদক বরুণ মুখোপাধ্যায় এই ব্যাপারে আবও বললেন "আইন লঙ্ঘনকারী সংবাদপত্র কর্মচারীদের বিরুদ্ধে সংবাদপত্র কর্মীদের যৌথ আন্দোলন গড়তে আমাদের বন্ধু সংগঠন ডব্লু বি এন ই এফ) কোন উৎসাহ দেখান না কেন তা-ও আমরা বুঝি না।" এই রকম ঘটনার সব থেকে বড় উদাহরণ হিসেবে তিনি আনন্দবাজার সংস্থার তৎকালীন পরিস্থিতির কথা উল্লেখ করেন। পরিস্থিতিটা ছিল এই রকম:

আনন্দবাজার সংস্থার এন এফ আই টি ইউ অনুমোদিত ইউনিয়ন ১৮ আগস্ট এই সিদ্ধান্তে আসেন, দফায় দফায় কাগজের দাম বাড়িয়ে মালিক পক্ষ মুনাফার পাহাড় জমাচ্ছেন। তার একটা অংশ কর্মচারীদের দেবার দাবিতে যুক্ত-আন্দোলন গড়ার জন্য পরিতোষ মুখার্জির নেতৃত্বে তাঁরা প্রচার শুরু করেন। আই জে এ তাঁদের এই প্রচেষ্টায় সমর্থন জানায়। কিন্তু ঐ সংস্থার ডব্লু বি

এন ই এফ অনুমোদিত ইউনিয়ন একই বক্তব্যের ভিত্তিতে ও একই দাবিতে নভেম্বর মাসে এক তরফা আন্দোলনে নেমে যান।

আমরা চেয়েছিলাম যুক্ত নেতৃত্বে এবং অধিকাংশ সাংবাদিক অসাংবাদিককে একজোট করে তাঁদের জ্ঞাতসারে ও মতানুসারে ওই দাবিতে ব্যাপক ও দীর্ঘস্থায়ী আন্দোলনে নামার পূর্ণ প্রস্তুতি নেওয়া হোক। কিন্তু ডব্লু বি এন ই এফ অন্যদের বাদ দিয়ে, অন্যদের অন্ধকারে রেখে সকলের ভাল করার ভার একাই নিয়ে নিলেন। ডাক দিলেন দফায় দফায় প্রতীক ধর্মঘটের। এই রকম এক প্রতীক ধর্মঘটের মুখে আই জে এ'র কর্মসমিতি ১৯৮৩ সালের ৯ ফেব্রুয়ারী গৃহীত এক প্রস্তাবে বলে: 'পেনসন প্রবর্তন, গ্র্যাচুইটির পরিমাণ বৃদ্ধি এবং অতিরিক্ত মহার্ঘভাতাসহ কয়েকটি দাবীতে আনন্দবাজার পত্রিকা গোষ্ঠির এক শ্রেণীর কর্মী যে আন্দোলন করছেন তা আই-জে-এর কর্ম-পরিষদ গভীর মনোযোগের সঙ্গে লক্ষ্য করেছে।

'কর্মপরিষদ এটাও লক্ষ্য করেছে, একতরফা নেতৃত্বের সিদ্ধান্তে পরিচালিত এই আন্দোলন ক্রমশঃ দীর্ঘস্থায়ী ধর্মঘটের চেহারা নিতে যাচ্ছে। বোম্বাইয়ের ইন্ডিয়ান এক্সপ্রেস এবং ফ্রি প্রেস কাগজে সম্প্রতিকালে দীর্ঘস্থায়ী ধর্মঘট যেভাবে ব্যর্থ হয়েছে সেটাও কর্মপরিষদ গভীর উদ্বেগের সঙ্গে স্মরণ না করে পারছে না।

'এই পটভূমিতে কর্মপরিষদ মনে করে আনন্দবাজার কর্মীদের এই আন্দোলন এন সি এন এন এ ও'র দুই শরিক WBNEF-ভুক্ত ইউনিয়ন এবং আই-জে-এর যৌথ নেতৃত্বে তো বটেই, সম্ভব হলে ওই সংস্থায় সক্রিয় অন্যান্য ইউনিয়নের যুক্ত কমিটি গড়ে পরিচালিত হওয়া উচিত। তার ব্যবস্থা করার জন্য IFWJ নেতৃত্বকে এখনই ব্যবস্থা নিতে অনুরোধ করা হচ্ছে।

'আন্দোলনকে ধর্মঘটে পরিণত করার আগে এর মূল দাবীগুলি পরীক্ষা করার জন্য সর্বশ্রী এম. কে. রামমূর্তি, কে. এল. কাপুর এবং উমাশংকর হালদারকে নিয়ে অবিলম্বে দিল্লি বা বোম্বাইয়ে বৈঠক করা হোক। ঐ বৈঠকের সিদ্ধান্ত ব্যতিরেকে আর কোন প্রতীক ধর্মঘট বা দীর্ঘস্থায়ী ধর্মঘটে নামা উচিত হবে না। এই ব্যবস্থা যাতে WBNEF-ভুক্ত ইউনিয়ন মেনে নেন তার জন্য এন সি এন এন এ ই ও'র মাধ্যমে এ আই এন ই এফ-কে বলা হোক।

'আনন্দবাজারের অবস্থা সম্পর্কে আই-জে-এ সাধারণ সম্পাদক যে সব ব্যবস্থা নিয়েছেন তা কর্মসমিতি অনুমোদন করছে।

'এই পরিস্থিতিতে আই-জে-এ আনন্দবাজার পত্রিকার প্রতীক ও লাগাতার ধর্মঘটে শরিক হতে পারে না।

পরিচিতি: শ্রীএম কে রামমূর্তি—আই এফ ডব্লু জে'র প্রাক্তন সাধারণ সম্পাদক এবং আইন উপদেষ্টা, ফেডারেশন অব পি টি আই এমপ্লয়িজ ইউনিয়নের সভাপতি এবং ন্যাশানাল কনফেডারেশনের জাতীয় কমিটির সদস্য।

শ্রীকে এল কাপুর—ন্যাশনাল কনফেডারেশন অব নিউজ পেপার এন্ড নিউজ এজেন্সি এমপ্লয়িজ অর্গানাইজেশনের যুগ্ম সম্পাদক এবং অল ইন্ডিয়া নিউজ পেপার এমপ্লয়িজ ফেডারেশনের সাধারণ সম্পাদক।'

আই জে এ'র এই প্রস্তাব ডব্লু বি এন ই এফ গ্রহণ করেননি। সংবাদপত্র কর্মী আন্দোলনকে ঐক্যবদ্ধ করার বদলে বিভক্ত রাখার যে নীতি তাঁরা অনুসরণ করছিলেন তাতেই অবিচল থাকলেন। তারই জের হিসাবে ১৪ই জুলাই তাঁরা একতরফাভাবে কয়েকটি দাবিতে রাজ্যের সমস্ত সংবাদপত্রে একদিনের প্রতীক ধর্মঘট ডেকে দিলেন।

আই জে এ পুনরায় ডব্লু বি এন ই এফকে এই রকম একতরফা ধর্মঘট না করার অনুরোধ জানায়। এই প্রসঙ্গে সি পি আই (এম) দলের সান্ধ্য দৈনিক গণশক্তি পত্রিকার ১৪ জুলাই, ১৯৮৩ সংখ্যায় নীচের খবরটি প্রকাশিত হয়:

কলকাতা, ১৪ই জুলাই—সংবাদপত্র কর্মীদের দাবি সমূহ সর্বভারতীয় দাবি। আর সংবাদপত্র কর্মী এবং সাংবাদিকদের স্বার্থ অঙ্গাঙ্গীভাবে জড়িত। এজন্য সংবাদপত্র কর্মীরা যে সমস্ত দাবির ভিত্তিতে আন্দোলন করছেন সেই আন্দোলন সাংবাদিক এবং সংবাদপত্র কর্মীদের ঐক্যবদ্ধভাবে করা উচিত। এরূপ একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সংবাদপত্র কর্মীদের সংগঠন এবং সাংবাদিকদের সংগঠনের মধ্যে আলোচনা করে আন্দোলনের কর্মসূচী স্থির করা উচিত। নিউজ পেপার এমপ্লয়িজ ফেডারেশন আহূত আজকের (১৪ই জুলাই) সংবাদপত্র ধর্মঘট সম্পর্কে সি পি আই (এম)

 পশ্চিমবঙ্গ রাজ্য কমিটির সম্পাদক সরোজ মুখার্জির দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি একথা বলেন।

গতকাল ইন্ডিয়ান জার্নালিস্টস অ্যাসোসিয়েশনের পশ্চিমবঙ্গ শাখার সভাপতি অপূর্ব সেনগুপ্ত সরোজ মুখার্জির সাথে দেখা করে বলেন, তাঁরা এই ধর্মঘটে অংশগ্রহণ করতে পারছেন না। মুখার্জি সেনগুপ্তকে বলেন, সাংবাদিক এবং সংবাদপত্র কর্মীদের ঐক্যবদ্ধভাবে আন্দোলন করা উচিত।

অপর এক প্রশ্নের জবাবে তিনি বলেন, আমরা ২৪ জুলাই-এর ধর্মঘট সম্পর্কে কিছুই জানিনা। সুতরাং ধর্মঘটের প্রতি সমর্থন জানিয়ে "গণশক্তি" বন্ধ রাখার প্রশ্নই ওঠে না।

আমরা আশা করব সংবাদপত্র জগতের সঙ্গে যুক্ত সকলে সরোজবাবুর ওই বক্তব্য যথোচিত গুরুত্বের সঙ্গে বিবেচনা করবেন, গ্রহণ করবেন এবং সেইমত কাজ করবেন। একমাত্র তাঁর নির্দেশিত পথেই সংবাদপত্র কর্মী ও সাংবাদিকরা তাঁদের ন্যায্য দাবিগুলি আদায় করতে পারবেন। সে পথটি হল ঐক্যবদ্ধ সংগ্রামের পথ।"

এই প্রসঙ্গে গণশক্তিতে "ক্ষতিকর" শিরোনামে একটি সম্পাদকীয় মন্তব্য প্রকাশিত হয়েছিল। তাতে লেখা হয়েছিল, "জানা যায়, সংবাদপত্র কর্মীদের সাত দফা দাবি আছে। ...... যে কোন আন্দোলনের ক্ষেত্রে দাবির যৌক্তিকতা থাকা সত্ত্বেও আন্দোলন সর্বাত্মক সফল করতে ধাপে ধাপে কয়েকটি পদ্ধতির মধ্যে দিয়ে যেতে হয়। ....আন্দোলনের ধাপগুলি অতিক্রান্ত না হওয়ায় বিভ্রান্তি সৃষ্টি হয়েছে। সংবাদপত্রের মত গুরুত্বপূর্ণ শিল্পে পূর্ণ ঐক্য বিধান করে সব দিক বিবেচনা করে চলতে হয়। কারণ যে পাঠকদের একদিনের সংবাদ থেকে বঞ্চিত করা হচ্ছে তাঁরা কিছুই জানেন না। যাঁরা ধর্মঘটের অংশীদার হবেন, তাঁরাও সম্পূর্ণ ওয়াকিবহাল নন ; এবং সর্বোপরি ট্রেড ইউনিয়ন আন্দোলনের ঘাঁটি পশ্চিমবঙ্গের কেন্দ্রীয় ট্রেড ইউনিয়নগুলিও এ ব্যাপারে অন্ধকারে রয়েছে। সর্ববৃহৎ সংগঠন সি আই টি ইউ এই ধর্মঘটের প্রতি সমর্থন দিয়েছে, এমন কোন ইঙ্গিতও বিন্দুমাত্র নেই। এই পরিপ্রেক্ষিতে এই ধরণের ধর্মঘট ক্ষতিকর এবং তা ঐক্যের পক্ষে সুদূর প্রসারী বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করে। ....আন্দোলন ধর্মঘট নিয়ে এ ধরণের অপরিপক্ক

কাজ খুবই কম দেখা যায়। ……এই ধর্মঘট নিয়ে সংবাদপত্র কর্মীদের মধ্যে যেটুকু বিরোধ হয়েছে তা দূর করে দাবিগুলির সমর্থনে পূর্ণ ঐক্য সাধনে ভবিষ্যতে প্রয়াসী হওয়া প্রয়োজন। ……তা হলেই একমাত্র এই ক্ষতি পূরণ হতে পারে।”

রণেনবাবু তাঁর সাধারণ সম্পাদকের রিপোর্টে (১৯৫৯) বলেছিলেন, ‘আমরা মনে করি সরোজবাবুর বক্তব্য এবং গণশক্তির সম্পাদকীয় মন্তব্য সংবাদপত্র কর্মচারী আন্দোলনের পথের দিশারী। তা সত্ত্বেও ইউনিয়ন নিজের পথে চলল। ২৯ জুলাই আই জে এ’কে বাদ দিয়ে তারা আবার এক কনভেনশন করলেন এবং ১৯ আগস্ট থেকে আনন্দবাজারে লাগাতার ধর্মঘটের ডাক দিলেন। কনভেনশনের সময় ছিল বিকাল পাঁচটা। সে দিন বিকাল তিনটায় আই জে এ’কে একটি চিঠি পাঠিয়ে কনভেনশনে যোগ দিতে বলা হোল। একে আমরা আই জে এ’কে বাদ রাখার চেষ্টা বলেই মনে করি।

‘যাই হোক ইউনিয়নের এই একতরফা অবিবেচনা-প্রসূত, প্রস্তুতিবিহীন আত্মহননকারী আন্দোলনের উন্মাদনায় আমরা বিহ্বল হইনি। আনন্দবাজার প্রকাশনার আই-জে-এ সদস্যদের সভা করে আমরা এই ব্যাপারে তাঁদের মত যাচাই করি। তাঁরা একবাক্যে বলে যান, এই রকম একটি আন্দোলনে অংশ নিলে সংবাদপত্র কর্মচারী আন্দোলনের সর্বনাশ করা হবে। অতএব আই জে এ যেন এই ধর্মঘটের শরিক না হয়।

‘কর্মসমিতি এই সিদ্ধান্ত শিরোধার্য করে নেয়। ক্রমশ আনন্দবাজার প্রকাশনার বিপুল সংখ্যক সাংবাদিক এবং কর্মচারী ধর্মঘটের বিরুদ্ধে মত প্রকাশ করতে এবং সংগঠিত হতে থাকেন।

‘যাইহোক, আরও ক্ষতি হয়ে যাওয়ার আগে ইউনিয়নের শুভ-বুদ্ধির উদয় হয়। তাঁরা ৭ আগস্ট বিনা শর্তে ধর্মঘট প্রত্যাহার করেন। তা করতে গিয়ে এ আই এন ই এফ-এর রাজ্য শাখা ডব্লু বি এন ই এফ অনুমোদিত আনন্দবাজার গ্রুপ অব পাবলিকেশনস এমপ্লয়িজ ইউনিয়ন যে কীর্তি রাখলেন সংবাদপত্র শ্রমিক-কর্মচারী আন্দোলনের ইতিহাসে তা এক চিরস্থায়ী কলঙ্ক হয়ে থাকবে। ধর্মঘট প্রত্যাহারের বিবৃতিতে ইউনিয়নের যুগ্ম সম্পাদক বুক

বাজিয়ে বললেন, এন ইউ জে'র "আবেদনে সাড়া দিয়ে" তাঁরা লাগাতার ধর্মঘটের সিদ্ধান্ত প্রত্যাহার করে নিচ্ছেন। (আনন্দবাজার পত্রিকা, আগস্ট ৮, ১৯৫৯)। যাঁদের আবেদনে সাড়া দিয়ে ইউনিয়নের এই ধর্মঘট প্রত্যাহার তাঁরা এ সম্পর্কে কি বললেন? তাঁরা এক বিবৃতিতে বললেন, "এটা এখন সকলের কাছেই পরিষ্কার হওয়া উচিত যে প্রকৃত ট্রেড ইউনিয়ন আন্দোলনে হঠকারিতার কোন স্থান নেই" (সূত্র : ঐ)।

'অর্থাৎ, যে এন ইউ জে ধর্মঘট আহ্বানকারী ইউনিয়নকে "হঠকারী" বলে ভর্ৎসনা করল তাকেই অভিভাবক হিসাবে মেনে নিয়ে ইউনিয়ন যেন পালাবার পথ পেয়ে বাঁচল।

'এতসব কাণ্ডের পরেও আমরা ন্যাশনাল কনফেডারেশন অব নিউজপেপার্স এন্ড নিউজ এজেন্সিজ এপ্লয়িজ অর্গানিজেশনসের শরিকদের যুক্ত আন্দোলনের কার্যকারিতায় বিশ্বাস হারাইনি। এই বিশ্বাস থেকেই আমরা ডব্লু বি এন ই এফ'কে আহ্বান জানাই সংবাদপত্র মালিকদের খামখেয়ালিপনা এবং বেআইনী কাজকর্মকে রুখতে ঐক্যবদ্ধ আন্দোলনে। চেষ্টায় তাঁরা সহযোগিতা করুন। বেতনহার সুপারিশের যথাযথ রূপায়নের দাবিতে গত বছর কেন্দ্রীয়ভাবে কিছু চেষ্টা হয়েছিল। সেই চেষ্টায় আই জে এ তার সাধ্যমত মদত দিয়েছিল। ফেডারেশনের সম্পাদক সত্যপ্রকাশ ২৬ মে তারিখের এক সার্কুলারে জানান, এ ব্যাপারে কেন্দ্রীয় শ্রমমন্ত্রী বীরেন্দ্র পাতিল ৩০ জুন এক দ্বিপাক্ষিক বৈঠক ডেকেছেন। এই বৈঠকে পেশ করার জন্য তিনি রাজ্য ইউনিয়ন-গুলির কাছ থেকে বিশদ তথ্য চেয়ে পাঠান। আমরা সঙ্গে সঙ্গে এই ব্যাপারে ফুলস্কেপ মাপের দীর্ঘ এগার পাতার একটি নোট ফেডারেশনের ব্যবহারের জন্য পাঠিয়ে দিই। ওই বৈঠকে ফেডারেশন তরফ থেকে যে সাপ্লিমেন্টারি নোট দেওয়া হয়েছিল তা খুবই প্রয়োজনীয়।'

এ সব সত্বেও একটি মারপিটের অভিযোগকে কেন্দ্র করে আনন্দবাজার গোষ্ঠির কাগজগুলিতে লাগাতার ধর্মঘট সুরু হয়ে যায় এই বছরের মাঝামাঝি সময়ে। তারও ডাক আসে ডব্লু বি এন ই এফ অনুমোদিত ইউনিয়নের কাছ থেকে। ফলে আই জে এ এবং অন্য ইউনিয়নগুলি ধর্মঘট থেকে দূরে থাকেন। আই জে এ চেষ্টা

এই প্রসঙ্গে সত্যের খাতিরে দুটি জিনিষ পরিষ্কার করে বলা দরকার। তা হলো, ডব্লু বি এন ই এফ কেন্দ্রীয়ভাবে এই ধর্মঘট শুরু করতে বলেছিল বা সমর্থন করেছিল এমন কথা কিন্তু কখনও প্রমানিত হয়নি। সি পি আই (এম) এবং সি আই টি ইউ সম্পর্কে এই কথা আরও বেশী করে বলা চলে। এই দুটি ঘটনা উল্লেখ করলাম এই কারণে যে রণেনবাবু, আমি এবং এই রকম আরও কেউ কেউ সে দিনও মনে করিনি এবং আজও মনে করি না যে সি পি আই (এম) আনন্দবাজারকে জব্দ করার জন্য পেছন থেকে এই ধর্মঘট লাগিয়ে দিয়েছিল। বরং ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে আমরা বলতে পারি, সি পি আই (এম, রাজ্য নেতৃত্ব এবং বামফ্রন্ট সরকার এই ধর্মঘটের দ্রুত নিষ্পত্তির জন্য লাগাতার চেষ্টা করে গেছেন। তা হলে তা আরও আগে মিটল না কেন? তার অন্যতম কারণ, ধর্মঘট বিরোধীদের মধ্যে কারো কারো উৎকট সি পি আই (এম) বিরোধিতা। এইসব হটকারী মতলববাজরা প্রভুর চেয়ে শতগুণ সি পি আই (এম) বিরোধী ভাষণ ছাড়তে থাকেন। ফলে সি আই টি ইউ সহ সি পি আই (এম) অনুসারী গণ সংগঠনগুলি এবং ডব্লু বি এন ই এফ নেহাতই যেটুকু না করলে নয় ততটুকু সমর্থন জানাতে বাধ্য হন ধর্মঘটীদের। আমরা বলতে পারি, সি পি আই (এম বিরোধী ওই সব ডন কুইকসোটদের মুখে যদি লাগাম দিয়ে রাখা যেত তা হলে আনন্দবাজারের ধর্মঘট নিশ্চিতভাবেই আরও আগে মিটিয়ে ফেলা যেত।

সব শেষে আবার বলতে হয়, সাংবাদিক এবং সংবাদপত্র কর্মচারীদের যা কিছু লড়াই তা নিজেদের মধ্যে নয়। তা মালিকের বিরুদ্ধে। ঐক্যবদ্ধভাবে সে লড়াই করা গেলে আর কারো মুখের দিকে তাকাবার দরকার থাকবে না, দেখার দরকার হবে না সরকার চালাচ্ছে কোন দল। জয় ও সাফল্য আসবে ঐক্যবদ্ধ সংগ্রামের মধ্যে দিয়েই।

নীহাররঞ্জন রায়

সংবাদপত্রের ভাষা

ভাষা সামাজিক বস্তু, সমাজের প্রয়োজনে তার সৃষ্টি, বিকাশ ও পরিণতি। সমাজের কথা এড়িয়ে গিয়ে বা আড়াল করে একান্ত ব্যক্তি-সত্তার প্রকাশ যে ভাষায়, সে-গদ্যভাষা সামাজিক আদান প্রদানের ভাব ও চিন্তা বিনিময়ের ভাষা হতে পারে না।

আমার শংকার একটি কারণ, পশ্চিমবঙ্গের চলমান সাংবাদিকতার ভাষা। গত দশ বারো বছরে এ ভাষার প্রভাব দ্রুত বর্ধমান এবং আজ তা খবরের কাগজের পৃষ্ঠা থেকে উঠে এসে গল্প উপন্যাস রম্যরচনার ভাষায় ঢুকে পড়েছে বানের জলের মত। দেখতে দেখতে যেন কল্পনাশ্রয়ী ও বর্ণনাত্মক সৃষ্টিমূলক সাহিত্যের ভাষা হয়ে উঠলো সব রম্যরচনার ভাষা, যে রম্যতা চটুল তির্যক, ক্ষণিক। স্থিরচিত্তে ভাবতে গেলে মনে হয়, সাংবাদিকতার ভাষা হওয়া উচিত স্পষ্ট, দ্ব্যর্থহীন নৈর্ব্যক্তিক ও যথাযথতার প্রতিচ্ছবি, নীরক্ত নয় কিন্তু নিবর্ণাঢ্য। কিন্তু নানা কারণে পৃথিবীর সর্বত্রই এখানে ওখানে দু-চার-দশখানা জাতীয় সংবাদপত্র ছাড়া, বিশেষ

ভাবে সংবাদ ও সংবাদ-নির্ভর মন্তব্যবাহী সাপ্তাহিকে পাক্ষিকে, সাংবাদিকতার ভাষা আর কোথাও নৈর্ব্যক্তিক নেই, স্বার্থহীন নেই, যথাযথতার প্রতিচ্ছবি নেই, বরং অত্যন্ত ব্যক্তিগতভাবে বর্ণাঢ্য, চিত্রালু, চটুল, চতুর ও তির্যক এবং পক্ষপাতদুষ্ট। যে মন্তব্য করলাম তার প্রকৃষ্ট দৃষ্টান্ত হচ্ছে আমেরিকা যুক্তরাষ্ট্রের Time Newsweek প্রভৃতি সাপ্তাহিক। ভালর জন্য, কি মন্দর জন্য জানিনে, স্পষ্ট দেখতে পাচ্ছি আমাদের সার্থক, প্রতিপত্তিশালী সম্পাদক, বার্তা প্রতিবেদক ও বার্তা সম্পাদক যাঁরা তাঁরা সকলেই এই জাতীয় বিদেশী সাপ্তাহিক পাক্ষিকগুলোর হুবহু নকল করে যাওয়াই সাংবাদিকতার চরম ও পরম উদ্দেশ্য বলে মনে করছেন; ইংরেজী পত্র পত্রিকাগুলোর তো কথাই নেই, বাংলাগুলোতেও। সব চেয়ে বড় এবং আমার মতে ক্ষতিকর প্রভাব পড়েছে Time Newsweek-র ইংরেজী গদ্যের প্রভাব বাংলা গদ্যের উপর। সেই ভাসা ভাসা চটুল চাতুর্য যাকে বলা হয় smartness, ব্যক্তিগত ভালো বা মন্দ লাগার বর্ণাঢ্য বর্ণনা, ভাষার তির্যক গতি বাকভঙ্গির অপূর্ব কুশলতা বা sophistication! বাঙালী পাঠক এ-গদ্য পড়ে মুগ্ধ এবং হয়ত ভাবেন যে, এই হচ্ছে বাংলা ভাষার যথার্থ রূপ ও রীতি।

বাংলা গদ্যের ইতিহাস নিয়ে অনেক সাধু প্রচেষ্টা হয়েছে, উনিশ শতকে হয়েছে, আমাদের কালেও কিছু কম হয় নি, এখনও হচ্ছে। কিন্তু এ-সব রচনায় ইতিহাস যতটা আছে গদ্যের নির্মিতির আলোচনা-বিশ্লেষণ ও তার বিচার ততটা নেই। তার ফলে বাংলা গদ্যের চরিত্রের সুস্পষ্ট রূপ এখনও আমাদের কাছে খুব গোচর নয়। তবু ইতিহাস হিসেবে এসব রচনা অতি মূল্যবান এবং সকল জিজ্ঞাসুরই অবশ্য পাঠ্য। কিন্তু তার পরেও একটা প্রশ্ন থেকে যায়। ব্যক্তিগতভাবে আমি ইতিহাসের ছাত্র, কিন্তু আমি অতীত বিলাসী নয়। বাস করি আমি একান্ত বর্তমানে, তাকিয়ে থাকি ভবিষ্যতের দিকে। বাংলা গদ্যের বর্তমান ও ভবিষ্যতই আমার অন্যতম চিন্তার বিষয়। এ-গদ্যের অতীত আমার জানা প্রয়োজন বর্তমান বাংলা গদ্যকে বুঝবার জন্য, তার চরিত্র ও প্রকৃতি নির্ণয়ের জন্য এবং তার চেয়েও যা বড় প্রয়োজন আগামীকালের গদ্যের পথ নির্দেশ পাবার জন্য। বাংলা গদ্যের বয়স দুশ বছরের কম, রামমোহন-মৃত্যুঞ্জয়-ফোর্ট উইলিয়াম কলেজ থেকে তার সূত্রপাত'

কথাটা শুনতে অবাক লাগে, একটু রাগও যে না হয় এমন নয়, কিন্তু কথাটা সত্য। এর আগে ব্যক্তিগত চিঠিপত্র বা সরকারী বা ব্যবসা-বাণিজ্যের দলিলপত্র ছাড়া গদ্যের কোন ব্যবহারই ছিল না। মৌখিক বা লিখিত সাহিত্য যা ছিল তা সব কিছুই ছিল পদ্যে বা বা কবিতায়, এবং সে সাহিত্য মুখ্যতঃ বিবরণাত্মক ও কল্পনাশ্রয়ী, ভাবাত্মক ও পুরাণাশ্রয়ী। বিশুদ্ধ, মননশীল, পরিশীলিত সূক্ষ্ম ও জটিল চিন্তাশ্রয়ী, বুদ্ধি ও যুক্তিনির্ভর রচনা যখন কেউ লিখতেন (খুব কম লোকই তা করতেন) তখন তিনি তা সংস্কৃত ভাষাতেই লিখতেন, সে ভাষাভিজ্ঞ লোকদের জন্যই। বাংলার আশ্রয় সাধারণত কেউ নিতেন না। কৃষ্ণদাস কবিরাজের চৈতন্যচরিতামৃত ছাড়া এমন দৃষ্টান্ত আর বড় একটা নেই। কিন্তু সে স্তরের লেখক ও পাঠক তো ছিলেন কোটিতে গুটিক', এক কোটি লোকের সমাজে মাত্র কয়েকজন। সুতরাং মননশীলতা বলে কোনো বস্তু, চিন্তাশ্রয়ী মানস বলে কোনো জিনিস বাংলাভাষাভাষী সমাজে গড়ে ওঠবার কোনো বিশেষ সুযোগই ছিল না। তা ছাড়া, যাঁরা বাংলা ভাষার স্বভাব জানেন, তাঁরা একথাও জানেন এবং অনেকে একথা বলেছেন, এ ভাষার উচ্চারণ পদ্ধতি, হ্রস্ব দীর্ঘস্বরের তারতম্য-হীনতা [illegible] বাক্য [illegible] রীতি এমন যে [illegible] রীতিতে দৃঢ়তা [illegible] কাঠিন্য [illegible] যায় না বললেই চলে। বাক্য-গুলোর ঝোঁক কেমন যেন এলিয়ে পড়ার দিকে। বাংলা গদ্য নির্মাণে যাঁরা প্রথম ব্রতী হন সেই রামমোহন-মৃত্যুঞ্জয়ের চোখেই এই ত্রুটি ধরা পড়েছিল। এ ত্রুটি সংশোধন করে বাংলা গদ্যে দার্ঢ্য সঞ্চারের জন্য এঁরা সংস্কৃতের দ্বারস্থ হয়েছিলেন। এঁরা দুজনাই শাস্ত্রচর্চা ও বিচার যখন করেছেন তখন তো একেবারে সংস্কৃত শাস্ত্রগ্রন্থের ভাষা ও বাকভঙ্গি একেবারে ঘেঁষে ঘেঁষেই চলেছেন, কেউ বা কোথাও বেশি কেউ বা কোথাও কম। এঁরা দুজন বিশুদ্ধ বর্ণনাত্মক গদ্য যখন লিখেছেন তখন তাঁদের ভাষা সংস্কৃত ঘেঁষা হয়ত নয়, কিন্তু সংস্কৃত নির্ভর একথা নিঃসন্দেহে বলা চলে। পরেও যাঁরা বাংলা গদ্য নির্মাণে অগ্রণী হয়েছেন তাঁরা প্রায় সকলেই ভাষার দৃঢ়তা সঞ্চারের জন্য প্রায় সর্বদাই তৎসম ও তদ্ভব শব্দ, সন্ধি-সমাস কৃত-তদ্ধিত শব্দ-শাসন প্রত্যয়, সংস্কৃত শব্দ ও পদ

বিন্যাসের ধ্বনি মহিমা প্রভৃতি ব্যবহারের প্রয়োজন বোধ করেছেন। বিদ্যাসাগর ও বঙ্কিমচন্দ্রের কথা না হয় বাদই দিলাম, তাঁরা তো করেইছেন বঙ্কিমচন্দ্রতো তাঁর উপন্যাস প্রবন্ধ নিবন্ধাদিতেও করেছেন।, কিন্তু রবীন্দ্রনাথও করেছেন, বিশেষভাবে করেছেন তাঁর মননশীল প্রবন্ধাদিতে ; রাজা ও প্রজা থেকে শুরু করে সভ্যতার সংকট পর্যন্ত সে প্রমাণ ইতস্তত বিক্ষিপ্ত। তাঁর সাহিত্যালোচনার ভাষা ও ধ্বনি তো একান্তই সংস্কৃত-এর প্রতিধ্বনি। ক্রিয়াপদের রূপ যাই হোক চলিত ভাষার সব চেয়ে সোচ্চার প্রবক্তা প্রমথ চৌধুরীও যখন মননশীল রচনা লিখছেন তখন তিনিও সংস্কৃত-এর প্রভাব এড়িয়ে যেতে পারেননি। আর হরপ্রসাদ শাস্ত্রী, যিনি বলতেন সংস্কৃত হচ্ছে বাংলার অতি অতি বৃদ্ধ প্রপিতামহ যাঁর কথা স্মৃতিতে ধারণ করবার প্রয়োজন বাংলা গদ্য লেখকদের একেবারেই নেই, তিনিই কি পেরেছিলেন? তাঁর প্রাচীন সাহিত্যের আলোচনায়, বৌদ্ধধর্ম, সাহিত্য ও সমালোচনা ও বিশ্লেষণে কি সংস্কৃত ও সংস্কৃতাশ্রিত সাহিত্যের ধ্বনি প্রতিধ্বনি শুনতে পাওয়া যায় না? হ্যাঁ, যায় না একমাত্র ভাষার যাদুকর অবনীন্দ্রনাথের গদ্যে, কিন্তু অবনীন্দ্র-গদ্যে তো রূপকথা কল্পকাহিনী পশুপক্ষী ভূতপত্রী দেশের কথাই লেখা যায়, সে গদ্যে কি অন্য আর কিছু লেখা যায়! মননশীল যুক্তিনির্ভর রচনা দূরে থাক, গল্প উপন্যাসও বোধ হয় লেখা যায় না সে ভাষায়।

বর্ণনাত্মক-বিবরণাত্মক গদ্যে অর্থাৎ গল্প উপন্যাস ভ্রমণ কাহিনী আত্মচরিত জাতীয় রচনায় লিখিত ভাষা ক্রমশ লোকের মুখের ভাষার কাছাকাছি এসে গেছে, ক্রমশ আরও যাচ্ছে, সহজ হবার দিকে প্রাঞ্জলতার দিকে দেশজ শব্দ ও দেশীয় বাকভঙ্গি পদ ও পদাংশ ব্যবহারের দিকে প্রবণতা বাড়ছে। এটা হওয়াই স্বাভাবিক এবং এতে কিছু শংকাবোধের কারণ নেই। কারণ যে নেই তার প্রধান হেতু হচ্ছে গদ্য যুক্তিনির্ভর, বুদ্ধির ও যুক্তির নিয়মশৃঙ্খল, কার্য-কারণ পরম্পরার নিয়মশৃঙ্খল তাকে মেনে চলতেই হয়, তা না হলে পাঠক চিত্তে স্বীকৃতি লাভ করা যায় না। এর প্রকৃষ্ট উদাহরণ রবীন্দ্রনাথের গল্প উপন্যাসের ভাষা এমন কি শেষের কবিতা এবং রবিবার-এর গল্প তিনটির ভাষাও। আর শরৎচন্দ্রের কথা যদি এ প্রসঙ্গে বলতেই হয় তাহলে আমার বলতে দ্বিধা নেই শরৎচন্দ্রের গদ্যের

ভিত তো রবীন্দ্রনাথের গল্পগুচ্ছে, চোখের বালিতে, চতুরঙ্গে, ঘরে-বাইরেতে। কথা বাড়িয়ে লাভ নেই, সংক্ষেপে বোধ হয় বলা যেতে পারে, শরৎচন্দ্রের পর যাঁরা সার্থক গল্প উপন্যাস বা আত্মচরিত ইত্যাদি লিখেছেন, ভাষার দিক থেকে তাঁরা প্রায় সকলেই অল্প বিস্তর রবীন্দ্র-শরৎচন্দ্র অনুসারী। কারু বা বাঁধুনী শিথিল, কারু বা ঠাস বুনোনো, কারু গতি শ্লথ বা উপলব্যাথিত, কারু বা দ্রুত ও তির্যক। কিন্তু যেহেতু বুদ্ধি যুক্তি ও কার্যকারণ পরম্পরার শৃঙ্খলা ছাড়া পাঠকচিত্তে স্বীকৃতি লাভ করা যায় না সেই হেতু কোনো লেখকই তকে এড়িয়ে যেতে পারেন না। এই শৃঙ্খলকে মূর্ত করে তোলে যে বস্তু তার নাম ভাষা। গদ্য ভাষার যাদু এই শৃঙ্খলার ভিতরেই নিহিত। এই শৃঙ্খলারই অন্য নাম ছন্দ, তাল, লয়, মান, পরিমিতিবোধ ধ্বনি ও ব্যঞ্জনাবোধ ইত্যাদি। এক কথায় ভাষার শুচিতাবোধ। চমকে উঠবার কোনো কারণ নেই, এই শুচিতাই ভাষার প্রাণ। গল্প উপন্যাসে কল্পনার মুক্তগতির স্থান তো আছেই কিন্তু গদ্যরচনার সে-মুক্তগতি বিহঙ্গকেও যুক্তি ও বুদ্ধির বশ তা স্বীকার না করে উপায় নেই। ভাষা নিয়ে পরীক্ষা নিরীক্ষাতেও কারু আপত্তি কিছু থাকতে পারে না, পরীক্ষা নিরীক্ষা থাকবে এটাই তো একটা জীবন্ত চলমান ভাষার যৌবনের লক্ষণ। তা না হলে ভাষার অগ্রগতি হবে কি করে! এ বিশ্বাস আছে বলেই না অভিধান ঘেঁটে ঘেঁটে হোঁচট খেতে খেতেও সুধীন্দ্রনাথের গদ্য পড়ি, কপালের ঘাম মুছতে হলেও কমল মজুমদারের গদ্য পড়ি, যেমন করে একসময়ে পড়েছিলাম জয়েস-এর Ulysses থেকে শুরু করে Finnegans Wake পর্যন্ত, ছাত্রের মত প্রত্যেকটি শব্দ পদ ছত্র বাক্য অনুসরণ করে করে। মানুষ পরিশ্রম করে কিছু ফল লাভের আশায়। কষ্ট করে জয়েস পড়ে লাভ হয়েছে এই, বুঝতে পেরেছি ইংরেজি ভাষার দিগন্ত প্রসারিত করতে না পারলেও মানুষের চেতনার দিগন্ত প্রসারিত করবার একটা পথ তিনি দেখিয়েছেন, এবং তা ভাষা পরীক্ষার মাধ্যমে। ঠিক একই কথা বলা যেতে পারে কমল মজুমদারের অন্তর্জলি সম্বন্ধে। কিন্তু তাঁর পরের রচনাগুলি সম্বন্ধে কি বলবো জানিনে। সকল ধর্মেই esoterism বলে একটা বস্তু থাকে, সমাজের ক্ষুদ্র একটি কোণে, গুহার অন্ধকারে নানা অবুদ্ধিগ্রাহ্য অসামাজিক ক্রিয়াকর্ম নিয়ে

পরীক্ষা-নিরীক্ষা সেখানে হয়, যেমন হয়েছিল আমাদের দেশে বজ্রযানী-সহজযানী বৌদ্ধদের মধ্যে, নাথ-পন্থীদের মধ্যে অবধূত কাপালিকদের মধ্যে। ভাষার ব্যাপারে এ ধরণের esoterism পরীক্ষা নিরীক্ষা হতে পারে, হয়ও। কিন্তু তার কি কোনো বৃহত্তম সামাজিক মূল্য আছে? আমার কেমন যেন একটা আশংকা হয়, এই esoterism-র মোহাকর্ষণ কি এ ধরণের পরীক্ষা নিরীক্ষার দিকে আমাদের টেনে নিয়ে যায় না? সুধীন্দ্রনাথ যখন বাংলা গদ্যে দার্ঢ্য সঞ্চারের জন্য অপ্রচলিত তৎসম বা তদ্ভব শব্দ ও পদ ব্যবহার করেন তখন আমি প্রশংসমান। কিন্তু তাঁর গদ্যেও এ ধরণের esoterism নেই এ কথা বলতে আমি অক্ষম। এ-কথা আমার অজানা নয় যে কোনো প্রাচীন শব্দ পদ বা কাহিনীর নতুন অর্থসন্ধান ও প্রতিষ্ঠা-প্রয়াসের স্বাধীনতা যে কোনো লেখকেরই আছে। এ ধরণের নূতন অর্থের সন্ধান ও প্রতিষ্ঠা রবীন্দ্রনাথ যে কত করেছেন তার হিসেব নেই, এবং এমনভাবে করেছেন যে সহজে তা বোঝাই যায় না, অনেক ক্ষেত্রে প্রাচীন অর্থ আমরা ভুলেই গেছি, রবীন্দ্রনাথের দেওয়া অর্থই এখন দাঁড়িয়ে গেছে।

রথীন চক্রবর্তী

একচেটিয়া পুঁজি ও সংবাদপত্রের ভবিষ্যৎ

১৯৮০ সালে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব পাবলিক অ্যাডমিনিস-ট্রেশন দীর্ঘ সমীক্ষার পর সরকারের কাছে সুপারিশ পাঠালেন: সংবাদপত্রের ওপর বৃহৎ ব্যবসায়ীদের নিয়ন্ত্রণ এবং স্বার্থকে সঙ্কুচিত করতে অবিলম্বে আটটি সংবাদপত্রের জাতীয়করণ করা প্রয়োজন। কারণ, সমীক্ষায় স্পষ্টই বলা হলো, সংবাদপত্র শিল্পে পুঁজির ঢল এবং অর্থনীতির কেন্দ্রীকরণ ঘটেছে ভয়ানক ভাবে। এবং সব থেকে আশ্চর্যের বিষয় পুঁজির এই কেন্দ্রীকরণ প্রতিবছরই বেড়ে চলেছে। মালিকানা এবং নিয়ন্ত্রণ ক্ষমতা শুধুমাত্র এই শিল্পের মধ্যেই আবদ্ধ থাকছে না, তার প্রভাব পড়ছে শিল্পের বাইরেও এবং এর ফলে সংবাদপত্রের বাইরেও সংবাদপত্রের মালিকদের কায়েমী স্বার্থ দানা বাঁধছে, শক্ত হয়ে উঠছে সব কিছুকে নিয়ন্ত্রণ করার ক্ষমতা। সুতরাং এই অবস্থাকে সামলাতে হলে আটটি বৃহৎ ব্যবসায়ী সংস্থা দ্বারা পরিচালিত আটটি সংবাদপত্রসংস্থাকে জাতীয়করণ করা দরকার। এগুলি হলো: দ্য এক্সপ্রেস নিউজ-

পেপারস, বেনেট কোলম্যান অ্যান্ড কোম্পানী লিমিটেড (টাইমস অব ইন্ডিয়া গ্রুপ), হিন্দুস্থান অ্যান্ড অ্যালায়েড পাবলিকেশনস (হিন্দুস্থান টাইমস গ্রুপ), মালয়ালা মনোরম কোম্পানী লিমিটেড, স্টেটসম্যান লিমিটেড, পাইওনীয়ার লিমিটেড, সম্মার্গ প্রাইভেট লিমিটেড এবং ভি এস ডেম্পো অ্যান্ড কোম্পানী প্রাইভেট লিমিটেড। সুপারিশের আগে সামগ্রিক সমীক্ষার নেতৃত্বে ছিলেন অধ্যাপক এস কে গয়াল এবং চলপতি রাও।

অধ্যাপক গয়াল এবং চলপতি রাও তাদের এই সমীক্ষা রিপোর্টে লিখলেন: বৃহৎ ব্যবসায়ীদের দ্বারা পরিচালিত সংবাদ-পত্রগুলি ঘোষিত জননীতি থেকে সরকারকে সরিয়ে আনার ব্যাপারে প্রভাবিত করতে পুরোপুরিভাবেই সফল হয়েছে। জন-সাধারণের স্বার্থ রক্ষার ব্যাপারে সংবাদপত্রগুলির আজ আর কোনো ভূমিকা নেই। এখন তাদের একমাত্র ভূমিকা হলো বৃহৎ পুঁজির স্বার্থকে রক্ষা করা এবং তাদের পথকে প্রশস্ত করা।

সমীক্ষায় একটা ছোট হিসেবও দেওয়া হয়েছে। তাতে বলা হয়েছে ১৯৫৯ সালে সারা দেশে মোট সংবাদপত্র ছিল ৬৩৫টি যাদের মোট প্রচার সংখ্যা ১ কোটি ৩০ লক্ষ ৩০ হাজার। ৬৩৫টি কাগজের ৫০ শতাংশের গড় প্রচার সংখ্যা প্রত্যেক ক্ষেত্রে ৫ হাজারেরও কম; অথচ ৬১টি কাগজের প্রচার সংখ্যা ৫০ হাজারেরও বেশি। ১১৫টি কাগজের প্রত্যেকের প্রচার ১৫ থেকে ৫০ হাজার পর্যন্ত। দেখা যাচ্ছে প্রকাশিত মোট সংবাদপত্রের ৮.৮ শতাংশ কাগজ যাদের প্রত্যেকের প্রচার সংখ্যা ৫০ হাজারের বেশি, তারাই সারা দেশে সংবাদপত্রের মোট প্রচার সংখ্যার ৫৬.৬ শতাংশ দখল করে আছে। অথচ ১৯৫৯ সালে দেশের মোট সংবাদপত্রের ৮.৩ শতাংশের হাতে ছিল সারা দেশে সংবাদপত্রের মোট প্রচার সংখ্যার ৫০.৬ শতাংশ। অর্থাৎ বৃহৎ সংবাদপত্রগুলি ক্রমেই প্রসারিত হচ্ছে। অন্যদিকে ছোট বা ক্ষুদ্র সংবাদপত্রগুলির সংখ্যা এবং প্রচার এলাকা ক্রমেই সঙ্কুচিত হচ্ছে। ১৯৫৯ সালে তাদের সংখ্যা ছিল মোট সংবাদপত্রের ৪৭.১ শতাংশ, ১৯৫৯ সালে তা কমে হয় ৪৩.৮ শতাংশ। এবং প্রচার এলাকা ছিল ১৯৫৯ সালে সারা দেশে মোট প্রচার সংখ্যার ৫.৪ শতাংশ, ১৯৫৯ সালে তা হয় ৪.৬ শতাংশ। এই ঘটনা থেকে সমীক্ষায় সিদ্ধান্ত টানা হয়েছে দুটি। এক, সংবাদপত্র

শিল্পে পুঁজি দানা বেঁধেছে ভয়ানক ভাবে। এবং দুই, গত এক দশকে পুঁজির কেন্দ্রীকরণ এবং পরিমাণ যথেষ্ট বেড়ে গেছে।

এর পরেই সেই ভয়ঙ্কর উচ্চারণ। সমীক্ষা রিপোর্টে বলা হয়েছে, ভারতীয় সংবাদপত্রের এখনকার সব থেকে গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হলো যে এই সমগ্র শিল্পটিকে নিয়ন্ত্রণ করছে মাত্র হাতে গোনা কয়েকটি একচেটিয়া ভবন। ১৯৫৯ সালে সারা দেশে সংবাদপত্রের মোট প্রচারের ৩০ শতাংশই ছিল এদের দখলে। শুধু মাত্র ইংরেজী ভাষায় প্রকাশিত সংবাদপত্রের হিসেব যদি দেখা হয় তাহলে ধরা পড়বে যে সারা দেশে ইংরেজী সংবাদপত্রের মোট প্রচার সংখ্যার ৬২ শতাংশ ছিল এই মুষ্টিমেয় একচেটিয়াদের হাতে। সমীক্ষায় সবিনয়েই জানানো হয়েছে, একচেটিয়া বলা হয়েছে তাদেরই যারা ১৯৫৯ সালের মনোপলি অ্যান্ড রেসট্রিকটিভ ট্রেড প্র্যাকটিসেস অ্যাক্টের আওতায় পড়ছেন। একচেটিয়ারা ভারতের নানা ভাষার মধ্যে এখন পর্যন্ত মূলত ইংরেজী, মারাঠী, মালয়ালম এবং হিন্দী সংবাদপত্রগুলির মধ্যে ঘাঁটি গেড়েছে বেশি। অসমীয়া, বাংলা, ওড়িয়া, পাঞ্জাবী এবং উর্দুতে মোটেই নয় বা তেমন কিছু নয়। নির্দিষ্ট কিছু ভাষা ছাড়াও নির্দিষ্ট কিছু অঞ্চলেও এই একচেটিয়ারা বিকশিত হয়েছে, আর শুধুমাত্র একটি ভাষায় প্রকাশিত সংবাদপত্রগুলির ওপর একচেটিয়া নিয়ন্ত্রণের অধিকার ভোগ করছে আঞ্চলিক শিল্পপতিরা। বিশেষ করে গুজরাটী, তামিল, কানাড়া ও মালয়ালম ভাষার সংবাদপত্রগুলির ওপর।

সমীক্ষায় অভিযোগ করা হয়েছে, সংবাদপত্রের রিপোর্টার এবং পদস্থ কর্মীরাও সংবাদপত্র মালিকদের সংবাদপত্র বহির্ভূত স্বার্থ-রক্ষার কাজেও সহায়তা করছেন। সময় বুঝে নানারকম গল্প ফেঁদে এবং নানা পরিকল্পনা করে এঁরা সরকারের সিদ্ধান্তের ওপর প্রভাব বিস্তার করার চেষ্টা চালিয়ে থাকেন। একচেটিয়া ভবনের স্বার্থসিদ্ধির উদ্দেশ্য পরিস্কার বোঝা গেলেও সংবাদপত্র মালিকরা তাদের অপছন্দের ব্যক্তি বা নানা উদ্যোগকে নস্যাৎ করার যেসব পরিকল্পনা বা প্রয়াস চালিয়ে থাকেন নিঃশব্দে তা কিন্তু সহজে বোঝা যায় না। এই ভাবে আরেকটি সমান্তরাল রাজনৈতিক প্রবাহ গড়ে তুলেছে বৃহৎ সংবাদপত্রগুলি বা একচেটিয়া মালিকেরা।

কিন্তু এই বৃহৎদের হাতে এই শিল্পের যাবতীয় অর্থনৈতিক ক্ষমতা কুক্ষিগত হয়ে পড়ল কিভাবে ? অধ্যাপক গয়াল এবং চলপতি রাওয়ের সমীক্ষার মতে, বৃহৎ সংবাদপত্রগুলি অর্থনৈতিক অর্থে ছোট সংবাদপত্রগুলির তুলনায় অনেক সস্তা। কোনো ক্রেতা এক পয়সায় যেখানে ক্ষুদ্র সংবাদপত্রে পাচ্ছেন ৩৯০·৬০ বর্গ সেন্টিমিটার এলাকা সেখানে সেই ক্রেতা একটি বৃহৎ পুঁজির এবং বৃহৎ প্রচারের সংবাদপত্রে পাচ্ছেন প্রতি পয়সায় ৬৭৫·০৯ বর্গ সেন্টি-মিটার জায়গা। অর্থাৎ ৭৩ শতাংশ বেশি। স্বাভাবিক কারণেই ক্রেতারা আকৃষ্ট হচ্ছেন। বিক্রি বাড়ছে, প্রচার ছড়াচ্ছে। সমীক্ষার অভিমত, এটা ঘটছে দুটো কারণে। এক, বৃহৎ সংবাদপত্রগুলি প্রচুর পরিমাণ নিউজপ্রিন্ট পাচ্ছে, যা ছোট কাগজগুলি পায়না এবং দ্বিতীয়ত, বৃহৎ সংবাদপত্রগুলির বিজ্ঞাপনের প্রাচুর্য। এই বিজ্ঞাপনের প্রাচুর্য তাদের নানা খরচ-খরচায় এনে দেয় স্বাচ্ছল্য যা ক্ষুদ্র সংবাদপত্রগুলি পাবে না।

কেন বৃহৎ সংবাদপত্রগুলি প্রচুর পরিমাণে নিউজপ্রিন্ট পাচ্ছে ? ১৯৭৬ সালের এক সমীক্ষায় দেখা যাচ্ছে, ক্ষুদ্র সংবাদ-পত্রগুলি সারা দেশে মোট প্রচারের ২৩·১ শতাংশ জায়গা দখল করে রাখলেও তারা নিউজপ্রিন্ট পায় সরকারের কাছ থেকে সংবাদপত্রের জন্য মোট বরাদ্দের ৫·৯ শতাংশ মাত্র। অন্যদিকে মোট প্রচারের ৫০ শতাংশ বৃহৎ সংবাদপত্রের হাতে থাকলেও তারা নিউজপ্রিন্ট পায় ওই মোট বরাদ্দের ৬৭.৬ শতাংশ। অধ্যাপক গয়াল এবং রাও বাধ্য হয়েই মন্তব্য করেছেন, সরকারও নিউজপ্রিন্ট বন্টনের ক্ষেত্রে এইসব বৃহৎ পুঁজি এবং একচেটিয়াদেরই পৃষ্ঠ-পোষণা করে আসছেন। একইভাবে বিজ্ঞাপনের ক্ষেত্রেও এই ঘটনা ঘটছে। এই দুইয়ের প্রাবল্যেই বৃহৎ সংবাদপত্র বৃহত্তে এবং বৃহত্তর পরিণত হচ্ছে একচেটিয়ায়। সরকার নিয়ম করে দিয়েছেন সংবাদপত্রে মোট জায়গার ৬০ শতাংশ থাকবে সংবাদ, বাকি ৪০ শতাংশ বিজ্ঞাপন। এই নির্দেশকে সরাসরি অগ্রাহ্য করে ৬০ শতাংশের বেশি বিজ্ঞাপন ব্যবহার করছে এমন সংবাদপত্রের সংখ্যা ছ'টি। এবং এই ছটির মধ্যে তিনটি সংবাদপত্রের মালিক হলো একচেটিয়া পুঁজিপতিরা। বাকি তিনটির মালিক যথাক্রমে একটি রাজনৈতিক দল, একটি নির্দিষ্ট পরিবার এবং একটি ট্রাস্ট।

এই ভয়াবহ পরিস্থিতিকে কাটিয়ে তোলার জন্য অধ্যাপক গয়াল এবং রাও প্রস্তাব করেছিলেন আটটি বৃহৎ সংবাদপত্রকে জাতীয়করণ করার। এতে অবশ্য স্টেট মনোপলি বা রাষ্ট্রীয় একচেটিয়া মালিকানা স্থাপনের যে একটা ক্ষীণ সম্ভাবনা থেকে যায় না সেকথা তারা অস্বীকার করতে পারেননি। কারণ টেলিভিশন এবং রেডিও রাষ্ট্রীয় মালিকানা এবং কর্তৃত্বাধীনে থেকে যে ভয়ঙ্কর রকমের শাসকদলের প্রতি পক্ষপাতিত্বসম্পন্ন হয়ে পড়েছে সেকথা তাঁরা উল্লেখ করেছেন। তবুও তারা আটটি সংবাদপত্রকে জাতীয়করণ করার কথা বলেছেন এই শর্তে যে (১) এই সব সংবাদ পত্রের ম্যানেজিং বডিকে এমনভাবে ঢেলে সাজাতে হবে যাতে তাদের স্বাধীনভাবে কাজ করার সুযোগ থাকে (২) বিভিন্ন শ্রেণীর বা অংশের মানুষের যাতে প্রতিনিধিত্ব থাকতে পারে তার ব্যবস্থা করতে হবে (৩) সাংবাদিক, রাজনৈতিক দল এবং ব্যক্তি পাঠকদের দৃষ্টিভঙ্গি যাতে অবশ্যই সংবাদপত্রে প্রকাশিত হতে পারে তার ব্যবস্থা করতে হবে (৪) সমস্ত সংবাদপত্রই যাতে বিজ্ঞাপন পায় তার জন্য সংশ্লিষ্ট সমস্ত বিজ্ঞাপনকে আনতে হবে একটি অভিন্ন এজেন্সীর অধীনে এবং (৫) নিউজপ্রিন্ট বন্টন পদ্ধতিকে ঢেলে সাজাতে হবে।

১৯৮০ সালে পেশ করা ইন্ডিয়ান ইনস্টিটিউট অব পাবলিক অ্যাডমিনিসট্রেশন-এর এই সুপারিশকে সরকার গ্রহণ করেননি। বোঝাই যাচ্ছে সংবাদপত্রশিল্পে একচেটিয়া পুঁজির বিকাশ এবং নিয়ন্ত্রণ ক্ষমতার যে প্রবণতা বৃদ্ধি পাচ্ছে তাকে খর্ব করার, সংবাদ-পত্রকে স্বাধীন অবস্থাতে রাখার কোনো ইচ্ছে সরকারের নেই। এবং তা অবশ্যই শ্রেণী স্বার্থেরই খাতিরে।

॥ দুই ॥

প্রশ্ন থেকে যায়, ভারতীয় সংবাদপত্রের একটি শক্তিশালী অংশ বৃহৎ পুঁজিপতিদের হাতে বন্দী হয়ে পড়ল কিভাবে। ইতিহাস বলে, স্বাধীনতা-পূর্ব কালের অ্যাংলো ইন্ডিয়ান সংবাদ-পত্রগুলি যুদ্ধের সময়ে ভারতীয় পুঁজিপতি বা বলা যায় অর্থবানদের ওপর নির্ভরশীল হয়ে পড়ে অনেকটাই। বৃটিশদের হাত থেকে টাইমস অব ইন্ডিয়া গ্রুপের এবং স্টেটসম্যানের হস্তান্তরই সূচনা করে সংবাদপত্রে বৃহৎ পুঁজির বা শিল্প-

মূলধনের অনুপ্রবেশ। এর আগে যে কোনো শিল্পপতি সংবাদপত্রে টাকা খাটাননি তা নয়, কিন্তু তার পেছনের কারণ ছিল মূলতঃ স্বাধীনতার প্রশ্নটিকে অবলম্বন করে বৃটিশ পুঁজির বিরুদ্ধে স্বদেশী পুঁজির লড়াই। হিন্দুস্থান টাইমস, সার্চলাইট এবং লীডার—এই তিনটি পত্রিকা শিল্পপতি বিড়লার হাতে চলে যাবার মূল ভিত্তি ছিল এটাই। যদিও এই অধিগ্রহণের পদ্ধতিটা ছিল একান্তভাবেই আধুনিক এবং পরবর্তীকালের একচেটিয়াদের সংবাদপত্র দখলের কৌশলের মতোই। প্রথমে বিড়লা গোষ্ঠী সংগ্রামী এই তিনটি কাগজের প্রতিদিনের বৃটিশ বিরোধী অস্তিত্ব রক্ষার জন্য টাকা ধার দিতেন। তারপর একদিন হঠাৎই মালিক হয়ে গেলেন।

কোন কোন সময় টাকা ধার দিত নিউজপ্রিন্ট ব্যবসায়ীরা। পরবর্তীকালে সুযোগ বুঝে ঋণ আদায়ের ওপর চাপ দিয়ে তারাও মালিক হয়ে যান। বোম্বে ক্রনিকল গ্রুপ এবং মাদ্রাজের ইন্ডিয়ান এক্সপ্রেসের ক্ষেত্রে এই ঘটনা ঘটেছে। বোম্বে ক্রনিকল গ্রুপকে ধারে নিউজপ্রিন্ট দিতেন এম এন কামা। পরে তিনিই এই পত্রিকা গোষ্ঠীর মালিক হয়ে যান। কিন্তু ভারতীয় বৃহৎ ব্যবসায়ী ও পুঁজিপতিরা আক্ষরিক অর্থেই সংবাদপত্রের প্রতি বিশেষ আকৃষ্ট হয়ে পড়লেন স্বাধীনতা প্রাপ্তির ঠিক আগের মুহূর্তে এবং পরবর্তীকালে। এই ঘটনার উল্লেখ করে প্রথম প্রেস কমিশন তাদের রিপোর্টে বলেছিলেন যে. Capital has been attracted to this (newspaper) industry not so much as a source of safe investment and regular return but for other reason; some altruistic, some selfish.

এবং আরও স্পষ্টভাবেই এই রিপোর্টে বলা হয়েছিল, some of the persons, at present owning or controlling newspapers, have had no previous connection with or training in journalism. There are others who, while conducting newspapers, are primarily interested in other activities. There are some who are generally reputed to have indulged

in anti-social activities সন্দেহ নেই, বৃহৎ ব্যবসায়ী বা পুঁজিপতিদের হাতে সংবাদপত্রের মালিকানা চলে যাবার সমগ্র পর্বই এক বিষণ্ণ অধ্যায়।

টাইমস অব ইন্ডিয়া গ্রুপ কিভাবে বৃহৎ পুঁজিপতিদের হাত চলে গেল তার প্রত্যাশিত কিছু রূপরেখা পাওয়া যাবে ভিভিয়ান বোস কমিটির রিপোর্টে। টাইমস অব ইন্ডিয়া গ্রুপ ছিল অ্যাংলো ইন্ডিয়ান সংবাদপত্র। মালিক বেনেট কোলম্যান অ্যান্ড কোম্পানী একটি প্রাইভেট লিমিটেড সংস্থা। ১৯৪৫ সালের শেষ নাগাদ এর পেইড আপ ক্যাপিটাল ছিল প্রায় ৩৯ লক্ষ টাকা এবং রিজার্ভ ছিল আরো ৩০ লক্ষ টাকার মতো। এদের হাতে ছিল সরকারী সিকিউরিটি ৩০ লক্ষ টাকার ওপর এবং ব্যাংক ব্যালেন্স ১৪ লক্ষ টাকারও বেশি। ১৯৪৬ সালের প্রথম দিকে ডালমিয়া-জৈন উদ্যোগের একটি সংস্থা ডালমিয়া সিমেন্ট অ্যান্ড পেপার মার্কেটিং কোম্পানী প্রায় হটাতই বেনেট কোলম্যানের শেয়ার কিনতে শুরু করে। ১৯৪৬-এর ২ এপ্রিল ভারত ব্যাংক থেকে ৭৯ লক্ষ ৪২ হাজার টাকার ওভার ড্রাফট নেয় তারা এবং বেনেট কোলম্যানের শেয়ার কেনে ৯৯ লক্ষ ৯২ হাজার টাকার ওপর। ভারত ব্যাংক নিজে ৮৪ লক্ষ টাকার শেয়ার কেনে এবং ডালমিয়া-জৈনের আরেকটি উদ্যোগ গোয়ালিয়র ব্যাংককে তিন লক্ষ টাকা কমে সেগুলি বিক্রি করে দেয়। এর বছর কয়েকের মধ্যেই গোয়ালিয়র ব্যাংক উঠে যায়। যদিও এর যাবতীয় দেনা ও প্রাপ্তির দায়-দায়িত্ব নেয় ডালমিয়া-জৈনেরই আরেকটি সংস্থা দিল্লি গ্লাস ওয়ার্কস লিমিটেড। ডালমিয়া সিমেন্ট ও পেপার কোম্পানী শেয়ারগুলির কিছু পরবর্তীকালে ভারত ইনসিওরেন্স, ভারত ফায়ার অ্যান্ড জেনারেল ইনসিওরেন্স প্রভৃতি সংস্থার কাছে বিক্রি করে এবং কিছুদিন পরে আবার কিনেও নেয়। ভিভিয়ান বোস কমিশন তাদের রিপোর্টে এই যাবতীয় ঘটনার বিবরণ দিয়ে বলেছেন, আসলে ডালমিয়া-জৈন কোম্পানী বেনেট কোলম্যানকে কিনে নেয় সম্পূর্ণভাবেই অন্য লোকের পয়সায়, তাদের অন্যান্য কোম্পানীর পয়সায়, যার অধিকাংশই পরে দরজায় তালা ঝুলিয়েছে। অর্থাৎ সেইসব কোম্পানীর হাজার হাজার শেয়ার হোল্ডারকে তারা পথে বসিয়েছে। এইভাবে তাঁরা স্রেফ ডাকাতি করেছে প্রায় তিন কোটি টাকার মতো। আর বেনেট

কোলম্যানকে তারা কেনে মোট ১ কোটি ৮৭ লক্ষ টাকা দিয়ে, যে বেনেট কোলম্যান ১৮৩৮ সালে প্রথম বের করে টাইমস অব ইন্ডিয়া পত্রিকা এবং ১৯০১ সালে ইলাসট্রেটেড উইকলি অব ইন্ডিয়া। আশ্চর্যের ব্যাপার হলো, বেনেট কোলম্যান হস্তান্তরের আগে শেয়ার হোল্ডারদের লভ্যাংশ দেওয়া হতো, কিন্তু হস্তান্তরের পর ১৯৫৮ সাল পর্যন্ত ডালমিয়া-জৈন গোষ্ঠী শেয়ার হোল্ডারদের সেই পয়সাও আত্মসাৎ করেছে।

হিন্দুস্থান টাইমস পত্রিকাটি প্রথম বেরোয় দিল্লী থেকে আকালিদের নেতৃত্বে মূলত কংগ্রেস-ঘেঁষা চরিত্র নিয়ে। কে এন পানিক্কর ছিলেন এর সম্পাদক। প্রচণ্ড রাজনৈতিক এবং অর্থনৈতিক চাপের মধ্যে পড়ে ১৯২৪ সালে এটি বিক্রি হয়ে চলে যায় মদন মোহন মালব্যের হাতে তখন এর মালিক ছিলেন চারজন। মদন মোহন মালব্য, লালা লাজপত রায়, রাজা নরেন্দ্রনাথ এবং এম আর জয়কর। জাতীয়তাবাদী এই পত্রিকাটি চলত নানা লোকের অর্থ সাহায্যে এবং ঋণে। পরে এই ঋণকে শেয়ার হিসেবে গণ্য করা হয়। এমনই একজন ঋণদাতা ছিলেন বিড়লা গোষ্ঠী। '৯৩১ সালে দেখা গেল তাদের ঋণের পরিমাণ শেয়ারের হিসেবে ৫০ শতাংশ ছাড়িয়ে গেছে। সঙ্গে সঙ্গেই হিন্দুস্থান টাইমস দখল করলো তারা। একই ঘটনা ঘটে লক্ষ্ণৌ-এর লীডারের ক্ষেত্রে যা ১৯০৯ সালে সি ওয়াই চিন্তামণির নেতৃত্বে প্রকাশিত হয় এবং পাটনায় সার্চলাইটের ক্ষেত্রে, ১৯১৮ সালে যার প্রকাশ। দুটি কাগজই ওই একই পদ্ধতিতে বিড়লা গোষ্ঠী দখল করে নেয়। অর্থাৎ হিন্দুস্থান টাইমস, সার্চলাইট এবং লীডারের মতো জাতীয়তাবাদী মুক্তি-সংগ্রামী কাগজগুলি পুরোপুরি বৃহৎ পুঁজিপতির হাতে চলে যায় নিছকই ঋণগ্রহণের ভবিতব্যতায় এবং বৃহৎ পুঁজির সর্বগ্রাসী আক্রমণের পরিণতিতে।

১৯২৭ সালে বিশিষ্ট সাংবাদিক এস সদানন্দের নেতৃত্বে চালু হয় ফ্রী প্রেস অব ইন্ডিয়া নামে একটি সংবাদ সংস্থা, যার মূল উদ্দেশ্য ছিল বৃটিশ নিয়ন্ত্রিত এ পি আই-এর সঙ্গে পাল্লা দিয়ে চলা এবং স্বদেশী বক্তব্যকে সংবাদ হিসেবে তুলে ধরা। প্রচন্ড আর্থিক প্রতিকূলতার জন্য সদানন্দ ১৯৩০ সালে বোম্বে থেকে ফ্রী প্রেস জার্নাল প্রকাশ করা শুরু করেন। পরে মাদ্রাজ থেকে ১৯৩২ সালে

ইন্ডিয়ান একসপ্রেস এবং তামিল পত্রিকা দিনমানি প্রকাশ করেন। সেখানেও ঘটে নানা আর্থিক বিপর্যয়। এই বিপর্যয়ের সুযোগ নিয়েই ১৯৩৫ সালে বিশিষ্ট শিল্পপতি রামনাথ গোয়েঙ্কা ইন্ডিয়ান একসপ্রেস এবং দিনমানিকে পকেটস্থ করেন। সংবাদ সংস্থা ফ্রী প্রেস অব ইন্ডিয়া ১৯৩৫ সালে উঠে যায়। কিন্তু সদানন্দ ইতিমধ্যে বোম্বাইয়ে গুজরাটী ও মারাঠী দুটি দৈনিককে ফ্রী প্রেস জার্নালের পাশাপাশি প্রকাশ শুরু করেছিলেন। কিন্তু এর আর্থিক সমস্যার অনেকটাই নির্বাহ হচ্ছিল বিজ্ঞাপন সংস্থা পাবলিসিটি সোসাইটি অব ইন্ডিয়ার ঋণ মারফৎ। ১৯৫৩ সালে সদানন্দ যখন মারা যান তখন পাবলিসিটি সোসাইটি অব ইন্ডিয়ার মালিক করনানি গোষ্ঠী ওই তিনটি পত্রিকা দখল করে। ফলে সদানন্দের মাদ্রাজ সংগঠন চলে যায় গোয়েঙ্কার হাতে এবং বোম্বে সংগঠন করনানির হাতে। পরবর্তীকালে গোয়েঙ্কা ইন্ডিয়ান একসপ্রেসকে ভারতের সংবাদপত্র জগতের সব থেকে বড়ো চেন-এ পরিণত করেন। এবং এরই টাকায় ফুলে ওঠে তার ইস্পাতের ব্যবসা। ভারতের সংবাদপত্র জগতের বৃহত্তম অংশ এইভাবেই চলে যায় বৃহৎ পুঁজিপতিদের হাতে। একমাত্র ব্যতিক্রম শুধু পশ্চিমবাংলা। সেখানে স্টেটসম্যান ছাড়া অন্য কোথাও বৃহৎ পুঁজি অনুপ্রবেশ করতে পারেনি। কিন্তু আনন্দবাজার এবং যুগান্তরে কোনো শিল্পপতির বিনিয়োগ না ঢুকলেও দুটি কাগজই স্বাধীনতা আন্দোলনের মতাদর্শগত ভাবনাকে কাটিয়ে উঠে আজ অন্য যে কোনো শিল্প নিযুক্ত বিনিয়োগের মতো বৃহৎ পুঁজির অন্তর্ভুক্ত হয়ে পড়েছে। আনন্দবাজার পত্রিকার মালিকেরা গোয়েঙ্কার মতোনই সংবাদপত্র শিল্পের মুনাফা দিয়ে ভিন্নতর শিল্প আত্মস্থ করার প্রয়াস চালিয়েছেন। অঞ্চলগত হিসেবে আনন্দবাজার পত্রিকা গোষ্ঠী আজ একচেটিয়া কারবারে পরিণত হতে চলেছে। পুঁজি ও লগ্নীর দিক থেকে তার স্থান জাতীয় স্তরে।

॥ তিন ॥

পুঁজিপতিরা সংবাদপত্রের মতো একটি শিল্পে অর্থলগ্নী করে কেন বা কেন এই শিল্পের মালিক হতে চায় এবং কখন হতে চায় এই প্রশ্নের উত্তর অত্যন্ত গভীরে নিহিত। প্রাথমিকভাবে সংবাদ-পত্রের সহজলভ্য মুনাফা পুঁজিপতিদের যথেষ্ট আকৃষ্ট করলেও

যথেষ্টতম প্রয়োজন যুক্ত থাকে রাষ্ট্রযন্ত্রকে নিয়ন্ত্রণে রাখার প্রশ্নে। যে কোনো দেশেই পুঁজিবাদী বিকাশের নানান স্তরের উত্তাপ যখন একের পর এক বাড়িয়ে তোলে রাজনৈতিক ও সামাজিক সংকট তখন পুঁজিপতিদের পক্ষে তাদের অস্তিত্বের কারণেই প্রয়োজন হয়ে পড়ে এই রাজনৈতিক সংকটের মোকাবিলার জন্য বিভিন্ন প্রচার মাধ্যমকে দখল করা, জনমতকে বিভ্রান্ত করা এবং রাজনৈতিক অভিমতকে নিজেদের পক্ষে টেনে নিয়ে আসা। ভারতে পুঁজিবাদী বিকাশের স্তরগুলিকে বিশ্লেষণ করলেই বোঝা যাবে সংবাদপত্র শিল্পে বৃহৎ পুঁজি বা একচেটিয়া পুঁজির অনুপ্রবেশ সামাজিক ও রাজনৈতিক কারণেই প্রয়োজন হয়ে পড়েছিল। তবে লেনিন রুশ সমাজের পটভূমিতে সংবাদপত্র মালিকদের মূলতঃ ক্যাপিটালিস্ট এবং বুর্জোয়া পাবলিসিস্ট—এই দুই ধারায় যে-ভাবে ভাগ করেছিলেন তা নিশ্চয়ই আজ এ দেশের বিশ্লেষণে প্রযুক্ত নয়। কারণ গত সত্তর বছরে সামগ্রিকভাবেই পুঁজিবাদী অর্থনীতি আরো বৃহত্তর সংকটের মধ্যে গিয়ে পড়েছে। এই সংকটের জন্যেই রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে পুঁজিবাদী নিয়ন্ত্রণ যেমন বৃদ্ধি পেয়েছে তেমনি সেই নিয়ন্ত্রণকে যুক্তিসিদ্ধ হিসেবে প্রমাণ করতে বা তাকে দেশের সাধারণ মানুষের কাছে অন্যরকম হিতৈষণার ছবি হিসেবে তুলে ধরতে সংবাদপত্রে একচেটিয়া মালিকানা কায়েম করাও আজ তাদের কাছে সমান জরুরী। সঙ্গত কারণেই পুঁজিবাদী সমাজে বৃহৎ পুঁজি নিয়ন্ত্রিত সংবাদপত্রের চরিত্র সঞ্চারিত হয় 'বুর্জোয়া প্রেস' হিসেবে এবং তার একমাত্র লক্ষ্য হয়ে দাঁড়ায় শ্রেণী স্বার্থকে রক্ষা করা। এবং তাদের কাজ হয়ে ওঠে, লেনিনের ভাষায়, নিছক phrase monger-এর।

বৃহৎ পুঁজি ও একচেটিয়া নিয়ন্ত্রিত সংবাদপত্রগুলির কার্যকরী ভূমিকা যে সবসময়ে একই থাকে তা নয়। গণ-আন্দোলনের সময় তার ভূমিকা হয় সেই আন্দোলনের গুরুত্বকে বিশ্লেষণ করে তাদেরই নিয়ন্ত্রিত ক্ষমতাসীন রাজনৈতিক দলকে আন্দোলন-দমনের জন্য নানাবিধ ব্যবস্থা গ্রহণের জন্য পরোক্ষ নির্দেশ দেওয়া ; নির্বাচনের সময় তাদের স্বার্থ রক্ষা করবে যে রাজনৈতিক দল তার পক্ষ হয়ে প্রচার করা ও জনসাধারণকে প্রভাবিত করা ; তীব্র রাজনৈতিক সংকটের সময় সেই সংকটকে কাটিয়ে ওঠার

জন্যই নানাভাবে নতুন ও ভিন্নতর সামাজিক সংকট সৃষ্টি করা এবং সাধারণভাবে সর্বসময়ের জন্য মুনাফা-ভিত্তিক স্বার্থকে সুরক্ষিত করাব উদ্দেশ্যে সরকারী নীতির ওপর চাপ সৃষ্টি করে যাওয়া। এটাই বৃহৎ পুঁজি নিয়ন্ত্রিত সংবাদপত্রের আজকের চরিত্র।

সংবাদপত্রে একচেটিয়া পুঁজির এই বিকাশ কোনো কারণেই বিচ্ছিন্ন ঘটনা নয়। সামগ্রিকভাবে দেশের অর্থনীতিতে একচেটিয়াদের আধিপত্য যেভাবে বৃদ্ধি পাচ্ছে এটা তারই একটি পরিণত-সমৃদ্ধ প্রতিক্রিয়া। সরকারী হিসেবেই দেখা যাচ্ছে ১৯৫২ এবং ১৯৫৯ সালের মধ্যে এম আর টি পি-তে রেজিষ্ট্রিভুক্ত বৃহৎ পুঁজিপতি গোষ্ঠীগুলির সম্পত্তির মূল্য ৫৫৯৭ ৭৪ কোটি টাকা থেকে দ্বিগুণ বৃদ্ধি পেয়ে হয়েছে ১২৪৫৬ ৭৯ কোটি টাকা। এর মধ্যে কুড়িটি সর্ববৃহৎ গোষ্ঠীর সম্পত্তি ১৯৭২ সালে যেখানে ছিল ৩০৫৮.৮৭ কোটি টাকা, সেখানে ১৯৫৯ সালে তা হয়েছে ৬৬১৮.৬৯ কোটি টাকা। (লোকসভায় প্রশ্নোত্তর, ২১ এপ্রিল, ১৯৫৯)। আর রিজার্ভ ব্যাঙ্কের রিপোর্ট অনুযায়ী বেসরকারী বৃহৎ ও মাঝারি শিল্পের ক্ষেত্রে মোট সম্পত্তিতে একচেটিয়া গোষ্ঠীগুলির নিয়ন্ত্রণ ১৯৫৯ সালে ছিল যেখানে ৪৬ শতাংশ, ১৯৫২ সালে তা দাঁড়িয়েছে ৬৯.৯৯ শতাংশে এবং ১৯৫৮ সালে আরও বেড়ে হয়েছে ৮৩ ৩ শতাংশ। যদি রাষ্ট্রায়ত্ত শিল্প ক্ষেত্রের সম্পত্তি যোগ করা হয় তাহলে দেখা যাবে দেশের মোট শিল্প সম্পত্তিতে বৃহৎ পুঁজিপতি গোষ্ঠী-গুলির অংশ দাঁড়িয়েছে শতকরা ৩২.১৪ ভাগ। দেশের কম করেও দু-হাজার যৌথ কোম্পানী এই মুষ্টিমেয় বৃহৎ পুঁজিপতি গোষ্ঠীর প্রত্যক্ষ ও পরোক্ষ নিয়ন্ত্রণে চলছে। বিশিষ্ট সোভিয়েত অর্থ-নীতিবিদ এ আই মেদোভয় এই পরিপ্রেক্ষিতে ভারতীয় অর্থনীতি সম্পর্কে সম্প্রতি প্রকাশিত বইটিতে দ্বিধাহীনভাবেই মন্তব্য করেছেন যে, The big and monopoly bourgeoisie, who in the past 15-20 years has gently enriched itself, has also strengthened its economic and political positions......

সুতরাং, অন্যান্য সমস্ত শিল্পে যখন একচেটিয়া পুঁজির আধিপত্য বাড়ছে তখন স্বাভাবিক কারণেই সংবাদপত্রের মতো একটি লাভজনক শিল্প সেই শিকারীর হাত থেকে রক্ষা পেতে পারে না।

দ্বিতীয়তঃ, শক্তিশালী রাজনৈতিক অবস্থান যেখানে অনিবার্যভাবেই এনে দেয় রাজনৈতিক নিয়ন্ত্রণের ক্ষমতা সেখানে সংবাদপত্রের মতো একটি শিল্প অবশ্যই সেই নিয়ন্ত্রণ ব্যবস্থাপনার একটি চমৎকার হাতিয়ার হিসেবে ব্যবহৃত হতে পারে। এবং যেহেতু 'একচেটিয়া হলো পুঁজিবাদের উন্নততর রূপ' (লেনিন) ও এই উন্নততর রূপ ভারতবর্ষের মতো দেশে এখনও ক্রমবিকাশমান, সেই হেতু আগামী দিনে সংবাদপত্রের ওপর একচেটিয়া পুঁজিপতিদের প্রভুত্ব আরও বাড়বে এবং সংবাদপত্র মারফৎ দেশের রাজনৈতিক ও অর্থনৈতিক পরিস্থিতির ওপর নিয়ন্ত্রণ আরোপের চেষ্টা কঠোরতর হবে বলেই ধরে নেওয়া যায়। এবং সেই অবস্থায় সংবাদপত্রের চরিত্র ও ভূমিকা কি হবে সে সম্পর্কে এখন থেকেই সাধারণ মানুষের মনে আতঙ্ক জাগা স্বাভাবিক।

স্বাভাবিক এই কারণেই যে, সামনে একটা চমৎকার উদাহরণ পড়ে আছে। ১৯৭৯ সালে মার্কিন যুক্তরাষ্ট্রে ৫৩টি সংবাদপত্রের মালিকানার হাত বদল হয়ে যায় রাতারাতি এবং এর মধ্যে ৪৮টি সংবাদপত্র বিভিন্ন চেন-এ বিভক্ত হয়ে যায়। সেনেটর মরগ্যান মার্কিন কংগ্রেসে ভাষণ দিতে গিয়ে চীৎকার করে উঠলেন : We are losing independent newspapers to chains at the rate of one a week. এই ঘটনার পর ১৯৮০-র গোড়ার দিকে মার্কিন যুক্তরাষ্ট্রের বিখ্যাত প্রাক্তন সংবাদপত্র সম্পাদক, ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা বিভাগের অধ্যাপক বেন এইচ ব্যাগডিকিয়ান প্রকাশ্যেই বললেন, সংবাদপত্রগুলি একে একে সব একচেটিয়াদের হাতে চলে যাওয়ায় সংবাদপত্র বলে আর কিছুই রইল না দেশে। ব্যাগডিকিয়ান মনে করিয়ে দিলেন সেই ঘটনা যখন বিখ্যাত সংবাদপত্র মালিক উইলিয়াম র‍্যানডলফ হার্স্ট বারবার করে তাঁর একাধিক কাগজ মারফৎ মার্কিন সরকারকে উস্কিয়ে দিয়েছিলেন মেক্সিকোর বিরুদ্ধে সেনা অভিযান চালানোর জন্য। হার্স্ট একটানা তিনমাস ধরে এইভাবে দুই দেশের মধ্যে যুদ্ধ বাঁধাবার চেষ্টা করেছিলেন নিছক সংবাদ সৃষ্টি করা বা খোরাক যোগানোর জন্য নয়, এমন কি এই যুদ্ধ থেকে মার্কিন যুক্তরাষ্ট্রের কিছু অর্থকরী লাভালাভের জন্যও নয়, তাঁর এই চেষ্টা ছিল শুধুমাত্র এই কারণেই যে মেক্সিকোতে খনির মালিকানার হার্স্টের

প্রচুর টাকা খাটছে এবং মেকসিকো সরকার তা বাজেয়াপ্ত করার নির্দেশ দিয়েছিলেন। হার্স্টের সাংবাদিকতার একমাত্র লক্ষ্য ছিল দুই দেশের মধ্যে যুদ্ধ বাঁধিয়ে দিয়ে নিজের সম্পত্তিকে রক্ষা করা। ব্যাগডিকিয়ান আরও জানিয়েছিলেন : Today there is greater potential than ever for the use of journalism as a by-product by large conglomerates which have an explicit desire to influence public opinion and Government policy in their favour. কারণ, Half to three quarters of all media are owned by corporations run by 100 executives and these 100 executives constitute a private Ministry of Information and Culture মার্কিন যুক্তরাষ্ট্রের মতো একই পুঁজিবাদী অর্থনীতির শরিক ভারতবর্ষে আগামী দিনে এই ঘটনা ঘটা আদৌ অসম্ভব কিছু নয়। এমন একটা পর্যায় আসবেই যখন একচেটিয়া পুঁজিপতিরা চাইবে তাদের মালিকানাধীন সংবাদপত্রের মাধ্যমে একটি পাল্টা এবং কার্যকরী সরকার চালাতে।

অবশ্য এর আগে আরেকটা পর্ব থেকে যায়। আমরা জানি, পুঁজিবাদী অর্থনীতিতে বৃহৎ ও একচেটিয়া বুর্জোয়াদের সঙ্গে বুর্জোয়াদের অন্যান্য অংশের একটা নিরন্তর সংঘাত চলতেই থাকে। সেখানে ওই সাধারণ বুর্জোয়াদের অন্যান্য অংশকে আত্মসমর্পণ করতে হয়, অথবা কারবার গুটিয়ে নিতে হয়। সংঘাত যত বাড়বে ততই বৃহৎ ও একচেটিয়াদের হাতে অর্থনৈতিক ক্ষমতা আরও বেশি করে কুক্ষিগত হবে। ঠিক যে-কারণে ১৯৭৬ থেকে ৮০ সালের মধ্যে এদেশে টাটা, বিড়লা, মাহীন্দ্র অ্যান্ড মাহীন্দ্র, জে কে ইত্যাদি একচেটিয়ারা মোট ২৬টি গোষ্ঠীবহির্ভূত পুঁজির সংস্থাকে আত্মসাৎ করেছে, ঠিক সেই কারণেই একদিন সংবাদপত্রের একচেটিয়ারাও অনেক মাঝারি সংবাদপত্রকে গ্রাস করে ফেলবে। এখনও আর্থিক সঙ্গতির দিক থেকে, মুনাফার তারতম্যের দিক থেকে সংবাদপত্রের মধ্যে যে শ্রেণীবিন্যাস রয়েছে, কিছুদিন বাদে তা-ও থাকবে না।

ওই অবস্থায় সাধারণ গণ-আন্দোলনের সংগে সংবাদপত্রের যোগাযোগ কতখানি থাকবে তা নির্দিষ্টভাবে বলা সম্ভব নয়। তবে

একচেটিয়া পুঁজিও যখন তথাকথিত জনহিতকর শিল্পনীতির কথা ঘোষণা করে তখন ধরে নেওয়া যায়, কৌশলগত কারণেই অনেক রাজনৈতিক গণ-আন্দোলনকে হয়ত তারা তাদের নিজেদের স্বার্থেই সমর্থন করে যাবে। তাদের নিজেদেরই রাজনৈতিক ও অর্থনৈতিক স্বার্থে তারা উপযুক্তভাবে প্রকাশ করে যাবে আগামী দিনের বহু গণ-আন্দোলনের বিস্তৃত বিবরণ। কিন্তু স্বাধীনতা-পূর্বকালের বিভিন্ন গণ-আন্দোলনের সঙ্গে সংবাদপত্রের যে আত্মিক যোগাযোগ ছিল তার সাথে কোনো মিলই থাকবে না। গণ-আন্দোলনকে দমন করার জন্যই, বিভ্রান্ত করার জন্যই একচেটিয়া নিয়ন্ত্রিত সংবাদ-পত্রগুলি গণ-আন্দোলনের পাশে এসে দাঁড়াবে। নিঃসন্দেহে সেটা হবে আরেক সংকটময় অধ্যায়। এবং দ্বান্দ্বিক কারণেই সেই সময়ে যে এক নতুন শ্রেণীর কমিটেড সংবাদপত্র জন্ম নেবে না, একথাও আমরা জোর দিয়ে বলতে পারি না। পারি না এই জন্যেই যে পুঁজিবাদী উত্তরণের সর্বোচ্চ পর্যায়ের দেশগুলিতে ইতিমধ্যেই এই নতুন শ্রেণীর সংবাদপত্র জন্ম নিয়েছে। রাজনৈতিক মুখপত্র না হয়েও গণ-সচেতনতার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা নিয়েছে তারা। আগামী দিনে একচেটিয়াদের কাছে তারাই হয়ে উঠবে মস্তো চ্যালেঞ্জ।

অরুণকুমার মুখোপাধ্যায়

ভারতের প্রথম সংবাদপত্র ও হিকি

ভারতে সংবাদপত্র প্রকাশের সূচনা করেন যিনি তাঁর নাম জেমস অগাস্টাস হিকি (James Augustus Hicky)। হিকির জীবন সম্পর্কে আজ পর্যন্ত সব তথ্য পাওয়া যায় নি। ইস্ট ইনডিয়া কোম্পানির আমলে—অষ্টাদশ শতকের শেষ ভাগে—বড়লাট ওয়ারেন হেস্টিংস-এর আমলে হিকি কলকাতায় ছিলেন। হিকি আমদানি-রপ্তানি ব্যবসায়ে যুক্ত ছিলেন। জাহাজে মাল পাঠাতেন বিলেতে। সমুদ্রপথে মাল পাঠানোর ব্যাপারে ক্ষতিগ্রস্ত হবার ফলে হিকির ব্যবসা মার খায়। যাঁরা তাকে ধারে মাল দিতেন তাঁদের দেনা শুধতে না পাবায় তিনি আদালতে অভিযুক্ত হন। শেষ পর্যন্ত তাঁর কারাদণ্ড হয় (অক্টোবর ১৭৭৬)। বছর তিনেক জেল খাটার পর মুক্তি পেয়ে হিকি আমদানি-রপ্তানি ব্যবসার পথ ছেড়ে নতুন পথে চলে আসেন।

১৭৮৩-র জানুআরিতে হিকির সাপ্তাহিকপত্র বেঙ্গল গেজেট বা ক্যালকাটা জেনারেল অ্যাডভার্টাইজার (Bengal Gazette or

Calcutta General Advertiser) প্রকাশিত হয়। ভারতে আধুনিক সংবাদপত্রের সূচনা হল।

হিকির পূর্বে উইলিয়ম বোল্টস (Bolts) সংবাদপত্র প্রকাশের চেষ্টা করেছিলেন। ব্যক্তিগত ব্যবসা করার অভিযোগে কোম্পানির ডিরেকটর বোর্ড তাঁকে ইস্ট ইনডিয়া কোম্পানির চাকরি থেকে বরখাস্ত করেন। সংবাদপত্র প্রকাশের জন্য তাঁর সব আয়োজন ও চেষ্টা ব্যর্থ হয়ে যায়। কারণ তাঁর কথায়, তাঁর হাতে "এমন সব তথ্য ছিল যাতে কোম্পানির অনেকে জড়িত"। কোম্পানির সাহেবরা সংবাদপত্র-প্রকাশ-উদ্যোগে সন্ত্রস্ত হয়ে পড়েন এবং তাঁরাই বোল্টস্‌কে বাংলা থেকে মাদ্রাজে ঠেলে পাঠান যাতে তিনি সেখান থেকেই বিলাত চলে যান (১৭৬৮)।

হিকি এ ধরনের ভীতিপ্রদর্শনে ক্ষান্ত না হয়ে বেঙ্গল গেজেট প্রকাশ করেন। এর উদ্দেশ্য, তাঁর কথায়, "বেঙ্গল গেজেট একটি রাজনীতি ও বাণিজ্য বিষয়ক সাপ্তাহিক,—যার দরজা সকলের জন্য খোলা, যা কারুর দ্বারা প্রভাবিত নয়"। তাঁর এই সাপ্তাহিকপত্রে, হিকি ঘোষণা করেন, "প্রজাদের উপর পীড়নের ও পীড়ন-প্রতিরোধের সংবাদ" ছাপা হবে। কারণ প্রজাদের "আপন নীতি ও মতামত প্রকাশের পূর্ণ স্বাধীনতা আছে, এবং যেসব সরকারী ক্রিয়াকলাপ এই স্বাধীনতা দমন করতে চায়, যা পীড়নকারী ও সমাজের পক্ষে ক্ষতিকর তার প্রতিরোধে পূর্ণ স্বাধীনতা আছে।"

রাজনৈতিক, সামাজিক, বাণিজ্যিক সবরকম সংবাদ হিকির সাপ্তাহিকে ছাপা হত। কবিতাও ছাপা হত। কিন্তু শীঘ্রই হিকি ঝামেলায় পড়ে গেলেন। কলকাতার ইংরেজ-সমাজের উঁচুতলার ব্যক্তি ও পদস্থ রাজপুরুষদের সম্বন্ধে নানা কুৎসা প্রকাশ করতে আরম্ভ করেন। এইসব কুৎসার প্রধান লক্ষ্য ছিল বড়লাট ওয়ারেন হেস্টিংস ও কলকাতার প্রধান বিচারালয় সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি এলিজা ইম্পে। কিন্তু হিকি কখনো সার ফিলিপ ফ্রান্সিসকে আক্রমণ করেন নি। ফ্রান্সিস ছিলেন হেস্টিংসের রাজনৈতিক শত্রু। অনেকে মনে করেন হিকির এই আক্রমণের পিছনে ফ্রান্সিসের প্রচ্ছন্ন সমর্থন ছিল।

সেদিনকার ইংরেজ-অধিকৃত কলকাতার সামাজিক, বাণিজ্যিক, রাজনৈতিক অবস্থা হিকির সাপ্তাহিক পাঠে জানা যায়। কিন্তু

একথা স্বীকার্য হিকি পত্রিকা সম্পাদনায় বিশেষ সুরুচি ও শালীনতাবোধের পরিচয় দেননি। ইংরেজ মহিলাদের সম্পর্কেও তিনি নানা কুরুচিকর ইঙ্গিত প্রকাশ করতেন।

প্রজাদের স্বাধীনতা—চিন্তার ও মত প্রকাশের স্বাধীনতা হিকি দাবি করেছিলেন। কিন্তু কুৎসা ও কটুক্তি প্রকাশ করার ফলে অল্পদিনেই তাঁর অনেক শত্রু দেখা দেয়। জেনারেল পোস্ট অফিস মারফৎ বেঙ্গল গেজেট পাঠানো বন্ধ করে দেওয়া হয় (নভেম্বর ১৭৮০)। হিকি তাতেও দমেন নি। অবশেষে হিকিকে গ্রেপ্তার করা হয় (জুন ১৭৮১)। ২৯ জানুআরি ১৭৮০-তে প্রকাশিত সাপ্তাহিক বেঙ্গল গেজেট এভাবে দেড় বছরের মধ্যেই বন্ধ হয়ে যাবার উপক্রম হয়।

সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি এলিজা ইম্পে হেস্টিংস প্রবর্তিত মামলায় হিকিকে গ্রেপ্তারের আদেশ দেন। এই মামলায় হিকির অর্থদণ্ড হয়। হিকি দমে না গিয়ে পত্রিকা চালিয়ে যেতে থাকেন। পুনরায় হিকির নামে মামলা ও অর্থদণ্ড হয়। বড়লাট হেস্টিংস ও প্রধান বিচারপতি ইম্পের রোষকে উপেক্ষা করে তিনি পত্রিকা প্রকাশ করতে থাকেন। শেষ পর্যন্ত হিকিকে ১ বছর ৭ মাস কারাদণ্ড ভোগ করতে হয়। ১৭৮২ সালে পত্রিকার ছাপাখানার সব হরফ (টাইপ) বাজেয়াপ্ত করা হয়। এবং পত্রিকা বন্ধ হয়ে যায়।

'বাস্টিড (Busteed)-এর 'Echoes from Old Calcutta' বইটিতে হিকিকে বলা হয়েছে—একজন অপদার্থ ব্যক্তি। কিন্তু ভারতীয় সংবাদপত্রের প্রবর্তক। ("a worthless man, but as the pioneer of the Indian Press".)

হিকি সম্পর্কে এই বর্ণনা অতিশয় যথার্থ। সংবাদপত্রের স্বাধীনতার তিনিই প্রথম সচেতক প্রবক্তা, যদিও তিনি সে স্বাধীনতার অপব্যবহার করেছিলেন।

ভারতের প্রথম সাংবাদিক হিকির সাংবাদিক জীবন নানা কারণে স্মরণযোগ্য। সংবাদপত্রের স্বাধীনতা—তার মূল্য, সদ্ব্যবহার ও অপব্যবহার-ক্ষেত্রে হিকির বেঙ্গল গেজেট উজ্জ্বল নিদর্শন।

হিকি সংবাদপত্রের স্বাধীনতার যে মহান নিদর্শন ঘোষণা

করেছিলেন তা বাঁচাবার জন্যেই ভারতে বৃটিশ শাসনের অবসান-কল্পে ভারতীয়দের লড়াই করতে হয়েছে। হিকির বেঙ্গল গেজেট (১৭৮০-৮২) প্রকাশের আটত্রিশ বছর পরে প্রথম বাংলা সংবাদপত্র প্রকাশিত হয়। সম্বাদ কৌমুদীর সঙ্গে হিকির বেঙ্গল গেজেটের তুলনা করলে হিকির সাংবাদিক প্রয়াসের ত্রুটি যেমন ধরা পড়ে, তেমনি হিকির সাহসিকতার পরিচয় পাওয়া যায়। হিকির বেঙ্গল গেজেট প্রকাশের পরে অষ্টাদশ শতকের শেষ পাদে ইংরেজী ভাষায় আরো এগারটি পত্রিকা প্রকাশিত হয়।* এগুলি য়ুরোপীয়দের দ্বারা প্রকাশিত ও সম্পাদিত; ভারতের য়ুরোপীয় পাঠক সম্প্রদায়ের উদ্দেশ্যে প্রচারিত। এগুলিতে বৃটিশ রাজের কীর্তিকলাপ, কলকাতার ইংরেজ ও য়ুরোপীয় সমাজের বাণিজ্যিক ও ফ্যাশন সংক্রান্ত সংবাদ, দেশীয় রাজন্যবর্গের সংবাদ, বিদেশী সংবাদ মুদ্রিত হত। রাজনৈতিক সাংবাদিকতা সেদিন অজানা ছিল।

তথাপি একথা স্বীকার্য, এই সব য়ুরোপীয় সাংবাদিকরা ইস্ট ইন্ডিয়া কোম্পানী ও ভারতের বৃটিশ শাসকদের পীড়ন ও তর্জনকে উপেক্ষা করে সংবাদপত্র চালাতেন। তাঁদের অগ্রণী ছিলেন হিকি।

সপার্ষদ বড়লাট বাহাদুর এইসব সংবাদপত্র ও সাংবাদিক প্রকাশকদের প্রতি প্রসন্ন ছিলেন না। বোল্টস সংবাদপত্র প্রকাশের পূর্বেই কলকাতা থেকে বিতাড়িত হলেন। হিকির নামে মামলার পর মামলা করা হয়। বেঙ্গল জার্নাল-এ 'আপত্তিকর' সংবাদ মুদ্রণের অপরাধে Duane-কে বিলেতে ফেরৎ পাঠানোর চেষ্টা করা হয় (১৭৯১)। সে চেষ্টা রহিত হলেও একই অপরাধে Duane-কে গ্রেপ্তার করে বিলেতে ফেরৎ পাঠানো হয় (১৭৯৪)। টেলিগ্রাফ-এর H. M. Kenly-কে আদালতে 'জবাবদিহি' করার জন্য ডেকে পাঠানো হয় (১৭৯৬)। ক্যালকাটা গেজেট-এর Horsely-কে 'ভর্ৎসনা' করা হয় (১৭৯৬)। তিন বছর বাদে আদালত ফের টেলিগ্রাফের সম্পাদককে 'ক্ষমা ভিক্ষার' নির্দেশ দেন। সেদিনকার ইংরেজ ও ফরাসী শাসকদের অন্যায় অবিচার (উৎকোচ গ্রহণ, তহবিল তছরূপ) সম্পর্কে নানা সংবাদ, সেনাদলের ও কোম্পানীর নানা নিয়ম বহির্ভূত কাজ, বিলাতে ডিরেক্টারবর্গের নানা বিধি-বহির্ভূত হুকুমনামা সম্পর্কে প্রতিবাদ এইসব পত্রিকায় প্রকাশিত

হয়।

বড়লাট ওয়েলেসলি কলকাতার এইসব ইংরেজী সংবাদপত্রকে শাসিত করার জন্যে, ভারতে বৃটিশ সাম্রাজ্যের ভিত্তি দৃঢ় করার ও ইস্ট ইন্ডিয়া কোম্পানীর বাণিজ্যিক স্বার্থরক্ষার উদ্দেশ্যে ব্যবস্থা গ্রহণে উদ্যোগী হন। তারই ফলে ব্রিটিশ শাসনের কেন্দ্র ফোর্ট উইলিয়ম থেকে সংবাদপত্র নিয়ন্ত্রণেব এক হুকুমনামা জাবি হয় (১৩ মে ১৭৯৯) যার ফলে প্রকাশের পূর্বে সব সংবাদ সরকারী কর্তৃপক্ষকে দেখিয়ে নেবার আদেশ দেওয়া হয়।

স্বীকার্য, সংবাদপত্রের স্বাধীনতা রক্ষার যে লড়াই হিকি শুরু করেছিলেন সে লড়াই আজো চলছে।

* India Gazette (weekly, ed. by P Reed and B. Messirk, Nov. 1780); Calcutta Gazette (1784), Bengal Journal (1785); Oriental Magazine or Calcutta Amusement (1785); Calcutta Chronicle (1786); Calcutta Courier (1795); Bengal Harukaru (1798); Morning Post (1798); Telegraph (1798); Oriental Star (1798); Asiatic Mirror (1798)

তথ্য ও উৎস : Busted—Echoes from Old Calcutta.

Parliamentary Papers, House of Commons, 1857—58 Vol. XLIII.

Dr. Samarjit Chakraborti—The Bengali Press (1818—68)

অশোক মুস্তাফি

ফরওয়ার্ড, ফরওয়ার্ড ব্লক ও সুভাষচন্দ্র

কাউন্সিল-প্রবেশ বিতর্কে দিল্লী কংগ্রেসে জয়লাভের পর ১৯২৩ সালে দেশবন্ধু অবিলম্বে প্রকাশ করলেন ইংরেজী দৈনিক 'ফরওয়ার্ড'। পত্রিকাটির পরিচালনার দায়িত্ব সুভাষচন্দ্রের ওপর অর্পিত হয়, বিশেষত দলীয় সাংবাদিকদের অনেকে কারারুদ্ধ হওয়ায় ইতিমধ্যে সাপ্তাহিক বাংলার কথার (রাতারাতি দৈনিক সংবাদপত্রে রূপান্তরিত) সম্পাদনার কর্মে অবশ্য তিনি যথেষ্ট যোগ্যতার পরিচয় দিয়ে কলকাতার জাতীয়তাবাদী সাংবাদিক মহলের দৃষ্টি আকর্ষণ করেছেন। ট্রেডল মেসিনে মুদ্রিত এই পত্রিকা স্বরাজ্য-দলের প্রচার কার্যের হাতিয়ার হিসাবে প্রকাশের সাথে সাথে গণমনে সপ্রশংস চাঞ্চল্যের সৃষ্টি করে। পত্রিকা-কার্যালয়ে সুভাষচন্দ্র নিজে দাঁড়িয়ে থেকে অপেক্ষমান হকারদের মধ্যে প্রতিদিন কাগজ বিলি করে দিতেন। অর্থাৎ হাতে কলমে সাংবাদিকতায় প্রয়াসী হলেন এই সূত্রে। প্রায় সবসময়ে স্বরাজ্য দলের কর্তৃপক্ষ বিশেষভাবে একটি উপযুক্ত ইংরেজী দৈনিকের অভাববোধ করেছিলেন, কেননা শুধু

বক্তৃতার উপর ভরসা করা যায় না। এবং ইংরেজী সার্ভেন্ট পত্রিকার স্বত্ব ক্রয় করতে না পেরে এঁরা অবশেষে ১৯২৩ সালে অর্থাৎ সমসময়ে ফরওয়ার্ড পত্রিকা প্রকাশ করলেন। স্বরাজ্য দলের মুখপত্র এই পত্রিকাটির ব্যবস্থাপনার জন্য দেশবন্ধু কংগ্রেসের এক সময়ের প্রচার সচিব সুভাষচন্দ্রকে মনোনীত করলেন। এবার সংবাদ সেবার ক্ষেত্রে সুভাষ একটি ভিন্নতর অর্থাৎ সংযোগ সাধনকারী ভূমিকায় অবতীর্ণ হলেন বঙ্গীয় কংগ্রেসের সম্পাদক পদে ইস্তফা দিয়ে। প্রখ্যাত অধ্যাপক ও পারিভাষিক বিনয় সরকারকে তিনি বৈদেশিক সংবাদদাতা নিযুক্ত করলেন। রয়টারকে হটাবার উদ্দেশ্য নিয়েই আন্তর্জাতিক সংবাদ-পরিবেশনের ও সংবাদ আদান-প্রদানের পরিকল্পনা করলেন তিনি। বাঙ্গালীকে বিদেশী সংবাদদাতা হিসাবে বহাল করার দৃষ্টান্ত বাঙ্গালী দৈনিকদের মধ্যে ফরওয়ার্ডই সর্বপ্রথম স্থাপন করে। পত্রিকাটি সে কালে সারা ভারতে বিপুল জনপ্রিয়তা অর্জন করে। এবং অত্যন্ত স্বল্প সময়ে। অনতি-কালের মধ্যে সুভাষ ফরওয়ার্ডের সর্ববিধ আধুনিকীকরণের জন্য সচেষ্ট হন এবং সংবাদ প্রকাশ ও পরিবেশনার ক্ষেত্রে সম্পূর্ণ নতুন রীতির প্রবর্তনা করেন। প্রধানতঃ সেই রীতিতেই আজকাল সংবাদ প্রকাশিত হয়ে থাকে। জাতীয় ও আন্তর্জাতিক সংবাদ পরিবেশনে, বিশ্লেষণ-ধর্মী নিবন্ধ আমন্ত্রণে এবং (বেনামে) হৃদয়গ্রাহী সম্পাদকীয় ও টীকা-টিপ্পনী রচনায় সুভাষচন্দ্র সে সময়ে যে ঐতিহ্য সৃষ্টি করে গিয়েছেন আজও তা অনুসৃত হয়ে থাকে। চিত্তরঞ্জনের নির্বাচনী বক্তৃতা সমূহের প্রকাশে ফরওয়ার্ড সুভাষের নেতৃত্বে, চিরাচরিত প্রথা পরিহার করে। বক্তৃতার উৎকৃষ্ট অংশ-বিশেষের উপর প্রাধান্য দিয়ে তা পরিবেশিত হতে থাকে। স্থানীয় ঘটনাগুলিকে ধারাবাহিকভাবে না সাজিয়ে, তাদের জাতীয়তাবাদী তাৎপর্য হিসাবে বিজ্ঞাপিত করার নীতি গৃহীত হয়। সম্পাদকমণ্ডলী কর্তৃক পত্রিকাকে জীবন্ত ও আকর্ষণীয় করে তোলবার জন্য বন্ধনী ব্যবহার করা, মোটা হরপে ছাপানো, শিরোনামের মধ্যে বৈচিত্র্য আনা প্রভৃতি নতুনত্ব আমদানী করার কৃতিত্বের সিংহভাগ ছিল ব্যবস্থাপক সুভাষের। বিদেশের জাতীয়তাবাদী আন্দোলনের বিবিধ সাম্প্রতিক সংবাদ ব্যাপকভাবে প্রচারিত হতে থাকে ফরওয়ার্ডের স্তম্ভে। বিদেশের প্রগতিশীল বুদ্ধিজীবীদের শক্তিশালী

রচনায় পত্রিকা ক্রমশই সমৃদ্ধ হয়ে ওঠে। সরকারী গোপন তথ্য ফাঁস করার ব্যাপারে ফরওয়ার্ড এত পারদর্শিতা অর্জন করে যে শাসকমহলে তখন রীতিমতো ত্রাসের সঞ্চার হয়। কলকাতা থেকে প্রকাশিত বেশ কয়েকটি দৈনিকের বাজার ফরওয়ার্ড অবলীলাক্রমে দখল করে। মূলতঃ সুভাষচন্দ্রের সংগঠনশক্তি, অক্লান্ত পরিশ্রম ও অন্তর্নিহিত সাংবাদিক প্রতিভার জন্যই সে কালের অন্য সব পত্র-পত্রিকা ফরওয়ার্ডের কাছে ম্লান হয়ে যায়। অকুতোভয়ে সমাজতন্ত্র ও জাতীয়তাবাদের প্রচারের মধ্যে দিয়ে ফরওয়ার্ড সাংবাদিকতার ক্ষেত্রে প্রায় যুগান্তর আনয়ন করে। সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের নির্বাচনী পরাজয়ে সুভাষচন্দ্র একটি চাঞ্চল্যকর সম্পাদকীয় লিখলেন "Bureaucracy is buried four fathoms deep" এই শিরোনামে। শাসন-সংস্কার আইনকে প্রহসনে পরিণত করে শাসক-গোষ্ঠী যে-ভাবে বিধানসভার নির্বাচিত প্রতিনিধিদের সংখ্যাগরিষ্ঠের সিদ্ধান্তকে ক্রমাগত অগ্রাহ্য করে চলেছেন, তা নিয়ে সুভাষ Why Distrusted (April 1, 1924) শীর্ষক একটি জ্বালাময়ী সম্পাদকীয় রচনা করলেন। অত্যন্ত নিরুত্তেজ ভাবে অথচ তীক্ষ্ম ভাষায় তিনি সমকালীন রাজনৈতিক পরিস্থিতির বিশ্লেষণ করতেন, সর্বদাই তাঁর যুক্তি সুবিন্যস্ত, বক্তব্য ঋজু ও ভাষা ছিল স্বচ্ছ। কোন বিষয়ের অবতারণা করা বা ঘটনার অরণ্যে পথভ্রষ্ট হওয়া ছিল তার প্রকৃতি-বিরুদ্ধ ব্যাপার। রাজ্যপাল সংবিধানের অমর্যাদা করে যে দলীয় রাজনীতি করছেন—সে সম্পর্কে এবং স্বরাজ্য দল অধিবেশন কক্ষ ত্যাগ করে সমুচিত কাজই করেছেন—এই মর্মে সুভাষ একটি সময়োচিত সম্পাদকীয় রচনা করলেন। এই সম্পাদকীয়টি The August Whip—এই শিরোনাম সম্বলিত হয়ে ফরওয়ার্ডের ২রা এপ্রিল, ১৯২৪ সংখ্যায় প্রকাশিত হল।

ফরওয়ার্ড পত্রিকায় সুভাষের ঘনিষ্ঠ সহযোগীদের মতে, মাঝে মাঝে তিনি ধূমকেতুর মতো পত্রিকা-কার্যালয়ে এসে উপস্থিত হতেন। সম্পাদকীয় বিভাগের নীতি নিয়ে সংশ্লিষ্ট সকলের সাথে যৌথভাবে ও গণতন্ত্র-সম্মত পদ্ধতিতে আলোচনা করতেন। কারো লেখায় বা কাজে কখনো, অথবা কাগজের আভ্যন্তরিক ক্রিয়াকর্মে হস্তক্ষেপ করতেন না ব্যবস্থাপক-সুলভ মেজাজে। এখানে তিনি বহু দেশপ্রেমী তরুণ সাহিত্যিক, সাংবাদিক

গুনীজ্ঞানীর একটি মিলনকেন্দ্র গড়ে তুলেছিলেন—যদিও ফরওয়ার্ড ছিল প্রধানত একটি দলীয় রাজনৈতিক মুখপত্র।

সুভাষচন্দ্র স্বয়ং ফরওয়ার্ড পত্রিকার বিষয়ে লিখেছেন—পত্রিকাটি চালাইতে গিয়া আমাদের অত্যন্ত কঠোর পরিশ্রম করিতে হইলেও দ্রুত সাফল্য হইয়াছিল এবং পত্রিকাটির অগ্রগতি দলের ক্রমবর্ধমান জনপ্রিয়তা ও শক্তির সঙ্গে তাল রাখিয়া চলিয়াছিল। অল্পদিনেই দেশের জাতীয়তাবাদী সংবাদপত্রগুলির মধ্যে ফরওয়ার্ড একটি প্রধান স্থান অধিকার করিল (পৃ ৯১, ভারতের মুক্তি-সংগ্রাম, ১৯২০-১৯৪২, সুভাষচন্দ্র বসু)। বস্তুত দলীয় ফরওয়ার্ড পত্রিকা সাধারণভাবে দেশধর্মী অথচ বামপন্থী প্রাগ্রসর চিন্তার সম্প্রসারণে যথেষ্ট সহায়ক হয়েছিল।

॥ ২ ॥

অন্যায়ভাবে কংগ্রেস থেকে বিতাড়িত হয়ে মাত্র ২০/২৫ জন সহযোগী নিয়ে সুভাষচন্দ্র সাপ্তাহিক ফরওয়ার্ড ব্লক (এক অর্থে ফরওয়ার্ডের উত্তরসূরী) পত্রিকা প্রতিষ্ঠার উদ্যোগ নিলেন। তাঁর বামপন্থীনীতি ও কার্যক্রমের তথা ফরওয়ার্ড ব্লক সংগঠনের প্রচারণার মাধ্যম হল এই নতুন পত্রিকা। সুভাষচন্দ্র হলেন সম্পাদক। ভিন্ন দলের সদস্য অথবা সহমর্মী কিন্তু বামপন্থী কতিপয় ব্যক্তি এর সম্পাদকীয় বিভাগের সঙ্গে যুক্ত হলেন; এঁদের মধ্যে গোপাল হালদার, বিনয় ঘোষ ও শ্রীপ্রকাশ উপাধ্যায়ের নাম উল্লেখযোগ্য। প্রেসের সঙ্গে যুক্ত ছিলেন বি ভি-র কিছু উৎসাহী কর্মী। পত্রিকা কর্মীরা নামমাত্র ভাতায় কাজ করেছেন। সহকর্মীরা সুভাষের অপূর্ব কর্মপ্রেরণা ও দুর্বার গতিশক্তির এবং সহযোগিতামূলক মনোভাবের সবিশেষ প্রশংসা করেছেন। নৈশ আসরে শুধু মতবাদগত বিষয়ে সহযোগীদের ন্যূনতম পরামর্শ দিতেন, নির্দেশ কখনই না। তাঁর স্বাক্ষরিত সম্পাদকীয়র একটা পৃথক আকর্ষণ ছিল; এগুলির মধ্যে একটি বস্তুনিষ্ঠ দৃষ্টিভঙ্গী নিশ্চিতভাবে অনুসরণ করা যাবে। পত্রিকা লেখকগোষ্ঠীর মধ্যে ছিলেন বিভিন্ন স্তরের জাতীয়তাবাদী ও বুদ্ধিজীবী মানুষ। যাঁরা এই পত্রিকার মুখ্য সংগঠক ছিলেন, তাঁদের মধ্যে সত্যরঞ্জন বকসী (ফরওয়ার্ড পত্রিকার সঙ্গে যুক্ত) ও লীলা রায়ের নাম সর্বাগ্রে করতে হয়। বস্তুতঃ সুভাষ কারারুদ্ধ হলে তাঁর স্থলাভিষিক্ত হন লীলা রায়। দুজনেই

পত্রিকা সম্পাদনার কাজে ইতিমধ্যে খ্যাতি অর্জন করেছিলেন। অবশ্য যেভাবে সুভাষের ব্যবস্থাপনায় ফরওয়ার্ড দলীয় পত্রিকা এবং পেশাদারী দৈনিক সংবাদপত্রের প্রয়োজন একই সঙ্গে মিটিয়েছিল তা প্রশংসার দাবী রাখে। ব্যাপক সংবাদ পরিবেশনায় তৎকালীন যে কোন পেশাদারী এবং প্রতিষ্ঠিত পত্রিকার চেয়ে পাঠক-সমাজে এর গ্রহণযোগ্যতা কিছুমাত্র কম ছিল না। সে অর্থে ফরওয়ার্ড ব্লক ছিল অঙ্গীকৃত বামপন্থী ও প্রগতিশীলদের কাগজ। আসলে এটি ছিল ভারত ইতিহাসের সন্ধিক্ষণে সুভাষের পূর্বকল্পিত সাম্যবাদী সংঘের অনুরূপ সংস্থা ফরওয়ার্ড ব্লকের বামপন্থী আপোষবিরোধী নীতি ও কর্মসূচীর প্রচার মাধ্যম। পরিপূর্ণ এবং সর্বাত্মক স্বাধীনতার দাবি তুললো এই পত্রিকা দ্ব্যর্থহীন ভাষায় Delhi and After শীর্ষক সম্পাদকীয়তে (১৩/৭/৪০)। সুভাষচন্দ্র জাতীয় বৈপ্লবিক বৃটিশ-বিরোধী সংগ্রামের লক্ষ্য ও জাতীয় দাবী স্থির করেন। বৃটিশ রাজশক্তিকে ভারতীয় জনগণের কাছে অবিলম্বে ক্ষমতা হস্তান্তরের জন্য চরমপত্র দেবার কথা বলা হয়; বদ্ধ রাজনৈতিক জলাশয় থেকে নিজেদের মুক্ত করা এবং আন্তর্জাতিক যুদ্ধকালীন পরিস্থিতিকে ব্যবহার করাই হল তাঁর লিখিত আর একটি সম্পাদকীয়র বক্তব্য (১১/৫/৪০, ফরওয়ার্ড ব্লক সাপ্তাহিক)। গান্ধীবাদী আপোষকামিতা ও নেহেরুর ফ্যাসীবাদের ছুৎমার্গ বাদ দিয়ে বাস্তববাদী বৈদেশিক নীতি প্রণয়নের দাবী তোলা হয়, পরাধীন ভারতের নিজস্ব স্বার্থে।

সুভাষচন্দ্র সম্পাদিত ফরওয়ার্ড সাপ্তাহিকে ফরওয়ার্ড ব্লক সংগঠনের যাথার্থ ও প্রাসঙ্গিকতার বিষয় নিয়ে দুটি মূল্যবান সম্পাদকীয় রচিত হয়—একটি হল Role of the Forward Bloc (১২.৮.৩৯), আর একটি Why Forward Bloc (৫.৮.৩৯) সাংবিধানিক মানসিকতার পরিবর্তে দেশে সংগ্রামী মানসিকতার প্রয়োজনের দিকে দেশবাসীর দৃষ্টি আকর্ষণ করা হয় Looking Back শীর্ষক সম্পাদকীয়তে (৪/১১/৩৯)। ক্রান্তিকালে সত্যকার জাতীয় সংহতি (যা এখন একটি বিরাট সমস্যা) গড়ে তোলার আবশ্যকতার উপর জোর দেওয়া হয় An appeal to National Unity শীর্ষক সম্পাদকীয়তে (১১/৫/৪০)। দেশে প্রকৃত বাম-সংহতি

মোর্চা গড়ে তোলবার জন্য এই মাধ্যমটিকে সক্রিয়ভাবে ব্যবহার করতে সুভাষচন্দ্র ছিলেন সমধিক আগ্রহী। তাঁর সে সময়কার সম্পাদকীয়-গুলি নিশ্চিতভাবে আমাদের বর্তমানের বামপন্থী যুক্তমোর্চার কথা স্মরণ করিয়ে দেয়।

॥ ৩ ॥

ফরওয়ার্ড পত্রিকাটির সঙ্গে স্বয়ং চিত্তরঞ্জনের নাম যুক্ত ছিল সম্পাদক হিসাবে। পশ্চপ্রধান ছিলেন পশ্চাৎশক্তি। দেশবন্ধুর জীবদ্দশায় সুভাষ দৈনিক ফরওয়ার্ড পত্রিকা (ইংরেজীতে) পরিচালনার দায়িত্ব গ্রহণ করেন। আর ফরওয়ার্ড ব্লক ইংরেজী সাপ্তাহিক যখন প্রকাশ করলেন দেশবন্ধুর ধারা অনুসরণ করে ইতিহাসের এক পর্বে তখন তা একক ভাবেই। দেশবন্ধু দিল্লী কংগ্রেসে জয়লাভের পর ফরওয়ার্ড পত্রিকা প্রকাশের সিদ্ধান্ত নেন, আর তাঁর বিরুদ্ধে ত্রিপুরীতে পন্থ-প্রস্তাব গ্রহণ ও তাঁকে কংগ্রেস থেকে বিতাড়নের পর সুভাষ ফরওয়ার্ড ব্লক পত্রিকা প্রকাশ করলেন। যদিও সরকারী কংগ্রেসের প্রাতিষ্ঠানিক কর্তৃত্বের বিরুদ্ধে প্রচার কার্যে দেশবন্ধুর স্বরাজ্য দল ও সুভাষের ফরওয়ার্ড ব্লক সংগঠন ফরওয়ার্ড ও ফরওয়ার্ড ব্লক পত্রিকাকে হাতিয়ার হিসাবে ব্যবহার করেছিলেন। তথাপি ত্রিশের দশকের শেষের দিকে দেশের রাজনৈতিক আবহাওয়া ছিল আরও উত্তপ্ত, এবং কংগ্রেস গুণগতভাবে ছিল কার্যত আরও দ্বিধা-বিভক্ত। দুটি পত্রিকা প্রকাশের পটভূমি ঐতিহাসিক অনিবার্যতার দ্বারা চিহ্নিত হলেও সাপ্তাহিক ফরওয়ার্ড ব্লক ছিল সংকীর্ণ অর্থে দৈনিক ফরওয়ার্ড ব্লকের চেয়ে রাজনৈতিক। ফরওয়ার্ড সেই বিচারে ছিল একাধারে স্বরাজ্য দলের রাজনৈতিক মুখপত্র এবং অপরদিকে পেশাদারী অরাজনৈতিক সাধারণ দৈনন্দিন পত্রিকা। বিজ্ঞাপন গ্রহণের একটা নীতি অবশ্য উভয় পত্রিকার ক্ষেত্রে অল্পবিস্তর প্রযোজ্য ছিল। দুটির মধ্যেই সুভাষের আন্দোলন-মুখীন ভূমিকার সঙ্গে সংযুক্ত হল সাংবাদিক ভূমিকা। দুটিই ছিল চিহ্নিতভাবে দলীয় পত্রিকা, ঐতিহাসিক প্রয়োজনে উদ্ভূত। সুভাষচন্দ্র একটির ব্যবস্থাপনায় অপরটির সম্পাদনায় ছিলেন—যদিও মাত্র কিছুকালের জন্য। দুটিতেই সাম্রাজ্যবাদ বিরোধী বিভিন্ন রাজনৈতিক গোষ্ঠীর মানুষ বুদ্ধিজীবী লেখনী চালনা করেছেন, তথাপি বামপন্থী ও সমাজতন্ত্রের সুর শেষেরটিতেই বেশ

ছিল আরও স্পষ্টতর, তীক্ষ্ণতর। দুটিই ছিল ঔপনিবেশিকতা বিরোধী মানুষদের একত্রিত করার একটা মঞ্চ বিশেষ। প্রথমটিতে সুভাষ নাম ব্যবহার না করে সম্পাদকীয় ও টীকা-টিপ্পনী (Current Coins) লিখেছেন, অপরটিতে স্বাক্ষরিত বক্তব্য পেশ করেছেন। দুটিই সাময়িকভাবে রাজরোষে পতিত হয় সাম্রাজ্যবাদ বিরোধী প্রচারণার জন্য—দ্বিতীয়টিতে দুটি রাজদ্রোহমূলক রচনার জন্য সম্পাদক সুভাষ স্বয়ং কারারুদ্ধ হন। দুটি পত্রিকার মধ্যে ফরওয়ার্ড পত্রিকাকে রাজনৈতিক কারণে বারংবার নাম পরিবর্তন করতে হয় (নিউ-ফরওয়ার্ড ও লিবার্টি); আর দুটির পুনঃ প্রচারের পর জাতীয়তাবাদী লেখকবৃন্দ পর্যায়ক্রমে এদের পরিচালনভার গ্রহণ করেন। যুদ্ধকালীন পরিবেশে ফরওয়ার্ড-এর মতো বৈদেশিক প্রচার ফরওয়ার্ড ব্লক-এর পক্ষে সম্ভব ছিল না; অর্থ সমস্যাও ছিল সীমিত। প্রথমটি প্রকাশের সময়, বলতে গেলে ভারতীয় রাজনীতিতে সুভাষের প্রবেশের ও শিক্ষানবিশীর সঙ্গে সম-সাময়িক; দ্বিতীয়টি প্রকাশের সময় হলো সুভাষের পরিণত রাজনৈতিক জীবনের সমান্তরাল। আন্তর্জাতিক সংবাদ পরিবেশনায় ও বিশ্লেষণে দুটিই সমভাবে সক্রিয় ছিল, যদিও দক্ষিণপন্থী কংগ্রেসের এবং দ্বিতীয় যুদ্ধের প্রেক্ষিতে ইংরাজের বিরোধিতায় ছিল মতবাদগত অর্থে অধিকতর সোচ্চার। একটি অপরটির ধারাবাহী হলেও প্রথমটির সাংবাদিক-নীতি গোষ্ঠীগতভাবে গৃহীত হতো, দ্বিতীয়টির সার্বিক নীতি-নির্ধারণে সুভাষচন্দ্রের একক ভূমিকাই ছিল স্পষ্ট।

দেবারুণ রায়

লাঙল ও গণবাণী : একটি অধ্যায়

'যেখানে দিন দুপুরে ফেরিওয়ালী মাথায় করে মাটী বিক্রি করে, সেই আজব শহর কলিকাতার বুকে "লাঙল" চালাবার দুঃসাহস যারা করে, তাদেরকে সকলেই নিশ্চিত পাগল মনে করছেন। কিন্তু এই পাষাণ শহরেই আমরা "লাঙল" নিয়ে বেরুলাম—এই পাষাণের বুক চিরে আমরা সোনা ফলাতে চাই। ব্রহ্মপুত্র স্রোত হিমালয়ে আটকে গেলে "হলধর" লাঙলের আঘাতে পাহাড় চিরে সেই স্রোতকে ধরায় নামিয়ে ছিলেন।..."লাঙল বন্ধ" আজ বাংলার তীর্থ মহাত্মাগণের আন্দোলন জন্য নেতাদের পাষাণ পারিপার্শ্বিকে আটকে গেছে, তাই আজ আবার হলধরের ডাক পড়েছে।' ভারতবর্ষে কমিউনিস্ট আন্দোলনের প্রথম মুখপত্র বাংলা সাপ্তাহিক লাঙল-এর প্রথম সংখ্যার সম্পাদকীয়তে দেওয়া হয়েছিল এই মরুবিজয়ের ডাক। লেখাতেই স্পষ্ট যে লাঙল নামেরই এই সম্পাদকীয় নিবন্ধটির লেখক ছিলেন কবি নজরুল। কারণ লাঙল-এর প্রধান পরিচালক হিসেবে উল্লিখিত হয়েও নজরুল

ইসলাম এই সাপ্তাহিকে সম্পাদকীয় থেকে কবিতা পর্যন্ত সবকিছুই লিখতেন। লাঙলের প্রথম কয়েকটি সংখ্যা বেরিয়েছিল ভারতীয় জাতীয় মহাসমিতির(কংগ্রেস)শ্রমিক প্রজা স্বরাজ সম্প্রদায়ের মুখপত্র হিসেবে। ভারতের কমিউনিস্ট পার্টি গঠিত হয় ১৯২৫-র ডিসেম্বরে। লাঙলের জন্মও হয় ১৯২৫-এরই ডিসেম্বরে। তারিখটা ছিল ১৬ই। বাংলা সন তারিখ ছিল ১৩৩২-এর পয়লা পৌষ। জন্মস্থান ৩৭ নং হ্যারিসন রোডের দোতলার একটি ঘর।

জন্মলগ্নে লাঙলের সাথী ছিলেন নজরুল ও তাঁর সৈনিক জীবনের বন্ধু মণিভূষণ মুখোপাধ্যায়। মণিভূষণই ছিলেন সম্পাদক। এছাড়া কর্মসচিব ছিলেন বীরভূমের শামসুদ্দীন হোসেন। প্রথমদিকে কাগজের অর্থকরী রসদ যোগানোর ক্ষেত্রে যুক্ত ছিলেন কলকাতার এক প্রেস মালিক কুতবুদ্দীন আহমদ। এছাড়া লাঙলের সঙ্গে সম্পর্কিত ছিলেন সুভাষচন্দ্রের সুহৃদ নদীয়ার হেমন্তকুমার সরকার।

আত্মপ্রকাশের কয়েক মাস পর জাতীয় কংগ্রেসের শ্রমিক প্রজা স্বরাজ সম্প্রদায় ও তার মুখপত্র লাঙলের সঙ্গে যুক্ত হন মুজফ্ফর আহমদ, আবদুল হালিম প্রমুখ বিপ্লবী নেতারা এবং শেষ পর্যন্ত আসেন সৌমেন্দ্রনাথ ঠাকুর, নৃপেন্দ্রকৃষ্ণ চট্টোপাধ্যায়। মুজফ্ফর আহমদ, আবদুল হালিম এঁদের সঙ্গে লাঙলের যোগাযোগ অনেকাংশে ঘটিয়েছিলেন শামসুদ্দীন হোসেন। তিনি ছিলেন আবদুল হালিমের অগ্রজ।

দশম সংখ্যা থেকে (অষ্টম কিম্বা নবম সংখ্যা থেকেও হতে পারে। কারণ এ দুটি সংখ্যা পাওয়া যায়নি) লাঙল হয়ে যায় বঙ্গীয় কৃষক ও শ্রমিক দল বা (ওয়েষ্ট বেঙ্গল পেজান্টস অ্যান্ড ওয়ার্কার্স পার্টি-র মুখপত্র। কারণ শ্রমিক প্রজা স্বরাজ সম্প্রদায়ের সরাসরি রূপান্তর হয় বঙ্গীয় কৃষক শ্রমিক দল হিসেবে। ১৯২৬-এর ৬ ও ৭ ফেব্রুয়ারী কৃষ্ণনগরে নিখিল বঙ্গীয় প্রজা সম্মেলনে বঙ্গীয় কৃষক ও শ্রমিক দলকে স্বীকৃতি দেওয়া হয়। নজরুলের লেখা গঠন প্রণালী সামান্য পরিবর্তন করে গৃহীত হয়। সভাপতি নির্বাচিত হন নরেশ সেনগুপ্ত। সম্পাদক হন হেমন্তকুমার সরকার। এই দল বিশ্বাস করত শ্রেণীস্বার্থ বিবর্জিত মধ্যবিত্ত এবং সাধারণ কৃষক ও শ্রমিকদের নিয়ে ফ্রন্ট গড়েই শুধুমাত্র মুক্তি আন্দোলনকে সফল করা যায়।

স্বাভাবিকভাবেই বিচ্ছিন্ন সশস্ত্র আক্রমণের মাধ্যমে ব্রিটিশ ব্যক্তি-হত্যার কৌশলে আস্থা ছিলনা এই দলের। লাঙলেরও তাই ছিলনা কোন পল্লবগ্রাহিতার অবকাশ। স্বদেশের মাটির গভীরে গেঁথে লাঙল করতে চেয়েছিল তার সাধের আবাদ। 'প্রধান পরিচালক' কাজী নজরুল ইসলামের সাম্যবাদী কবিতার পর্যায়ের পর পর্যায় প্রকাশের সঙ্গে সঙ্গেই লাঙলের এই অভাবনীয় আদর্শের কানা-নাকাড়া বেজে উঠেছিল। দেশবাসীকে লাঙলই প্রথম শুনিয়েছিল : আসিতেছে শুভদিন, / দিনে দিনে বহু বাড়িয়াছে দেনা, শুধিতে হইবে ঋণ / হাতুড়ি শাবল গাঁইতি চালায়ে ভাঙিল যারা পাহাড়/ পাহাড় কাটা সে পথের দুপাশে পড়িয়া যাদের হাড়,/ তোমারে সেবিতে হইল যাহারা মজুর, মুটে ও কুলি,/ তোমারে বহিতে যারা পবিত্র অঙ্গে লাগাল ধূলি, /তারাই মানুষ, তারাই দেবতা, গাহি তাহাদেরি গান / তাদের ব্যথিত বক্ষে পা ফেলে আসে নব উত্থান ?

লাঙলের পঞ্চম সংখ্যা, অর্থাৎ বঙ্গীয় কৃষক শ্রমিক দলের মুখপত্রে রূপান্তরের আগে, বিশেষ সংখ্যা হিসেবে প্রকাশিত হয়েছিল সুভাষচন্দ্রের জন্মজয়ন্তী উপলক্ষ্যে। এতে সুভাষের উদ্দেশ্যে এক শুভেচ্ছা বার্তায় বলা হয়েছিল : আসছে ২৩ জানুয়ারি সুভাষচন্দ্র ৩০ বছর বয়সে পদার্পণ করছেন। শীঘ্রই কারান্তরাল থেকে বেরিয়ে এসে তিনি অসহায় শ্রমিক ও কৃষকদের মুক্তি আন্দোলনে অধিনায়কের দায়িত্ব গ্রহণ করুন। তিনি সফল ও শতায়ু হোন।. এই সংখ্যায় সুভাষের এক গুচ্ছ চিঠি ও তাঁর একটি সংক্ষিপ্ত জীবনীও ছিল। সেই সঙ্গে তাঁর অনুমোদিত কৃষকদের দাবি দাওয়ার তালিকাও হয়েছিল। এর মধ্যে ছিল, আওয়াব বা অন্যান্য বকেয়ার অবলুপ্তি, সুদের সর্বোচ্চ হার বেঁধে দেওয়া, গাছ কাটা বা বাড়ি করার অধিকার, হস্তান্তরের পূর্ণ অধিকার এবং জমির ওপর কৃষকের পূর্ণ অধিকারের দাবি।

জাতীয় কংগ্রেসের ভেতরকার বাম ও সমাজতান্ত্রিক শিবিরের মুখপত্র লাঙল তার আদর্শগত সংগ্রামে সুভাষচন্দ্রের নেতৃত্বে গোড়া থেকেই আস্থাশীল ছিল। কিন্তু এই পরিস্থিতির ব্যতিক্রম ঘটল অল্প কিছুদিন পরেই। বলা বাহুল্য. লাঙলের পর মুজফ্ফর আহমদের নেতৃত্বে এল তারই নতুন রূপান্তর—'গণবাণী'। বদলে গেল সুভাষচন্দ্র সম্পর্কে মূল্যায়ণ। সে প্রসঙ্গে পরে আসছি।

লাঙলের পঞ্চম সংখ্যায় কিন্তু একই সঙ্গে ছিল কমিউনিস্ট পার্টি প্রতিষ্ঠার ঘোষণাটি। কমিউনিজম ও বলশেভিজম সম্পর্কে প্রকাশিত একটি নিবন্ধের ভেতরই পরোক্ষভাবে এই খবরটিকে দেওয়া হয়েছিল সবিস্তারে। বলা হয়েছিল, ২৫ ডিসেম্বর কানপুরে কমিউনিস্টদের একটি সম্মেলন হয়। অন্যান্যদের মধ্যে এতে উপস্থিত ছিলেন : মওলানা আজাদ সোহনী, অর্জুনলাল শেটি, বেগম সোহনী এবং বলশেভিক ষড়যন্ত্র মামলার অন্যতম আসামী মওলভী মুজফ্‌ফর আহমদ। সভাপতির ভাষণে মওলানা সোহনী ব্যাখ্যা করে বলেন, কমিউনিজম হল শ্রমিক-কৃষকের আন্দোলন। কমিউনিস্ট আন্দোলনের মূল লক্ষ্য ভারতের পূর্ণ স্বাধীনতা এবং তারপর জমি ও উৎপাদনের অন্যান্য সামগ্রী থেকে ব্যক্তিগত মালিকানার অবলুপ্তি ঘটিয়ে এই স্বাধীনতাকে সোভিয়েত ধাঁচের সংগঠনে যথার্থভাবে রূপান্তরিত করা। এই সংখ্যাতেই ছিল মুজফ্‌ফর আহমদের একটি ঘোষণা। তা হল, কানপুর সম্মেলনের সিদ্ধান্ত অনুযায়ী কমিউনিস্ট পার্টির সদর দপ্তর হবে বোম্বাইতে। আর শাখা থাকবে কলকাতা, কানপুর, লাহোর ও মাদ্রাজে।

গণ আন্দোলনের দর্পণ 'লাঙলে' বঙ্গীয় ভাড়াটিয়া আইন (বেঙ্গল টেনানসি অ্যাক্ট) কেন্দ্রিক আন্দোলন নিয়েও প্রচুর লেখালেখি হয়েছে। কয়েকটি সংখ্যায় এ সম্পর্কে পর্যায়ক্রমিক নিবন্ধ লেখেন হৃষিকেশ সেন। এই আইনের প্রতিবাদে এবং কৃষকদের স্বার্থরক্ষার জন্য বাংলার বিধান পরিষদ সদস্যদের সোচ্চার হতে আহবান জানানো হয়। চিরস্থায়ী বন্দোবস্তের নামান্তর এই আইনের একটি সংশোধনী প্রস্তাব জমিদারদের পক্ষে এবং কৃষকদের বিপক্ষে যাওয়ায় তার প্রতিবাদে কৃষক আন্দোলন সংগঠিত করার আহবান জানানো হয় দশম সংখ্যায়। বলা হয়, কৃষি সংক্রান্ত রাজকীয় (রয়াল) কমিশনকে সঠিক পরিস্থিতিটা বোঝানোর জন্যেই কৃষক আন্দোলন হওয়া উচিত। সেই সঙ্গে কৃষি সমস্যার স্থায়ী সমাধানের জন্য জমির ব্যক্তিগত মালিকানা হস্তান্তরের পথে না গিয়ে জমির জাতীয়করণকেই একমাত্র উপায় হিসেবে চিহ্নিত করা হয়।

দশম সংখ্যায় কৃষক আন্দোলন গড়ে তোলার আহবান জানানো হয়েছিল। এবং এই সংখ্যাতেই মুজফ্‌ফর আহমদ

লিখেছিলেন শ্রেণী সংগ্রাম নিয়ে একটি বিশ্লেষণাত্মক লেখা। ভারতীয় পটভূমিতে শ্রম ও পুঁজির সম্পর্ক নির্ধারণ করে এতে দেখানো হয় সমাজ দুটি শ্রেণীতে বিভক্ত। দ্বাদশ সংখ্যায় ছিল কার্ল মার্কসের ১৮৫৩ সালের লেখার পুনর্মুদ্রণ। সেই সঙ্গে কৃষক ও শ্রমিক আন্দোলন সম্পর্কে মুজফফর আহমদ এবং স্বরাজ্য দল সম্পর্কে সৌমেন্দ্রনাথ ঠাকুরের দুটি নিবন্ধ। দুটি লেখাতেই একপেশে ও অহিংস স্বাধীনতা আন্দোলনের তীব্র সমালোচনা করা হয়। সৌমেন্দ্রনাথ লেখেন, স্বরাজ্য দল হল ব্যারিস্টার ও পুঁজিপতি বানিয়াদের পার্টি। মুজফফর লিখলেন, ভারতের গণ আন্দোলন হচ্ছে শ্রমিক কৃষকদের আন্দোলন। এদের ছাড়া যে কোনো জাতীয় মুক্তি আন্দোলন ব্যর্থ হবে। এদের দুদর্শায় কংগ্রেসী নেতারা প্রায়শই কুম্ভীরাশ্রু বিসর্জন করেন কিন্তু ধনী ও সম্পদশালীদের সঙ্গে মেহনতী মানুষের কোনো সংঘাত বাধলে নেতারা অবশ্যই ধনীদের পক্ষ নেন। চৌরীচৌরা ও মালাবারের কৃষক সংগ্রামে মহাত্মা গান্ধীর ভূমিকা তো সবারই জানা।

লাঙলের আমল থেকেই জাতীয় আন্দোলন ও তার নেতৃবৃন্দ সম্পর্কে কমিউনিস্টদের মূল্যায়ণ এভাবেই শুরু হয়। শেষ পর্যন্ত 'গণবাণী'তে গিয়ে একটা স্পষ্ট মেরুবাতিতায় অবস্থান। ১৯২৬-এই সাপ্তাহিক 'গণবাণী'র শুরু মুজফফর আহমদ ও প্যারীমোহন দাসের যুগ্ম সম্পাদনায়। গণবাণীর স্পষ্ট মত ছিল, বানিয়া পুঁজিপতিদের নেতৃত্বে কংগ্রেস ব্রিটিশ সাম্রাজ্যের বশ্যতা মেনে নিয়ে ভারতের জন্য শুধু ডোমিনিয়নের মর্যাদা চায়। জাতীয় আন্দোলনে নেতৃত্ব দিতে তারা ব্যর্থ। এক্ষেত্রে একমাত্র শ্রমিক শ্রেণীর নেতৃত্বাধীন জাতীয় আন্দোলনই দেশী বিদেশী পুঁজিপতিদের শোষণমুক্ত সম্পূর্ণ স্বাধীনতা আনতে পারে। সুতরাং কংগ্রেসী নেতৃত্বকে জাতীয় আন্দোলনের পটভূমি থেকে অবিলম্বে সরানো দরকার। গণবাণীতে লাঙলের অন্তর্ভুক্তি হল। নজরুল ইসলাম প্রধান পরিচালক আর রইলেন না ঠিকই, কিন্তু লাঙলের সঙ্গে যেমন জড়িত ছিলেন, গণবাণীর সঙ্গেও কার্যত তাই থাকলেন। কবিতাও বেরোতে থাকল যথারীতি। নজরুল তখন অপরিহার্য হয়ে উঠেছেন। কারণ লাঙলে প্রকাশিত তাঁর 'সাম্যবাদী' বুদ্ধিজীবী মহলকে স্পষ্টত দুই মেরুবর্তী করে দিয়েছে। শরৎচন্দ্র পর্যন্ত

'পথের দাবী'তে শশী কবিকে সব্যসাচীর মুখ দিয়ে বললেন: 'অশিক্ষিতের জন্যে অন্নসত্র খোলা যেতে পারে, কারণ তাদের ক্ষুধাবোধ আছে, কিন্তু সাহিত্য পরিবেশন করা যাবে না। তাদের সুখ দুঃখের বর্ণনা করা মানেই তাদের সাহিত্য নয়। কোনোদিন যদি সম্ভব হয়, তাদের সাহিত্য তারাই করে নেবে,—নইলে তোমার গলায় লাঙলের গান লাঙলধারীর গীতিকাব্য হয়ে উঠবে না। এ অসম্ভব প্রয়াস তুমি ক'রো না কবি।' দেশজুড়ে 'লাঙল'-বিরোধীরা তখন শরৎবাবুর এই উক্তিকে কাজে লাগিয়ে তুমুল বিরোধিতায় নেমে পড়েছে।

'লাঙল' যখন 'গণবাণী' হল তখন নাট্যকার শচীন সেনগুপ্ত নজরুল ও লাঙলের পক্ষ নিয়ে 'লাঙলের গান' নামে একটি লেখা পাঠালেন। এতে তিনি লিখলেন: আমাদের দেশের লাঙলের গান গায়কদের সব্যসাচীর ওই কথা শুনিয়েই যাঁরা বলতে চান যে 'লাঙলের গান' লাঙলধারীর গীতিকাব্য হয়ে উঠবে না, তাঁদের এ কথা মনে করিয়ে দিলে বোধহয় অন্যায় হবে না যে, সাহিত্যের চেয়েও অনেক বড় জিনিসের দাবী যুগে-যুগে মানুষের ভিতরকার সঙ্গীতের উৎস খুলে দিয়েছে, আর তারই কিছু কিঞ্চিৎ সংগ্রহ করবার শক্তি লাভ করেই সাহিত্য ধন্য ও পবিত্র হয়েছে, এমন কি তার নিজের নাম অবধি পেয়েছে।

প্রথমে লাঙল ও পরে গণবাণী কখনোই শুধু কাগজ হিসেবে আসেনি। এসেছে গণ-আন্দোলনের ভগীরথ হয়ে। কাজেই লাঙল যেমন তার সংগঠনের বক্তব্য মানুষের সামনে তুলে ধরেছিল, গণবাণীও তেমনি মানুষকে তৎকালীন পরিস্থিতিতে তাদের রাজনৈতিক ও অর্থনৈতিক বিশ্লেষণ শুনিয়েছিল। (১) নেহরু রিপোর্ট ও স্বরাজের সারমর্ম (২) কংগ্রেসী নেতৃত্বের শ্রেণীচরিত্র, গোটা সংগঠন ও কৃষক আন্দোলনে তার প্রভাব এবং (৩) বঙ্গীয় ভাড়াটিয়া বিল ও কংগ্রেস—এই তিনটি বিষয়ই ছিল সে সময়কার সবচেয়ে জ্বলন্ত ইস্যু। রজনীপাম দত্তের লেখার অনুবাদ 'জাতীয় সংগ্রামের লক্ষ্য' বেরোল গণবাণীতে। ২৮ জুন ১৯২৮-এ কংগ্রেস পূর্ণ স্বাধীনতার প্রস্তাব নেওয়ার পরিপ্রেক্ষিতেই এই নিবন্ধের অবতারণা। দেশবন্ধুর স্বরাজের সংজ্ঞাকে অসম্পূর্ণ বলে তিনি যুক্তি দিলেন। গণবাণী আরো ক্ষুরধার হয়ে উঠতে লাগল

কংগ্রেস নেতৃত্বের সমালোচনায়। কংগ্রেসের ভেতরকার বিভিন্ন গোষ্ঠীর কোনো নেতাই সমালোচনার আওতা থেকে বাদ পড়লেন না। এমনকি যে সুভাষচন্দ্রের ৩০ বছর বয়সে পদার্পণ উপলক্ষ্যে লাঙলের বিশেষ সংখ্যা প্রকাশিত হয়েছিল, তাঁকে আক্রমণ করেই ১৯২৮-এর ১৯ জুলাই সংখ্যার গণবাণীতে লেখা হল : সুভাষচন্দ্র বসু ও কংগ্রেসের নেতৃত্বাধীন জাতীয় আন্দোলনে আড়াই শতাংশ মানুষের সমর্থন আছে। এক অর্থে কংগ্রেস যে সংগ্রাম চালাচ্ছে তাও শ্রেণী-সংগ্রাম। ভারতীয় পুঁজিপতিরা চাইছে ব্রিটিশ পুঁজিপতিদের সমান মর্যাদা। সুভাষচন্দ্র অবশ্য এর তীব্র প্রতিবাদ করে বলেছিলেন, জাতীয় আন্দোলনকে বিধ্বস্ত করা হচ্ছে।

আদর্শের মূলেই ছিল বিরোধের উৎস। এই বিরোধ অবশ্যই ছিল জাতীয় আন্দোলনে উজ্জীবিত বামশক্তির সঙ্গে কমিউনিস্ট মতাবলম্বীদের। লাঙলের শুরুতে মেরুবর্তিতা স্পষ্ট ছিল না বলেই হয়তো সেই বিরোধও প্রচ্ছন্ন ছিল। অন্তত একসূত্রে সহস্রটি মন গেঁথে রাখার শুভ প্রবণতাই প্রাধান্য পেয়েছিল। কিন্তু গণবাণীর বিশ্বাস ছিল 'বুর্জোয়াদের' নেতৃত্বে নয়, সোজাসুজি। শ্রমিক শ্রেণীর নেতৃত্বেই জাতীয় মুক্তি আন্দোলন গড়ে তুলতে হবে। যে কোনো কারণেই হোক, কমিউনিস্টরা সরকারীভাবে কিন্তু তখনো সে কথা বলেননি।

প্রাসঙ্গিক টীকা ইত্যাদি

বাংলা সাংবাদিকতার ইতিহাসে প্রথমেই যে কটি নাম মনে পড়ে, বিবেকানন্দ মুখোপাধ্যায় তার অন্যতম। আনন্দবাজার, যুগান্তর এবং দৈনিক বসুমতী পত্রিকায় তিনি দীর্ঘদিন ধরে সম্পাদকীয় দায়িত্ব পালন করেছেন। বর্তমানে সত্যযুগ দৈনিক পত্রিকার প্রধান সম্পাদক। আশি বছরের এই এখনও তরুণ সাংবাদিক বিবেকানন্দ মুখোপাধ্যায়কে কলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কিছুদিন আগে আমন্ত্রণ জানিয়েছিলেন সাংবাদিকতা সম্পর্কে রামানন্দ চট্টোপাধ্যায় স্মৃতি বক্তৃতামালা প্রদানের জন্য। বিবেকানন্দ মুখোপাধ্যায় সেখানে ব্যক্তি-স্বাধীনতা ও গণতন্ত্রের ক্ষেত্রে আধুনিক সংবাদপত্রের ভূমিকা সম্পর্কে দীর্ঘ ভাষণ দেন। প্রকাশিত প্রবন্ধটি তাহাই সামান্য পরিমার্জিত রূপ। প্রথম প্রকাশিত হয় দৈনিক সত্যযুগ পত্রিকায় ধারাবাহিকভাবে ফেব্রুয়ারী-মার্চ ১৯৫৯

বামপন্থী সাংবাদিকতা জগতে কিংবদন্তী পুরুষ হলেন সোমনাথ লাহিড়ী। এদেশে কমিউনিস্ট আন্দোলনের প্রথম পর্বে সংবাদপত্রের ক্ষেত্রে তাঁর অবদান অসামান্য।

সেপ্টেম্বর কালান্তর পত্রিকার অফিসে পত্রিকার কর্মীদের সঙ্গে এক ঘরোয়া অনুষ্ঠানে মিলিত হন সোমনাথ লাহিড়ী। সেখানে তিনি কমিউনিস্ট সাংবাদিকতার ঐতিহ্য ও লক্ষ্য নিয়ে আলোচনা করেন। ১৯৮২-র ৫ সেপ্টেম্বর দৈনিক কালান্তর পত্রিকায় সেটি প্রকাশিত হয়। সেই আলোচনাটিই এখানে সংকলিত হয়েছে।

বামপন্থী সংবাদপত্র জগতের প্রথম পর্বে সোমনাথ লাহিড়ীর ঘনিষ্ঠতম হিসেবে যিনি যুক্ত ছিলেন তিনি হলেন সরোজ মুখোপাধ্যায়। সি পি এম রাজ্য কমিটির বর্তমান সাধারণ সম্পাদক এবং রাজ্যের বামফ্রন্ট কমিটির চেয়ারম্যান। সরোজ মুখোপাধ্যায় নবপর্যায়ের গণশক্তির সম্পাদক ছিলেন দীর্ঘকাল। বর্তমানে সি পি এমের ত্রৈমাসিক পত্রিকা মার্কসবাদী পথ সম্পাদনা করে থাকেন। বিপ্লব ও সংবাদপত্র প্রবন্ধটি শুধুমাত্র এই সংকলনের জন্যই রচিত।

প্রবীণ মার্কসবাদী বুদ্ধিজীবী সুকুমার মিত্রের লেখাটি ভারতীয় সংবাদপত্রের দুশ বছর উপলক্ষ্যে দৈনিক কালান্তর পত্রিকায় প্রকাশিত হয়েছিল ১৯৮১ সালের ১ ডিসেম্বর। সুকুমারবাবুও দীর্ঘকাল ধরে সোমনাথ লাহিড়ীর সঙ্গে তৎকালীন স্বাধীনতা পত্রিকার প্রকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিলেন। কিছুদিন আগে তিনি সোভিয়েত ল্যান্ড নেহরু পুরস্কারেও সম্মানিত হন।

প্রভাতকুমার গোস্বামী বর্তমানে দৈনিক বসুমতীর সম্পাদক। এর আগে তিনি ছিলেন আনন্দবাজার, যুগান্তর এবং সত্যযুগে। বিখ্যাত সাংবাদিক সত্যেন্দ্রনাথ মজুমদারের তিনি ছিলেন অত্যন্ত ঘনিষ্ঠ এবং বিশিষ্ট সাময়িকপত্র অরণি-র সম্পাদকমণ্ডলীর অন্যতম। সংবাদপত্রের ওপর তাঁর নানা গবেষণা আমাদের নানাদিক থেকেই সমৃদ্ধ করেছে।

নিশীথরঞ্জন রায় বিশিষ্ট ইতিহাসবেত্তা হিসাবেই আমাদের সম্মানীয়। বাংলাদেশের রাজনৈতিক অর্থনৈতিক ইতিহাস সম্পর্কে তাঁর বিস্তৃত গবেষণা সবার কাছেই পরিচিত। এক সময়ে তিনি ছিলেন ভিক্টোরিয়া মেমোরিয়ালের ডিরেক্টর। এখন ইনস্টিটিউট অব হিসটোরিকাল স্টাডিজের অন্যতম পরিচালক।

অবিনাশ দাশগুপ্ত আমাদের কাছে বিশেষভাবে পরিচিত এদেশের সংবাদপত্র ও নভেম্বর বিপ্লব সম্পর্কে এক দীর্ঘ গবেষণার জন্য। বামপন্থী রাজনৈতিক দল আর এস পি-র সঙ্গে তিনি ঘনিষ্ঠভাবে যুক্ত।

কুমুদ দাশগুপ্ত বর্তমানে আছেন আজকাল পত্রিকার সম্পাদকীয় বিভাগে। আগে ছিলেন সত্যযুগ এবং দৈনিক বসুমতীতে। প্রবীন বামপন্থী সাংবাদিক হিসেবে তিনি যথেষ্ট সম্মান পেয়েছেন তার রচনার জন্য। কিছুদিন আগে সংবাদপত্র ও সাংবাদিকতার ওপর তাঁর একটি বই ও প্রকাশিত হয়েছে।

মাহফুজউল্লাহ হলেন বাংলাদেশের একজন বিশিষ্ট সাংবাদিক। তাঁর প্রবন্ধটি বাংলাদেশের উত্তরাধিকার পত্রিকার ১৯৭৪ সালের শহীদ দিবস সংখ্যায় প্রকাশিত হয়। আমরা সেটিকে এখানে সংকলিত করেছি। এটি সংগ্রহ করে দিয়েছেন চিত্ত মণ্ডল।

নিরঞ্জন হালদার আনন্দবাজার পত্রিকার সম্পাদকীয় বিভাগে আছেন। জরুরী অবস্থার সময়ে সংবাদপত্রের স্বাধীনতার স্বপক্ষে যাঁরা সব থেকে বেশি সোচ্চার হয়েছিলেন, নিরঞ্জনবাবু তাঁদের অন্যতম। মানব অধিকার রক্ষার সংগ্রামে তিনি অগ্রণী ব্যক্তিত্ব।

লোকমত পত্রিকার সম্পাদক চিত্ত বসু সারা ভারত ফরওয়ার্ড ব্লকের সাধারণ সম্পাদক এবং লোকসভার সদস্য। বিহারের প্রেস বিলের বিরুদ্ধে সংসদে যাঁরা সোচ্চার হয়েছিলেন তাদের অন্যতম হলেন চিত্ত বসু।

প্রবীণ সাংবাদিক নন্দগোপাল সেনগুপ্ত দীর্ঘদিন ধরে নিযুক্ত ছিলেন যুগান্তর পত্রিকার সম্পাদকীয় বিভাগের সঙ্গে। রবীন্দ্রনাথের এক সময়ের সাহিত্যসচিব নন্দগোপালবাবু সাংস্কৃতিক আন্দোলনের সঙ্গে ওতোপ্রোতোভাবে জড়িত। সম্প্রতি তিনি রবীন্দ্র পুরস্কারে সম্মানিত হয়েছেন।

বরুণকুমার মুখোপাধ্যায়, বিশিষ্ট সংস্কৃতিকর্মী এবং গবেষক।

নির্মল বসু বর্তমানে পশ্চিমবাংলার শিল্পমন্ত্রী। কিন্তু আসলে তিনি রাষ্ট্রনীতির খাঁটি অধ্যাপক। পত্র-পত্রিকার সঙ্গে দীর্ঘদিন ধরে যুক্ত। সাংবাদিকতাই তাঁর নিজস্ব পরিবেশ।

কৃত্তিবাস ওঝা বাংলা সংবাদপত্রের জগতে একটি বিশিষ্ট নাম। বর্তমানে সত্যযুগ পত্রিকার রাজনৈতিক সংবাদদাতা। একাধিক বই আছে তার। ইণ্ডিয়ান জার্নালিস্টস অ্যাসোসিয়েশনের বর্তমান সাধারণ সম্পাদক।

মিহির গঙ্গোপাধ্যায় শুধু যুগান্তর পত্রিকার একজন সাংবাদিকই নন, তিনি সাংবাদিকদের ট্রেড ইউনিয়নের আন্দোলনেও একজন বিশিষ্ট ব্যক্তি। আই জে-এ'র প্রাক্তন সাধারণ সম্পাদক।

বাংলা ভাষা ও সাহিত্যের ইতিহাসে নীহাররঞ্জন রায় একটি শ্রদ্ধেয় নাম। বাংলা ভাষা, সাহিত্য ও সংস্কৃতি সম্পর্কে তাঁর গবেষণা আমাদের সমৃদ্ধ করেছে অতুলনীয়ভাবে। জামসেদপুরে নিখিল ভারত বঙ্গসাহিত্য সম্মেলনের হীরক জয়ন্তী অধিবেশনে সভাপতি হিসাবে তিনি যে ভাষণ দিয়েছিলেন, প্রকাশিত প্রবন্ধটি তারই অংশবিশেষ।

রথীন চক্রবর্তী, বর্তমান পত্রিকার সাংবাদিক।

অরুণকুমার মুখোপাধ্যায় কলকাতা বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি অব আর্টসের ডীন। বাংলাসাহিত্যের ওপর গবেষণায় এক উজ্জ্বল স্বাক্ষর রেখেছেন তিনি।

অশোক মুস্তাফি অধ্যাপনা ছাড়াও যে বিষয়ে আমাদের মুগ্ধ করেছেন তা হলো নেতাজী সুভাষচন্দ্র সম্পর্কে বিস্তৃত গবেষণা। তারই একটি ফসল এই প্রবন্ধটি।

দেবারুণ রায়, সত্যযুগ পত্রিকার সাংবাদিক।